দ্যুলোকস্থ দেবতাদের আলোচনায় প্রবৃত্ত হয়ে যাস্ক প্রথমেই অবিনৌ বা অশ্বিদ্বয়ের কথা বলেছেন, কারণ নিঘণ্টুতে দ্যুলোকস্থিত দেবতাদের নামের তালিকায় প্রথমে অশ্বিদ্বয়েরই নাম আছে—"অথাতো দ্যুস্থানা দেবতাঃ। তাসাম্ অশ্বিনৌ প্রথমাগামিনৌ ভবতঃ"।[৯] এই অশ্বিদ্বয় কারা? এই প্রসঙ্গে তিনি একাধিক মতের উল্লেখ করেছেন— (১২) দ্যাবা-পৃথিবী অর্থাৎ দ্যুলোক ও অন্তরীক্ষ। এখানে 'পৃথিবী' বলতে অন্তরীক্ষকেই বোঝানো হয়েছে। এই উপরিস্থিত দুটি লোকই হচ্ছে দুই অশ্বিন্। (২) অহো-রাত্র অর্থাৎ অর্ধরাত্রের পরে সূর্যোদয়ের আগে পর্যন্ত যে সময়ে অন্ধকার ও আলোর সংমিশ্রণ দেখাত যায় সেই সময়ই দুই অশ্বী। এই সময়ের মধ্যে কখনও অন্ধকারের, কখনও আবার আলোর প্রাধান্য। এই অন্ধকার ও আলোই অশ্বিদ্বয়। (৩) সূর্য ও চন্দ্র। (৪) পুর্ণ্যকর্মে ব্রতী দুই রাজা। এই চতুর্থ মতটি যাঁরা ইতিহাস বা ইতিবৃত্তের সন্ধান রাখেন তাঁদের মত।[১০]

অশ্বিদ্বয় যুগল দেবতা। তাই দুটি দুটি করে পদার্থের তাঁরা প্রতীক। তাঁদের একজন দ্যুলোক, মিশ্রিত অন্ধকার, সূর্য অথবা পুণ্যশীল রাজা এবং অপর জন অন্তরীক্ষ, মিশ্রিত আলো, চন্দ্র অথবা কোন পুণ্যব্রত রাজা। তাঁরা যা-ই হেন, তাঁদের নাম 'অশ্বিনৌ' কেন? ব্যাপ্ত করেন (√অশ্) বলে তাঁদের নাম অশ্বিনৌ। দ্যুলোক জ্যোতির দ্বারা এবং অন্তরীক্ষলোক বৃষ্টিপ্রদানের দ্বারা পৃথিবীকে ব্যাপ্ত করেন। আবার দিন আলোর দ্বারা এবং রাত্রি শিশিরের দ্বারা পৃথিবীকে ব্যাপ্ত করে। সূর্য আলোর দ্বারা এবং চন্দ্র স্নিগ্ধ কান্তির দ্বার পৃথিবীকে ব্যাপ্ত করে অর্থাৎ ভরিয়ে তোলে। পুণ্যশীল দুই রাজার অধিকারে অনেক অশ্ব আছে বলে তাঁরা অশ্বিনৌ এখানে এই মতের অনুকূলে এ-কথাও বলা যেতে পারে যে, পরোপকারের জন্য এই দুই রাজা হয়তো অশ্বে আরোহণ করে দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হোতেন। Geldnerও মনে করেন তাঁরা দুই সাধুপুরুষ।

Mannhardt, Bollensen এবং Oldenberg মনে করেন যে, অশ্বিদ্বয় প্রভাতী শুকতারা। সকালে আগুন, উষা ও সূর্য ছাড়া অন্য কোন্ আলো আর থাকতে পারে। কিন্তু প্রশ্ন, শুকতারা তো সংখ্যায় একটি, তাহলে তো যুগল দেবতার প্রতীক হবে কীভাবে? যদি বলা হয় যে, সন্ধ্যার শুকতারা নিয়ে দুটি, তাহলেও তা ঠিক সন্তোষজনক সমাধান হয় না, কারণ দুই শুকতারা তো নিত্যসহচর নয়, দুই-এর মাঝে সময়ের অনেক ব্যবধান। কিন্তু অশ্বিদ্বয় তো নিত্য সহচর। Weber-এর মতে অশ্বিদ্বয় মিথুনরাশির (Gemini-র) দুই তারা।

উষা ঃ (উষস্)। এই দেবতার নাম অন্তরীক্ষের তালিকার মধ্যেও আছে, দ্যুলোকস্থ দেবতাদের তালিকাতেও আছে। অন্তরীক্ষস্থ উষা বিদ্যুৎ। 'অদোষা অনসঃ—' (ঋ. ৪।৩০।১০) এবং 'এতদস্যা অনঃ—' (ঋ. ৪।৩০।১১) মন্ত্রে উষাকে সেই ভূমিকাতেই দেখা যায়। মেঘ থেকে জল বিবাসিত বা নিষ্কাসিত (√ উচ্ছ্) করে বলে নাম উষা।[১১] আবার দ্যুলোকস্থ যে আলো তা কমনীয় বা অভীপ্সিত (√বশ্) বলে উষা। অন্ধকার বিবাসিত অর্থাৎ দূর করে বলেও উষা[১২]। রাত্রির যা অপর কাল তা-ই হচ্ছে উষা। এই অপর বা পরবর্তী কাল রাত্রির শেষাংশ হোতে পারে, দিনও হোতে পারে, দুইই হোতে পারে। আবার হয়তো দুটির কোনটিই নয়। উষা এবং নক্ত (=রাত্রি) পরস্পরের ভগিনী। এই কারণে বেশ কিছু মন্ত্রে 'নক্তোষাসা' নামে তাদের যুগ্মাস্তুতি পাওয়া যায়। বালগঙ্গাধর তিলকের মতে উষা মেরুপ্রদেশের দীর্ঘ উষা Aurora Borealis।

সূর্যা। দেবী সূর্যা সূর্যেরই পত্নী। উষাই যখন সূর্যোদয়ের সময়ের অত্যন্ত নিকটবর্তিনী হয়, তখন তাকে বলা হয় সূর্যা—"এষৈবাভিসৃষ্টকালতমা"।[১৩]

বৃষাকপায়ী। বৃষাকপির অর্থাৎ আদিত্যের ইনি পত্নী। সূর্যা আবার কিছু পরেই বৃষাকপায়ী নামে পরিচিত হয়। শিশির বা তুষারকর্ণা বর্ষণ করে (√বৃষ্) এবং নিশাচর প্রাণীদের ভয়ে কম্পিত করে তোলে (√কম্প্) বলে এই নাম। উষার যে অরুণোদয় তারই নাম বৃষাকপায়ী।

সরণ্যূ। সূর্যের দিকে আরও অগ্রসর হলে সে (উষা > সূর্যা >) বৃষাকপীইয়ার নাম হয় সরণ্যূ (√সৃ)। তাহলে অরুণোদয়ের পরবর্তী অবস্থাই হচ্ছে সরণ্যূ।

ত্বষ্টা। ইনি ভূলোকবাসী, অন্তরীক্ষস্থিত এবং দ্যুলোকস্থ দেবতা তিনই। নিঘণ্টুতে তিন লোকের দেবতাদের মধ্যেই তাঁর নাম পাওয়া যায়। শাকপূণি নামে আচার্য ত্বষ্টাকে পার্থিব দেবতা অগ্নি বলেই স্বীকার করেন। যাঁরা নিরুক্তপন্থী তাঁরা অবশ্য মনে করেন যে, তিনি অন্তরীক্ষস্থিত বায়ু বা বিদ্যুৎ—"মাধ্যমিকস্ত্বষ্টেত্যাহুর্মধ্যমে চ স্থানে সমাম্নাতঃ। অগ্নিরিতি শাকপূণিঃ[১৪]" ত্বষ্টা যে অগ্নিও তা প্রদর্শনের জন্য 'য ইমে দ্যাবাপৃথিবী—' এবং 'আবিষ্ট্যো বর্ধতে চারু—' এই মন্ত্র-দুটি উদ্ধৃত[১৫] হয়েছে। আবার তিনি যে নৈরুক্ত সম্মত অন্তরীক্ষস্থিত দেবতা বায়ু বা বিদ্যুৎ তা প্রমাণ করার প্রয়োজনে গ্রন্থে উদ্ধৃত হয়েছে 'দেবস্ত্বষ্টা সবিতা—' মন্ত্রটি[১৬]। চতুর্দিক শীঘ্র ব্যাপ্ত

করেন (তূর্ণ-√ অশ্), দীপ্ত হয়ে ওঠেন (√ ত্বিষ্) অথবা সকল কর্ম সম্পন্ন করেন (√ ত্বক্ষ্) বলে তিনি ত্বষ্টা। দ্যুলোকস্থিত সৌর দেবতাও ত্বষ্টা। সেই ত্বষ্টার উল্লেখ পাওয়া যায় 'ত্বষ্টা দুহিত্রে বহুতুং—' মন্ত্রে।[১৭]

A. Kuhn-এর প্রথমে মনে হয়েছিল ত্বষ্টা হচ্ছেন সূর্য এবং Hillebrandtও এই মতের সম্ভাব্যতা স্বীকার করেন। Ludwig মনে করেন তিনি বৎসরের অধিষ্ঠাতৃ-দেবতা। Oldenberg-এর মতে ত্বষ্টা বৈশিষ্ট্যপূর্ণ কোন ক্রিয়াকলাপের প্রতীক। Hardy মনে করেন, তিনি সূর্য দেবতাই। তাঁর পাত্রটি বৎসর রূপ পাত্র, মেশ আকাশ বা পদ।

সবিতা। সব কিছু 'প্রসব অর্থাৎ প্রেরণ করেন বলে তিনি সবিতা। (√সু)। এই সবিতার নামও নিঘণ্টুতে অন্তরীক্ষস্থিত ও দ্যুলোকস্থিত দেবতাদের তালিকায় পাওয়া যায়। তিনি যে অন্তরীক্ষস্থিত তা 'সবিতা যন্ত্রৈঃ পৃথিবীম্—' মন্ত্রে[১৮] ব্যক্ত হয়েছে। এই মন্ত্রে বলা হয়েছে—সবিতা যন্ত্র সমূহের দ্বারা পৃথিবীকে সুস্থির করেছেন, অবলম্বনহীন অন্তরীক্ষে দ্যুলোককে দৃঢ়রূপে প্রতিষ্ঠিত করেছেন, অবাধ অন্তরীক্ষে কম্পনশীল মেঘকে ঘর্ষণ বা বিদীর্ণ করেছেন অশ্বের শরীর মার্জিত করার জন্য অশ্বপালক যেমন অশ্বের ঘর্ষণ করে ক্লেশ সৃষ্টি করে সেইভাবে। পৃথিবীকে স্থির করা, দ্যুলোককে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করা এবং মেঘ বিদীর্ণ করে বৃষ্টি সৃষ্টি করা অন্তরীক্ষস্থিত দেবতার পক্ষেই সম্ভব। মন্ত্রবর্ণিত দেবতাটি তাই অন্তরীক্ষস্থ দেবতাই।

সবিতা আবার দ্যুলোকবাসী দেবতাও। পৃথিবীতে যখন অন্ধকার থাকে, কিন্তু অন্তরীক্ষ অন্ধকারমুক্ত হয় এবং আদিত্যের রশ্মিতে ব্যাপ্ত হয়ে ওঠে সেই সময়ের দেবতাই সবিতা—"তস্য কালো যদা দ্যৌর্ অপহততমস্কা কীর্ণরশ্মিরিতি"।[১৯] যজ্ঞে সবিতার উদ্দেশে এমন এক ছাগ আহুতি দিতে হয় (বা. স. ২৯।৫৮, ৫৯ দ্র.) যার তলার দিক কৃষ্ণবর্ণ। এই বিধান বা প্রথা থেকে ইঙ্গিত পাওয়া যায় যে, অধোবর্তী ভূলোক যখন অন্ধকারে আচ্ছন্ন থাকে সবিতা হচ্ছে সেই অবস্থার প্রতীক। এ ছাড়া তাঁর উদ্দেশে কুকবাবু অর্থাৎ মোরগও বিহিত হয়েছে (বা. স. ২৪।৩৫ দ্র.)। মোরগের ডাক শুনলেই বোঝা যায় যে, সবিতা এসে গেছেন। এ থকে বোঝা যায়, যখন পৃথিবীতে অন্ধকার, আর অন্তরীক্ষ উদ্ভাসিত সেই সময়ের অধিষ্ঠাতাই সবিতা।

বেদের ভাষ্যকার সায়ণ মনে করেন যে, উদয়ের পূর্বে যে কাল তা সবিতা, আর উদয় থেকে অস্তগমন পর্যন্ত যে সময়[২০] তা সূর্য। দু-একটি মন্ত্রে আমরা দেখি যে, সবিতা প্রাণীদের নিদ্রায় প্রেরণ করছেন।[২১] তাহলে তিনি সকাল ও সন্ধ্যা দুই সময়ের সঙ্গেই যুক্ত। একটি কবিতায়[২২] তিনি আবার স্পষ্টতই অস্তগামী সূর্যরূপে বর্ণিত হয়েছেন। তাঁর উদ্দেশে উৎসর্গ করা অধিকাংশ সূক্তেরই যজ্ঞকর্মে প্রয়োগ হয় সকালে অথবা সন্ধ্যায়। তিনি যেমন দিনান্তে দ্বিপদ ও চতুষ্পদ সকল প্রাণীকে বিশ্রাম দান করেন, তেমন আবার সকালে তাদের জাগিয়েও[২৩] তোলেন। তাঁর উদ্দেশে অনেক স্থলে 'দেব' শব্দ ব্যবহার করা হয়েছে অর্থাৎ তিনি সবিতা দেব—উদ্দীপনা দানকারী দেবতা। 'সবিতা' তাহলে মূলত বিশেষণ পদ, পরে স্বতন্ত্র বিশেষ্য পদে পরিণত হয়েছে। সূর্য নিখিল প্রাণীকে উদ্দীপিত করেন, সমগ্র বিশ্বে করেন গতিসঞ্চার। সূর্যমূর্ত দেবতা, কিন্তু সবিতা অমূর্ত দেবতা। সূর্যের অন্তর্নিহিত উদ্দীপনা দানকারী দৈবী শক্তিই সবিতা। Oldenberg বলেন সূর্যমণ্ডলের উদ্দীপক শক্তিকে নিয়েই সবিতৃদেবতার ভাবনা, পরে মূর্ত সূর্যকে নিয়ে দেবভাবনা ক্রমে গৌণভাবে গড়ে উঠেছিল। উল্লেখ্য যে ঋষি বিশ্বামিত্রের প্রসিদ্ধ গায়ত্রী ছন্দের 'তত্ সবিতুর্বরেণ্যং—' মন্ত্রটি[২৪] এই সবিতার উদ্দেশেই নিবেদিত হয়েছে। মন্ত্রটি অথর্ববেদ ছাড়া অপর তিন বেদেই স্থান পেয়েছে।

ভগ। সূর্যোদয়ের ঠিক পূর্ববর্তী যে কাল তারই তিনি প্রতীক—"তস্য কালঃ প্রাগুত্সর্পণাত্"।[২৫] 'প্রাতর্জিতং ভগম্ অমুম্—' মন্ত্রে তাঁকে প্রাতঃকালে অন্ধকারজয়ী বলে বর্ণনা করা হয়েছে।[২৬] তিনি অন্ধ, কারণ যতক্ষণ

করেন (তূর্ণ-√ অশ্), দীপ্ত হয়ে ওঠেন (√ ত্বিষ্) অথবা সকল কর্ম সম্পন্ন করেন (√ ত্বক্ষ্) বলে তিনি ত্বষ্টা। দ্যুলোকস্থিত সৌর দেবতাও ত্বষ্টা। সেই ত্বষ্টার উল্লেখ পাওয়া যায় 'ত্বষ্টা দুহিত্রে বহুতুং—' মন্ত্রে।[১৭]

A. Kuhn-এর প্রথমে মনে হয়েছিল ত্বষ্টা হচ্ছেন সূর্য এবং Hillebrandtও এই মতের সম্ভাব্যতা স্বীকার করেন। Ludwig মনে করেন তিনি বৎসরের অধিষ্ঠাতৃ-দেবতা। Oldenberg-এর মতে ত্বষ্টা বৈশিষ্ট্যপূর্ণ কোন ক্রিয়াকলাপের প্রতীক। Hardy মনে করেন, তিনি সূর্য দেবতাই। তাঁর পাত্রটি বৎসর রূপ পাত্র, মেশ আকাশ বা পদ।

সবিতা। সব কিছু 'প্রসব অর্থাৎ প্রেরণ করেন বলে তিনি সবিতা। (√সু)। এই সবিতার নামও নিঘণ্টুতে অন্তরীক্ষস্থিত ও দ্যুলোকস্থিত দেবতাদের তালিকায় পাওয়া যায়। তিনি যে অন্তরীক্ষস্থিত তা 'সবিতা যন্ত্রৈঃ পৃথিবীম্—' মন্ত্রে[১৮] ব্যক্ত হয়েছে। এই মন্ত্রে বলা হয়েছে—সবিতা যন্ত্র সমূহের দ্বারা পৃথিবীকে সুস্থির করেছেন, অবলম্বনহীন অন্তরীক্ষে দ্যুলোককে দৃঢ়রূপে প্রতিষ্ঠিত করেছেন, অবাধ অন্তরীক্ষে কম্পনশীল মেঘকে ঘর্ষণ বা বিদীর্ণ করেছেন অশ্বের শরীর মার্জিত করার জন্য অশ্বপালক যেমন অশ্বের ঘর্ষণ করে ক্লেশ সৃষ্টি করে সেইভাবে। পৃথিবীকে স্থির করা, দ্যুলোককে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করা এবং মেঘ বিদীর্ণ করে বৃষ্টি সৃষ্টি করা অন্তরীক্ষস্থিত দেবতার পক্ষেই সম্ভব। মন্ত্রবর্ণিত দেবতাটি তাই অন্তরীক্ষস্থ দেবতাই।

সবিতা আবার দ্যুলোকবাসী দেবতাও। পৃথিবীতে যখন অন্ধকার থাকে, কিন্তু অন্তরীক্ষ অন্ধকারমুক্ত হয় এবং আদিত্যের রশ্মিতে ব্যাপ্ত হয়ে ওঠে সেই সময়ের দেবতাই সবিতা—"তস্য কালো যদা দ্যৌর্ অপহততমস্কা কীর্ণরশ্মিরিতি"।[১৯] যজ্ঞে সবিতার উদ্দেশে এমন এক ছাগ আহুতি দিতে হয় (বা. স. ২৯।৫৮, ৫৯ দ্র.) যার তলার দিক কৃষ্ণবর্ণ। এই বিধান বা প্রথা থেকে ইঙ্গিত পাওয়া যায় যে, অধোবর্তী ভূলোক যখন অন্ধকারে আচ্ছন্ন থাকে সবিতা হচ্ছে সেই অবস্থার প্রতীক। এ ছাড়া তাঁর উদ্দেশে কুকবাবু অর্থাৎ মোরগও বিহিত হয়েছে (বা. স. ২৪।৩৫ দ্র.)। মোরগের ডাক শুনলেই বোঝা যায় যে, সবিতা এসে গেছেন। এ থকে বোঝা যায়, যখন পৃথিবীতে অন্ধকার, আর অন্তরীক্ষ উদ্ভাসিত সেই সময়ের অধিষ্ঠাতাই সবিতা।

বেদের ভাষ্যকার সায়ণ মনে করেন যে, উদয়ের পূর্বে যে কাল তা সবিতা, আর উদয় থেকে অস্তগমন পর্যন্ত যে সময়[২০]। তা সূর্য। দু-একটি মন্ত্রে আমরা দেখি যে, সবিতা প্রাণীদের নিদ্রায় প্রেরণ করছেন।[২১] তাহলে তিনি সকাল ও সন্ধ্যা দুই সময়ের সঙ্গেই যুক্ত। একটি কবিতায়[২২] তিনি আবার স্পষ্টতই অস্তগামী সূর্যরূপে বর্ণিত হয়েছেন। তাঁর উদ্দেশে উৎসর্গ করা অধিকাংশ সূক্তেরই যজ্ঞকর্মে প্রয়োগ হয় সকালে অথবা সন্ধ্যায়। তিনি যেমন দিনান্তে দ্বিপদ ও চতুষ্পদ সকল প্রাণীকে বিশ্রাম দান করেন, তেমন আবার সকালে তাদের জাগিয়েও[২৩] তোলেন। তাঁর উদ্দেশে অনেক স্থলে 'দেব' শব্দ ব্যবহার করা হয়েছে অর্থাৎ তিনি সবিতা দেব—উদ্দীপনা দানকারী দেবতা। 'সবিতা' তাহলে মূলত বিশেষণ পদ, পরে স্বতন্ত্র বিশেষ্য পদে পরিণত হয়েছে। সূর্য নিখিল প্রাণীকে উদ্দীপিত করেন, সমগ্র বিশ্বে করেন গতিসঞ্চার। সূর্যমূর্ত দেবতা, কিন্তু সবিতা অমূর্ত দেবতা। সূর্যের অন্তর্নিহিত উদ্দীপনা দানকারী দৈবী শক্তিই সবিতা। Oldenberg বলেন সূর্যমণ্ডলের উদ্দীপক শক্তিকে নিয়েই সবিতৃদেবতার ভাবনা, পরে মূর্ত সূর্যকে নিয়ে দেবভাবনা ক্রমে গৌণভাবে গড়ে উঠেছিল। উল্লেখ্য যে ঋষি বিশ্বামিত্রের প্রসিদ্ধ গায়ত্রী ছন্দের 'তত্ সবিতুর্বরেণ্যং—' মন্ত্রটি[২৪] এই সবিতার উদ্দেশেই নিবেদিত হয়েছে। মন্ত্রটি অথর্ববেদ ছাড়া অপর তিন বেদেই স্থান পেয়েছে।

ভগ। সূর্যোদয়ের ঠিক পূর্ববর্তী যে কাল তারই তিনি প্রতীক—"তস্য কালঃ প্রাগুত্সর্পণাত্"।[২৫] 'প্রাতর্জিতং ভগম্ অমুম্—' মন্ত্রে তাঁকে প্রাতঃকালে অন্ধকারজয়ী বলে বর্ণনা করা হয়েছে।[২৬] তিনি অন্ধ, কারণ যতক্ষণ

পর্যন্ত সূর্যরূপে তিনি আবির্ভূত না হন ততক্ষণ পর্যন্ত লোকে তাঁকে মণ্ডলের আকারে দেখতে পায় না—'অন্ধো ভগ ইত্যাহুর্ অনুত্সৃপ্তা ন দৃশ্যতে'।[২৭] পাশ্চাত্ত্য মতে 'ভগ' শব্দের (√ ভজ্) ব্যুৎপত্তিগত অর্থ 'বিভজনকারী', 'বন্টনকারী'। প্রাচুর্য, সম্পদ্ এবং ভাগ্য অর্থেও বেদে শব্দটির প্রয়োগ পাওয়া যায়।

সূর্য। ভগের পরে আকাশে সূর্যের আগমন। ভগের যে নির্দিষ্ট সময়, সেই সময় থেকে তিনি আরও এগিয়ে আসেন (√ সৃ) বলে সূর্য। অথবা তিনি জগৎকে কর্মে প্রেরণ করেন (√ সূ) বা বায়ুর দ্বারা সুষ্ঠু চালিত হন (সু-√ ঈর্) বলে নাম তাঁর সূর্য। তিনি সচল ও অচল সব-কিছুরই আত্মস্বরূপ—"সূর্য আত্মা জগতস্তস্থুষশ্চ"।[২৮]

পূষা। সূর্য যখন রশ্মিসমূহের দ্বারা পরিপুষ্ট হয়ে ওঠেন (√ পুষ্) তখন তিনিই হন পূষা। সূর্যের পথ পৃথিবী থেকে সেই দ্যুলোক পর্যন্ত বিস্তৃত যেখানে দেবতারাও থাকেন, পুণ্যবান আত্মারাও বাস করেন। পূষা তাই মৃত ব্যক্তিকে পথ দেখিয়ে সেই শান্তিময়স্থানে নিয়ে যান। কেবল তা-ই নয়, তিনি রাখালও বটে। গবাদি পশুকেও চারণভূমি থেকে নিরাপদে নিজ নিজ স্থানে তিনি ফিরিয়ে আনেন। তিনি 'আঘৃণি' অর্থাৎ প্রখর দীপ্তিপূর্ণ। সূর্য ছাড়া পূষা তা হলে আর অন্য কে হবেন? সূর্যের যে কল্যাণময়ী সমৃদ্ধিদায়িনী শক্তি তা-ই পূষা।

বিষ্ণু। পূষার পরবর্তী অবস্থাই বিষ্ণু। প্রখর রশ্মিসমূহের দ্বারা সর্বত্র তিনি ব্যাপ্ত হন। রশ্মিসমূহের দ্বার সর্বত্র প্রবেশ করেন (√বিশ্), সকল পদার্থ রশ্মির দ্বারা ব্যাপ্ত করেন (বি-√অশ্), অথবা নিজেই প্রখর তেজে ব্যাপ্ত হন (বি-√অশ্) বলে নাম তাঁর বিষ্ণু। নানা মন্ত্রে তাঁর তিনটি পদক্ষেপের কথা পাওয়া যায়। কোন্ তিন স্থানে তিনি পদক্ষেপ করেন? শাক পূণি বলেন পৃথিবী, অন্তরীক্ষ ও দ্যু—এই তিনস্থানে বিষ্ণু চরণ স্থাপন করেন। ঔর্পনাভ বলেন, এই তিন স্থান হচ্ছে (সমারোহণ =) উদয়াচল, অন্তরীক্ষ এবং (গয়শিরস্ =) অস্তাচল। Bergaigne এবং Macdonell মনে করেন যে, শাকপূর্ণির মতই ঠিক, কারণ তৃতীয় চরণটি পরম পদ এবং তা কখনই অস্তাচলের সঙ্গে যুক্ত হোতে পারে না।

বিশ্বানর। এই দেবতার নাম অন্তরিক্ষস্থিত এবং দ্যুলোকস্থ দেবতাদের নামের তালিকায় অর্থাৎ দুই স্থানেই পাওয়া যায়। বৈশ্বানর নামে অপর এক দেবতার সন্ধান পাওয়া যায় পৃথিবী নিবাসী দেবতাদের নামের তালিকায়। 'প্র বো মহে—' এবং 'উদু জ্যোতিরমৃতং—' মন্ত্রে[২৯] বিশ্বানরের শক্তিসামর্থ্যের কথা বলা হয়েছে। অন্তরীক্ষস্থ দেবতাদেরই প্রবল শক্তির পরিচয় প্রকৃতিজগতে পাওয়া যায়। তাই ঐ দুই মন্ত্রের বিশ্বানর অন্তরীক্ষস্থ বায়ু বা ইন্দ্রেরই রূপভেদ। দ্যুলোকস্থ যে বিশ্বানর তা মধ্যাহ্নের পরবর্তী প্রখর সূর্য। কিন্তু এই দ্যুলোকস্থ বিশ্বানরের মুখ্যভাবে স্তুতি করা হয়েছে এমন কোন মন্ত্র যাস্ক উদ্ধৃত করেন নি। সকল নরের মধ্যে তিনি অনুপ্রবিষ্ট (বিশ্বান্-√ঋ) বলে তাঁর নাম বৈশ্বানর।[৩০]

বিশ্বানরের প্রসঙ্গে স্বভাবতই বৈশ্বানরের কথা এসে পড়ে। কে এই বৈশ্বানর? সকল মানুষকে যিনি নেতৃত্ব দেন অর্থাৎ নিয়ে যান (বিশ্ব-নর > বৈশ্বানর), অথবা বিশ্বের মানুষ যাঁকে নানা কর্মে নিয়ে যায় অর্থাৎ বরণ করে, অথবা বিশ্বানরের যিনি সন্তান তিনি বৈশ্বানর। কী তাঁর প্রকৃত স্বরূপ?

প্রাচীন (নৈরুক্ত) আচার্যদের মতে তিনি অন্তরীক্ষস্থ দেবতা বিদ্যুৎ। 'প্র নূ মহিত্বং—' মন্ত্রে [৩১] বৈশ্বানরের উল্লেখ করে বলা হয়েছে যে, মানুষে বৃত্রঘাতী (= মেঘ বিদারণকারী) বৈশ্বানরের অর্চনা করে, বৈশ্বানর অগ্নি (বৃষ্টিসৃষ্টিকারী বিদ্যুৎ) দস্যু শম্বরকে (= মেঘকে) আঘাত করেছেন, তাকে বিদীর্ণ করে দিয়েছেন এবং জল বর্ষণ করেছেন। মন্ত্রের এই বর্ণনা থেকে স্পষ্টই বোঝা যায় যে, বৈশ্বানর বিদ্যুৎই।

প্রাচীন যাজ্ঞিকদের মতে কিন্তু বৈশ্বানর আদিত্য বা সূর্য। যুক্তি এখানে এই যে—(3) সোমযাগে ভাবনা করা হয়, হোতা বা যজমান প্রাতঃসবনে লোকত্রয়ে প্রতিষ্ঠিত হওয়ার জন্য যাত্রা করছেন। প্রাতঃসবনে তিনি

থাকেন পৃথিবীলোকে, মাধ্যন্দিনসবনে আরোহণ করেন অন্তরীক্ষে, তৃতীয় সবনে সেখান থেকে আরোহণ করেন দ্যুলোকে। এই সবই করা হয় শস্ত্রপাঠের মাধ্যমে। এর পর আবার তৃতীয় সবনেই যাত্রা শুরু হয় পৃথিবীতে প্রত্যাবর্তনের জন্য। তৃতীয়সবনে অগ্নিষ্টোমযাগে দ্বিতীয় বা অন্তিম শস্ত্রটির নাম 'আগ্নিমারুত'। সেই শস্ত্রটি শুরু করা উচিত ' স্তোত্রিয়' মন্ত্রে অর্থাৎ যে মন্ত্রগুলিতে একটু আগে সামবেদের ঋত্বিকের। স্তোত্রে গান গেয়েছেন সেই মন্ত্রগুলিতে। বস্তুত গান গাওয়া হয় এক্ষেত্রে 'যজ্ঞাযজ্ঞা বো অগ্নয়ে—' (ঋ. ৬।৪৮।১, ২) পদে শুরু দুটি মন্ত্রে। কিন্তু অগ্নিমারুত শস্ত্র ঐ স্তোত্রিয় মন্ত্রে শুরু করা হয় না, কারণ ঐ দুই মন্ত্রের দেবতা অগ্নি। হোতা তখনও দ্যুলোকে অবস্থিত, আর অগ্নি থাকেন ভূলোকে। তিনি তাই শস্ত্র শুরু করেন স্তোত্রিয় দিয়ে নয়, বৈশ্বানর দেবতার একটি সূক্ত (ঋ. ।৩।৩) দিয়ে। বৈশ্বানর সূক্ত দিয়ে যখন তৃতীয় সবনের শস্ত্রটি শুরু করা হচ্ছে তা হলে বৈশ্বানর দ্যুলোকের আদিত্য ছাড়া অন্য কেউই নয়। আরও লক্ষ্য করার মতো যে, অবতরণের পথে মাঝে অন্তরীক্ষ পড়ে এবং তাই শস্ত্রে বৈশ্বানর সূক্তের পরে অন্তরীক্ষের দেবতা রুদ্রের ও মরুৎ দেবতার উদ্দেশে একটি করে সূক্ত পাঠ করতে হয়।[৩২]

(২) যজ্ঞে চাতুর্মাস্যে বৈশ্বানরের উদ্দেশে বারোটি কপালের অর্থাৎ মাটির খাপ্‌রার উপর পুরোডাশ সেঁকে আহুতি দেওয়া হয়। আদিত্য বা সূর্য মাসের অবস্থান অনুযায়ী বারো। সেই কারণেই বৈশ্বানরের উদ্দেশে বারো কপালের পুরোডাশের ব্যবস্থা। বৈশ্বানর আদিত্য বলেই এই বিধান।

(৩) ব্রাহ্মণগ্রন্থে স্পষ্টত বলাও হয়েছে 'অসৌ বা আদিত্যোঽগ্নির্বৈশ্বানরঃ'—ঐ আদিত্যই হচ্ছেন অগ্নি বৈশ্বানর।[৩৩]

(৪) শস্ত্রের অন্তর্গত কোন কোন সূক্তে 'নিবিৎ' নামে ছোট ছোট গদ্যপদ্যময় মন্ত্র প্রবেশ করিয়ে পাঠ করতে হয়। বৈশ্বানরের উদ্দিষ্ট সূক্তে 'আ যো দ্যাং ভাত্যা পৃথিবীম্' এই নিবিৎ মন্ত্র প্রবেশ করাতে হয়। মন্ত্রটির অর্থ—যিনি দ্যুলোককে উজ্জ্বল াকরেন, যিনি পৃথিবীকে আলোকিত করেন। সূর্যের পক্ষেই এই কর্মটি করা সম্ভব। বৈশ্বানর দেবতার সূক্তে পাঠ্য এই নিবিৎ মন্ত্র থেকেও তাহলে বোঝা যাচ্ছে যে, বৈশ্বানর আদিত্য বা সূর্য।

(৫) দ্বাদশাহ নামে সোমযাগে বারো দিন ধরে অনুষ্ঠান চলে। এই বারো দিনের মধ্যে বিশেষ তিনটি দিনের নাম 'ছন্দোম'।[৩৪] সেই ছন্দোম নামে দিনে 'দিবি পৃষ্টো অরোচত' নামে একটি মন্ত্রাংশ পাঠ্য।[৩৫] বিশেষ একটি সূক্তের তা অংশবিশেষ। মন্ত্রাংশে বলা হয়েছে, যিনি দ্যুলোকের পৃষ্ঠে দীপ্তিলাভ করেন। বৈশ্বানর দেবতার সূক্তের এই মন্ত্রাংশে যাঁর কথা বলা হল তিনি তাই সূর্য ছাড়া অন্য কেউ হোতে পারেন না। একমাত্র সূর্যই দ্যুলোকে উজ্জ্বল হয়ে প্রকাশ পান॥

(৬) ঋক্‌সংহিতার 'হবিষ্পান্তীয়' নামে সূক্তে (১০।৮৮) যে বৈশ্বানর দেবতার স্তুতি করা হয়েছে সেই সূক্তে দ্বাদশতম মন্ত্রে আছে 'বৈশ্বানরং কেতুম্ অহ্নাম্ অকৃণ্বন্' অর্থাৎ দেবতাগণ বৈশ্বানরকে দিনের চিহ্ন বা জ্ঞাপক করে তুললেন। দিনের চিহ্ন সূর্যই। তাই বৈশ্বানর সূর্যই।

আচার্য শাক পূণির মত কিন্তু ভিন্ন। তিনি মনে করেন এই পৃথিবীস্থিত পরিচিত অগ্নিই হচ্ছেন বৈশ্বানর।

(১) অন্তরীক্ষস্থ ও দ্যুলোকস্থ যে বিদ্যুৎ ও সূর্য সেই দুই জ্যোতিঃ-র নাম বিশ্বানর। সেই দুই বিশ্বানর থেকে উৎপন্ন বলে পার্থিব অগ্নিকে বৈশ্বানর বলা হয়। বিদ্যুৎ যতক্ষণ পর্যন্ত কোন-কিছু স্পর্শ করে না, ততক্ষণ জল তার ইন্ধন এবং সকল বস্তুতেই তা শান্ত বা প্রতিক্রিয়াবিহীনা থাকে। যখন আবার কোন ব্যক্তি বা বস্তু স্পর্শ করে তখন জলে হয় প্রতিক্রিয়াহীন এবং বস্তু বা ব্যক্তিকে করে তোলে অগ্নিময়। এইভাবে বিশ্বানর বা বিদ্যুৎ

থেকে পার্থিব অগ্নির আবির্ভাব। আবার উত্তরায়ণে কাঁসা বা মণি মার্জিত করে তার তলায় স্পর্শ না করিয়ে শুষ্ক গোময় রাখলে তা জ্বলে ওঠে। অগ্নি তাই আদিত্য হোতে উৎপন্না।

(২) ' বৈশ্বানরো যততে সূর্যেণ' মন্ত্রে বলা হয়েছে, বৈশ্বানর সূর্যের সঙ্গে মিলিত হন।[৩৬] বৈশ্বানর নিজেই সূর্য হলে এই মন্ত্রাংশ অর্থহীন হয়ে পড়ে, কারণ নিজের সঙ্গে নিজে মিলিত হওয়া সম্ভব নয়। বস্তুত বৈশ্বানর পার্থিব অগ্নি। কষ্ঠে মন্থন করে অগ্নি উৎপন্ন হলে সেই অগ্নির শিখা উপরে উঠে দ্যুলোকের আদিত্যের শিখার (=রশ্মির) সঙ্গে মিলিত হয় বলেই মন্ত্রে ঐ প্রকার বলা হয়েছে।

(৩) যদি বৈশ্বানর আদিত্য হোতেন তাহলে ভগ, সবিতা, সূর্য, পূষা ইত্যাদি যে-সব দেবতা নিঃসংশয়ে সৌর দেবতা, ' বৈশ্বানর' শব্দকে মন্ত্রে তাঁদের বিশেষণরূপে প্রয়োগ করা হোত, কিন্তু কোন মন্ত্রেই তা করা হয় নি। বিপরীতে দেখা যায় অগ্নির বিশেষণরূপে শব্দটির প্রয়োগ পাওয়া যাচ্ছে (ঋ. ৬।৭।১ দ্র.)। আরও দেখা যাচ্ছে যে, অগ্নির যেগুলি প্রসিদ্ধ কর্ম—যেমন বহন করা, পাক করা, দগ্ধ করা—সেগুলি মন্ত্রে বৈশ্বানরের উদ্দেশে প্রয়োগ করা হয়েছে। বৈশ্বানর তাই অগ্নিই।

(৪) প্রাচীন আচার্যেরা 'প্র নূ মহিত্বং—' মন্ত্রের ভিত্তিতে বলেছেন যে, বৈশ্বানর বর্ষণকর্মে ব্যাপৃত এবং বিদ্যুৎই বর্ষণের সঙ্গে যুক্ত, অগ্নি নয়। কিন্তু এই যুক্তিও ঠিক নয়। 'সমানম্ এতদ্ উদকম্—' মন্ত্রে দেখি অগ্নি এবং 'কৃষ্ণং নিযানং হরয়ঃ—' মন্ত্রে[৩৭] আদ্যি, বৃষ্টির কর্তা বা প্রযোজক। এছাড়া 'অগ্নির্বা ইতো বৃষ্টিং সমরীয়তি—' এই ব্রাহ্মণবাক্যেও[৩৭] বলা হয়েছে যে, অগ্নি এই লোক থেকে ঊর্ধ্বে বৃষ্টি প্রেরণ করেন। আদিত্যও বর্ষণ সৃষ্টি করেন এবং 'যদা খলু বাসাবাদিত্যোঽগ্নিঃ—'এই ব্রাহ্মণবাক্যও তার প্রমাণ।[৩৯]

(৫) প্রাচীন যাজ্ঞিকেরা সোমযাগে সবনের মাধ্যমে ঊর্ধ্বলোকে আরোহণ এবং পরে সেখান থেকে অবতরণের কথা তুলে দেখাতে চেয়েছেন বৈশ্বানর হচ্ছেন আদিত্য। কিন্তু শাকপূণির মতে এই যুক্তি দুর্বল। শাস্ত্রে বলা আছে বলেই আরোহণ ও অবরোহণের ভাবনা করা হয়, কিন্তু বৈশ্বানরকে আদিত্য বলে প্রতিষ্ঠাপিত করা ঐ অনুষ্ঠানের ও বিধির তাৎপর্য নয়। আরোহণ ইত্যাদি অথর্বাদ বা স্তুতি বাক্য মাত্র।

(৬) বারোটি কপালের ভিত্তিতেও বলা যায় না যে, বৈশ্বানর আদিত্য। এমনও নয় যে, বৈশ্বানরকে সর্বদা বারো কপালে সেঁকা পুরোভাগ দেওয়া হয়ে থাকে। সূর্যদেবতার উদ্দেশে কর্মভেদে এককপালে বা পাঁচ কপালে সেঁকা পুরোডাশও আহুতি দিতে হয়।

(৭)। 'অসৌ বা আদিত্যোঽগ্নিবৈশ্বানরঃ' এই ব্রাহ্মণবাক্যের ভিত্তিতেওা কিছু প্রমাণ করা যায় না, কারণে ব্রাহ্মণে অনেক স্তুতিমূলক উক্তিই পাওয়া যায়। যেমন—পৃথিবী বৈশ্বানরঃ, সংবত্সরো বৈশ্বানরঃ, ব্রাহ্মণো বৈশ্বানরঃ ইত্যাদি। এগুলিকে মুখ্য অর্থে তাই নেওয়া চলে না, সবই 'ভক্তি' বা গৌণ উক্তি।

(৮) নিবিৎ মন্ত্র তুলে যে প্রমাণ করার চেষ্টা হয়েছে বৈশ্বানর হচ্ছেন আদ্যি, তাও মানা যায়·না ; নিবিদের অন্তর্গত 'যো বিড্ভ্যো মানুষীভ্যোঽদীদেত্' মন্ত্রাংশে দেখা যায় আদিত্য নয়, অগ্নির কথাই বলা হয়েছে। মন্ত্রাংশটির অর্থ—যিনি মনুষ্য প্রজাগণের উদ্দেশে দীপ্তি দান করেন। সূর্য সকল প্রজার উদ্দেশে ভাস্বর হয়ে ওঠেন, কেবল মানুষের জন্য নয়। শুধু মানুষেরই জন্য যিনি প্রদীপ্ত হয়ে ওঠেন সেই বৈশ্বানর হচ্ছেন অগ্নিই।

(৯) ছান্দোমিক সূক্তও প্রমাণ নয় তা ছাড়া ছান্দোমিক সূক্তের 'জমদগ্নিভিরাহুত' অংশে বলা হয়েছে যে, বৈশ্বানর জমদগ্নিগণ কর্তৃক আহুত হন— জমদগ্নি ঋষিবৃন্দ বৈশ্বানরো আহুতি দিয়েছিলেন। বৈশ্বানর আদিত্য হোলে আদিত্যে আহুতিদানের কথা অলীক হয়ে পড়ে। বৈশ্বানর অগ্নিই, অগ্নিতে আহুতিদানওা বাস্তবসম্মতই।

(১০) হবিষ্পাত্রীয় সূক্তের প্রথম মন্ত্রে এবং 'অপাম্ উপস্থে মহিমা—' মন্ত্রে[৪০] বৈশ্বানর যে পার্থিব অগ্নি তা স্পষ্টই।

শস্ত্রপাঠের আগে হোতাকে কয়েকটি মন্ত্র জপ করতে হয়। এই পাঠ্য মন্ত্রকে 'হোতৃজপ' বলা হয়। এমন একটি হোতৃজপে বলা হয়েছে 'দেব সবিতকেতং ত্বা বৃণতেঽগ্নিং হোত্রায় সহ পিত্রা বৈশ্বানরেণ'—হে দেবতা সবিতা, পিতা বৈশ্বানরের সঙ্গে অগ্নিস্বরূপ তোমাকে হোতৃকর্ম নির্বাহের জন্য বরণ করছে। এখানে 'সবিতৃ' শব্দের অহ প্রেরম বা অনুমতি-প্রস্থানকারী। যেহেতু এখানে অগ্নিকে বরণ করা হয়েছে এবং তাঁর পিতা-রূপে ('পিত্রা') বৈশ্বানরের কথা বলা হয়েছে ; তাই এখানে কিন্তু বৈশ্বানর অগ্নি নয়, আদিত্যই অথবা বিদ্যুৎ।

এখন প্রশ্ন, তিন পক্ষেরই যুক্তি আমরা শুনলাম, প্রকৃত বৈশ্বানর তাহলে কে? সমগ্র সূক্তে যখন বৈশ্বানরের স্তুতি করা হয়, যে বৈশ্বানরের উদ্দেশে যজ্ঞে আহুতিদ্রব্য প্রদান করা হয়, সেই বৈশ্বানর অগ্নিই। অন্যত্র সূর্য ও বিদ্যুৎও গৌণভাবে 'বৈশ্বানর' নামে অভিহিত হয়ে থাকে।[৪৩]

বরুণ। দেবতা বরুণের নামও নিঘণ্টুতে অন্তরীক্ষ ও দ্যুলোকের দেবতাদের নামের তালিকার মধ্যে পাওয়া যায়। অন্তরীক্ষের বরুণ মেঘের দ্বারা আকাশকে আবৃত (√বৃ) করেন। আবৃত করেন বলেই তিনি বরুণ।[৪২] দ্যুলোকস্থ বরুণ হচ্ছেন সূর্য। তিনি স্বয়ং প্রভূত রশ্মির দ্বারা আবৃত। ঋ. ১।৫০।৫-৭ মন্ত্রে তাঁকে সম্বোধন করে তাঁর অনুগ্রহপূর্ণদৃষ্টি, পর্যটন এবং উদিত হওয়ার কথা বলা হয়েছে। সেখানে বরুণ তাই দ্যুলোকের সূর্যই।

দ্যুলোকে আলোর দেবতারূপে তাঁর নিত্য আবির্ভাব। এই চিরন্তরন ঘটনা থেকে তাঁকে প্রকৃতিজগতের এবং নৈতিক জগতের নিয়মের অধিপতিরূপে কল্পনা করা হয়েছিল বলে গবেষকগণ অনুমান করেন। Oldenberg মনে করেন বরুণের স্বরূপ হচ্ছে চাঁদ এবং তাঁর সহচর মিত্র সূর্য। বেদে যেখানে সপ্ত আদিত্যের কথা বলা আছে সেখানে চন্দ্র, সূর্য ও অপর পাঁচ গ্রহের কথাই বলা হয়েছে। আবেস্তার Ameṣaspenta- দের সঙ্গে তাঁরা অভিন্ন। ভাষ্যকার সায়ণের মতে তিনি দুষ্ট ব্যক্তিদের পাশের দ্বারা আবৃত বা রুদ্ধ[৪৩] করে রাখেন বলে বরুণ। ইনি ইন্দো-ইরাণীয় যুগের দেবতাও হোতে পারেন। যদিও নামের দিক থেকে কোন সাদৃশ্য নেই, তবে বৈশিষ্ট্যের দিক থেকে আবেস্তার 'অহুর মজদ' দেবতার সঙ্গে অনেক মিল আছে। গ্রীস-দেবতা 'অউরনস'-এর সঙ্গেও 'বরুণ' শব্দের ধ্বনিগত সাদৃশ্য আছে। গ্রীসে তিনি ছিলেন আকাশ এবং পরে আকাশের বিশেষ নাম, কিন্তু ভারতে তিনি গোড়ার দিকে আকাশের দেবতায় পরিণত হন।

Roth এবং Whitney মনে করেন প্রথম দিকে বরুণের যে মহিমা বা প্রতিপত্তি ছিল ঋগ্বেদের যুগেই তা ক্রমশ ক্ষীণ হোতে থাকে এবং ইন্দ্র তাঁর সেই স্থান অধিকার করে নেন। দশম মণ্ডলে তাই দেখা যায় বরুণের উদ্দেশে একটিও সমগ্র সূক্ত পাওয়া যাচ্ছে না, কিন্তু ইন্দ্রের উদ্দেশে নিবেদিত পঁয়তাল্লিশটি (৪৫) সূক্ত পাওয়া যায়। তবে কেবল সূক্তের সংখ্যার ভিত্তিতে কোন সিদ্ধান্তে আসা ঠিক হবে না। ঋক্সংহিতার প্রাচীন মণ্ডল গুলিতে দেখাই যায় যে, বরুণের অপেক্ষায় সর্বত্র ইন্দ্রে উদ্দেশে অনেক বেশী সূক্ত উৎসর্গ করা হয়েছ। এছাড়া তৃতীয় মণ্ডলে বরুণের উদ্দেশে কোন সূক্তই নেই, কিন্তু ইন্দ্রের উদ্দেশে আছে বাইশটি (২২) সূক্ত এবং দ্বিতীয় মণ্ডলে বরুণের প্রতি নিবেদিত হয়েছে একটি মাত্র সূক্ত, কিন্তু সেখানে ইন্দ্রের উদ্দেশে উৎসর্গ করা হয়েছে তেইশটি (২৩) সূক্ত। সংহিতার একটি সূক্তে (ঋ। ৪।৪২) অবশ্য দেখি যে, ইন্দ্র ও বরুণ পরস্পরের মধ্যে নিজ নিজ প্রাধান্য প্রতিষ্ঠায় ব্যাপ্ত। সংহিতার অপর এক সূক্তে (ঋ. ১০।১২৪) কিন্তু দেখা যায় তাঁদের সহাবস্থান। তবে এ-কথা ঠিক যে দেবমণ্ডলীর মধ্যে ইন্দ্রের প্রভাব ক্রমশই ঋগ্বেদের যুগ থেকেই বৃদ্ধি পেতে শুরু করেছিল। পৌরাণিক যুগেও ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরের অধীনে তাঁর প্রাধান্য লক্ষ্য করা যায়।

কেশী। ইনিও আদিত্যই। প্রভূত কেশ (=রশ্মি) আছে, (কেশ +ইনি), দীপ্তিসম্পন্ন (√কাশ্ >কাশ) বা সকল পদার্থকে প্রকাশিত করেন (√কাশ্ >কাশ) বলে নাম কেশী। কেবল সূর্যই কেশী নয়, পার্থিব অগ্নিও কেশী,

কারণ ধূমরূপ কেশ তার আছে ; আবার অন্তরীক্ষের বায়ুও কেশ, কারণ ধূলা তার কেশ। বায়ু প্রবাহিত হলে ধূলিকণা ওঠে, ধূলি উঠবে দেখলেই বায়ুর অস্তিত্ব বোঝা যায়। কেশী তিন জন বলেই 'ত্রয়ঃ কেশিন ঋতুথা'—মন্ত্রে[৪৪]। তিনজনের কথা বলা হয়েছে।

বৃষাকপি। √বৃষ্ এবং √কম্প্ ধাতু থেকে শব্দটির ব্যুৎপত্তি মানা হয়েছে। অস্তগামী যে সূর্য তারই নাম বৃষাকপি। অস্তগমনের সময়ে সূর্য বৃষসমূহকে অর্থাৎ নিজের কিরণজালকে সঙ্কুচিত করে নেয় এবং আসন্ন অন্ধকারে প্রাণীদের ভয়ে ভীত করে তোলে অথবা হিমকণা বর্ষণ করে এবং প্রাণীদের ভীতকম্পিত করে জোলে বলে বৃষাকপি।

যম। এই দেবতার নামও নিঘণ্টুতে অন্তরীক্ষের ও দ্যুলোকের দেবতাদের নামের মধ্যে পঠিত হয়েছে। প্রাণীদের প্রাণ উপসংহার করেন (√যম্) বলে তিনি যম। ঋ. ১০।১৪।১ মন্ত্রটি ব্যাখ্যা করে যাস্ক দেখিয়েছেন যে, যম সেখানে প্রাণসংহারকারী অন্তরীক্ষস্থ দেবতা। যম আবার পার্থিব অগ্নিও যে হয় তার অনুকূলে তিনি ঋ. ১।৬৬।৭-৯। মন্ত্র উদ্ধৃত করে ব্যাখ্যা করেছেন। অগ্নির নাম যম কেন? 'যমো হ জাত ইন্দ্রেণ সহ সঙ্গতঃ' এই ব্রাহ্মণবাক্যে বলা হয়েছে ইন্দ্রের সঙ্গে যমজ হয়ে জন্মেছেন। 'যমাবিহেহ মাতরা' মন্ত্রেও[৪৫] বলা হয়েছে, যমজ অগ্নি ও ইন্দ্রসকল জগতের নির্মাতা। যজম বলে অগ্নি যম। দ্যুলোকের যে আদিত্যতা রশ্মিসমূহের সঙ্গে মিলিত (√যম্) বা যুক্ত বলে যম। 'যস্মিন্ বৃক্ষে—' মন্ত্রে[৪৬] সেই আদিত্যরূপ যমেরই প্রসঙ্গ রয়েছে বলে নিরুক্তকার বলেছেন। বৃষাকপি অস্তগমনে উন্মুখ সূর্য, আর যম অস্তগমনরত সূর্য।

Roth প্রভৃতি পণ্ডিতজনের মতে যম ছিলেন আদিতে মানুষই। E.H. Meyer মনে করেন, যম হচ্ছেন মানুষের নিজেরই অপর এক অস্তিত্বময় মূর্তি (alter ego) বা সত্তা এবং সেই কারণেই তা যমজ বা যুগল। Hillebrandt-এর মতে যম চাঁদ এবং এই চাঁদেরই মধ্যে মৃত্যুর লক্ষণ বা অস্তিত্ব সর্বাপেক্ষা সুপরিস্ফুট। পূর্ণিমার পরে চাঁদ তিলে তিলে মরে, মরার পরে শুক্লপক্ষের প্রতিপদ্ তিথিতে জন্মে পূর্ণিমার পরে আবার মরে। মৃত্যুর এই প্রবাহ চলতেই থাকে। ইন্দো-ইরাণীয় যুগেও যম বা 'যিম' ছিলেন চাঁদই। বৈদিক যুগে তিনি হয়ে ওঠেন স্বর্গরাজ্যের বা ভাগ্যবান প্রয়াত পুরুষদের উপভোগ্য পরম সুখকর স্থানের অধিবাসী। তাঁরসম্পর্কে আরও নানা মত পাওয়া যায়। যেমন, তিনি অগ্নি, সূর্য, অবসানমুখী দিবাভাগ ইত্যাদি।

অজ একপাত্। ইনিও অন্যতম সৌরদেবতা। গমনরত বলে তিনি অজ (√অজ্) এবং চতুষ্পাৎ ব্রহ্মের একটি চরণ বলে একপাত। অথবা তিনি গতিশীল (√অজ্) এবং তাঁর নিজের মাত্র এক চতুর্থ অংশ (পাদ) এই জগতের আকার ধারণ করেছেন বলে তিনি অজ একপাত্। অথবা গতিশীল এবং একটিমাত্র অংশে জগতের জল পান করেন (এক-√পা) করেন বলে এই বিশেষ নাম। Bloomfield এবং V. Henry মনে করেন অজ একপাৎ সৌর দেবতাই। Roth এবং Grassmann-এর মতে তিনি ঝড়ের অধিষ্ঠাত্রী দেবতা। এক লহমায় তিনি পৃথিবীতে ঝড় নিয়ে আসেন। Bergaigne মনে করেন, অজ একপাৎ কোন এক নিঃসঙ্গ রহস্যময় জগতের অধিবাসীর প্রতীক।

পৃথিবী। আমাদের সাধারণের কাছে পৃথিবী হচ্চে এই নিত্যপরিচিত ভূলোক। নিঘণ্টু গ্রন্থে কিন্তু ভূলোক, অন্তরীক্ষ ও দ্যুলোক—এই তিন স্থানেই তার অস্তিত্ব পাওয়া যায়। ভূলোকের পৃথিবীর উদ্দেশে অনেক মন্ত্রই বেদে পাওয়া যায়, তবে তার মধ্যে আচার্য যাস্ক 'স্যোনা পৃথিবি' (ঋ. ১।২২।১৫) মন্ত্রটি উদ্ধৃত করেছেন। প্রথিত অর্থাৎ বিস্তীর্ণ বলে নাম পৃথিবী (√প্রথ্)।[৪৭] অন্তরীক্ষস্থ পৃথিবী বায়ু বা বিদ্যুৎ। 'বডিত্থা পর্বতানাং—' (ঋ. ৫।৮৮।১) মন্ত্রের পৃথিবী তা-ই। কিন্তু 'যদিন্দ্রায়ীং পরমস্যাং পৃথিব্যাং—' মন্ত্রে[৪৮] যে পৃথিবীর কথা বলা হয়েছে তা হচ্ছে আদিত্য।

সমুদ্র। পৃথিবীস্থিত বিশাল জলরাশি যেমন সমুদ্র, অন্তরীক্ষর তেমন সমুদ্র। 'আর্ষ্টিষেণো হোত্রম্—' মন্ত্রে[৩৯] সেই দুই সমুদ্রেরই কথা আছে। এই স্থান তেকে জল সম্যক্‌রূপে উর্ধ্বে বাষ্পের আকারে যায় (সম্-উত্-দ্রু) , এই স্থানের অভিমুখে জল সম্যক্‌রূপে ধাবিত হয় (ঐ), এই স্থানে এসে জলচর বা অন্তরীক্ষচারী প্রাণীরা অত্যন্ত আনন্দিত হয় (সম্-মুদ্), এই স্থানে জলরাশি বা বাষ্পরাশি সম্মিলিত হয় (সম্-উদক) অথবা এই বস্তুটি জল বা বর্ষণের দ্বারা (সম্- √উন্দ্) সিক্ত করে তোলে ; তাই নাম সমুদ্র। সমুদ্র যখন সূর্যকে বোঝায়—যখন তা দ্যুলোকস্থ দেবতা—তখন রশ্মিসমূহ তাঁর থেকে সমুদ্‌গত হয় বলে তিনি সমুদ্র (সম্-উত্-দ্রু)। 'পবিত্র বস্তঃ পরি—'মন্ত্রে[৪০] সেই আদিত্যমণ্ডলরূপ সমুদ্রের কথাই প্রকাশ পেয়েছে।

সৌর দেবতাদের মধ্যে দধ্যঙ্, অথর্বা এবং মনুর নামও পাওয়া যায়। প্রত্যেকটিই সূর্যের বিশেষ বিশেষ অবস্থা। দধি (=ধ্যান)-র অভিমুখে যায় (√অঞ্চ্) অর্থাৎ জগতের কৃত্য ও অকৃত্যের বিষয়ে চিন্তা করে অবহিত বলে সূর্য দধ্যঙ্। অশ্বিদ্বয় অথর্বার পুত্র দধ্যঙ্-এর অশ্বমুণ্ড প্রতিষ্ঠাপন করে দেন। সেই মস্তকের সাহায্যে তিনি অশ্বিদ্বয়কে মধু-র সন্ধান দেন (ঋ. ১।১১৬।১২ ; ১।১১৭।২২)/ পাশ্চাত্য মতে দধির অভিমুখে যে যান, দই যার প্রিয় বা যার কাছে দই আছে যে দধ্যঙ্। Bergaigne মনে করেন দধ্যঙ্ মূলত সোম। তবে মনে হয় তা বিদ্যুৎও হোতে পারে। অশ্বমুণ্ড তার ক্ষিপ্রতার প্রতীক, বাক্ বা কথা বজ্রনির্ঘোষ এবং অস্থি বজ্ররূপ অস্ত্র।

সূর্য অথর্বা, কারণ তিনি নিজ কর্তব্য থেকে চলে আসেন না, বিচ্যুত হন না (ন-√থর্ব্)। পাশ্চাত্ত্য মতে একবচনে তিনি প্রাক্-ঐতিহাসিক পুরোহিত এবং বহুবচনে প্রয়াত পিতৃপুরুষবৃন্দ।

সূর্য আবার মনুও, কারণ তিনি নিজের অধিকার সম্পর্কে সর্বদা মনে করেন (√মন্), অথবা সকলের তিনি অভিমত অর্থাৎ সকলের তিনি শ্রদ্ধা বা অর্চনার বিষয়।

দ্যুলোকে আবার এমন অনেক দেবতা আছেন যাঁরা দলবদ্ধ। এঁরা হলেন আদিত্য বৃন্দ, সপ্ত ঋষি, দেবগণ, বিশ্বেদেবাঃ সাধ্যগণ, বসুগণ, বাজিনঃ (=অশ্বসমূহ) এবং দেব-পত্নীগণ। 'পাদিত্য' এই নামকরণের কী তাৎপর্য পৃথিবী থেকে তিনি জল বা রস গ্রহণ করেন (আ-√দা), অন্যান্য জ্যোতিপদার্থের জ্যোতি তিনি নিজে গ্রহণ করে নেন (ঐ) অর্থাৎ সূর্যোদয়ের পরে ঐ পদার্থগুলি আর প্রকাশিত হয় না, জ্যোতিতে দীপ্ত হয়ে ওঠেন (আ-√দীপ্) অথবা অদিতির পুত্র (আদিতেয় >আাদিত্য)। তবে অদিতির পুত্ররূপে বা আদিতেয় নামে আদিত্যের নামে আদিত্যের উল্লেখ 'আর্চাভ্যান্নারে' অর্থাৎ ঋগ্বেদে খুবই বিরল।[৫১] কোন সমগ্র সূক্তে তাঁর সেই নামে ও রূপে স্তুতি নেই, তবে তা আছে সূক্তের অন্তর্গত কোন বিশেষ মন্ত্রে।[৫২] যজ্ঞেও এই নামে কোন আহুতিও নিবেদন করা হয় না। বেদে অন্যান্য কিছু দেবতারও 'আদিত্য' এই নামে স্তুতি দেখা যায়। যেমন—মিত্র, বরুণ, অর্যমা, দক্ষ, ভগ[৫৩]। স্বর্, পৃশ্নি, নাম, গো, বিষ্টপ্ এবং নভস্ শব্দেও আদিত্যকে বোঝায়।[৫৪]

সপ্ত ঋষি। 'অস্য বামস্য—' মন্ত্রে[৫৫] আদিত্যের সাতটি পুত্রের কথা পাওয়া যায়। ব্যাখ্যাভেদে আদিত্য নিজেই অদিতির সপ্তম পুত্র। আদিত্যের সাতটি পুত্র হচ্ছে তাঁর সাতটি রশ্মি।[৫৬] 'সপ্ত ঋষয়ঃ—' এবং 'তির্যগ্‌বিলশ্চমস—' মন্ত্রে[৫৭] যে সপ্ত ঋষির কথা আছে তা সূর্যরশ্মিই বোঝাচ্ছে। নিঘণ্টুগ্রন্থেও (১।৫) রশ্মিবাচী পনেরটি শব্দের মধ্যে 'সপ্তঋষয়ঃ' পদের উল্লেখ পাই। আধ্যাত্মিক পক্ষে সপ্ত ঋষি হচ্চে চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ মন এবং বুদ্ধি বা বিদ্যা।

দেবাঃ বা দেবগণ বলতেও সূর্যরশ্মিই বুঝতে হবে। ' দেবানাং ভদ্রা—' মন্ত্রটিকে[৫৮] যাস্ক সেইভাবেই ব্যাখ্যা করেচেন। বিশ্বে দেবাঃ পদও বোঝায় নিখিল রশ্মিকে। যাস্ক এই পদ-যুগলের ব্যাখ্যা করেছেন 'সর্বে দেবাঃ' এবং এই প্রসঙ্গে যে 'ওমাসশ্চর্ষনীধৃতে—' (ঋ. ১।৩।৭) মন্ত্রটি উদ্ধৃত করেছেন সেখানেও 'বিশ্বেদেবাসঃ'

সমুদ্র। পৃথিবীস্থিত বিশাল জলরাশি যেমন সমুদ্র, অন্তরীক্ষর তেমন সমুদ্র। 'আর্ত্বিযেণো হোত্রম্—' মন্ত্রে[৪৯] সেই দুই সমুদ্রেরই কথা আছে। এই স্থান তেকে জল সম্যক্‌রূপে ঊর্ধ্বে বাষ্পের আকারে যায় (সম্-উত্-দ্রু) , এই স্থানের অভিমুখে জল সম্যক্‌রূপে ধাবিত হয় (ঐ), এই স্থানে এসে জলচর বা অন্তরীক্ষচারী প্রাণীরা অত্যন্ত আনন্দিত হয় (সম্-মুদ্), এই স্থানে জলরাশি বা বাষ্পরাশি সম্মিলিত হয় (সম্-উদক) অথবা এই বস্তুটি জল বা বর্ষণের দ্বারা (সম্- √উন্দ্) সিক্ত করে তোলে ; তাই নাম সমুদ্র। সমুদ্র যখন সূর্যকে বোঝায়—যখন তা দ্যুলোকস্থ দেবতা—তখন রশ্মিসমূহ তাঁর থেকে সমুদ্‌গত হয় বলে তিনি সমুদ্র (সম্-উত্-দ্রু)। 'পবিত্র বস্তঃ পরি—'মন্ত্রে[৫০] সেই আদিত্যমণ্ডলরূপ সমুদ্রের কথাই প্রকাশ পেয়েছে।

সৌর দেবতাদের মধ্যে দধ্যঙ্, অথর্বা এবং মনুর নামও পাওয়া যায়। প্রত্যেকটিই সূর্যের বিশেষ বিশেষ অবস্থা। দধি (=ধ্যান)-র অভিমুখে যায় (√অঞ্চ্) অর্থাৎ জগতের কৃত্য ও অকৃত্যের বিষয়ে চিন্তা করে অবহিত বলে সূর্য দধ্যঙ্। অশ্বিদ্বয় অথর্বার পুত্র দধ্যঙ্-এর অশ্বমুণ্ড প্রতিষ্ঠাপন করে দেন। সেই মস্তকের সাহায্যে তিনি অশ্বিদ্বয়কে মধু-র সন্ধান দেন (ঋ. ১।১১৬।১২ ; ১।১১৭।২২)/ পাশ্চাত্য মতে দধির অভিমুখে যে যান, দই যার প্রিয় বা যার কাছে দই আছে যে দধ্যঙ্। Bergaigne মনে করেন দধ্যঙ্ মূলত সোম। তবে মনে হয় তা বিদ্যুৎও হোতে পারে। অশ্বমুণ্ড তার ক্ষিপ্রতার প্রতীক, বাক্ বা কথা বজ্রনির্ঘোষ এবং অস্থি বজ্ররূপ অস্ত্র।

সূর্য অথর্বা, কারণ তিনি নিজ কর্তব্য থেকে চলে আসেন না, বিচ্যুত হন না (ন-√থর্ব্)। পাশ্চাত্ত্য মতে একবচনে তিনি প্রাক্-ঐতিহাসিক পুরোহিত এবং বহুবচনে প্রয়াত পিতৃপুরুষবৃন্দ।

সূর্য আবার মনুও, কারণ তিনি নিজের অধিকার সম্পর্কে সর্বদা মনে করেন (√মন্), অথবা সকলের তিনি অভিমত অর্থাৎ সকলের তিনি শ্রদ্ধা বা অর্চনার বিষয়।

দ্যুলোকে আবার এমন অনেক দেবতা আছেন যাঁরা দলবদ্ধ। এঁরা হলেন আদিত্য বৃন্দ, সপ্ত ঋষি, দেবগণ, বিশ্বেদেবাঃ সাধ্যগণ, বসুগণ, বাজিনঃ (=অশ্বসমূহ) এবং দেব-পত্নীগণ। 'পাদিত্য' এই নামকরণের কী তাৎপর্য পৃথিবী থেকে তিনি জল বা রস গ্রহণ করেন (আ-√দা), অন্যান্য জ্যোতিপদার্থের জ্যোতি তিনি নিজে গ্রহণ করে নেন (ঐ) অর্থাৎ সূর্যোদয়ের পরে ঐ পদার্থগুলি আর প্রকাশিত হয় না, জ্যোতিতে দীপ্ত হয়ে ওঠেন (আ-√দীপ্) অথবা অদিতির পুত্র (আদিতেয় >আদিত্য)। তবে অদিতির পুত্ররূপে বা আদিতেয় নামে আদিত্যের নামে আদিত্যের উল্লেখ 'আর্চাভ্যান্নায়ে' অর্থাৎ ঋগ্বেদে খুবই বিরল।[৫১] কোন সমগ্র সূক্তে তাঁর সেই নামে ও রূপে স্তুতি নেই, তবে তা আছে সূক্তের অন্তর্গত কোন বিশেষ মন্ত্রে।[৫২] যজ্ঞেও এই নামে কোন আহুতিও নিবেদন করা হয় না। বেদে অন্যান্য কিছু দেবতারও 'আদিত্য' এই নামে স্তুতি দেখা যায়। যেমন—মিত্র, বরুণ, অর্যমা, দক্ষ, ভগ[৫৩]। স্বর্, পৃশ্নি, নাম, গো, বিষ্টপ্ এবং নভস্ শব্দেও আদিত্যকে বোঝায়।[৫৪]

সপ্ত ঋষি। 'অস্য বামস্য—' মন্ত্রে[৫৫] আদিত্যের সাতটি পুত্রের কথা পাওয়া যায়। ব্যাখ্যাভেদে আদিত্য নিজেই অদিতির সপ্তম পুত্র। আদিত্যের সাতটি পুত্র হচ্ছে তাঁর সাতটি রশ্মি।[৫৬] 'সপ্ত ঋষয়ঃ—' এবং 'তির্যগ্‌বিলশ্চমস—' মন্ত্রে[৫৭] যে সপ্ত ঋষির কথা আছে তা সূর্যরশ্মিই বোঝাচ্ছে। নিঘণ্টুগ্রন্থেও (১।৫) রশ্মিবাচী পনেরটি শব্দের মধ্যে 'সপ্তঋষয়ঃ' পদের উল্লেখ পাই। আধ্যাত্মিক পক্ষে সপ্ত ঋষি হচ্চে চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ মন এবং বুদ্ধি বা বিদ্যা।

দেবাঃ বা দেবগণ বলতেও সূর্যরশ্মিই বুঝতে হবে। ' দেবানাং ভদ্রা—' মন্ত্রটিকে[৫৮] যাস্ক সেইভাবেই ব্যাখ্যা করেছেন। বিশ্বে দেবাঃ পদও বোঝায় নিখিল রশ্মিকে। যাস্ক এই পদ-যুগলের ব্যাখ্যা করেছেন 'সর্বে দেবাঃ' এবং এই প্রসঙ্গে যে 'ওমাসশ্চর্ষনীধৃতে—' (ঋ. ১।৩।৭) মন্ত্রটি উদ্ধৃত করেছেন সেখানেও 'বিশ্বেদেবাসঃ'

পদের ব্যাখ্যা করেছেন 'সর্বে দেবাঃ' বলে। পদের অর্থ যে সূর্যরশ্মি তা তিনি স্পষ্টত বলেন নি, মন্ত্রটিরও সূর্যপক্ষে ব্যাখ্যা করেন নি। তা ছাড়া 'বিশ্বে দেবাঃ' পদে তিনি বহু দেবতাকে বুঝতে হবে এ-কথাও বলেছেন। 'দশতরী' অর্থাৎ ঋগ্বেদে গায়ত্রী ছন্দে গাঁথা 'ওমাস—' ছাড়া বিশ্বে দেবাঃ-র উদ্দেশে আর অন্য কোন তৃচ (=তিন মন্ত্রের গুচ্ছ) নেই। যজু কিন্তু এই দেবতার উদ্দেশে গায়ত্রী ছন্দের আরও তৃচের প্রয়োজন। যাস্ক তাই বলেন, 'বিশ্বে দেবাঃ' বলতে বহু দেবতাকেই বুঝতে হবে, নতুবা যজ্ঞকর্ম সম্পন্ন করাই যাবে না। যে মন্ত্রেই বহু দেবতার স্তুতি আছে সেই মন্ত্রকেই 'বিশ্বে দেবাঃ' নামে দেবতার মন্ত্রে বলে বুঝতে হবে। আচার্য শাকপূণি অবশ্য বলেন যে, 'বিশ্ব' শব্দ থাকলে তবেই 'বিশ্বে দেবাঃ' দেবতা হন, না থাকলে নয়। কিন্তু যাস্ক মনে করেন, শাকপূর্ণির মত ব্যভিচার দোষে দুষ্ট। 'বভ্রারেকঃ—' (ঋ. ৮।২৯) সূক্তের দেবতা 'বিশ্বে দেবাঃ' বলে স্বীকৃত, কিন্তু সূক্তের কোন মন্ত্রেই ঐ পদবন্ধটি নেই। 'উভা উ নূনং—' (ঋ. ১০।১০৬) সূক্তটির দেবতা যে অশ্বিদ্বয় তা নিয়েকোন বিতর্কই নেই, কিন্তু প্রত্যেক মন্ত্রে তো তাঁদের নাম নেই, আছে কেবল একাদশতম মন্ত্রটিতে। 'অভি ত্বষ্টেব—' (ঋ. ৩।৩৮) সূক্তের ক্ষেত্রেও দেখা যায় কেবল দশম মন্ত্রেই দেবতা ইন্দ্রের নাম পাওয়া যায়, অন্যকোন মন্ত্রে পাওয়া যায় না। অতএব 'বিশ্বে দেবাঃ' নামটি থাকলে তবেই মন্ত্রের দেতা বিশ্বে দেবাঃ দেবতা হবেন, নতুবা হবেন না—এই যুক্তি যাস্কের মতে অসার।[৫৯] ভাষ্যকার সায়ণ এই বিষয়েশাকপূণির মতই গ্রহণ করেছেন বলে মনে হয়।[৬০]

সাধ্যগণ হচ্ছে অসাধ্য কর্ম সাধিত করে সেই সূর্যরশ্মিসমূহ। ইতিবৃত্তের তথ্য যাঁরা রাখেন তাঁদের মতে যে ঋষিগণ বিশ্ব সৃষ্টি করেছিলেন তাঁরা সাধ্য। বসুগণ অগ্নি, ইন্দ্র অথবা সূর্যের সঙ্গে সম্পর্কযুক্ত। সেই অনুযায় তাঁরা কখনও পৃথিবীলোকের। কখনও বা অন্তরীক্ষের, আবার কখনও দ্যুলোকের দেবতা। দ্যুলোকস্থিত অন্ধকার বিবাসিত অর্থাৎ আচ্ছাদিত করে রাখেন অথবা অপসারিত করেন (√বস্) বলে তাঁদের নাম 'বসু'। 'বাজিনঃ' নামে দেবতাবৃন্দ হলেন দেবতাদের অশ্বসমূহ অথবা সূর্যরশ্মিসমূহ। অশ্ব বা সূর্যরশ্মি দ্রুতগতিতে চলে বলে নাম বাজিন্ (√বিজ্)। দেবপত্নীগণ দেবগণের পত্নী বা পালনকারিণী। সূর্যের শক্তিরূপে তাঁরাও দেবতা।

আদিত্যের সঙ্গে সম্পর্কযুক্ত হচ্ছে দ্যুলোক, তৃতীয় সবন, বর্ষা ও শিশির ঋতু, জগতী ও অতিচ্ছন্দঃ[৬১] নামে ছন্দ, সপ্তদশ ও ত্রয়স্ত্রিংশ স্তোম্, বৈরূপ ও রৈবত সাম, দ্যুস্থানের অন্যান্য পুরুষ দেবতা ও স্ত্রীদেবতা। পৃথিবী থেকে রস (জল ইত্যাদি) আহরণ, রশ্মির দ্বারা সংগৃহীত রসের আহরণ, অন্ধকারের আচ্ছাদন ও সব-কিছু প্রকাশিত করা হচ্ছে আদিত্যের কর্ম বা ধর্ম। বেদে চাঁদ, বায়ু এবং সংবৎসরের সঙ্গে তাঁর যুগ্মস্তুতি হয়ে থাকে।[৬২] এই সাহচর্যগুলি দেখে বোঝা যায় যে, মন্ত্রে আদিত্যই অর্থাৎ কোন সৌর দেবতাই দেবতা।

হরিত্ আদিত্যের, দুটি রাসভ (=গর্দভ) অশ্বিদ্বয়ের, দুই-এর অধিক অজ (ছাগ) পূষার, অরুণবর্ণের গাভী সমূহ উষাঃ-র এবং দুই-এর অধিক শ্যাব গাঢ় বাদামী) ঘোড়া সবিতার বাহন।[৬৩] এগুলির মধ্যে গর্দভ দুটি এবং অন্যান্য বাহনগুলি সংখ্যায় বহু।

দ্যুলোকের দেবতাদের নিয়ে যাস্ক যে আলোচনা করেছেন তাঁর নিরুক্ত-গন্থে তা এখানে সংক্ষেপে সংগ্রহ করে দেখানো হোল। তাঁর মতের সঙ্গে সমালোচকরা সর্বত্র একমত না হোতে পারেন, কিন্তু এই গ্রন্তের সাহায্যে পরম্পরাগত মতটি আমরা জানতে পারি। এছাড়া সমালোচনার মূলে চাই কোন ভিত্তি এবং নিরুক্ত হচ্ছে তেমন এক ভিত্তি। প্রসঙ্গ অনুসারে বিরুদ্ধ মত গুলিও এই প্রবন্ধে উদ্ধৃত করা হয়ছে। ভবিষ্যতে পার্থিব ও অন্তরীক্ষস্থ দেবতাদেরও নিয়ে এই ধরনের সংক্ষিপ্ত আলোচনা সম্ভব হলে করা যেতে পারে।

তথ্যসূত্র

* নি. ৭।১৬।৩, ৪; ৭।১৭-১৮ (অগ্নি) ; ৭।১৯, ২০ জোতবেদাঃ) ; ৭।২১-৩১ (বৈশ্বানর) দ্র.।

১। 'ষড় ইমা রজাংসি'—ঋ. ১।১৬৪।৬ ; 'ভূর্ভুবঃ স্বর্ ... সত্যম্' (তৈ. আ. ১০।২৮।১); 'আসপ্তমাং স্তস্য লোকান্' (মু. ড. ১।২।৩)।

২। নি. ৭।১৫।৪ ; √দিব্ ((>দী—উজ্জ্বল হওয়া) + অচ্ ('নন্দিগ্রহপিচা—' পা. ৩।১।১৩৪) = দেব। অথবা √দিব্ (স্বর্গ) + ।অণ্ ('তস্যোদম্' বা 'তস্যাপত্যম্') = দেব। 'দেবব্রহ্মণো—' (পা. ১।২।৩৮) সূত্রের প্রামাণ্যে 'দৈব' হয় নি।

৩। নি. ৭।১৫।৫

৪। পা. ৫।৪।২৭

৫। "তিস্র এব দেবতা ইতি নৈরুক্তাঃ। অগ্নিঃ পৃথিবীস্থানো, বায়ুর্বেন্দ্রো বান্তরিক্ষস্থানঃ, সূর্যো দ্যুস্থানঃ" (নি. ৭।১৫।১, ২)

৬। ঋ. ১০।১৫৮।২

৭। ঋ. ১।১৩৯।১১

৮। ঋ. ৩।৯।৯

৯। নিঘ. ৫।৬ ; ।নি. ১২।১,২

১০। "তত্ কাবশ্বিনৌ? দ্যাবাপৃথিব্যাতিত্যেকে, অহোরাত্রাবিত্যেকে, সূর্যাচন্দ্রমসাবিত্যেকে, রাজানৌ পুণ্যকৃতাবিত্যৈতিহাসিকাঃ" (নি. ১২।১।৪)।

১১। "উচ্ছতেরিতরা মাধ্যমিকা" (নি. ১২।৫।৫)।

১২। "উষা বষ্টেঃ কান্তিকর্মণঃ" (নি. ১২।৫।৫)। "উষাঃ কস্মাদ্? উচ্ছতীতি সত্যা রাত্রেরপরঃ কালঃ" (নি. ২।১৮।৩)।

১৩। নি. ১২।৭।৮ (সূর্যা) ; 1১।২।৮।৬ (বৃষাকপায়ী

১৪। নি. ৮।১৩, ১৪

১৫। ঋ. ১০।১১০।০ ; ১।৯৫।৫

১৬। ঋ. ৩।৫৫।১৯

১৭। ঋ. ১০।১৭।১

১৮। ঋ. ১০।১৪৯।১

১৯। নি. ১২।২।২

২০। "উদয়াত্ পূর্বভাবী সবিতোদয়াস্তময়বর্তী সূর্য ইতি" (ঋ. ৫।৮১।৪—সা.ভা.)।

২১। ঋ. 18।৫৪।৬ ; 1৭।৪৫।১

২২। ঋ. ২।৩৮

২৩। ঋ. ৪।৫৩।১ ; ৬।৭১।২

২৪। ঋ. ৩।৬২।১

২৫। নি. ১২।১৩।৭

২৬। নি. ৭।৪১।২

২৮। ঋ. ১।১১৫।১

২৯। ঋ. ১০।৫০।১ ; ৭।৭৬।১

৩০। "বিশ্বান্ নরনে্ নয়তি, বিশ্ব এনং নরা নয়ন্তীতি বা, অপি বা বিশ্বানর এব স্যাত্, প্রত্যত্যতঃ সর্বাণি ভূতানি ; তস্য বৈশ্বানরঃ" (নি. ৭।২১।২)।

৩১। ঋ. ১।৫৯।৬

৩২। ঋ. ২।৩৩ ; ১।৮৭

৩৩। মৈ. সা. ২।১।২
৩৪। আ. শ্রৌ. ৮।৭।২৩
৩৫। ঋ. ১।৯৮। ২
৩৬। ঋ. ১।৯৮।১
৩৭। ঋ. ১।১৬৪।৫১, ৪৭
৩৮। তৈ. স. ২।৪।১০ ; কা. স. ১১।১০
৩৯। তৈ. স. ৪।১।২ ; কা. স. ১১।১০
৪০। ঋ. ৬। ৮।৪
৪১। "যস্তু সূক্তং ভজতে যস্মৈ হবির্নিরুচ্যতেঽয়মেব সোঽগ্নিবৈশ্বানরঃ। নিপাত এবৈতে উত্তরে জ্যোতিষী এতেনাভিধেয়েন ভজতে" (নি. ৭।৩১।৭, ৮)।
৪২। "বরুণো বৃণোতীতি সতঃ" (নি. ১০।৩।৮)।
৪৩। "বৃণোতি পাপকৃতঃ স্বকীয়ৈঃ পাশৈরাবৃণোতীতি রাত্র্যভিমানিদেবো বরুণঃ' (ঋ. ১।৮৯।৩—সা.ভা.)। ঋ. ১।১৬১।১৪ মন্ত্রের ভাষ্যেও অনুরূপ কথাই আছে। বরুণের অধিকারে আছে আবার জলও।
৪৪। ঋ. ১।১৬৪।৪৪
৪৫। ঋ. ৬।৫৯।২
৪৬। ঋ. ১০।১৩৫।১
৪৭। "প্রথনাৎ পৃথিবীত্যাহুঃ" (নি. ১।১৪।৭)
৪৮। ঋ. ১।১০৮।১০
৪৯। ঋ. ১০।৯৮।৫
৫০। ঋ. ৯।৭৩।৩
৫১। "অল্পপ্রয়োগং ত্বস্যৈতদ্ আর্চাভ্যান্নায়ে সূর্যমাদিত্যেয়ম্ অদিতেঃ পুত্রম্" (নি. ২।১৩।২)।
৫২। ঋ. ১০।৮৮।১১
৫৩। ঋ. ১।২৪।১৫ ; ১২।৪।১৬ ; ২।২৭।১ ; ৩।৫৯।২
৫৪। নি. ২।১৪ দ্র.।
৫৫। ঋ. ১।১৬৪।১
৫৬। "সপ্তপুত্রঃ .....সপ্তাদিত্যরশ্ময় ইতি বদন্তি" (নি. ৪।২৬।৭)
৫৭। বা. স. ৩৫।৫৫ ; অ. স. ১০।২৬।৯
৫৮। নি. ১।৮৯।২
৫৯। নি. ১২।৪০
৬০। "বিশ্বেদেবাস এতন্নামকা দেববিশেষাঃ। গণদেবতাবচনশ্চাত্রা বিশ্বশব্দো ন সর্বপর্যায়.... বিশ্বে ইত্যস্য বিশেষণং দেবাস ইতি। দীব্যন্তীতি দেবাঃ প্রকাশবন্তঃ। বিশ্বে দেবাস এতন্নামকগণরূপ দেববিশেষাঃ" (ঋ. ১।৩।৭-৯—সা.ভা.)।
৬১। ঋ প্রা. ১৬।৭৯
৬২। নি. ৭।১১।১-৩, ৭
৬৩। নিঘ. ১।১৫।

IN SEARCH OF MIND AND MATTER : THE APPROACH OF THE NYĀYA-VAIŚEṢIKA SCHOOL OF THOUGHT

V N JHA

We all live in a plural world. This world is partly visible, partly invisible; partly sentient, partly insentient; partly manifest, partly unmanifest; and partly knowable through senses and partly not. The world of our experience is party internal and partly external. From time immemorial human minds are engaged in knowing this world, both physical and psychological.

If one looks at all the systems of Indian Philosophy a little closely one can easily discover that all these systems have been trying to explain the source of the plurality of human experiences. No one can deny the fact that the universe of our experience is plural. Obviously, the question arises, what could be the source of this experiential plurality? I, on one hand and the rest of the world with which I behave whole of my life on the other, constitute this plurality. Different thinkers came out with different answers right from the Vedic times. While some held that the source of plurality is 'one', some others concluded that the source also has to be 'plural' in order to account for the plurality at the level of experience.

Now if we want to account for the number of possibilities out of these two answers of 'One' and 'Many' as the source of our phenomenal plurality, we may arrive at the following possibilities:

A.	+ One	+ Many
B.	- One	+ Many
C.	+ One	- Many
D.	- One	- Many

The possibility (A) says that both the singular source as well as the experiential plurality are ultimately true, real and existent. Thus, the Brahman of the Śuddhādvaita (Pure Monism) Philosophy of Vallabhācārya is real and the plural world of our experience which has evolved from the Brahman is also equally real. In this philosophy the source 'One' has *become* 'Many'. It is accepted that the Brahman can undergo modifications (Pariṇāma) in the sense that the very "One" has taken the form of 'Many'.

The possibility (B) tells us that the source of the world of plurality is not 'One' but 'Many'. The Nyāya-Vaiśeṣika Systems of Indian Philosophy and all other systems of realism which believe that the world of our experience is ultimately Real will subscribe to this possibility. For the Nyāya-Vaiśeṣika System, there is a creator God and there are materials for the creation of this plural world in the form of permanent substances (i.e. the particles called *paramāṇu*-s, time, space, individual souls with their *saṃskāras* (impressions), universals, permanent qualities *(guṇas)*, internal sense organ called mind (manas), and a permanent relationship *(samavāya)*. Thus, as God is real so also all the materials available to Him for creation of this world of plurality are ultimately real. A flower or even a particle of flower is as much real as God. God is not a magician either, to create this plural world out of nothing.

Sāṃkhya and Yoga systems too believed in the factual plural world explained through accepting the dualism of Puruṣa and Prakṛti. Although the Pūrvamīmāṃsā system did not accept God at its early stage of development, still the System accepted the reality of this phenomenal world of plurality. Needless to say, at a later stage the Pūrvamīmāṃsākas too accepted God.

In this way, for all these Systems the source of our world of plurality is plural and not 'One'.

The possibility (C) indicates that the world of plurality is not Real because it is mere *appearance*. The source is 'One' and that alone is real. As if, the source 'One' appears as 'Many'. Śaṅkarācārya's Monism (Advaita), may be an example of this possibility. Śaṅkara thinks that the ultimate reality is only one and the world of plurality is mere appearance (*vivarta* or *adhyāsa*). To understand this, one needs to differentiate, 'becoming' *(Pariṇāma)* of Vallabha from 'appearing'(vivarta) of Śaṅkara.

The possibility (D) implies that, the source of plurality is neither 'One' like the Brahman of the Vedantins nor 'Many' of the Realists, because every thing in the world is devoid of its own nature. Nothing can be claimed through characterization, since nothing can be characterized. This seems to be the presupposition of the Mādhyamika school of Buddhism popularly known as Śūnyavādins.

Seen in such a background the Nyāya -Vaiśeṣika System is treated as a realists' System because, for this System the plural world of our experience is not only true and real only at a particular time and space but ultimately true and real.

Another aspect of this Realism is this that they believe that Reality can be captured by language. While idealists of the type of Śaṅkara and Diṅnaga believed that the ultimate Reality is beyond the reach of language and hence language is a liar, the Nyāya Vaiśeṣika System holds that language can very well express Reality. While Śaṅkara had to create phenomenal Reality *(vyavahārika-sattā)* just to explain human behavior with this mundane world

which is going to disappear after the individual attains Brahman-hood, the Nyāya -Vaiśeṣika (popularly called Indian Logicians) refused to accept any temporary Reality. For Indian logicians, if x has existence x must be real and ultimately real. There is no need for postulating any degrees of Reality.

The entire world of plurality is independent of one's thought and participates in generating thought as its cause and a cause must precede an effect, namely the thought. The plural world of our experience is not a construction like sky-flower *(kha-puṣpa)*. The world is *sat*.

Therefore, the whole world of plurality is ultimately real. It is knowable and namable. It is not true to hold that simply because a thought of the world is verbalizable *(savikalpaka)*, it has to be declared as false.

Indian logicians, therefore, conceived the whole world in terms of referents of linguistic terms. For them the world is a sum total of referents of linguistic terms called padārthas or entities. There are two categories of entities: positive *(bhāva)* and negative *(abhāva)*. If there is a red rose in a particular garden, then there is that red rose there in that garden occupying a particular space and in the rest of the world there is absence of that red rose. As red rose has existence, the absence of red rose also has existence and hence both bhāva and abhāva are entities which constitute the whole universe.

Thus, the set of entities (padārtha) can be put into two subsets: a sub-set of bhāva padārthas and a sub-set of *abhāva padārthas*. The analysis can be presented through the following diagram:



dravya - substance
saṃsargābhāva -relational absence
guṇa - quality

anyonyābhāva - mutual absence
karman - action
prāgabhāva - pre-absence
sāmānya - universal
dhvaṃsa - destruction
viśeṣa - distinguishing feature
atyantābhāva - absolute absence
samavāya - inherence

Substance was further divided into nine types as follows:



Substances were conceived as locus of qualities. The qualities were counted as twenty four.

They are:
rūpa (colour)
rasa (taste)
gandha (smell)
sparśa (touch)
saṅkhyā (number)
parimāṇa (extension)
pṛthaktva (separateness)
saṃyoga (number)
vibhāga (disjunction)
paratva (remoteness)
aparatva (nearness)
gurutva (gravity)
dravatva (liquidity)
sneha (moisture)
śabda (sound)
buddhi (cognition)
sukha (happiness)
duḥkha (unhappiness)

icchā (desire)
dveṣa (aversion)
prayatna (volition)
dharma (merit)
adharma (demerit)
saṃskāra (impression)

In this way the other subsets have been explained. *Karman* includes any movement; *Sāmānya* is a universal which forms a class. Through *Sāmānya* we bring together all members of its class and this helps in distinguishing that which does not belong to a class. Thus roseness is a universal, it includes all roses as members of its class and helps in eliminating everything that does not belong to this class i.e. all that is not rose. It also helps in naming an individual rose of the class of roses by providing a groud *(śabdapravṛttinimitta)* for the application of the term 'rose'..

Viśeṣa is the ultimate distinguishing feature of a permanent substance. It is because of this *Viśeṣa* we can distinguish one whole substance from another whole substance.

Thus, one jar is different from another jar because the parts of one jar are different from those of the other. Even the parts of one jar are different because of their further parts. This enquiry can lead to infinite regress and in that case it will be difficult to distinguish one seed from a mountain because both of them will have infinite number of parts. To avoid this unwanted consequence, the Vaiśeṣika Philosophers accepted Viśeṣa in each indivisible particle *(paramāṇu)* in order to account for the distinctness of all wholes.

Similarly, all individual souls, time, space and minds are made distinct because they are permanent substances due to the presence of this distinguishing feature called Viśeṣa. Therefore, there are as many permanent substances as many Viśeṣas.

Inherence is a permanent relationship. It is one and is postulated between a quality and its locus, an action and its locus, universal and individual, whole and parts and between a Viśeṣa and its locus. Inherence is inseparable, but saṃyoga (contact) is separable which is counted as a quality in the list of twenty four qualities.

Thus, even universals and relations are part and parcel of the external real world and they are not constructed by mind in this system of Nyāya-Vaiśeṣika philosophy.

As stated above, abhāva is also an entity *(padārtha)*. There can be absence of only that which has existence. There cannot be an absence of something which is fictitious. Therefore, the expressions like 'There is no sky-flower', 'There are no rabbit's horns', 'There is no son of a barren lady', 'There is no squared circle', etc. are nonsensical according to the Nyāya Vaiśeṣika System. These expressions will make sense only when we will say 'There is no flower

in the sky', 'There are no horns of a rabbit', 'There is no son of a barren lady', 'A circle is not a square', etc. etc.

With this world-view of the Nyāya-Vaiśeṣika system in mind let us now turn to the topic proper.

We have seen that the Nyāya-Vaiśeṣika thinkers have listed soul or self and the internal sense organ called mind in the category called substance or dravya and *buddhi* or cognition in the category called quality. A self is defined in the System as the locus of cognition.

As a matter of fact, the notion of a substance is this that it is a locus of qualities and actions. Qualities come and go in the form of effects, but the locus continues. When the green mango becomes yellow, the colour has changed but the substance (mango) has continued. If this were not true, how could one say 'The mango which was green has turned yellow?'

This argument has a history. The Buddhist philosophers did not want to accept a durable self *(sthira ātman)*, because they wanted to prove that every thing that has existence in transitory *(kṣaṇika)*. As a necessity, therefore, they could not accept a substance which can be durable.

That is why, instead of calling This is a blue pot', they preferred to call it 'This is blue' avoiding reference to the locus of the blue colour. They thought there are sensations of only colour and not of anything called substance which could be the locus of colour. Indian logicians, on the other hand, wanted to establish a category called substance as the locus of qualities and actions.

Out of the nine substances earth, water, fire and air are found in both the forms, eternal and non eternal. Eternal as the particles of earth, water, fire and air and non-eternal as wholes made of those particles. The substances sky, time, space, Self and mind are eternal because they are not constructed out of any parts.

They have also accepted that sky is one, time is one, space is one, but the souls are many in number; and so also the minds as internal instruments.

'गतिबुद्धी'ति पाणिनीयसूत्रस्य व्याख्यानकाले वार्त्तिकमिदं भट्टोजिदीक्षितेन कारकप्रकरणे पठितम्। जल्पति प्रभृतीनां धातूनां प्रयोगे अणिजन्तावस्थायाः कर्ता णिजन्तावस्थायां कर्म स्यादिति वार्त्तिकस्यास्य फलितोऽर्थः। उदाहरणं --'पुत्रः धर्मं जल्पति भाषते वा'। देवदत्तः तं प्रेरयति। अतः णिजन्तावस्थायाम्-'देवदत्तः पुत्रं धर्मं जल्पयति भाषयति वा'। अत्र वाक्ये 'पुत्रमि'त्यत्र प्रयोज्यकर्तरि द्वितीया। 'जप जल्प भाष व्यक्तायां वाचि।' अतः 'जप् जल्प् भाष् प्रभृतीनां धातूनां अणिजन्तावस्थायाः कर्ता णिजन्तावस्थायां कर्म भवति। 'गतिबुद्धी'ति सूत्रे एतेषां धातूनां नान्तर्भावाद् वार्त्तिकस्यास्य प्रसक्तिः। परन्तु अत्र प्रश्नः समुदेति यत्--'देवदत्तः पुत्रं धर्मं जल्पयति'-इत्यादौ पाणिनिसूत्रवशात् पुत्रमित्यत्र प्रयोज्यकर्तरि कर्म स्यादिति। तर्हि वार्त्तिकस्यास्य प्रयोजनं किमित्याकाङ्क्षायामुच्यते 'गतिबुद्धी'त्यत्र 'शब्दकर्म'पदेन शब्दरूपा क्रिया येषां धातूनामिति नोक्ता, परन्तु शब्दः कर्मेति (कर्मकारकम्) येषां धातूनामिति सूत्रकारस्याभिमतम्। 'जल्पति', 'भाषते' इत्यादौ शब्दरूपा क्रिया द्योतिता। अतएव 'शब्दकर्माकर्मकाणाम्' इत्यस्य शब्दः कर्मकारकः येषामिति। अन्यथा 'वेदमध्यापयद्विधिम्' इति प्रयोगासिद्धिर्भवेत्। भाष्ये तु वार्त्तिकमिदं 'शब्दकर्मण इति चेज्जल्पतिप्रभृतीनामुपसंख्यानम्'[७] इत्युक्तम्। तत्र 'के पुनर्जल्पतिप्रभृतयः? जल्पति विलपति आभाषते'[८] इत्येवोक्तम्। तत्र प्रदीपटीकायामुक्तम्--'जल्पत्यादयः शब्दनक्रियायां वर्तन्त इति क्रियाग्रहणे सिध्यति न तु साधनकर्मग्रहणे। पुत्रं जल्पतीत्यादौ शब्दकर्मत्वाभावात्।'[९]

अत एव यथा भाष्यकारैः तथा टीकाकारैरपि प्रागुक्तं वार्त्तिकं समर्थितम्। उपर्युक्तं वार्त्तिकमनुक्तमिति वक्तुं शक्यते।

'दृशेश्च' इति वार्त्तिकं 'गतिबुद्धी'ति पाणिनीयसूत्रस्य व्याख्यानकाले भट्टोजिदीक्षितेन सिद्धान्तकौमुद्याः कारकप्रकरणे पठितम्। 'दृशिर् प्रेक्षणे' अस्यण्यणौ यः कर्ता स णौ कर्म स्यादिति वक्तव्यम्। यथा--'दर्शयति हरिं भक्तान्।' वाक्यस्यास्य अर्थस्तावद्-हरिं भक्ताः पश्यन्ति, तान् गुरुः प्रेरयतीति। अत्र प्रश्नः समुदेति, यद्यपि 'दृश्' धातुः बुद्ध्यर्थवाचकः, तथापि 'दर्शयति हरिं भक्तानि'त्यत्र 'गतिबुद्धी'ति सूत्रं विहाय वार्त्तिकस्यास्य किं प्रयोजनमित्याकाङ्क्षायां दीक्षितपादैरुक्तम् 'सूत्रे ज्ञानसामान्यार्थानामेव ग्रहणम्, न तु तद्विशेषार्थानामित्यनेन ज्ञाप्यते।[१०] वासुदेवदीक्षितपादैरपि बालमनोरमाटीकायां वार्त्तिकमिदं स्पष्टीकृतं -- "गतिबुद्धि' इति सूत्रे बुद्धिग्रहणेन ज्ञानसामान्यवाचिनां 'विद ज्ञाने, ज्ञा अवबोधने' इत्यादीनामेव ग्रहणम्, न तु ज्ञानविशेषवाचिनामित्येतद् 'दृशेश्च' इत्यनेन विज्ञायते। अन्यथा 'दृशेश्च' इत्यस्य वैयर्थ्यप्रसङ्गात्'।[११] अत एव सूत्रस्थ'बुद्धि'पदेन ज्ञानसामान्यस्य ग्रहणम्, न तु ज्ञानविशेषस्य। योऽर्थो 'दृशेश्चे'ति वार्त्तिकाद् ज्ञायते। ज्ञानसामान्यं मनेन्द्रियेणैव सिध्यति, परन्तु ज्ञानविशेषं मनेन्द्रियेण सह चक्षु-कर्ण-नासादिभि-र्विशेषेन्द्रियैः सिध्यति। ज्ञानविशेषेषु केवलम् अणिजन्तावस्थायाः दर्शनक्रियायाः कर्ता णिजन्ते कर्म भवेदिति। न तु अन्येषां ज्ञानविशेषवाचकानां धातूनाम्। यथा--'स्मरति प्रियां देवदत्तः।' 'जिघ्रति पुष्पं यज्ञदत्तः।' अन्यः कश्चित् तौ प्रेरयति। अतः णिजन्तावस्थायां वाक्यद्वयं भवति--'अन्यः कश्चिद् देवदत्तेन प्रियां स्मारयति।' अपि च 'अन्यः कश्चिद् यज्ञदत्तेन पुष्पं घ्रापयति।' भाष्ये तु वार्त्तिकमिदं 'दृशेः सर्वत्र'[१२] इत्यनेन वर्णितम्।

'शब्दायतेर्न' वार्त्तिकमिदं 'गतिबुद्धि'ति पाणिनीयसूत्रस्य व्याख्यानकाले भट्टोजि-दीक्षितेन सिद्धान्तकौमुद्याः कारकप्रकरणे पठितम्। वार्त्तिकमिदं 'गतिबुद्धी'ति सूत्रस्य प्रतिषेधविधायकम्। वार्त्तिकिनानेन ज्ञायते यत्-शब्दाय इति क्यङन्तधातोः अणौ यः कर्ता स णौकर्म भवेदिति। यथा-'शब्दाययति देवदत्तेन'। शब्दायते देवदत्तः, तं यज्ञदत्तः प्रेरयतीत्यर्थः। 'धात्वर्थेन संगृहीतत्वमकर्मकत्वमि'ति नियमात् 'शब्दाय' इति क्यङन्ताकर्मकधातुः। अतः 'गतिबुद्धी'ति सूत्रबलात् तत्र अणिजन्तक्रियायाः कर्तरि णिजन्तायां कर्मसंज्ञायाः प्राप्तिरासीत्। परन्तु 'शब्दायतेर्ने'ति वार्त्तिकबलात् प्रयोज्यकर्तरि कर्म बाधित्वा 'कर्तृकरणयोस्तृतीये'ति सूत्रात् तृतीयैव।

'क्रियया यमभिप्रैति सोऽपि संप्रदानम्' वार्त्तिकमिदं 'कर्मणा यमभिप्रैति स सम्प्रदानम्' (१।४।३२) इति पाणिनीयसूत्रस्य व्याख्यानकाले भट्टोजिदीक्षितेन सिद्धान्तकौमुद्याः कारकप्रकरणे पठितम्। वार्त्तिकार्थपर्यालोचनात् प्राक् 'संप्रदानमि'ति महतीसंज्ञाविधाने सूत्रकारस्याभिप्रायः ज्ञातव्यः। 'टि' 'धु' प्रभृती लघुसंज्ञकान्: विहाय कारकम्, समासः, संप्रदानमिति महासंज्ञा सूत्रकारेण कथं कृता? तत्रोच्यते संज्ञा द्विविधा। यथा--व्युत्पत्तिनिमित्ता प्रवृत्तिनिमित्ता चेति। कारकं, समासः प्रभृतिषु व्युत्पत्तिनिमित्ता अन्वर्थसंज्ञा वा सूत्रकारेण कृता। यतः महासंज्ञाकरणमन्वर्थसंज्ञाविधानार्थमिति। परन्तु संप्रदानसंज्ञायां व्युत्पत्त्यर्थो न लभ्यते। यतः संप्रदानस्य व्युत्पत्त्यर्थस्तावत् सम्यक्प्रदानावसरे स्वस्वत्वध्वंसपूर्वकं परस्वत्वोत्पादनम्। परन्तु 'खण्डिकोपाध्यायः शिष्याय चपेटिकां ददाति' इत्युदाहरणवाक्यस्य 'शिष्याय' पदे अन्वर्थाभावादपि संप्रदानत्वम्। विषयेऽस्मिन् पाणिनीयं सूत्रं 'कर्मणा यमभिप्रैति स संप्रदानम्।' अत एव भाष्यादिपर्यालोचनया एतद् वक्तुं युज्यते यत् संप्रदानमिति महासंज्ञा प्रवृत्तिनिमित्ता।

'कर्मणा यमभिप्रैति स संप्रदानम्' इति सम्प्रदानकारकविधायकस्य पाणिनीयसूत्रस्य व्याख्यानकाले भट्टोजि-दीक्षित-पादेनोक्तम्-'दानस्य कर्मणा यमभिप्रैति स संप्रदानसंज्ञः स्यादि'ति। दानं चापुनर्ग्रहणाय स्वस्वत्वनिवृत्तिपूर्वकं परस्वत्वोत्पादनम्। अत एव 'रजकस्य वस्त्रं ददाती'त्यत्र रजकपदे अन्वर्थसंज्ञाभावान्न सम्प्रदानत्वम्। परन्तु अत्र प्रश्नः समुदेति-यदि स्वस्वत्वनिवृत्तिपूर्वकं परस्वत्वोत्पादनमेव दानस्यार्थो भवेत्, तर्हि कथं 'ददाती'त्यत्र दा-धातोः प्रयोग एव। तत्रोच्यते-यत्र स्वस्वत्वनिवृत्तिपूर्वकं परस्वत्वोत्पादनं तत्र दा-धातोर्मुख्यार्थो बोध्यव्यः, परन्तु यत्र तन्न तत्र दा-धातोर्गौणार्थो वोध्यव्य इति तु वृत्तिकारमतम्। अतः 'रजकस्ये'त्यादौ शेषत्वविवक्षायां षष्ठी एव। भाष्यकारैः अन्वर्थतायां नैवाग्रहः, 'खण्डिकोपाध्यायः शिष्याय चपेटां ददाति' इत्यादिप्रयोगात्। 'कर्मणा यमभिप्रैति स सम्प्रदानम्' इत्युक्तेः अकर्मकक्रियोद्देश्यस्य सम्प्रदानत्वं न भवेदित्याशङ्क्य वार्त्तिककारैरुक्तम्--'क्रियया यमभिप्रैति सोऽपि संप्रदानमि'ति। यथा--'पत्ये शेते'। पत्युद्देश्यकं शयनमिति बोधः। वाक्येऽस्मिन् संप्रदानसूत्रस्य अव्याप्तिरासीदिति वार्त्तिककाराभिमतम्। क्रियोद्देश्यमपि संप्रदानं भवितुमर्हतीति। भाष्येऽपि वार्त्तिकमिदं **'क्रियाग्रहणम्'**[१३] इत्याक्षेपवार्त्तिकरूपेण भाष्यकारैः उद्धृतम्। पश्चाद् भाष्यकारैः वार्त्तिकमिदं खण्डितम्। 'कर्मणा यमभिप्रैति स संप्रदानमि'ति सूत्रबलात् भाष्यकारैः वार्त्तिकमिदं खण्डितम्। तन्मते क्रियाऽपि कर्मशब्देन लोके व्यवह्रियते। 'क्रियापि कृत्रिमं कर्म'[१४] इति भाष्यकारमतम्। 'पत्ये शेते' वाक्यस्यास्य अर्थस्तावद् 'पतिमनुकुलयितुं शेते'। 'क्रियार्थोपपदस्य च कर्मणि स्थानिनः (२।३।१४)' इति पाणिनीयसूत्रबलात् 'पत्ये शेते' इत्याद्युदाहरणवाक्यानि सिध्यन्ति। विषयेऽस्मिन् यथा चोक्तं भट्टोजि-दीक्षितपादैः शब्दकौस्तुभे 'भाष्यमते तु यत्र सम्प्रदानत्वमिष्टं तत्र सन्दर्शनादीनां क्रियायाश्च भेदो विवक्ष्यते। ततश्च तैराप्यमाना क्रियापि कृत्रिमं कर्मेति सिद्धं तयाऽभिप्रेयमाणस्य सम्प्रदानत्वम्। यत्र तन्नेष्टं तत्र भेदो न विवक्ष्यते। ततश्चोत्पत्तिविक्लित्त्याद्येकफलावच्छेदेनैकीकृतया क्रियाया व्याप्यमानस्य कर्मत्वमेव भविष्यती'[१५]ति। अत एव 'क्रियया यमभिप्रैति सोऽपि संप्रदानमि'ति वार्त्तिकं व्यर्थमिति भाष्यकाराणां मतमिति दिक्।

तथ्यसूत्रम्

१। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, पृष्ठा-२६४।
२। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, पृष्ठा २७०-२७१।
३। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, पृष्ठा-२७४।
४। तदेव।
५। वृहच्छब्देन्दुशेखरकारः, द्वितीयो भागः, पृष्ठा-८५१।
६। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, पृष्ठा-२७५।
७। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, पृष्ठा-२७४
८। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, तदेव।
९। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, तदेव।
१०। सिद्धान्तकौमुदी, प्रथमो भागः, कारकप्रकरणम्, पृष्ठा-६१६।

११। तदेव।
१२। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, पृष्ठा-२७४।
१३। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, पृष्ठा-२५६।
१४। व्याकरणमहाभाष्यम्, द्वितीयः खण्डः, पृष्ठा-२५७।
२५। शब्दकौस्तुभः, द्वितीयो भागः, पृष्ठा-१२१।

ग्रन्थपञ्जी

१। दीक्षितः, भट्टोजिः-'वैयाकरणसिद्धान्तकौमुदी' (बालमनोरमा-तत्त्वबोधिनीसहिता), सम्पादकौ-महामहोपाध्यायः गिरिधरशर्मा महामहोपाध्यायः परमेश्वरानन्दशर्मा च, दिल्ली/मुम्बइ / चेन्नाइ / कोलकाता / वंगालोर / वाराणसी / पुणे / पाटना; मोतीलाल-वनारसी-दासः, १९६१ (प्रथमं संस्करणम्), २००४ (पुनर्मुद्रणम्), प्रथमो भागः।
२। दीक्षितः, भट्टोजिः-'शब्दकौस्तुभः', सम्पादकौः विन्ध्येश्वरी प्रसाद-द्विवेदी, गणपतिशास्त्री मोकाटे च, निंउदिल्ली; राष्ट्रिय-संस्कृत-संस्थानम्, २००६ (पुनर्मुद्रणम्), द्वितीयो भागः।
३। पतञ्जलिः-'व्याकरणमहाभाष्यम्' (भाष्यप्रदीपोद्योतसहितम्), सम्पादकः महामहोपाध्याय-पण्डित शिवदत्तशर्मा, दिल्ली; चौखम्वा-संस्कृत-प्रतिष्ठानम्, २००० (पुनर्मुद्रणम्), द्वितीयः खण्डः।
४। वामनजयादित्यः-'काशिका' (न्यास-पदमञ्जरी-भावबोधिनी-सहिता), सम्पादकौ-डः जयशङ्करलाल-त्रिपाठी, डः सुधाकरमालवीयश्च, वाराणसी; तारा-वुक-एजेन्सी, १९८६ (प्रथमं संस्करणम्), २००९ (पुनर्मुद्रणम्), द्वितीयो भागः।
५। भट्टः, नागेशः-'वृहच्छब्देन्दुशेखरः', सम्पादकः डः श्रीसीतारामशास्त्री, वाराणसी; वाराणसी-संस्कृत-विश्वविद्यालयः, १९६०, द्वितीयो भागः।
६। भट्टः, नागेशः-'लघुशब्देन्दुशेखरः' (अव्ययीभावान्तः), सम्पादकः - महामहोपाध्यायः श्री नित्यानन्दपन्तपर्वतीयः, वाराणसी; चौखम्वा-संस्कृत-सिरिज-अफिस; १९५४ (चतुर्थसंस्करणम्)।

গৌণগীতায় সৃষ্টিতত্ত্বপ্রসঙ্গ

সুমিতা বটব্যাল

রামায়ণ, মহাভারত, পুরাণাদির বিভিন্ন কাহিনীকে উপজীব্য করে বিভিন্ন গৌণ গীতা রচিত হয়েছে। এগুলির উদ্দেশ্যও সর্বক্ষেত্রে এক নয়। কোনোটির মুখ্যবিষয় আত্মতত্ত্বপরিবেশন, কোনোটি বা সৃষ্টিতত্ত্বকে জনসমক্ষে তুলে ধরতে চেষ্টা করেছে, আবার কোনোটি বা জীবের সংসারবন্ধনের কারণ, বন্ধনের হাত থেকে মোক্ষলাভের উপায়, জীবের জীবন্মুক্ত দশা বর্ণনা করেছে। আবার কোনোটিতে যোগতত্ত্ব, বর্ণাশ্রমতত্ত্ব প্রভৃতি সম্পর্কিত নানা তথ্য বিধৃত আছে। গীতা বলতে আমরা যেমন শ্রীমদ্ভগবদ্গীতাকেই বুঝে থাকি, গৌণ গীতা সমূহকে ঠিক সেভাবে ভগবদ্গীতার সঙ্গে একই পর্যায়ভুক্ত করা যায় না। কারণ বৃহৎ কলেবর ভগবদ্গীতার কাছে এক একটি গৌণ গীতা তথ্যের বিচারে যেন এক অগাধ সমুদ্রে একবিন্দু জলবৎ। তথাপি এসব গৌণগীতা একেবারে নগণ্য বলা যায় না। কারণ এগুলিতে প্রতিপাদিত তত্ত্ব মূলতঃ রামায়ণ-মহাভারত-পুরাণাদিতে উল্লিখিত কাহিনী ও কাহিনীবিধৃত তত্ত্বসমূহের সংক্ষিপ্ত প্রতিরূপমাত্র।

বিভিন্ন পুরাণে সন্নিবিষ্ট ঘটনাবলী ও তথ্যাদিকে উপজীব্য করে রচিত হয়েছে বহু গৌণ গীতা যেগুলিতে বিশ্বসৃষ্টিতত্ত্ব, জীবজন্ম, জীবের প্রথম উৎপত্তি, জীবদেহ গঠন, দেবতাদের সৃষ্টি প্রভৃতি সম্পর্কে বহু তত্ত্ব পরিবেশিত হয়েছে। পুরাণ থেকে বিষয়বস্তু গ্রহণ করে রচিত গৌণ গীতা সমূহের মধ্যে ঈশ্বরগীতা, উদ্ধবগীতা, গোপীগীতা, গীতাসার (প্রথম), দ্বিতীয় হংসগীতা, ভিক্ষুগীতা, যমগীতা, দেবীগীতা প্রভৃতি প্রধান এবং এগুলির মধ্যে উদ্ধবগীতা, দেবীগীতা ও গীতাসার সবিশেষ উল্লেখযোগ্য যেখানে সৃষ্টিতত্ত্ব বর্ণিত হয়েছে।

প্রায় সমস্ত গৌণ গীতাই শ্রীমদ্ভগবদ্গীতার ন্যায় কয়েকটি অধ্যায়ে বিভক্ত। আলোচ্য ক্ষেত্রে সৃষ্টিতত্ত্ব আলোচনা প্রসঙ্গে উদ্ধবগীতা ও দেবীগীতাতে বিধৃত তথ্যই সর্বাধিক গুরুত্বপূর্ণ। এই দুই গীতার অধ্যায় সংখ্যা এ প্রসঙ্গে প্রথমেই উল্লেখ করা প্রয়োজন। শ্রীমদ্ভাগবত পুরাণের একাদশ স্কন্ধের ষষ্ঠ অধ্যায় থেকে ঊনত্রিশ অধ্যায় পর্যন্ত অংশে বর্ণিত। বিষয়বস্তুকে উপজীব্য করে এই উদ্ধবগীতা রচিত। উদ্ধব সম্পর্কে শ্রীকৃষ্ণের আত্মীয়, মিত্র ও পরামর্শদাতা। এই উদ্ধবের সঙ্গে শ্রীকৃষ্ণের কথোপকথনই উদ্ধবগীতার বিষয়বস্তু হওয়ায় এই গীতার নাম উদ্ধব গীতা। মানবজাতির উদ্দেশ্যে উপদেশ প্রদানের নিমিত্ত শ্রীকৃষ্ণ কর্তৃক উদ্ধবের প্রতি যে সব তত্ত্ব পরিবেশিত হয়েছে সেগুলি উদ্ধবগীতার মুখ্য বিষয়। এই গীতার বক্তা শ্রীকৃষ্ণ ও শ্রোতা উদ্ধব। উদ্ধবগীতায় ঊনত্রিশটি অধ্যায় আছে এবং এর চর্ব্বিশতম অধ্যায়ে বর্ণিত হয়েছে সৃষ্টিতত্ত্ব।

সৃষ্টিতত্ত্ব সম্পর্কিত অপর একটি উল্লেখযোগ্য গৌণগীতার নাম দেবী গীতা। ভাগবত পুরাণের দ্বাদশ স্কন্ধের অন্তর্গত বিষয়কে উপজীব্য করে রচিত দেবীগীতায় তারকাসুর বধের নিমিত্ত জগন্মাতার গৌরীরূপে আবির্ভাববর্ণন এই গীতার মুখ্য বিষয়বস্তু। এর বক্তা ব্যাসদেব এবং শ্রোতা জনমেজয়। দেবী গীতায় দশটি অধ্যায় আছে এবং দ্বিতীয় অধ্যায়টি আলোচ্য বিষয় সৃষ্টিতত্ত্ব।

এছাড়া ঈশ্বরগীতা, কপিলগীতা, গীতাসার (প্রথম) প্রভৃতিতেও সৃষ্টিতত্ত্ব সম্পর্কিত নানা তত্ত্ব উপদিষ্ট হয়েছে। এই গীতায় বিধৃত সৃষ্টিতত্ত্ব মূলতঃ সাংখ্যতত্ত্বের অনুসারী। কপিলগীতায় এবং গীতাসারে কাল ও পুরুষকে প্রাধান্য দেওয়া হয়েছে সৃষ্টিতত্ত্ব প্রসঙ্গে।

সৃষ্টিতত্ত্ব প্রসঙ্গে দেবীগীতায় সৃষ্টির পূর্বে আত্মার অস্তিত্বই স্বীকৃত হয়েছে। দেবী জগদম্বা আত্মস্বরূপে বিদ্যমান ছিলেন এবং এই আত্মস্বরূপকেই চিৎ, সংবিৎ ও পরব্রহ্ম নামে উল্লেখ করা হয়েছে।[১] এই আত্মা মায়া নামক শক্তি দ্বারা পরিচালিত হন। এই মায়াকেই দেবীগীতায়, জগৎ সৃষ্টির মূল উপাদান রূপে উল্লেখ করা হয়েছে। এই মায়া বিলক্ষণ এক অনির্বচনীয় অনাদি বস্তু যা সর্বভূতে বিরাজমান।[২] বস্তুতঃ ঐতরেয়োপনিষদের "আত্মা বা ইদং এক এবাগ্র আসীৎ নান্যৎ কিঞ্চনমিষৎ" (১/১) অংশের বা ছান্দোগ্যোপনিষদের "একমেবাদ্বিতীয়ম্" (৬/২/১) অংশের অথবা শ্বেতাশ্বতরোপনিষদের "ন সৎ ন চাসৎ শিব এব কেবলম্" (৪/১৮) অংশের বা ঋগ্বেদের নাসদীয় সূক্তের "নাসদাসীন্নসদাসীত্তদানীম্" (১০/১২৯/১) অংশেরই প্রতিধ্বনি শোনা যায় আলোচ্য দেবী গীতায়।

সৃষ্টির মূলে বিদ্যমান চতুর্বিধ কারণের মধ্যে নিমিত্তকারণ ও উপাদানকারণ সর্বাপেক্ষা বেশী স্বীকৃত। বেদাদিগ্রন্থের ন্যায় দেবীগীতাতেও বিশ্বসৃষ্টির পশ্চাতে চৈতন্যসংযোগরূপ নিমিত্ত কারণ ও প্রপঞ্চপরিণামরূপ উপাদান কারণকে হেতু বলা হয়েছে। নিমিত্তকারণ চৈতন্য এবং মায়া শক্তিই প্রপঞ্চরূপে জগৎ নির্মাণের উপাদান কারণ।[৩] উদ্ধবগীতাতে প্রায় অনুরূপ তত্ত্ব প্রতিফলিত। এখানে বলা হয়েছে ব্রহ্ম বা পরমাত্মা দ্বিধাবিভক্ত হলে একাংশ কার্যকারণরূপা প্রকৃতি ও অপরাংশ দ্রষ্টপুরুষরূপে উৎপন্ন হন।[৪] বস্তুত অদ্বিতীয়, ভেদরহিত অবাঙ্মনস্গোচর সত্যস্বরূপ ব্রহ্মই মায়াপ্রভাবে অজ্ঞানাচ্ছন্ন পরিদৃশ্যমান জগৎ উৎপন্ন করে।[৫] ঈশ্বরগীতায় প্রকৃতিকে জগৎসৃষ্টির কারণরূপে উল্লেখ করা হয়েছে—

"মহদাদ্যং বিশেষান্তং সম্প্রসুতেঽখিলং জগৎ।
যা সা প্রকৃতিরুদ্দিষ্টা মোহিনী সর্বদেহিনাম্।।"[৬]

অর্থাৎ মহত্তত্ত্ব থেকে শুরু করে বিশেষ পর্যন্ত সমস্ত জগতের প্রসবিতা এই প্রকৃতি। অব্যক্তই কাল, প্রধান ও পুরুষের স্রষ্টা এবং একারণেই জগৎকে বলা হয়েছে ব্রহ্মময়।[৭] এই গীতার মতে কালই সকলের নিয়ন্তা, তিনি সর্বজ্ঞ, ভগবান প্রাণ, পুরুষোত্তম। এই কালই যাবতীয় ভূত চরাচরের (বিষয় সমূহের) স্রষ্টা, কালই প্রজাদের সংহারক। সকলেই কালের বশীভূত, কেউই কালকে বশীভূত করতে পারে না।[৮] শাস্ত্রে বলা হয়েছে "জন্যানাং জনকঃ কালো জগতামাশ্রয়ো মতঃ।।" কালই হল জগতের আশ্রয় এবং জন্যের জনক। অতীতাদি ব্যবহারের অসাধারণ কারণ হল এই কাল। জন্যের জনক এই কাল এখানে নিমিত্তকারণ। উদ্ধবগীতায় বলা হয়েছে ব্রহ্মই কালরূপে প্রকাশিত হয়ে লীলা করে থাকেন। প্রকৃতিকে গুণক্ষোভ উৎপাদনের দ্বারা জগতের অভিব্যক্তির কারণ হল কাল।[৯]

দেবীগীতায় জ্ঞানরূপ সুখস্বরূপ, সত্য, পূর্ণ, অসঙ্গ ও দ্বৈতবর্জিত আত্মার বিশ্বসৃষ্টির উদগ্র বাসনা থেকে জগৎপ্রপঞ্চোৎপত্তির কথা বলা হয়েছে। তিনি তাঁর স্বীয় ইচ্ছা, কামনা এবং মায়ার দ্বারা সৃষ্টিকর্মে নিযুক্ত হন। প্রজা সৃষ্টির মূলে আছে অবিবেকজনিত তত্ত্ব অর্থাৎ প্রকৃতি প্রভৃতি চতুর্বিংশতি তত্ত্ব।[১০] উদ্ধবগীতাতেও সেই প্রকৃতিতত্ত্বকেই কারণরূপে উল্লেখ করে বলা হয়েছে যে ভগবান ঈশ্বরের প্রেরণায় প্রকৃতিতে ক্ষোভ সঞ্চারিত হলে সেই ক্ষোভিতা প্রকৃতি থেকে সত্ত্ব, রজঃ ও তমঃ এই ত্রিবিধ গুণ সঞ্জাত হয়[১১] সত্ত্ব, রজঃ ও তমো গুণের সাম্যাবস্থার নাম প্রকৃতি। স্বামীগীতায় এই প্রকৃতিকে উক্ত গুণত্রয়ের সাম্যাবস্থা বলে উল্লেখ করা হয়েছে

"গুণসাম্যং প্রকৃতিঃ"।[১২] উক্ত গুণত্রয় থেকে ক্রিয়াশক্তিমান প্রথম বিকারসূত্র সঞ্জাত হয়। এর থেকে জ্ঞানশক্তিরূপ মহত্তর, তার থেকে অহঙ্কারতত্ত্ব উৎপন্ন হয়।[১৩]

"প্রকরোতি সর্বমিতি প্রকৃতিঃ" এই বিগ্রহে প্রকৃতিকেই সমস্ত কিছু সৃষ্টির মূল কারণ বলা হয়। ত্রিগুণাত্মিকা প্রকৃতিই তুল্যজাতীয় বিবিধ বিকারের সৃষ্টিকর্ত্রী। সমগ্র সৃষ্টি এই প্রকৃতি থেকে প্রসূত। প্রকৃতি আদ্যন্তহীন, নিত্য, সদ্বস্তু এবং সদ্বস্তু হওয়ায় এর না আছে উৎপত্তি, না আছে বিনাশ। এর অপর নাম অব্যক্ত। কারণ, সৃষ্টির পূর্বে জগৎ অব্যক্ত অবস্থায় থাকে আর অব্যক্তের ব্যক্ত অবস্থার নামই সৃষ্টি। শ্রীমদ্ভগবদগীতায় ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন—

"অব্যক্তাদ্ ব্যক্তয়ঃ সর্বাঃ প্রভবন্ত্যহরাগমে।
রাত্র্যাগমে প্রলীয়ন্তে তত্রৈবাব্যক্ত সংজ্ঞকে।।[১৪]

এই প্রকৃতিতে চৈতন্য অন্বিত না হলে প্রকৃতির কোন প্রকার কার্য হয় না। প্রকৃতি জড় আর পুরুষ চৈতন্য। এই প্রকৃতিই পরিণামিনী আর পুরুষ নির্বিকার। প্রকৃতি গুণময়ী পুরুষ নির্গুণ বা গুণাতীত। প্রকৃতি কর্তৃক আবৃত হয়ে চৈতন্য ক্রিয়াশীল হন আর চৈতন্যে অন্বিত হয়ে প্রকৃতিও প্রকাশপ্রাপ্তা হন। এই প্রকৃতিই মায়াচ্ছন্ন এবং ঈশ্বরকে তিনি আপনগর্ভে ধারণ করেন। তাঁর নিজের স্বভাবশক্তি তাঁতে আরোপ করেন। ফলে গর্ভস্থ ঐশিক তেজঃ ত্রিগুণত্মক হয়। এই গুণময় ঈশ্বরাংশই হল মায়াসম্পৃক্ত চৈতন্য বা পুরুষ। আর এই ঈশ্বর বা পরমাত্মার মায়াসম্পৃক্ত হওয়ার কথাই দেবীগীতায় উল্লিখিত হয়েছে—

"এতদ্ধি যন্ময়া প্রোক্তং মম রূপমলৌকিকম্।
অব্যাকৃতং তদব্যক্তং মায়াশবলমিত্যপি।।
প্রোচ্যতে সর্বশাস্ত্রেষু সর্বকারণকারণম্।
তত্ত্বানামাদিভূতঞ্চ সচ্চিদানন্দবিগ্রহম্"।।[১৫]

দেবীগীতায় প্রকৃতির দ্বৈবিধ্যের উল্লেখ আছে যথা—মায়া ও অবিদ্যা। উভয়ই সত্ত্বগুণসঞ্জাতা। মায়া কেবলমাত্র সত্ত্বগুণপ্রধান তাই এটি বিশুদ্ধ সত্ত্বাত্মিকা অর্থাৎ অন্য গুণদ্বয় যথা রজঃ ও তমঃ দ্বারা মলিন হয় না। কিন্তু অবিদ্যা অন্যগুণ দ্বয় অর্থাৎ রজঃ ও তমঃ দ্বারা মলিন হওয়ায় তা মলিনসত্ত্বপ্রধানা "সত্ত্বাত্মিকা তু মায়া স্যাদবিদ্যা গুণমিশ্রিতা"।[১৬] মায়াপ্রতিবিম্বিত চৈতন্যই হলেন ঈশ্বর যিনি পরমজ্ঞানবান্, সর্বজ্ঞ, সর্বকর্তা, সর্বশ্রেষ্ঠ এবং সকলের প্রতি অনুগ্রহে সমর্থ। অবিদ্যা প্রতিবিম্বিত চৈতন্যের নাম জীব যা যাবতীয় দুঃখের কারণ।[১৭] পঞ্চদশীতেও অনুরূপ তত্ত্ব নিহিত আছে—

"সত্ত্বশুদ্ধ্যবিশুদ্ধিভ্যাং মায়াঽবিদ্যে চ তে মতে।
মায়াবিম্বো বশীকৃত্য তাং স্যাৎ সর্বজ্ঞ ঈশ্বরঃ।।"[১৮]

পঞ্চদশী মতেও মায়াতে প্রতিবিম্বিত চিদাত্মা মায়াকে বশীভূত রেখে সর্বজ্ঞত্বাদিগুণ সম্পন্ন ঈশ্বর রূপে অবস্থান করেন আর অবিদ্যাপ্রতিবিম্বিত চৈতন্য যা জীব নামে অভিহিত, বহু প্রকার হয়ে থাকেন। এই অবিদ্যাই হল কারণশরীর। এই জীব যেখানে কারণদেহাভিমানী সেখানে সে প্রাজ্ঞ।[১৯] প্রকৃতির অবস্থাভেদে শরীরের ত্রৈবিধ্য স্বীকৃত। যথা সূক্ষ্ম শরীর, স্থূল শরীর ও কারণ শরীর। দেবীগীতামতে অবিদ্যা প্রতিবিম্বিত চৈতন্য যে জীব তা যখন সূক্ষ্মদেহাভিমানী তখন তার নাম তৈজস্, স্থূল দেহাভিমানী জীব বিশ্ব আর কারণ দেহাভিমানী জীব প্রাজ্ঞ। আর মায়া প্রতি প্রতিবিম্বিত চৈতন্যরূপ যে ঈশ্বর তিনি কারণ দেহাভিমানী হলে ঈশ, সূক্ষ্ম দেহাভিমানী হলে সূত্র ও স্থূল দেহাভিমানী হলে বিরাট্ আখ্যায় ভূষিত। উল্লেখ্য যে দেবী গীতায় উল্লিখিত হ্রীঙ্কার মন্ত্রই সৃষ্টিতত্ত্বের আদিভূততত্ত্ব। এই গীতার চতুর্থ অধ্যায়ে বলা হয়েছে—

"হ কারঃ স্থূলদেহঃ স্যাদ্রকারঃ সূক্ষ্মদেহকঃ।
ঈকারঃ কারণাত্মাসৌ হ্রীঙ্কারোঽহং তুরীয়কম্।"[২০]

এই গীতার চতুর্থ অধ্যায়ে সূক্ষ্মশরীর, স্থূল শরীর ও কারণ শরীরের বৈশিষ্ট্য প্রসঙ্গে বলা হয়েছে যে অপঞ্চীকৃত পঞ্চভূত থেকে উৎপন্ন হয় সূক্ষ্মশরীর "অপঞ্চীকৃতভূতোত্থং সূক্ষ্মদেহোঽয়মাত্মনঃ"।[২১] এবং তা দশ ইন্দ্রিয়, পঞ্চ প্রাণ, মন ও বুদ্ধি এই সপ্তদশাবয়বাত্মক—

"জ্ঞানকর্মেন্দ্রিয়যুতং প্রাণপঞ্চকসংযুতম্।
মনোবুদ্ধিযুতঞ্চৈতৎ সূক্ষ্মং তৎ কবয়ো বিদুঃ।।"[২১]

পঞ্চীকরণসম্ভূত মহাভূত থেকে স্থূল দেহের উৎপত্তি—

"পঞ্চীকৃতমহাভূতসম্ভূতঃ স্থূলদেহকঃ"।[২৩]

আর আত্মার তৃতীয় দেহ যা অনাদি, অনির্বচনীয় ও অজ্ঞান তা কারণদেহ—"অনাদ্যনির্বাচ্যমিদমজ্ঞানন্তু তৃতীয়কঃ।।"[২৪]

মহেশ্বরসম্বন্ধিনী সৃষ্টি দ্বৈতভাবে সংস্থিতা বলেই প্রকৃতি ও পুরুষ যোগে জীব সৃষ্টি স্বীকার করতেই হয়। ভগবতীগীতায় উক্ত হয়েছে যে শ্রীকৃষ্ণের রূপই পুরুষ ও স্ত্রী নামে দ্বিধাবিভক্ত হয়েছে। প্রকৃতপক্ষে তিনি স্ত্রীও নন, পুরুষও নন—

"সৃষ্ট্যর্থমাত্মনো রূপং ময়ৈব স্বেচ্ছয়ার্পিতম্।
ভূতং দ্বিধা নগশ্রেষ্ঠ পুমান্ স্ত্রী চ বিভেদতঃ।।"[২৫]

গুণময়ী প্রকৃতির সত্ত্ব, রজঃ ও তমঃ ভেদে তিন গুণ থেকে সাত্ত্বিক, রাজসিক ও তামসিক অহঙ্কার উৎপন্ন হয়। উদ্ধবগীতায় এই ত্রিবিধ অহঙ্কারকে পঞ্চতন্মাত্রের, দশ—ইন্দ্রিয়ের ও মনের উৎপতির কারণ বলে বর্ণনা করা হয়েছে—

বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেতাহং ত্রিবৃৎ।
তন্মাত্রেন্দ্রিয়মনসাং কারণং চিদচিন্ময়ঃ।।"[২৬]

তামস অহঙ্কার থেকে পঞ্চতন্মাত্র সৃষ্ট হয় যা আকাশাদি পঞ্চ মহাভূতের উৎপত্তির কারণ। রাজসিক অহঙ্কার থেকে উদ্ভূত হয় দশ ইন্দ্রিয় এবং সাত্ত্বিক অহঙ্কার থেকে জাত হয় ইন্দ্রিয়গণের অধিপতি একাদশ দেবতা ও মন নামক একাদশ ইন্দ্রিয়। বস্তুত পঞ্চমহাভূত আবরণস্বভাবা এবং সেকারণে এগুলি তমগুণসঞ্জাত। ইন্দ্রিয় সমূহ বৃত্তিভাব বলেই এগুলি রাজস। একাদশ দেবতা ও মন প্রকাশস্বভাব হওয়ায় সাত্ত্বিক।[২৭]

পঞ্চদশী গ্রন্থেও সত্ত্বরজ-তমঃ গুণের সাম্যবস্থারূপা প্রকৃতিকে সৃষ্টির হেতু বলা হয়েছে। এই গ্রন্থমতে প্রকৃতি চিদানন্দরূপ ব্রহ্মের প্রতিবিম্বযুক্তা এবং দ্বিবিধা।[২৮] মলিনসত্ত্বপ্রধানা প্রকৃতির নাম অবিদ্যা এবং এর প্রভাবেই জীব অল্পজ্ঞ, অল্প শক্তিমান ও বদ্ধ হয়ে থাকে। অবিদ্যা বহুরূপী হওয়ায় এতে প্রতিবিম্বিত চৈতন্য দেব, ইতর প্রভৃতি ভেদে বহুবিধ হয়ে থাকেন। পঞ্চদশীমতে তমোগুণাত্মিকা প্রকৃতি থেকে ঈশ্বরের কামনা বাসনা বশত আকাশাদি পঞ্চমহাভূতের উদ্ভব। এই পঞ্চমহাভূতের পঞ্চ সত্ত্বাংশ থেকে উদ্ভূত হয় পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। এক্ষেত্রে আকাশ নামক মহাভূতের সত্ত্বাংশ থেকে সৃষ্ট হয় শ্রোত্র বা কর্ণ নামক জ্ঞানেন্দ্রিয়, বায়ুর সত্ত্বাংশ থেকে সঞ্জাত হয় ত্বক্, তেজ বা অগ্নির সত্ত্বাংশ চক্ষুর স্রষ্টা, অপ্ এর সত্ত্বাংশ থেকে জাত হয় জিহ্বা এবং ক্ষিতির সত্ত্বাংশ থেকে উদ্ভূত হয় নাসিকা।[২৯] দেবীগীতাতে পঞ্চভূতের সত্তাংশ থেকে শ্রোত্রাদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের উদ্ভব স্বীকার করা হয়েছে—"পঞ্চভূতস্থাসত্ত্বাংশৈঃ শ্রোত্রাদীনাং সমুদ্ভবঃ।।"[৩০] আর পঞ্চমহাভূতের রজঃ অংশ থেকে

যথাক্রমে উদ্ভূত হয় পঞ্চ কর্মেন্দ্রিয় যথা—বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ। উল্লেখ্য যে, উদ্ধবগীতায় এই দশ ইন্দ্রিয়ের উৎসস্থলরূপে পঞ্চমহাভূতের রাজসিক অংশকেই চিহ্নিত করা হয়েছে—

"অর্থস্তন্মাত্রিকাজ্জজ্ঞে তামসাদিন্দ্রিয়াণি চ।
তৈজসাদ্দেবতা আসন্নেকাদশ চ বৈকৃতাৎ।।"[৩১]

তবে মন নামক একাদশ ইন্দ্রিয়ের উদ্ভব যে সত্ত্ব নামক অংশ তা উদ্ধবগীতার ন্যায় পঞ্চদশীতেও স্বীকার করা হয়েছে। পঞ্চদশী মতে পঞ্চমহাভূতের সত্ত্বাংশের সমষ্টি থেকে সৃষ্ট হয় অন্তঃকরণ। মন ও বুদ্ধি এই দ্বিবিধ অন্তঃকরণের মধ্যে সংশয়াত্মিকা বৃত্তিরূপে মনের উল্লেখ করা হয়েছে।[৩২] দেবীগীতা মতে পঞ্চমহাভূতের সত্ত্বাংশ থেকে সঞ্জাত পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের সত্ত্বাংশ মিলিত হয়ে অন্তঃকরণ উৎপন্ন হয় এবং বৃত্তিভেদে এই অন্তঃকরণ চতুর্বিধ যথা—সঙ্কল্পবিকল্পাত্মক মন, নিশ্চয়াত্মিকা বুদ্ধি, অনুসন্ধানতৎপর চিত্ত এবং অহঙ্কারাত্মক বৃত্তি অর্থাৎ অহঙ্কার। এই পঞ্চমহাভূতের রজোগুণসমষ্টি দ্বারা উৎপন্ন হয় প্রাণ যা প্রাণনাদি ক্রিয়ারূপবৃত্তিভেদে পঞ্চবিধ যথা—প্রাণ, অপান, ব্যান, সমান ও উদান। পঞ্চ প্রাণ, পঞ্চ কর্মেন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, সঙ্কল্পবিকল্পাত্মক মন ও নিশ্চয়াত্মিকা বুদ্ধি এই সপ্তদশ অবয়ব দ্বারা সৃষ্ট হয় সূক্ষ্মশরীর বা লিঙ্গশরীর।[৩৩]

দেবীগীতাতেও পঞ্চ কর্মেন্দ্রিয়ের রজঃ অংশ থেকে পঞ্চবায়ুর উদ্ভবের কথা বলা হয়েছে।[৩৪] প্রাণ, অপান, ব্যান, সমান ও উদান সংজ্ঞক প্রাণপঞ্চকের অবস্থান প্রসঙ্গে উক্ত গীতায় বলা হয়েছে যে, দেহস্থ হৃদয়ে প্রাণ, গুহ্যে অপান, নাভিতে সমান, কণ্ঠে উদান ও সর্বশরীরে ব্যান অবস্থিত।[৩৫]

তমঃগুণ সঞ্জাত পঞ্চতন্মাত্র থেকে প্রথমে সৃষ্টির কারণরূপী আকাশ উদ্ভূত হয়। আকাশ থেকে বায়ু সঞ্জাত হয় যা মহাপ্রাণশক্তি স্বরূপ। আকাশ ও বায়ুর মিলনে উৎপন্ন হয় মহাজ্যোতিস্বরূপ অগ্নি। অপ্ বা জল উদ্ভূত হয়ে আকাশ, বায়ু ও অগ্নির মিলনে। এই অপ্ই ব্রহ্মাণ্ড সৃষ্টি বীজের আধার। পঞ্চম মহাভূত ক্ষিতি সৃষ্ট হয়েছে আকাশ, বায়ু, অগ্নি ও বারির মিলনে যা স্থূল মহাব্রহ্মাণ্ডের বীজস্বরূপ। দেবীগীতায় এই আকাশাদি পঞ্চমহাভূতের উৎপত্তির কারণরূপে হ্রীঙ্কারতত্ত্বকে স্বীকার করা হয়েছে। এই প্রসঙ্গে বলা হয়েছে যে হ্রীঙ্কারতত্ত্ব (পরব্রহ্ম) থেকে সঞ্জাত আকাশ শব্দতন্মাত্রগুণ যুক্ত। এই আকাশ থেকে স্পর্শাত্মক বায়ু, বায়ু থেকে রূপাত্মক তেজ, তেজ থেকে রসাত্মক জল এবং জল থেকে গন্ধাত্মিকা পৃথিবী সঞ্জাতা।[৩২] বস্তুত পঞ্চতন্মাত্র থেকে প্রথম সৃষ্ট আকাশ একগুণাত্মক। এর গুণ শব্দ। আকাশ থেকে জাত বলে বায়ুর গুণ শব্দ ও স্পর্শ। বায়ু থেকে উৎপন্ন তেজের গুণত্রয় হল শব্দ, স্পর্শ ও রূপ। তেজ থেকে উদ্ভূত অপ হল শব্দ স্পর্শ-রূপ-রস এই গুণ চতুষ্ঠয়াত্মক। আর পৃথিবী পঞ্চগুণসমন্বিতা। এই গুণপঞ্চক হল শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ। এই পঞ্চমহাভূত থেকেই সমস্ত কিছুর উৎপত্তি।

অহঙ্কারতত্ত্বানুযায়ী উদ্ভূত ব্রহ্মাণ্ডে জলমধ্যে পরমাত্মা নারায়ণের অবস্থান করতঃ তাঁর নাভিকুণ্ড থেকে বিশ্বসৃষ্টির আদিকারণতুল্য নাভিপদ্মে ব্রহ্মারূপে সঞ্জাত হন। এরপর তিনি দেবগণের বাসস্থানরূপে স্বর্গলোকে, ভূতগণের বাসযোগ্য ভূবর্লোক বা অন্তরীক্ষ এবং মর্ত্যস্থ অর্থাৎ মনুষ্যগণের জন্য ভূর্লোক বা পৃথিবী, সিদ্ধ গণের বসবাসের জন্য মহর্লোকাদি সৃষ্টি করেন।[৩৭] জগতে বৃহৎ, ক্ষুদ্র, কৃশ, স্থূল, সূক্ষ্ম প্রভৃতি ধর্মযুক্ত যে সব পদার্থ বিদ্যমান সে সবই প্রকৃতি ও পুরুষ দ্বারা ব্যাপ্ত অর্থাৎ এই সৃষ্টির পশ্চাতে কারণ বিদ্যমান। এই কারণ হলেন প্রকৃতি। এ কারণে প্রকৃতি, পুরুষ ও কাল—এই ত্রিবিধ তত্ত্ব কারণরূপে উদ্ধবগীতায় উল্লিখিত হয়েছে। বস্তুত কার্য্যরূপাত্মক জগতের উপাদান কারণ প্রকৃতি স্বয়ং এবং এ প্রকৃতিতে অধিষ্ঠাতা হলেন পুরুষ আর

প্রকৃতিতে গুণক্ষোভ উৎপাদনের দ্বারা জগতের অভিব্যক্তির কারণ হল কাল। ব্রহ্ম যেহেতু স্বয়ং এই তিন রূপে অভিব্যক্ত হন সেই কারণে এই তিন তত্ত্বই ব্রহ্মস্বরূপ।[৩৮]

শব্দগুণান্বিত আকাশ, শব্দস্পর্শগুণযুক্ত বায়ু, শব্দস্পর্শরূপ এই ত্রিগুণাত্মক তেজ, শব্দস্পর্শরূপরসাত্মক জল এবং শব্দস্পর্শরূপরসগন্ধাত্মিকা পৃথিবী—এই পঞ্চবিধ সূক্ষ্মমহাভূত থেকে বিশ্ব তথা জগৎ প্রপঞ্চের উৎপত্তি বলে একে লিঙ্গ দেহ বা কারণ শরীর বলা হয়। এ কারণে দেবী গীতাতে বলা হয়েছে—"তেভ্যোঽভবন্মহৎ সূত্রং যল্লিঙ্গং পরিচক্ষতে।" এই লিঙ্গ দেহ আত্মার সূক্ষ্মদেহ এবং তা সর্বাত্মক। যে অব্যক্ত পরমাত্মার কারণ দেহ সেই কারণদেহের মধ্যে নিহিত থাকে জগৎ উৎপত্তির বীজ এবং সেই কারণ দেহ থেকেই এই লিঙ্গদেহের উৎপত্তি।[৩৯]

কপিলগীতায় মহৎ, অহঙ্কার, পঞ্চতন্মাত্র, পঞ্চমহাভূত প্রভৃতির উৎপত্তি এবং সৃষ্টিপ্রক্রিয়ার এদের গুরুত্ব স্বীকৃত। আকাশতত্ত্ব, বায়ুতত্ত্ব, তেজতত্ত্ব, জলতত্ত্ব ও পৃথিবীতত্ত্ব—এই পঞ্চবিধ তত্ত্বের মধ্যে পৃথিবীতত্ত্বই সর্বাপেক্ষা উল্লেখযোগ্য কারণ পূর্বোক্ত চার তত্ত্বের অর্থাৎ আকাশ, বায়ু, তেজ ও জলের বিশেষ গুণ ও শক্তি পৃথিবীতত্ত্বে বা ভূমিতত্ত্বেই বিদ্যমান।[৪০]

আকাশাদি পঞ্চতত্ত্ব, মহৎ ও অহঙ্কার—এই সপ্ততত্ত্ব অমিলিত বা অসংহত অবস্থায় কর্ম্মহীন ছিল পরে কালের প্রভাবে সৃষ্টিকার্য হেতু ত্রিগুণাত্মিকা প্রকৃতির সহায়তায় বিশ্বনিয়ন্তা ভগবান্ পরমপুরুষ পরমেশ্বর উক্ত সপ্ততত্ত্বে প্রবেশ করেন।[৪১] তাঁর প্রবেশের ফলেই মহৎ প্রভৃতি সপ্ততত্ত্ব ক্ষোভিত হয় এবং পরস্পরের সঙ্গে মিলিত হলে একটি অচেতন অণ্ড উৎপন্ন হয়। উক্ত অণ্ড থেকেই বিশ্বব্যাপী বিরাট পুরুষের আবির্ভাব।[৪২]

দেবীগীতায় মহদাদি থেকে পঞ্চমহাভূতের উৎপত্তি প্রসঙ্গে পঞ্চীকরণ প্রক্রিয়া স্বীকৃত। পঞ্চমহাভূতই যে বিরাট পুরুষের আবির্ভাবের কারণ সে প্রসঙ্গে দেবীগীতায় বলা হয়েছে যে পঞ্চীকরণের ফলে সৃষ্ট পঞ্চ মহাভূতের কার্যই হল বিরাট দেহ। একেই বলা হয় পরমেশ্বরের স্থূল শরীর। বস্তুত সাংখ্যদর্শনের পঞ্চীকরণ তত্ত্বই দেবী গীতায় প্রতিফলিত। এই প্রক্রিয়ায় পাঁচ পাঁচ ভাগ সূক্ষ্ম মহাভূত থেকে পাঁচ পাঁচ স্থূল মহাভূতের সৃষ্টি হয়। সুতরাং স্থূল পঞ্চমহাভূত সূক্ষ্মভূতেরই অংশজাতা ও সূক্ষ্মভূতেই ওতপ্রোতভাবে যুক্ত। উল্লেখ্য যে, প্রশ্ন, পৈঙ্গল প্রভৃতি উপনিষদে সূক্ষ্মমহাভূত ও স্থূল মহাভূতের মধ্যে সূক্ষ্মপার্থক্য স্বীকৃত। এই পার্থক্য ভিন্ন ভিন্ন উপনিষদে ভিন্ন ভিন্ন ভাবে ব্যক্ত হয়েছে প্রশ্নোপনিষদে সূক্ষ্ম মহাভূত ও স্থূলমহাভূত-এর মধ্যে যে সূক্ষ্ম পার্থক্য বিদ্যমান তা তুলে ধরা হয়েছে। এই উপনিষদ্ মতে পৃথিবীর মধ্যে আছে পৃথিবীর উপাদান, জলের মধ্যে জলের উপাদান, তেজের মধ্যে তেজের উপাদান, বায়ুর মধ্যে বায়ুর উপাদান, আকাশের মধ্যে আকাশের উপাদান বিদ্যমান। অনুরূপে চক্ষু ও দ্রষ্টব্য বিষয়, কর্ণ ও শ্রোতব্য বিষয়, আঘ্রাণ ও আঘ্রাণের যোগ্য বিষয়, রস ও রসবস্তু, জননেন্দ্রিয় ও তার আনন্দ, মন্তব্য বিষয় ও মন, বুদ্ধিগ্রাহ্য বিষয় ও বুদ্ধি, অহঙ্কার ও অহঙ্কর্তা, চিন্তা ও চিত্ত, তেজোদ্দীপ্ত বিষয় ও তেজ, প্রাণশক্তি ও প্রাণ—এইভাবে এদের প্রত্যেকের দুটি করে রূপ বিদ্যমান। এই রূপদ্বয় সৃষ্টির মূলে রয়েছে পঞ্চতন্মাত্র যথা—শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ। এক্ষেত্রে চক্ষু, কর্ণ, রস, মন, বুদ্ধি প্রভৃতি সূক্ষ্মভূত এবং দ্রষ্টব্যবিষয় প্রভৃতি স্থূল ভূত। পৈঙ্গল উপনিষদেও সূক্ষ্মমহাভূত ও স্থূল মহাভূতের মধ্যে পার্থক্য স্পষ্ট। এই উপনিষদ্ মতে প্রধান পুরুষ বা পরমাত্মা থেকে জাত হয় সূক্ষ্ম আকাশ, তা থেকে সূক্ষ্ম বায়ু, তা থেকে সূক্ষ্ম তেজ, তা থেকে সূক্ষ্ম অপ্ ও তা থেকে সূক্ষ্ম পৃথিবী সৃষ্ট হয়। পরমেশ্বর তমোগুণপ্রধান মায়াকে আশ্রয় করে এই পঞ্চ সূক্ষ্মভূতকে স্থূল ভূতে পরিণত করার কামনা করেন এবং স্থূল ভূতে পরিণত করেন। যে পদ্ধতিতে স্থূল ভূত পঞ্চকের উৎপত্তি তা পঞ্চীকরণ নামে অভিহিত। এই পঞ্চীকরণ প্রক্রিয়া

অনুসারে পরমেশ্বর সৃষ্টির নিমিত্ত আকাশাদি প্রত্যেক ভূতকে সমান দুভাগে বিভক্ত করেন, দ্বিখণ্ডিত ভূত সমূহের অর্ধাংশকে পুনরায় চারভাগে ভাগ করেন। প্রত্যেক মূল ভূতের অর্ধাংশ এবং অপর ভূত চতুষ্টয়ের প্রত্যেকটির এক অষ্টমাংশ সংযুক্ত করে প্রত্যেক ভূতই পঞ্চভূতাত্মক হয়। মূল ভূতের অর্ধাংশ থাকায় উৎপন্ন ভূত সমূহের নামকরণ হয়েছে মূল ভূতের নামানুসারে। অর্থাৎ আকাশ নামে সূক্ষ্ম মহাভূতের অর্ধাংশ এবং বাকী মরুৎ, তেজ, অপ্ ও ক্ষিতি-এর প্রত্যেকটির এক অষ্টমাংশ নিয়ে যে মহাভূত সৃষ্ট হয় তার নাম আকাশ নামে স্থূল মহাভূত।[৪৩]

দেবীগীতাতেও অনুরূপ পঞ্চীকরণ পদ্ধতি বর্ণিত হয়েছে। এখানে বলা হয়েছে—

"ততঃ স্থূলানি ভূতানি পঞ্চীকরণমার্গতঃ।
পঞ্চসংখ্যানি জায়ন্তে তৎ প্রকারস্তথোচ্যতে।।"[৪৪]

এই গীতায় পঞ্চীকরণ পদ্ধতি সম্পর্কে ঔপনিষদিক তত্ত্ব স্বীকৃত হয়েছে। দেবী গীতায় বলা হয়েছে—

"পূর্বোক্তানি চ ভূতানি প্রত্যেকং বিভজেদ্ দ্বিধা।
একৈকং ভাগমেকস্য চতুর্ধা বিভজেদ্ গিরে।।
স্বস্বেতরদ্বিতীয়াংশে যোজনাৎ পঞ্চ পঞ্চ তে।
তৎকার্যঞ্চ বিরাড়্দেহঃ স্থূলদেহোঽয়মাত্মনঃ।।[৪৫]

অর্থাৎ পঞ্চীকরণ হল সেই প্রক্রিয়া যেখানে পঞ্চভূতেরই সমন্বয় ঘটে। বস্তুত সূক্ষ্মমহাভূতসকলই পঞ্চীকরণের ফলে স্থূল মহাভূতে পরিণত হয়। পঞ্চীকরণ পদ্ধতি প্রসঙ্গে বলা হয়েছে যে আকাশরূপ সূক্ষ্মভূতই আকাশরূপ স্থূলভূতে বিপরিণত হবে। তেমনি বায়ুরূপ, তেজোরূপ, অপ্‌রূপ ও ক্ষিতিরূপ সূক্ষ্মভূতসকলই স্থূলভূতে পরিণতি লাভ করে। উল্লেখ্য যে আকাশ রূপ সূক্ষ্ম ভূত থেকে আকাশরূপ স্থূলভূতই সৃষ্ট হয়। বস্তুত আকাশরূপ সূক্ষ্মভূতের অর্ধাংশের সঙ্গে অপর ভূতচতুষ্টয় অর্থাৎ বায়ু, তেজ, অপ্ ও ক্ষিতি-এর প্রত্যেকটির ১/৮ অংশ যুক্ত হয়ে স্থূল আকাশ উৎপন্ন করে। অনুরূপে বায়ু নামক সূক্ষ্ম ভূতের অর্ধাংশের সঙ্গে বাকী ভূতচতুষ্টয় অর্থাৎ ব্যোম, তেজ, অপ্ ও ক্ষিতি এর প্রত্যেকটির ১/৮ অংশ নিয়ে সৃষ্টি হয় বায়ু নামক স্থূলমহাভূত। এভাবে পঞ্চ স্থূল মহাভূতের প্রত্যেকটিতেই উক্ত সূক্ষ্ম পঞ্চভূত পঞ্চীকরণের মাধ্যমে সন্নিবিষ্ট হয়ে থাকে। পঞ্চদশী গ্রন্থেও পঞ্চীকরণের অনুরূপ তত্ত্ব প্রতিফলিত। পঞ্চদশীমতে পরমেশ্বর জীবসকলের ভোগের নিমিত্ত অন্নপানাদি ভোগ্য বস্তুসমূহ ও ভোগায়তন চতুর্বিধ দেহ যথা জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ উৎপন্ন করার জন্য আকাশাদি মহাভূতপঞ্চকের প্রত্যেকটিকে পঞ্চীকৃত করেন।[৪৬] এই গ্রন্থে পঞ্চীকরণ পদ্ধতি প্রসঙ্গে বলা হয়েছে—

দ্বিধা বিধায় চৈকৈকং চতুর্ধা প্রথমং পুনঃ।
স্বস্বেতরদ্বিতীয়াংশৈর্যোজনাৎ পঞ্চ পঞ্চ তে।।[৪৭]

এরূপে পঞ্চীকৃত ভূতপঞ্চকের মিলন সংঘটিত করে অখিল ব্রহ্মাণ্ড সৃষ্ট। বস্তুত এই ব্রহ্মাণ্ড, বিশ্বপ্রপঞ্চ, অখিল জগৎ ব্রহ্মেরই বিরাট মূর্ত্তি। এই অনন্ত চেতনাচেতন জীবপূর্ণ জগৎ ব্রহ্মাণ্ডের শক্তিময় সত্তারই বিকাশমাত্র। কীটানুকীট জীব থেকে শুরু করে চেতনাচেতন সমস্ত কিছুর মধ্যেই ব্রহ্ম বিদ্যমান। তিনি অনাদি, অজর অমর। বৈদিক সাহিত্যে প্রতিপন্ন সৃষ্টিতত্ত্বই মূলত প্রায় সর্বশাস্ত্রেই স্বীকৃত যেখানে বলা হয়েছে যে মায়োপহিত চৈতন্য থেকেই আকাশাদি পঞ্চমহাভূতের উৎপত্তি এবং এই পঞ্চমহাভূত থেকেই ব্রহ্মাণ্ডের ও স্থূলদেহের উৎপত্তি হয়ে থাকে। জ্ঞানস্বরূপ নিত্য পরমাত্মা থেকে আকাশাদি পঞ্চ মহাভূত এবং শব্দ-স্পর্শ-রূপ-

রস-গন্ধাত্মিকা পৃথিবী থেকে ঔষধির উৎপত্তি স্বীকার করা হয়েছে। এই ঔষধি থেকে অন্ন আর অন্ন থেকে রেতঃ উৎপন্ন। এই রেতঃই জীব শরীরোৎপত্তির কারণ। এই জীবপ্রপঞ্চ প্রকৃতপক্ষে শুক্র ও শৌণিত যোগে উৎপন্ন পঞ্চভূতাত্মক স্থূল দেহ। তাই পঞ্চদশী গ্রন্থে উল্লিখিত তত্ত্বই স্বীকার করতে হয়—"পঞ্চীকৃতমহাভূতকার্যং জন্মাদিষড়্ভাববিকারং স্থূলশরীরম্।"

তথ্যসূত্র

১। অহমেবাস পূর্বন্তু নানাৎ কিঞ্চিন্নগাধিপঃ।
তদাত্মরূপং চিৎসংবিৎ পরব্রহ্মৈব নামকম্।। দেবীগীতা, ২/২
২। তস্য কাচিৎ স্বতঃসিদ্ধা শক্তির্মায়েতি বিশ্রুতা।
ন সতী সা নাসতী সা নোভয়াত্মা বিরোধতঃ।
এতৎ বিলক্ষণা কাচিৎ বস্তুভূতাস্তি সর্বদা।। দেবীগীতা, ২/৩-৪
৩। চৈতন্যস্য সমাযোগান্নিমিত্তত্বঞ্চ কথ্যতে।
প্রপঞ্চ পরিণামাচ্চ সমবায়িত্বমুচ্যতে।। দেবীগীতা, ২/৮
৪। তয়োরেকতরো হ্যর্থঃ প্রকৃতিঃ সোভয়াত্মিকা।
জ্ঞানং ত্বন্যতমো ভাবঃ পুরুষঃ সোহভিধীয়তে।। উদ্ধবগীতা, ২৪/৪
৫। তন্মায়াফলরূপেণ কেবলং নির্বিকল্পিতম্।
বাঙ্মনোহগোচরং সত্যং দ্বিধা সমভবদ্ বৃহৎ।। ঐ, ২৪/৩।
৬। ঈশ্বরগীতা, ৩/১০
৭। অব্যক্তাদভবৎ কালঃ প্রধানং পুরুষঃ পরঃ।
তেভ্যঃ সর্বমিদং জাতং তাস্মাদ্ ব্রহ্মময় জগৎ।। ঈশ্বর গীতা, ৩/১
৮। কালঃ সৃজতি ভূতানি কালঃ সংহরতে প্রজাঃ।
সর্বে কালস্য বশগা ন কালঃ কস্যচিদ্ বশে।। ঈশ্বরগীতা, ৩/১৬
৯। প্রকৃতির্হ্যস্যোপাদানমাধারঃ পুরুষঃ পর।
সতোহভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তৎত্রিতয়ং পর।
সতোহভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তৎত্রিতয়ং ত্বহম্।। উদ্ধবগীতা, ২৪/১৯
১০। স পুনঃ কামকর্মাদিযুক্তয়া স্বীয়মায়য়া।
পূর্বানুভূতসংস্কারাৎ কালকর্মবিপাকতঃ।।
অবিবেকাচ্চ তত্ত্বস্য সিসৃক্ষাবান্ প্রজায়তে।
অবৃদ্ধিপূর্বঃ সর্গোহয়ং কথিতস্তে নগাধিপঃ।। দেবীগীতা, ২/২২-২৩
১১। তমো রজঃ সত্ত্বমিতি প্রকৃতেরভবন্ গুণাঃ।
ময়া প্রক্ষোভ্যমানায়া পুরুষানুমতেন চ।। উদ্ধবগীতা, ২৪/৫
১২। স্বামী গীতা, ১৪/৫
১৩। তেভ্যঃ সমভবৎ সূত্রং মহান্ সূত্রেণ সংযুত।
ততো বিকুর্বতো জাতোহহঙ্কারো যো বিমোচনঃ।। উদ্ধবগীতা, ২৪/৬
১৪। গীতা, ৮/১৮
১৫। দেবী গীতা, ২/২৪- ২৫
১৬। দেবী গীতা, ২/৪৩

১৭। সর্বজ্ঞঃ সর্বকর্তা চ সর্বানুগ্রহকারঃ অবিদ্যায়াস্তু যৎ কিঞ্চিৎ প্রতিবিম্বং নগাধিপঃ। তদেব জীবসংজ্ঞং স্যাৎ সর্বদুঃখাশ্রয়ং পুনঃ। দেবী গীতা, ২/৪৫-৪৬।

১৮। পঞ্চদশী, ১/১৬

১৯। "অবিদ্যাবশগস্ত্বন্যস্তদ্বৈচিত্র্যাদনেকধা।
সা কারণশরীরং স্যাৎ প্রাজ্ঞস্তত্রাভিমানবান্।।" পঞ্চদেশী, ১/১৭

২০। দেবী গীতা, ৪/৪২।

২১। দেবী গীতা, ৪/২৮।

২২। দেবী গীতা, ৪/২৭।

২৩। দেবী গীতা, ৪/২৫।

২৪। দেবী গীতা, ৪/২৯।

২৫। ভগবতী গীতা, ৪/১২

২৬। উদ্ধবগীতা, ২৪/৭

২৭। অর্থস্তন্মাত্রিকাজ্জজ্ঞে তামসাদিন্দ্রিয়াণি চ।
তৈজসাদ্দেবতা আসন্নেকাদশ চ বৈকৃতাৎ।। উদ্ধবগীতা, ২৪/৮

২৮। চিদানন্দময়ব্রহ্ম প্রতিবিম্বসমন্বিতা।
তমোরজঃসত্ত্বগুণাপ্রকৃতির্দ্বিবিধা চ সা।। পঞ্চদশী, ১/১৫

২৯। সত্ত্বাংশৈঃ পঞ্চভিস্তেষাং ক্রমাদ্ধীন্দ্রিয়পঞ্চকম্।
শ্রোত্রত্বগক্ষিরসনঘ্রাণাখ্যমুপজায়তে।। পঞ্চদশী, ১/১৯

৩০। দেবীগীতা, ২/৩৫

৩১। উদ্ধবগীতা, ২৮/৮

৩২। তৈরন্তঃকরণং সর্বৈর্বৃত্তিভেদেন তদ্দ্বিধা।
মনো বিমর্শরূপং স্যাদ্বুদ্ধিঃ স্যান্নিশ্চয়াত্মিকা।। পঞ্চদশী ১/২০।

৩৩। তৈঃ সর্বৈঃ সহিতৈঃ প্রাণো বৃত্তিভেদাৎ স পঞ্চধা।
প্রাণোহপানঃ সমানশ্চোদানব্যানো চ তে পুনঃ।।
বুদ্ধিকর্মেন্দ্রিয়প্রাণপঞ্চকৈর্মনসা ধিয়া।
শরীরং সপ্তদশভিঃ সূক্ষ্মং তল্লিঙ্গমুচ্যতে। পঞ্চদশী, ১/২২-২৩।

৩৪। তেষাং রজোঽংশৈর্জাতানি ক্রমাৎ কর্মেন্দ্রিয়াণি চ।
প্রত্যেকং মিলিতৈস্তৈস্তু প্রাণো ভবতি পঞ্চধা।। দেবীগীতা, ২/৩৯

৩৫। হৃদি প্রাণো গুহ্যেহপানো নাভিস্থস্তু সমানকঃ।
কণ্ঠদেশেঽস্যুদানঃ স্যাদ্ব্যানঃ সর্বশরীরগঃ।। দেবীগীতা, ২/৪০।

৩৬। তস্মাদাকাশ উৎপন্নঃ শব্দতন্মাত্ররূপকঃ।
ভবেৎ স্পর্শাত্মকো বায়ুস্তেজোরূপাত্মকং পুনঃ।।
জলং রসাত্মকং পশ্চাত্ততো গন্ধাত্মিকা ধরা।
শব্দৈকগুণ আকাশো বায়ুঃ স্পর্শরসান্বিতঃ।।
শব্দস্পর্শরূপগুণং তেজ ইত্যুচ্যতে বুধৈঃ।
শব্দস্পর্শরূপরসৈরাপো বেদগুণাঃ স্মৃতাঃ।।
শব্দস্পর্শরূপরসগন্ধৈঃ পঞ্চগুণাঃ ধরা।
তেভ্যোহভবন্ মহৎসূত্রং যল্লিঙ্গং পরিচক্ষতে।। (দেবী গীতা, ২/২৭-৩০)

৩৭। সোঽসৃজৎ তপসা যুক্তো রজসা মদনুগ্রহাৎ।
লোকান্ সপালান্ বিশ্বাত্মা ভূর্ভুবস্বরিতি ত্রিধা।।
দেবানামোক আসীৎ স্বর্ভূতানাং চ ভুবঃ পদম্।
মর্ত্ত্যাদীনাং চ ভূর্লোক সিদ্ধানাং ত্রিতয়াৎ পরম।। (উদ্ধবগীতা, ২৪/১১-১২)

৩৮। প্রকৃতির্হ্যস্যোপাদানমাধারঃ পুরুষঃ পরঃ।
সত্যেহভিভ্যঞ্জকঃ কালো ব্রহ্ম তৎত্রিতয়ং ত্বহম্।। উদ্ধবগীতা, ২৪/১৯

৩৯। সর্বাত্মকং তৎসম্প্রোক্তং সূক্ষ্মদেহোহয়মাত্মনঃ।
অব্যক্তং কারণো দেহঃ স চোক্তং পূর্বমেব হি।। দেবী গীতা, ২/৩১

৪০। পরস্য দৃশ্যতে ধর্ম্মো হ্যপরস্মিন্ সমন্বয়াৎ।
অতো বিশেষো ভাবানাং ভূমাবেবোপলভ্যতে।। কপিল গীতা, ২/৪৯।

৪১। এতান্যসংহতা যদা মহদাদীনি সপ্ত বৈ।
কালকর্ম্মগুণোপেতো জগদাদিরূপাবিশৎ।। কপিলগীতা, ২/৫০

৪২। কপিলগীতা, ২/৫২

৪৩। পঞ্চসূক্ষ্মভূতানি তন্মাত্রাণি বা স্ব রজ তমঃ ইতি প্রত্যেকং ত্রিগুণান্বিতম্। পরমেশ্বরঃ সৃষ্টেঃ পরিমিতং সূক্ষ্ম-পঞ্চভূতানি দ্বিধা বিভজ্য দ্বিধাভক্তম্ একাংশং নীত্বা অপরাণাং চতুর্ভূতানাং প্রত্যেকং অষ্টমাংশং সংযোজ্য পঞ্চীকৃতং ভূতমসৃজৎ।। পৈঙ্গল উপনিষদ্, ১/৬-৭

৪৪। দেবীগীতা, ২/৩২

৪৫। দেবীগীতা, ২/৩৩-৩৪।

৪৬। তদ্ভোগায় পুনর্ভোগ্যভোগয়তনজন্মনে।

वाचस्पतेरवच्छेदवादविमर्शः

ड. लोकनाथ-चक्रवर्ती

"ब्रह्म सत्यं जगन्मिथ्या जीवो ब्रह्मैव नापरः" इत्येव अद्वैतवेदान्तदर्शनस्य सिद्धान्तः। यद्यप्यत्र न केषामपि विमतिः तथापि तत्र व्यवहारे जीवेश्वरयोर्भेदस्योपलभ्यामानत्वेन कस्तावत् जीवाकारः, कथं वा तस्य अद्वितीयस्यापि भेद इति व्यवहारप्रतीयमानस्य भेदस्य निरूपणार्थं तस्य मिथ्यात्वमनुज्ञापनाय च बहवः आचार्याः प्रवृत्ताः। तेषु आचार्यपादेषु वार्त्तिककारनाम्ना प्रसिद्धाः सुरेश्वराचार्याः, विवरणकाराः, आचार्यवाचस्पतिमिश्राः, संक्षेपशारीरककाराश्च प्राथम्येन संकेतमर्हन्ति।

वेदान्तराध्यान्तवित्सु परमप्रवीणा एते महाभागाः शाङ्कर-वाणीमेव विशदं निपुणञ्च व्याचक्षन्ते। ब्रह्माद्वैते परस्परं भेदमनाकलयन्तोऽपि ते जीवस्वरूपविचारे अन्यत्रापि शब्दापारोक्ष्यादिरूपब्रह्माद्वैतसाधनीभूतेषु परस्परं भिन्नं भिन्नं मतं स्वीकुर्वते।

तत्र विवरणमतसम्मतप्रतिबिम्बवादस्यैव युक्तत्वं वाचस्पतिमतसम्मत-अवच्छेदवादस्यैव वा, न एतावता तत्रैकत्रापि वेदान्तिनामास्थया भवितव्यम्, अन्यथा हि मायावादितोपहास एव पर्यवस्येत्। अतः प्रतिबिम्बवादादिस्वरूपनिर्णयपूर्वकं किं स्वरूपमवच्छेदवादस्य? कथं वा तत्रोपपत्तिः? कथञ्च अन्तःकरणावच्छिन्नं चैतन्यं जीव इति वाचस्पतिमतमिति चिरकालसमासादितमतस्य शास्त्रानारूढत्वमित्यादिप्रतिपादनमेव क्रियते।

तत्र जीवस्वरूपविषये वार्तिककारैरेवमाचक्ष्यन्ते-अनाद्यविद्याजन्य-अध्यासवशात् निरञ्जनोऽपि आत्मा अहंकारोपहितः अहंकारतादात्म्यविशिष्टतया प्रतीयमानः अहंकारगतस्वाभासाविवेकेन जीवपदवाच्य इति। अहंकारस्य नानात्वेनैव जीवानामपि नानात्वमेव। परन्तु सुषुप्तौ अहंकारस्यासत्त्वाद् न तदानीं जीवाभावः शङ्क्यः, संस्काररूपेण सुषुप्तावपि तत्सत्त्वात्। तदुक्तं न्यायरत्नावल्याम्-सुषुप्तावपि संस्काररूपेणाहङ्कारसत्त्वाज्जीवसत्त्वमिति।[1] मतेऽस्मिन् अहङ्कारे चिदात्मनो यः प्रतिबिम्बः न च तस्य सत्यत्वम्, बिम्बातिरिक्तत्वात्, बिम्बतादात्म्या पन्नत्वाच्च चेतनत्वोपपत्तिरप्यस्य।

माया तु तेषां मते एकैव, न सा प्रतिजीवं भिन्ना इति। श्रवणमननिदिध्यासनादिभिर्यद्यपि अहंकारावच्छेदेन तत्त्वतानोदयो भवति परन्तु तदहंकारावच्छेदेन मायाया समूलोच्छेदो भवितुं नार्हति। तत्र मायायाः नाशः महापटस्यांशनाशवदिति तेषामाशयः।

तथा च मायायां मिथ्याभूतं प्रतिबिम्बमेवात्र मते जीवः। अयं हि वादः आभासवादो नाम्ना ख्यातः।

विवरणकाराणां मते तु आभासवादो न सङ्गच्छते। बिम्बस्यैव प्रतिबिम्बव्यवहारतत्क्लृप्त-कार्यसम्भवान्नातिरिक्ताभासकल्पनं गौरवमुक्तमिति कृत्वा नाभासवादः युक्तः, स्थूलसूक्ष्मान्यतरावस्थबुद्धिविशिष्टाज्ञानान्तर्गतत्वारोपितधर्मविशिष्टं चैतन्यं प्रतिबिम्बतया प्रतीयमान जीवः। तस्य च प्रतिबिम्बस्य प्रतिबिम्बत्वरूपेण मिथ्यात्वेऽपि स्वरूपतोऽर्थात् बिम्बत्वेन सत्यत्वमेव, तस्य बिम्बानतिरेकात्। व्यतिरिक्तत्वभानं तु मायाजन्यमेव। अयं हि वादः प्रतिबिम्बवाद इत्याचक्ष्यते। तदुक्तं न्यायरत्नावलीकृता--स्वरूपतः सत्यं प्रतिबिम्बत्वरूपेण मिथ्याभूतं बिम्बमेव प्रतिबिम्बमिति विवरणोक्तस्य प्रतिबिम्बवादत्वमुक्तम्।[२]

संक्षेपशारीरककाराः सर्वज्ञात्ममुनयस्तु 'कार्योपाधिरयं जीवः कारणोपाधिरीश्वर' इति श्रुतिं समाश्रित्य बुद्धिप्रतिबिम्बितं चैतन्यं जीव इति व्याचक्षन्ते। एतद्वृते सर्वं तदाभासवाद इवात्रमतेऽपि बोध्यम्।

भामतीकाराः वाचस्पतिमिश्रास्तु जीवेश्वरयवस्थां चिकीर्षवः अवच्छेदवादं स्वीचक्रुः। एतन्मते उपाधिसहितोऽपि चेतनः न कथमपि काल्पनिको भवितुमर्हति। पुनरपि जीवस्य स्वरूपः न ईश्वरस्य इव सत्यं भवितुं शक्नोति। एवं च प्रयासशीलेन जीवेन एव मुक्ति लभमानेन भाव्यमिति, ईशरस्तु न कथमपि मुक्तः स्यात्। तथा च द्वैतापत्तिरेव भवति। अतएव आभासवादमपाकृत्य अवच्छेदवादं ते प्रतिपादयन्ति।

वाचस्पतिमिश्रकथितप्रक्रियायामस्यां भावरूपाज्ञानसम्बन्धात् स्वेनैव स्वस्यरूपं न ज्ञायते तत्र यन्न ज्ञायते तेन रूपेण तस्य ईश्वरत्वम्, यश्च न जानाति तेन रूपेण तस्य जीवत्वमभ्युपेयते। अज्ञानं हि नानाविधम्, अतएव अस्मिन् पक्षे जीवनानात्वमपि मन्यते। तानि च अज्ञानानि सविषयतया ईश्वरस्वरूपावच्छेदकानि, आश्रयतया च जीवस्वरूपावच्छेदकानि सन्ति। यथा च लोके मूलाविद्यामूलकरजताभासस्थले अविद्याविषयीभूता शुक्तिः रजतमुत्पादयितुं न प्रभवति, किन्तु अविद्या यमाश्रित्य नृत्यति स जीव एव अविद्यासहायेन रजतं प्रकल्पयति, तद्वद् ईश्वरोऽपि मूलाज्ञानविषयत्वात् जगन्नोत्पादयति किन्तु जीवा एव स्वस्वाविद्यासहायेन जगत् कल्पयन्ति। पक्षेऽस्मिन् जीवभेदेन प्रपञ्चभेदोऽपि अङ्गीकृतो भवति। जगदुपादानत्वं चात्र जीवस्य एव प्रतिपाद्यते।

न च मतेऽस्मिन् जीवानां प्रत्येकं प्रपञ्चकल्पकत्वात् प्रतिजीवं प्रपञ्चस्य भिन्नतया य एव घटः चैत्रेण दृष्टः स एव मैत्रेणापि दृष्ट इति प्रत्यभिज्ञा नोपपद्यते इत्याशयः, प्रत्यभिज्ञायाः सादृश्यमूलकत्वाभ्युपगमात्।[३]

अविद्यावशात् अनन्तानवच्छिन्नं ब्रह्म अवच्छिद्यते सान्तम् अवच्छिन्नं च भवति। तत्तु न सत्त्वम्। चैतन्यं ब्रह्मस्वभाव एव। तद् चैतन्यं नित्यतया वर्तते, न क्रियया इति। तस्य च अनवच्छिन्नस्य तत्तदविपयोपधानभेदावच्छेदेन कल्पितभेदस्य अनित्यत्वं कार्यत्वञ्च उपपद्यते। तथा च ईक्षणेन ब्रह्मणः स्वातन्त्रलक्षणं कतृत्वं भवति।[४] न च अनात्मनि आकाशे घटाद्युपाधिकृतो भवतु अवच्छेदविभ्रमः, आत्मनि स्वभावसिद्धे प्रकाशे तु स न घटते इति वाच्यम्। दृश्यते च आत्मन एव स्वतो अनात्मनि देहादिसङ्घाते आत्मत्वमिथ्याभिमानः मिथ्याबुद्धिमात्रेण पूर्वेण।[५] स्मृतिश्च शरीरपरमात्मनोः भेदः कथयति। "ईश्वरः सर्वभूतानां हृद्देशेऽर्जुन तिष्ठति। भ्रामयन् सर्वभूतानि यन्त्रारूढानि मायया"[६] इति गीतायां दर्शनात्। पर एव आत्मा देहेन्द्रियोपाधिभिः परिच्छिद्यमानो बालैः शरीर इत्युपचर्यते। यथा घटकरकाद्युपाधिवशात् अपरिच्छिन्नमपि

परमात्मैव जीवात्मा वस्तुतो न तदीयैः किन्तु तद्वदिव उपलक्ष्यमाणौः अविद्यास्वभावैः युक्त इव परिलक्ष्यते इति आभासावच्छेदप्रतिबिम्बवादानां तात्पर्यम्। शुद्धचैतन्यमेव परमार्थः भेदोपाधिना जीवपरमात्मनो यद्यपि भेदप्रतीतिः किन्तु वास्तविकरूपेण ऐक्यम्, दृश्यमानस्य जीवस्य काल्पनिकत्वम्, मायायाश्च कल्पनामूलत्वमिति सर्वे एव अभ्युपगच्छन्ति। इत्यत्र सर्वेषामेतेषामैक्यं परिलक्ष्यते।

गौडपादशंकराचार्यवाचस्पतिमिश्रादिभिः स्वीकृते अवच्छेदवादे घटाकाशपटाकाशादिदृष्टान्तनिरूपणेन जीवात्मापरमात्मनोः विवेचने इतरवादौ न तथा सत्यत्वमभिधत्तः। अवच्छेदवादे आच्छादितस्य जीवस्य भ्रमवशात् अन्यत्वप्रतीतिः स्वीक्रियते। अनाद्यविद्या परमात्मतत्त्वज्ञानेन विद्यया समूलमुच्छिद्यते। अविद्यावशादेव आनुपातिकाधिक्येन जीवेश्वरप्रतीतिः स्वस्मिन्नेव जीवे भवति। अविद्यया मलिनीकृते आत्मनि जीव ईश्वरो वा भवति। आभासे स्वसत्तामात्रस्य प्रतीतित्वात्, प्रतिबिम्बे ब्रह्मणः जीवेश्वरयोः दूरत्वप्रतीतेः अवच्छेदे च अवच्छिन्नत्वात् स्वस्मिन्नेव अन्यस्य बोधदर्शनात् उत्तरपक्ष एव श्रेयानित्याभाति।

उत्ससूत्रम्

१। सिद्धान्तविन्दुः, न्यायरत्नावली
२। तत्रैव
३। तत्रैव
४। भामती, पृ. ६२२
५। ब्रह्मसूत्रम्, शाङ्करभाष्यम्
६। गीता १८/६१
७। भामती, पृ. २३५
८। वृहदारण्यकोपनिषत् ३/७/२२
९। मुण्डकोपनिषद् ३/१/१
१०। ब्रह्मसूत्रम् १/३/७, भामती
११। ब्रह्मसूत्रम्, शाङ्करभाष्यम्
१२। छान्दोग्योपनिषत् ६/१/१
१३। ब्रह्मसूत्रम् ३/२/१८, शाङ्करभाष्यम्
१४। भामती, पृ. ७२०
१५। ब्रह्मसूत्रम्, शाङ्करभाष्यम्

BRAHMAPRAKĀŚANA SŪKTA OF *ATHARVAVEDA-SAṂHITĀ* (10.2): UPANIṢADIC FOUNDATION OF *VEDĀNTA* PHILOSOPHY

DR. GARGI BHATTACHARYA

1. Introduction

Vedānta philosophy is founded on the basis of Upaniṣadic teachings, as the word *Upaniṣad* itself denotes *brahmavidyā*. The Upaniṣadic sentences like तत्त्वमसि (ChāU), अहं ब्रह्मास्मि (BṛU), आत्मा वा अरे द्रष्टव्यः श्रोतव्यो मन्तव्यो निदिध्यासितव्यः (BṛU) etc. gave birth to the deep thoughts, which finally developed the theories and designed the complete formation of *Vedānta* philosophy.

It is quite comprehensible, that this kind of thoughts did not have a sudden beginning and an abrupt growth only at the age of *Upaniṣad*s; in point of fact, the Vedic *saṃhitā*-era had some great involvements to form the structure of the Vedāntic discussions. Ṛgvedic hymns like *Hiraṇyagarbha*, *Devī*, *Nasādīya* etc., those who popularly known as philosophical hymns, have a deep rooted connection with the philosophical thoughts of latter days. Not only *Ṛgveda*, but some *mantra*s and *sūkta*s of other *Veda*s possess the same glory to associate themselves with the eternal notion of *Jñānakāṇḍa*.

2. Thrust area

In this connection, our current paper would explore the relation between *Atharvaveda-saṃhitā* and Upaniṣadic concept, particularly, *brahmavidyā*, with special reference to the 2nd hymn of 10th book of *Atharvaveda* (Śaunaka), famous as *Brahmaprakāśana-sūkta*.

Before we enter the thrust area of our discussion, we should keep in mind that, the verses and hymns of the *Veda*s, deeply connected with *Jñānakāṇḍa*, do not gift the theories of *Vedānta* philosophy in an absolute developed form, rather they seeded the basic ideas for further realisations.

3. *Atharvaveda* / *Brahmaveda* and *brahmavidyā*

Atharvaveda, always falling in a different category from three other *Vedas*,

mostly has the applications *(viniyoga)* chiefly in house hold rituals *(gṛhyakarman).* It is famous for hymns like *Āyuṣya*, *Bhaiṣaja*, *Vivāha* etc. and it carries enormous significance for its magical verses and incantation for black magic *(abhicāra).* But it would get a different diamension when we consider it's another title, *Brahmaveda.*

Brahman is the most noteworthy and maximum conferred word in *Upaniṣad*s as well as in *Vedānta* philosophy. The association of Upaniṣadic concept with *Atharvaveda* can be realised by the name of the deities, as prescribed for several hymns of *Atharvaveda*, where we find *Brahman*, *Ātman*, *Jyeṣṭhabrahman*, *Brahmaṇaspati* etc. as *devatā* (deity) and even, some *sūktas* are famous by such name which possess the intimate touch of *Vedānta,* viz. *Ātma-sūkta* (7.3, 9.10,19.51), *Brahma-sūkta, Paramātmā-sūkta* (19.72) etc.

4. Brahmaprakāśana-Sūkta

After an overall preliminary observation, a distinct clear look on the relation between *Atharvaveda* and Upaniṣadic thoughts can be accomplished only through the detailed discussion of the *sūkta*s and *mantra*s. And as mentioned earlier, for this task 2nd hymn of 10th Book of *Atharvaveda,* known as *Brahmaprakāśana-sūkta,* is at the focal point of our current discussion. *Ṛṣi* of the hymn is Nārāyaṇa, deity is *Brahmaprakaśana*, *Puruṣa*, *Sākṣātparabraman* (verse 31-32), meters are *anuṣṭup*, *triṣṭup*, *jagatī* and *bhūrik bṛhatī.*

4.1. The key note of the *sūkta*

To establish *Brahman* as the real authority of the universe, the hymn endows more than 30 verses; on the other hand, it explores the entire thought concisely through a single *mantra* in an interrogative form. It is as follows -

को अस्मिन् रूपमदधात् को महानं च नाम च।
गातुं को अस्मिन् कः केतुं कश्चरित्राणि पूरुषे॥ (Verse 12)

["Who set form in him? who both bulk and name? who set him in progress? who display? Who set behaviours in man?"]*

4.2. Theme of the sūkta

The peculiarity of this hymn is that the whole theme is depicted from the perspective of an individual man *(puruṣa).* It portrays each segment of man's life—the formation of body organs (both gross and subtle), psychological status, ecological and environmental surroundings, cultural events, religion performances and finally the eternal knowledge—the salvation.

4.3. Series of questions. Formation of body-parts of man

The hymn starts with केनो पार्ष्णी आभृते पुरुषस्य etc. and thereafter a series of question comes with a central query—who created the body of man? Some queries are as follows—

By whom were brought the two heels of a man? by whom was his flesh put together? by whom his two ankle-joints? by whom his cunning fingers? by whom his apparatus? who put together his footing? by whom his two back-thighs? who joined his joints of knees? etc.

From this series of question we get the name of different parts and organs of human body, which might have some connection to the popular and medical feature of *Atharvaveda*. The body parts of a man (sometime along with the number/quantity of them), as mentioned in the hymn are briefly—

Heals (पार्ष्णी) 2
Flesh (मांस)
Ankle-joints (गुल्फ)
Fingers (अङ्गली)
Feet (प्रतिष्ठा)
Back-thighs (जङ्घा)
Breast (उरस्)
Neck-bones (ग्रीवाश्चिकी)
Teats (स्तन) 2
Collar-bones (कफोड) 2
Shoulder-bones (स्कन्ध)
Ribs (पृष्टी)
Arms (बाहु) 2
Apparatus (खानि) 7....
Ear (कर्ण) 2
Nostrils (नासिका) 2
Eyes (चक्षु) 2
Mouth (मुख) 1
Tongue (जिह्वा)
Jaws (हनु)

Brain (मस्तिष्क)

Forehead (ललाट)

Hind-head (ककाटिका)

Skull (कपाल)

4.4. Psychological states of man

The reafter, the hymn focuses on the psychological condition of man, which is related to mind, an element of the subtle body. *Atharvaveda* asks—who set these mental phases in man?

प्रियाप्रियाणि बहुला स्वप्नं संबाधतन्द्यः।

आनन्दानुग्रो नन्दांश्च कस्माद् वहति पुरुषः॥ (Verse 9)

["Numerous things dear and not dear, sleep, oppressions and wearinesses, delights and pleasures— from where does formidable man bring them?"]

And also

आर्तिरवर्वितर्निर्ऋतिः कुतो नु पुरुषेऽमतिः।

राद्धिः समृद्धिरव्यृद्धिर्मतिरुदितयः कुतः॥ (Verse 10)

["Whence now in man [come] mishap, ruin, perdition, misery, accomplishment, success, non-failure? whence thought, uprisings?"]

Uninterrupted happiness is not the factual feature of man's fate, he has to confront of various types of unwilling situations that might leads him to gloom, sometimes to depression. The hymn does not fail to depict these two opposite psychological phases. The negative phase like oppression, weariness, mishap, ruin, perdition and consequently, the positive stage like delights, accomplishment, success, non-failure—both are mentioned there.

4.5. Winds in man

Thereafter, comes the question regarding the causality behind different winds, namely, *prāṇa, vyāna* and *samāna,* in the body.

को अस्मिन् प्राणमवयत् को अपानं व्यानमु।

समानमस्मिन् को देवोऽधि श्रियाय पूरुषे॥ (Verse 13)

["Who wove in him breath? who expiration and respiration? what god attached conspiration to man here?"]

4.6. Ethics, rituals and spirituality in man

The status beyond the bodily existence can be accomplished through three different but inter-connected aspects — (i) ethical grade — the determining

power to chose between truth and untruth; (ii) ritual performance—the helping factor to purify the mind, to keep the everyday's peace, and also the decisive feature for heaven after death; (iii) spiritual thoughts—the eagerness for eternal peace that show the way to immortality or salvation, *Atharvaveda's* enquiry—who set these three in man?

को अस्मिन् यज्ञमदधादेको देवोऽधि पूरुषे।

को अस्मिन्त्सत्यं कोऽनृतं कुतो मृत्युः कुतोऽमृतम्॥ (Verse 14)

[What one god set sacrifice in man here? who set in him truth? who untruth? whence comes death? whence the immortal?]

4.7. Nourishment, Clothing and Shelter of human being

The basic needs of human life are nourishment, clothing and shelter. *Brahmaprakāśana-sūkta* raises the question—who put about clothing? Who created the earth, the home of man? who the sky to protect, who the mountains for greatness and who the water to gift 'life'? (Verse 11 and 18)

4.8. Time

The whole universe is bounded by time. From an individual's routine activities to the universal living— all are oblige to obey time. But who created tune? *Atharvaveda* asks—Who prepared his life-time? With what did he make the day to shine? With what did he kindle the dawn? With what did he give the coming-on evening? (Verse 15-16)

4.9. Deeds

Usually, a man is to be identified by his own deeds. Who set him in his deeds? who extended to him strength?—*Atharvaveda* queries. (Verse 15 and 18)

4.10. Wisdom

Consequently, it is the knowledge, more precisely, the wisdom that distinguish human being from other living creatures. Who conveyed into him the wisdom - is the significant enquiry in verse 17.

4.11. Cultural events in man's life

Brahmaprakāśana-sūkta does not fail to mention the cultural aspect that nurtures the growth of personality of individual human being and also generates an overall improvement of civilization. The hymn interrogates—who gave man music? who dance? (Verse 17)

---

* "Pramān as evidence" by Prof. B. K. Motilal, appeared in Philosophical Essays, Felicitation vol. of Prof. A. L Thakur, Pub. By Sanskrit Pustak Bhandar 1987. p. 190-98.

4.12. One answer : *Brahman*

All above mentioned question have one conclusion - one solution—one answer, and that very answer comes in continuation of the final question of the series, i.e.

केनो श्रोत्रियमाप्नोति केनेमं परमेष्ठिनम्।

केनेममग्निं पूरुषः केन संवत्सरं ममे ॥ (Verse 20)

Atharvaveda ultimately declares—

ब्रह्म श्रोत्रियमाप्नोति ब्रह्मेमं परमेष्ठिनम्।

ब्रह्मेममग्निं पूरुषो ब्रह्म संवत्सरं ममे ॥ (Verse 20)

["The *Brahman* obtains one learned in revelation, the *Brahman* this most exalted one; the *Brahman* [as] man this Agni; the *Brahman* measured the year."]

The hymn, thereafter, proclaims that it is *Brahman,* who dwells upon the gods, it is the real authority. By *Brahman* the earth is disposed, the sky is set above; it is Brahman, who has created the atmosphere and the expanse.

The 2nd line of verse 28 and 30 is identical, which states that who knows *Brahman's* stronghold *(pura)* is called *puruṣa*— पुरं यो ब्रह्मणो वेद यस्याः पुरुष उच्यते.

4.13. Eternity

Subsequently, the hymn leads forward to the eternity. Verses from 19 to 33 (the final mantra) explore that Brahman's stronghold is covered with *amṛta.* The impregnable stronghold of gods is eight- weeled, nine-doored, in which there is a heaven going golden vessel *(kośa),* covered with light. The three spoked golden vessel *(tyare)* has three supports *(tripratiṣṭhite)* and what soul possessing monster *(yakṣa)* there in it, is that verily the knower of *Brahman* know.

तस्मिन् हिरण्यये कोशे त्र्यरे त्रिप्रतिष्ठिते ।

तस्मिन् यद् यक्षमात्मन्वत् तद् वै ब्रह्मविदो विदुः॥ (Verse32)

The final verse of the hymn we get the illustration of salvation—the journey to the endless glory.

प्रभ्राजमानां हरिणीं यशसा संपरीवृताम्।

पुरं हिरण्ययीं ब्रह्मा विवेशापराजिताम्॥ (Verse 33)

१०। वैयैकरणभूषणसार, नन्दकिशोर शास्त्री, चौखम्वा संस्कृत संस्थानम्, वारानननन

সংস্কৃতসাহিত্যে বিজ্ঞানচর্চা

সুদীপ্তা হালদার

আধুনিক সমাজ প্রগতিশীল। এই সমাজের উন্নতির জন্য বিজ্ঞানের অগ্রগতিকে স্বীকার করতেই হবে। কিন্তু বিজ্ঞানের এই যে উন্নতি সাধিত হয়েছে তা কিন্তু হঠাৎ হয় নি। বিজ্ঞানের অগ্রগতির পশ্চাতে সাহিত্যের বিশাল অবদান আছে। কিন্তু ভারতের সমস্ত সাহিত্যের মধ্যে প্রাচীনতম এবং সমৃদ্ধিশালী সাহিত্য হল সংস্কৃতসাহিত্য। এই সাহিত্যের মধ্যে এমন কোন বিষয়ের অন্তর্ভুক্তি নেই, যা এখানে আলোচিত হয় নি। সংস্কৃতসাহিত্য ভান্ডারে যে রত্নরাজি বিদ্যমান আছে তা অদ্যাবধি অনস্বীকার্য। এই সংস্কৃতভাষা ভারতীয় ভাষাসমূহের জননী হওয়ায় এতে চতুর্বেদ, ইতিহাস, বিজ্ঞান, ভারতীয় দর্শনশাস্ত্র, পুরাণ, চিকিৎসাশাস্ত্র, কলাবিদ্যা প্রভৃতি বিষয়ের অন্তর্ভুক্তি হয়েছে। প্রাচীনভারতের আইনশাস্ত্র সম্পর্কে পোল্যান্ডের একজন প্রখ্যাত পন্ডিত বলেছেন যে—কৌটিল্যের অর্থশাস্ত্র পাণ্ডিত্যে, সূক্ষ্মতায় এবং গভীরতায় অতুলনীয়। শুধু তাই নয়, সংস্কৃতভাষায় রচিত জ্যোতিষশাস্ত্র, জ্যোতির্বিদ্যা, বীজগণিত, জ্যামিতি, ভোজবিদ্যা, শরীরবিজ্ঞান, শবব্যবস্থেদবিদ্যা, চিকিৎসাশাস্ত্র, রসায়নশাস্ত্র, সমাজনীতি, নীতিশাস্ত্র, ধনুর্বিদ্যা, ন্যায়নীতি, কামশাস্ত্র, অলঙ্কার, ছন্দোবিজ্ঞান প্রভৃতি বিষয় এই সংস্কৃতসাহিত্যকে সমৃদ্ধ করেছে।

পূর্বে যদিও সকলের ধারণা ছিল যে, বিজ্ঞানের ক্ষেত্রে প্রাচীনভারতের সেরূপ কোন অগ্রগতি পরিলক্ষিত হয় না। কিন্তু বর্তমান গবেষণার দ্বারা পরীক্ষিত যে, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে প্রাচীনভারতীয় পন্ডিতদের অবদানকে কখনই উপেক্ষা করা সম্ভব নয়।

প্রাচীনকাল অর্থাৎ বৈদিকযুগ থেকেই বিভিন্ন পন্ডিতদের দ্বারা আবিষ্কৃত বিষয়, যা বিভিন্ন ঋষি, মুনি, শিষ্য ও প্রশিষ্য পরম্পরাক্রমে চর্চিত হয়েছিল তাই আধুনিকযুগে বিজ্ঞানের দ্বারা পরিমার্জিত ও পরিবর্ধিত হয়েছে। বিজ্ঞানের অগ্রগতি যে এত দ্রুত হয়েছে তার বীজ কিন্তু বীজাকারে সংস্কৃতসাহিত্যেই বপন হয়েছে। এই বিষয়ে কিছু দৃষ্টান্তের মাধ্যমে সংস্কৃতসাহিত্যে বিজ্ঞানচর্চার প্রভাব আমাদের কাছে আরও সহজবোধ্য হবে। তাছাড়া সংস্কৃতসাহিত্যে বিজ্ঞানচর্চা বিষয়ে যেসব তথ্য আমাদের হস্তগত হয়েছে তার বিস্তার কম নয়। এইসব বিষয়ে সংস্কৃতসাহিত্যে যে আলোচনা হয়েছে সেগুলি হল—

ভৌগোলিক তথ্য—প্রাচীন সাহিত্যে বৈজ্ঞানিক ধারণার উল্লেখ প্রসঙ্গে প্রথমেই বলা যায়, ঋগ্বেদের কথা। বিজ্ঞানে যে ঋতুচক্রের কারণরূপে সূর্যের অবস্থানকে গুরুত্ব দেওয়া হয়, তার উল্লেখ আমরা ঋগ্বেদে দেখতে পাই। সূর্যের অবস্থানের উপরেই যে ঋতুচক্রের আবর্তন করে তার উল্লেখ ঋগ্বেদে এইভাবে পাওয়া যায়—

অভিযজ্ঞং গৃণীহি নো গ্নাবো নেষ্টঃ পিব ঋতুনা।
ত্বং হি রত্নধা অসি।।[১]

তাছাড়া ঋগ্বেদে পৃথিবীর আহ্নিকগতি ও বার্ষিকগতির জ্ঞান স্পষ্টভাবে প্রতিফলিত না হলেও পৃথিবীর কক্ষপথের অস্পষ্ট আভাস (১০।৮৬।৪) বিদ্যমান আছে। গগন পর্যবেক্ষণ করে বৈদিক ঋষিগণ নক্ষত্রসমূহের

মধ্যে গ্রহগতি নিরীক্ষণ করে নক্ষত্রচক্র আবিষ্কার করেন। ঋগ্বেদে এই নক্ষত্রচক্রকে 'সোমগৃহ' রূপে অভিহিত করা হয়েছে। সেখানে বলা হয়েছে—**'অথো নক্ষত্রাণামেষামুপস্থে সোম আহিতঃ'**[২] কিন্তু তৈত্তিরীয় ব্রাহ্মণে নক্ষত্রচক্রকে 'দেবগৃহ' নামে বর্ণনা করা হয়েছে।

সুতরাং, বর্তমানে বিজ্ঞানের মাধ্যমে যে জ্যোতিষ্কপুঞ্জের উল্লেখ পাওয়া যায়, তার আভাসরূপে এই সংস্কৃতসাহিত্যের অবদানকে অস্বীকার করা যায় না।

তাছাড়া বিভিন্নপুরাণে দ্বীপ এবং বর্ষসমন্বিত পৃথিবীর বর্ণনা দৃষ্ট হয়। বিভিন্ন ব্রাহ্মণ্যসাহিত্যে, বৌদ্ধগ্রন্থে অনেক ভৌগোলিক তথ্য প্রদত্ত হয়েছে। পুরাণসমূহে বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বর্ণনা আছে যা Troposphere ও Stratosphere-এর তুল্য বলে মনে করা হয়।

এমন কি, দ্বাদশ মাসের অতিরিক্ত ত্রয়োদশমাস (অধিমাস) সম্পর্কেও ঋগ্বেদীয় ঋষিগণ অবহিত ছিলেন। তাই ঋগ্বেদে বলা হয়েছে—

বেদ মাসো ধৃতব্রতো দ্বাদশ প্রজাবতঃ।
বেদা য উপজায়তে।।[৩]

জ্যোতির্বিদ্যাবিষয়ক তথ্য—বর্তমানে জ্যোতির্বিজ্ঞানীদের দ্বারা চন্দ্র, সূর্য, তাদের গতি—প্রকৃতি যেভাবে নির্ণীত হয়, সেইরূপ প্রাচীনকালে বৈদিক ধর্মানুষ্ঠানের প্রয়োজনে প্রাচীন ঋষিরা জ্যোতিষিক গণনা শুরু করেছিলেন। নক্ষত্র এবং চন্দ্র-সূর্যের পারস্পরিক অবস্থিতি ও গতিপ্রকৃতি পর্যবেক্ষণ করেই বৈদিক জ্যোতির্বিদ্যার সূত্র প্রণয়ন করা হয়। এই জ্যোতির্জ্ঞানকে গণিতজ্যোতিষ বা সিদ্ধান্তজ্যোতিষ বলা হয়। বিভিন্ন নক্ষত্র গ্রহের সঞ্চরণের ফলে নিসর্গজগতে যে শুভাশুভ ঘটনা সৃষ্ট হয়, যেমন—ভূমিকম্প, ঝড়বৃষ্টি, শস্যহানি, ধূমকেতুর আবির্ভাব প্রভৃতি নিরীক্ষণের মাধ্যমে জ্যোতিষসংহিতা প্রণীত হয়। ফলিতজ্যোতিষের দ্বারা গ্রহের অবস্থান থেকে মানুষের জীবনে শুভ ও অশুভ ফল নির্ণয় করা যায়।

সুতরাং, বলা যায় এই জ্যোতির্বিজ্ঞান মহাকাশবিজ্ঞান এবং তদ্ পরবর্তিকালে মহাকাশের পটভূমিকায় মানুষের ভূমিকার নির্ণায়ক। প্রথমে জ্যোতির্বিজ্ঞান কোন গাণিতিক নিয়মের অনুসারী ছিল না, কিন্তু বেদাঙ্গ-জ্যোতিষ রচনার সময় থেকে গাণিতিক নিয়মে জ্যোতিষচর্চার সূত্রপাত হয়। অতএব, জ্যোতির্বিদ্যার ভিত্তি যথেষ্ট বৈজ্ঞানিক।

ভারতীয় জ্যোতির্বিজ্ঞানের উজ্জ্বলতম ব্যক্তিত্ব হলেন, আর্যভট্ট। তাছাড়া অপর জ্যোতির্বিজ্ঞানিরূপে প্রাচীনভারতে বরাহমিহির খ্যাতি অর্জন করেছেন।

তৈত্তিরীয় সংহিতা এবং তৈত্তিরীয় ব্রাহ্মণে প্রত্যেক নক্ষত্রের নাম এবং অধিপতি দেবতার উল্লেখ করা হয়েছে। এইভাবে বিচ্ছিন্নভাবে হলেও জ্যোতির্বিজ্ঞানসংক্রান্ত অনেক তথ্য বৈদিক সাহিত্যে পাওয়া যায়।

গণনা পদ্ধতি বিষয়ক তথ্য—সংস্কৃত সাহিত্যে গণনাপদ্ধতি বিষয়ক তথ্য প্রদত্ত হয়েছে। মনে করা যেতে পারে, বর্তমানকালে আমরা যে 'calendar' ব্যবহার করি, সেই ধারণা প্রাচীনকালে ভিন্নরূপে প্রদর্শিত হয়েছে। যেমন—

প্রাচীনকালে বিরহিনীগণ দেহলীতে প্রত্যহ একটি একটি করে ফুল রেখে প্রবাসী স্বামীর আগমনের দিনটি গণনা করত। তাই এই গণনার ইঙ্গিতরূপে কালিদাস তাঁর 'মেঘদূতম্' গীতিকাব্যে বলেছেন যে—

তাঞ্চাবশ্যং দিবসগণনাতৎপরামেকপত্নী-
মব্যাপন্নামবিহতগতির্দ্রক্ষ্যসি ভ্রাতৃজায়াম্।

আশাবন্ধঃ কুসুমসদৃশং প্রায়শো হ্যঙ্গনানাং
সদ্যঃপাতি প্রণয়িহৃদয়ং বিপ্রয়োগে রুণদ্ধি।।[৪]

তাছাড়া কালিদাস উত্তরমেঘেও বিরহিনী যক্ষবধূর তাঁর স্বামীর অনুপস্থিতির দিন থেকে বা তাঁর বিরহের দিন থেকে আরম্ভ করে বিরহান্ত দিনগুলি হিসাব করার জন্য মাটিতে একটি একটি করে দেহলীপুষ্প গুনছে—এইরূপ গণনাপদ্ধতির বর্ণনা করেছেন, যেমন—

শেষান্ মাসান্ বিরহদিবসস্থাপিতস্যাবধের্বা
বিনশ্যন্তী ভুবি গণনয়া দেহলীদত্তপুষ্পৈঃ।[৫]

সুতরাং, আমরা মনে করতে পারি পরবর্তিকালে Calendar-এর ধারণা হয়তো এই গণনা পদ্ধতি অনুসরণ করে হয়েছে।

চিকিৎসাবিষয়ক তথ্য—সংস্কৃত সাহিত্যে অথর্ববেদের উক্ত বিভিন্ন চিকিৎসাপদ্ধতিকে চিকিৎসাশাস্ত্রের আদিমরূপ হিসাবে অভিহিত করা যায়। সংস্কৃত সাহিত্যে চিকিৎসাশাস্ত্রের ৮টি শাখার উল্লেখ পাওয়া যায়। যেমন—i) শল্যতন্ত্র (Major Surgery) ii) শল্যক তন্ত্র (Minor Surgery) iii) কায়চিকিৎসা (Therapeutics) iv) ভূতবিদ্যা (Demonology) v) কুমারভৃত্য (Pediatrics) vi) অগদতন্ত্র (Toxicology) vii) রসায়ন (Elixirs) vii) বাজিকরণ (Aphrodisiacs)

বৈদিকযুগে যে শরীরস্থানবিদ্যা, ভ্রূণবিদ্যা ও স্বাস্থ্যবিজ্ঞান সম্পর্কে ভারতীয় চিকিৎসক পন্ডিতদের জ্ঞান ছিল তার প্রমাণ পাওয়া যায়। পরবর্তিকালে চিকিৎসাবিজ্ঞান এই সমস্ত বৈদিক বা প্রাচীনরীতিকে অনুসরণ করে তাদের উন্নতির পথ সুগম করে। প্রাচীনযুগে ঋগ্বেদে ও অথর্ববেদে চিকিৎসাশাস্ত্র বিষয়ক নানা তথ্য সমন্বিত আছে তা নিম্নে আলোচনা করা হল। যেমন—

ঋগ্বেদের রুদ্রসূক্তে ওষধির দ্বারা শতবর্ষ জীবিত রাখার প্রার্থনা আছে। রুদ্রসূক্তে বলা হয়েছে—"**শতং মিসা অশীয় ভেষজেভিঃ।**"[৬]

আবার, ঋগ্বেদে বলা হয়েছে যে, বিশ্‌পলা যুদ্ধে তাঁর পা হারান। কিন্তু অশ্বিদ্বয় বিশ্‌পলাকে লোহার তৈরী কৃত্রিম জঙ্ঘা দান করেন।

অথর্ববেদেও এমন অনেক মন্ত্র আছে যা তৎকালীন শল্যচিকিৎসা (Surgery) এবং অস্থিবিদ্যারও (Osteology) যে উন্নতি সাধিত হয়েছিল তার সাক্ষ্যবহন করে। সেইসময় অস্থিভগ্ন হলে লতাগুল্মের দ্বারা তাকে দৃঢ়ভাবে সংস্থাপিত করা হত। এইবিষয়ে গুল্মকে সম্বোধন করে কোন এক ঋষির আবেদন—

লোম লোম্না সংকল্পয়া ত্বচা সংকল্পয়া ত্বচম্।
অসৃক্ তে অস্থি রোহতু চ্ছিন্নং সং ধেহ্যোষধে।।[৭]

সুতরাং বর্তমান চিকিৎসাবিজ্ঞানে যে অঙ্গপ্রতিস্থাপন করা হচ্ছে তার ধারণা কিন্তু বৈদিকযুগেই পাওয়া যাচ্ছে। অতএব, চিকিৎসাবিজ্ঞানের এই উন্নতির পশ্চাতে রয়েছে সংস্কৃত সাহিত্যের অবদান।

তাছাড়া অথর্ববেদের সূক্তগুলির একটি বৃহৎ অংশ নানাপ্রকার ব্যাধির প্রকোপ দূর করার জন্য ব্যবহারের উদ্দেশ্যে রচিত হয়েছিল। যদিও তৎসময়ে অথর্ববেদের ঋষিরা কষ্টদায়ক রোগব্যাধির নেপথ্যে অসুর বা দানবের অস্তিত্ব কল্পনা করে মন্ত্রশক্তির মাধ্যমে তাকে দূরীভূত করতে চেষ্টা করেছেন। যদিও তৎকালীন ঋষিগণ বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী বা বিজ্ঞানসম্মতভাবে এইসব রোগের নিবারণবিষয়ে তৎপরতা দেখান নি। কিন্তু তাদের দ্বারা উল্লিখিত রোগের নিবারণের কৌশল দেখে অস্পষ্টভাবে হলেও তারা চিকিৎসাশাস্ত্রে তথা আয়ুর্বেদে যে

পন্ডিত ছিলেন তা মনে করা যায়। তাছাড়া আয়ুর্বেদের নানা জ্ঞান দ্বারা পরবর্তিকালীন চিকিৎসাবিজ্ঞান অগ্রগতি লাভ করে। অথর্ববেদে জ্বররূপ অসুরকে সম্বোধন করে ঋষি বলছেন—

অয়ং যো বিশ্বান্ হরিতান্ কৃণোষ্যুচ্ছোচয়নগ্নিগিরি বা ভিদুন্বন্।
অধাহি তরামন্নর সো হি ভূয়া অধান্যঙ্ভূধরাং বা পরেহি।।[৮]

তাছাড়া ব্যাধি নিরাময়ের জন্য মন্ত্রশক্তি সংযুক্ত বিভিন্ন লতাগুল্ম ও জলকে ভেষজরূপে ব্যবহার করার কথা আমরা অথর্ববেদে পেয়ে থাকি। অথর্ববেদের প্রথম সুক্তটিতে অপদেবতার উদ্দেশ্যে সুন্দর স্তুতি করা হয়েছে—

শন্নো দেবীরভিষ্টয়ে আপো ভবন্তু পীতয়ে।
শংযোরভি স্রবন্তু নঃ।।[৯]

তাছাড়া অথর্ববেদে তক্মন্, অশ্বরীরোগ, কোষ্ঠকাঠিন্য, শূলযন্ত্রণা, চক্ষূরোগ, কুষ্ঠ, বাত প্রভৃতি রোগের উল্লেখ আছে।

তৎপরবর্তী অর্থশাস্ত্রেও কৌটিল্য 'কন্টকশোধন' নামক চতুর্থ অধিকরণের যে প্রকরণগুলি উল্লিখিত হয়েছে, তারমধ্যে একটি প্রকরণের নাম হল—'আশুমৃতকপরীক্ষা' অর্থাৎ সদ্যোমৃতের পরীক্ষা বা মৃতব্যক্তির স্বাভাবিক বা অস্বাভাবিক মৃত্যু হয়েছে কিনা তার পরীক্ষা। অতএব, আধুনিকযুগে বিজ্ঞান নির্ভর মৃতব্যক্তির যে 'Post-mortem' করা হয়, তার প্রয়োগ প্রাচীনযুগেই নির্ণীত হত এই আশুমৃতকপরীক্ষার মাধ্যমে। তাই অর্থশাস্ত্রে কৌটিল্য 'কন্টকশোধন' অধিকরণে প্রকরণগুলির নাম করে বলেছেন—**'কারুকরক্ষণম্। বৈদেহকরক্ষণম্। উপনিপাতপ্রতীকারঃ। গূঢ়াজীবিনাং রক্ষা। সিদ্ধব্যঞ্জনৈর্মাণবপ্রকাশনম্। শঙ্কারূপকর্মাভিগ্রহঃ। আশুমৃতকপরীক্ষা। বাক্যকর্মানুযোগঃ। সর্বাধিকরণরক্ষণম্। একাঙ্গবধনিষ্ক্রয়ঃ। শুদ্ধশ্চিত্রশ্চ দণ্ডকল্পঃ। কন্যাপ্রকর্ম। অতিচারদণ্ডঃ।। ইতি কন্টকশোধনং চতুর্থমধিকরণম্।'**[১০] সুতরাং তৎকালীন সমাজ এবং এই সংস্কৃতসাহিত্য চিকিৎসাশাস্ত্র বিষয়ে কতটা উন্নত ছিল তা অনুধাবন করা যায়।

প্রাচীনসাহিত্যে আয়ুর্বেদের যে গুরুপরম্পরাক্রম প্রাপ্ত হয়, তার মধ্যে আত্রেয় বিশিষ্টস্থান অধিকার করে। আত্রেয়কে আয়ুর্বেদশাস্ত্রের প্রতিষ্ঠাতা বলা হয়। আয়ুর্বেদের উল্লেখযোগ্য গ্রন্থগুলির মধ্যে প্রথমে যে গ্রন্থের নাম করা যায়, তা হল—'চরকসংহিতা'। এই গ্রন্থটি হল আয়ুর্বেদগ্রন্থগুলির মধ্যে বৃহত্তম ও সর্বতথ্য সমন্বিত। এতে মানুষের শারীরিক ও মানসিক সুস্থতার উন্নতির জন্য প্রয়োজনীয় সমস্ত জ্ঞান লিপিবদ্ধ করা হয়েছে।

আয়ুর্বেদবিষয়ক অপর উল্লেখযোগ্যগ্রন্থ হল—'সুশ্রুতসংহিতা'। সুশ্রুত প্রাচীনকালে শল্যচিকিৎসায় বিশেষ পারদর্শী ছিলেন। তাঁর গ্রন্থে শল্যতন্ত্রকে সাতভাগে ভাগ করা হয়েছে। যথা—i) ছেদন (Amputation) ii) ভেদন (Accession) iii) লেখন (Scraping) iv) এষ্যণ (Probing) v) আহরণ (Extraction) vi) বিস্রবণ (Drainage) vii) সীবন (Suturing)

পুরাণ অনুসারে, পালকাপ্য হস্তীচিকিৎসকরূপে অভিহিত হয়েছেন। তাছাড়া শালিহোত্র অশ্বশাস্ত্র বা অশ্বায়ুর্বেদের প্রতিষ্ঠাতারূপে খ্যাত হয়েছেন এবং নকুল অশ্বচিকিৎসকরূপে খ্যাত হয়েছেন। আধুনিকযুগে চিকিৎসাবিজ্ঞানে যে পশুচিকিৎসা (Vetenary) করা হয়, তা পূর্বেও করা হত এবং সে বিষয়ে নানা অভিজ্ঞ পন্ডিতদের সমাবেশ হয়েছিল তার ধারণা স্পষ্ট হয় আমাদের কাছে।

তাছাড়া বৈয়াকরণ পাণিনি তাঁর 'অষ্টাধ্যায়ী' গ্রন্থে যে 'মাহেশ্বরসূত্র'-এর উল্লেখ করেছেন, চিকিৎসকের মতে, এটি ঠিক পাঠের মাধ্যমে জিহ্বার আড়ষ্টতা কাটানো সম্ভব হয়।

গণিতবিষয়ক তথ্য—বৈদিকযুগের একটি মূল্যবান সম্পদ্ হল, বৈদিকগণিত, যার মাধ্যমে অতিদীর্ঘ বা কঠিন অঙ্ক ক্যালকুলেটারের সাহায্য ছাড়াই করা সম্ভব হয়। বৈজ্ঞানিকগণের মতে, বর্তমানযুগের computer পাণিনির অষ্টাধ্যায়ী থেকেই অনুসৃত হয়েছে। এইরূপ দুটির মধ্যে তুলনা করা হয়েছে যেহেতু, অষ্টাধ্যায়ীর সূত্রগুলির মাধ্যমে যেরূপ ব্যাকরণের সমস্ত সমস্যার সমাধান করা যায়, সেরূপ computer-এর Programme গুলিও ঠিক সেভাবেই চালনা করা যায়, সেভাবে মানুষ তার চিন্তাভাবনাকে অনুসরণ করে Software-এর মাধ্যমে চালনা করে বা সমস্যার ঠিক সমাধান করে।

বৈদিকযুগে জ্যামিতি শাস্ত্রেরও প্রয়োগ দেখা যায়। তৎকালীনসময় যেহেতু ছিল যজ্ঞনির্ভর, সেহেতু যজ্ঞের বেদি নির্মাণের ক্ষেত্রে ঋষিগণ ঠিক পরিমাপের প্রয়োগ করতেন। শুধু তাই নয়, ভরতের নাট্যশাস্ত্রেও রঙ্গমঞ্চ নির্মাণের ক্ষেত্রে জ্যামিতিক প্রয়োগ দেখা যেত। নাট্যশাস্ত্রে রঙ্গমঞ্চের আয়তনবিষয়ে বলা হয়েছে—

তেষাং ত্রীণি প্রমাণানি জ্যেষ্ঠং মধ্যং তথাঽবরম্।
প্রমাণমেষাং নির্দিষ্টং হস্তদন্ডসমাশ্রয়ম্।।
শতং চাষ্টৌ চতুঃষষ্টির্দ্বাত্রিংশচ্চেতি নিশ্চিতঃ।।
অষ্টাধিকং শতং জ্যেষ্ঠং চতুঃষষ্টিস্তু মধ্যমম্।
কণীয়স্তু তথা বেশ্ম হস্তা দ্বাত্রিংশদিষ্যতে।।[১১]

সুতরাং, রঙ্গমঞ্চের আয়তনানুসারে জ্যেষ্ঠ, মধ্যম এবং অবর এই তিনভাগে ভাগ করা যায়। এদের দৈর্ঘ্য, হাত ও দন্ড অনুসারে ১০৮, ৬৪ বা ৩২ নির্ধারণ করা হয়েছে। জ্যেষ্ঠ, মধ্যম ও অবরের আয়তন যথাক্রমে ১০৮, ৬৪ ও ৩২ হাত বা দন্ড।

রঙ্গালয়ের পরিমাপের একক হিসাবে নাট্যশাস্ত্রে বলা হয়েছে—

প্রমাণং যচ্চ নির্দিষ্টং লক্ষণং বিশ্বকর্মণা।
প্রেক্ষাগৃহাণাং সর্বেষাং তচ্চৈব হি নিবোধত।।
অণু রজশ্চ বালশ্চ লিক্ষা যূকা যবস্তথা।
অঙ্গুলং চৈব হস্তশ্চ দন্ডশ্চৈব প্রকীর্তিতঃ।।[১২]

কিন্তু গণিতবিষয়ে অনেক বিজ্ঞানী তাঁদের নিজস্ব বাঙ্‌নৈপুণ্যের দ্বারা জ্যামিতিক সংজ্ঞা নিরূপণের চেষ্টা করলেও সর্বজনস্বীকৃতরূপে ইউক্লিডকে জ্যামিতিশাস্ত্রের জনকরূপে অভিহিত করা হয়। আসলে তিনিই সর্বপ্রথম সুবিধাজনকভাবে সূত্র প্রয়োগের মাধ্যমে এবং ঠিক ধারণার মাধ্যমে জ্যামিতির নানা সমস্যার সমাধান করেছিলেন। পূর্বে যজ্ঞবেদি নানারকম আকারের হত। যেমন—চতুর্ভুজ, ত্রিভুজ প্রভৃতি। কিন্তু বৈজ্ঞানিক গবেষণার দ্বারা পরীক্ষিত ও প্রমাণিত হয়েছে যে, পিরামিড, প্রিজম্, বেলন, গোলক, ঘনক ও শঙ্কু—এই ছয়টি জ্যামিতিক আকারের মধ্যে কোন না কোন আকারেই যজ্ঞবেদী নির্মিত হত।

অতএব, প্রাচীনকালে জ্যামিতিক আকারের যে সূচনা হয়েছিল এবং তা পরবর্তীকালে বিজ্ঞানের দ্বারা অনেক উন্নত ও পরিশীলিত হয়েছে তা আমাদের কাছে স্পষ্টরূপ লাভ করে।

রসায়নবিষয়ক তথ্য—প্রাচীনকালে রসায়নকে পৃথক্ বিদ্যা হিসাবে প্রমাণাভাবশতঃ স্বীকার করা হত কিনা সে বিষয়ে সন্দেহ থেকেই যায়। বিভিন্ন গ্রন্থে রসায়নশাস্ত্রের বিভিন্ন পন্ডিতদের নাম পাওয়া যায়। যেমন—পতঞ্জলি, ভব্যদত্তদেব, বাগ্‌ভট প্রমুখ। রসায়নিবদ্ P.C Roy তাঁর 'History of Hindu Chemistry' গ্রন্থে অনেক রসায়গ্রন্থের নাম উল্লেখ করেছেন।

কিন্তু রসায়নবিষয়ক নানা তথ্য আমরা পাই অস্পষ্টরূপে। যেমন—কালিদাস তাঁর 'মেঘদূতম্' নামক গীতিকাব্যে সুরাকে রতিফলরূপে অভিহিত করেছেন এবং তাকে অনন্ত আনন্দহিসাবেও ব্যাখ্যা করেছেন। তিনি বলেছেন—

'আসেবন্তে মধু রতিফলং কল্পবৃক্ষপ্রসূতং
ত্বদ্‌গম্ভীরধ্বনিষু শনকৈঃ পুষ্করেষ্বাহতেষু।।'[১৩]

তাছাড়া মেঘদূতের এই শ্লোকের উপর মল্লিনাথের টীকায় মদিরার্ণব নামক সুরাবিষয়ক গ্রন্থের নাম পাওয়া যায়। মল্লিনাথের টীকায় বলা হয়েছে—

'..... রতিফলং যস্য তদ্রতিফলাখ্যং মধু মদ্যম্ আসেবন্তে আদৃত্য পিবন্তীত্যর্থঃ। তালক্ষীরসিতামৃতামলগুড়োন্মত্তাস্থিকালাহ্বয়াদার্বিন্দ্রদ্রুমমোরটেঙ্কুকদলীগুগ্গুপ্রসূনৈর্যুতম্। ইত্থং চেন্মধুপুষ্প-ভঙ্গ্যুপচিতং পুষ্পদ্রুমমূলাবৃতং ক্বাথেন স্বরদীপনং রতিফলাখ্যং স্বাদু শীতং মধু।।' ইতি মাদিরার্ণবে।'[১৪]

অতএব, এখানে এই রতিফল কিভাবে সৃষ্ট হয় তা বলা হয়েছে। এই ইঙ্গিতকে বৈজ্ঞানিক অ্যালকোহল তৈরীর ধারণার মূলরূপে বা ভিত্তিরূপে গ্রহণ করা যেতে পারে, যার ফলস্বরূপ অ্যালকোহল বা সুরা সৃষ্টি হয়।

পদার্থবিজ্ঞানবিষয়ক তথ্য—সংস্কৃতসাহিত্যে উল্লিখিত বিভিন্ন ঘটনাকে পদার্থবিজ্ঞান বিষয়ক তথ্যরূপে গ্রহণ করা যেতে পারে। যেমন—

বৈদিকযুগে দেবতারা কোন মাধ্যম ছাড়াই একজায়গা থেকে অন্য জায়গায় শক্তি সঞ্চালিত করত এইরূপ তথ্য বিভিন্ন সূক্তে পাওয়া যায়। যেমন—ঋগ্বেদের বহুসূক্তে ইন্দ্র বজ্রের আঘাতে বৃত্র নামক অসুরকে বধ করে জলধারাকে মুক্তি দিয়েছেন এরূপ আখ্যানের উল্লেখ দৃষ্ট হয়। পরবর্তিকালে আমরা দেখতে পাই, শক্তির বিভিন্নরূপ একস্থান থেকে অপরস্থানে সঞ্চালিত হয়। যেমন—তাপশক্তি, আলোকশক্তি কোন মাধ্যম ছাড়াই বা মাধ্যম থাকলেও তাকে প্রভাবিত না করে একস্থান থেকে অন্যস্থানে সঞ্চালিত হয় এবং এই সঞ্চালিত শক্তিকে কাজে লাগিয়ে বিভিন্ন উন্নতি সাধিত হয়। যেরূপ, সৌরকোশ দ্বারা সূর্যের শক্তিকে তড়িচ্ছক্তিরূপে আমরা কাজে লাগাতে পারি। সুতরাং, প্রাচীনকালে দেবতা কর্তৃক শক্তির আরোপকে সূক্ষ্মভাবে হলেও পরবর্তী বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দ্বারা পরিমার্জিত করা সম্ভব হয়।

তাছাড়া নানা বৈদিক রূপকথা গল্পে দেখা গেছে যে, ইন্দ্র মেঘের মাঝখান থেকে ভূমিতে বজ্র নিক্ষেপ করে। ইন্দ্রের এই বজ্ররূপ শক্তি যে অনেকের ভীতি সম্পাদন করে সেবিষয়ে ইন্দ্রসূক্তে বলা হয়েছে—

দ্যাবা চিদস্মৈ পৃথিবী নমেতে
শুষ্মাচ্চিদস্য পর্বতা ভয়ন্তে।
যঃ সোমপা নিচিতো বজ্রবাহু-
র্যো বজ্রহস্তঃ স জনাস ইন্দ্রঃ।।[১৫]

কিন্তু পরবর্তিকালে দেখা গেছে যে, বজ্র সত্যই মেঘ থেকে সৃষ্ট হয় এবং ভূপতিত হয়। সুতরাং, ইন্দ্রের বজ্র নিক্ষেপের এই ঘটনা অস্পষ্টরূপে হলেও বৈজ্ঞানিক ভিত্তিসম্পন্ন।

তাছাড়া সংস্কৃত সাহিত্যে দেখা যায়, মেঘের উৎপত্তি বিষয়ক নানা তথ্য এবং সেই মেঘ কিভাবে পৃথিবীতে বৃষ্টি আকারে ঝরে পড়ে তদ্‌বিষয়ক তথ্য। এই মেঘের উপাদানগুলি বিষয়ে কালিদাস 'মেঘদূতম্' গীতিকাব্যে বলেছেন যে—

ধূমজ্যোতিঃসলিলমরুতাং সন্নিপাতঃ ক্ব মেঘঃ
সন্দেশার্থাঃ ক্ব পটুকরণৈঃ প্রাণিভিঃ প্রাপণীয়াঃ।[১৬]

এই শ্লোকে মেঘ যে চারটি উপাদানের, যথা—সূর্যকিরণ, বাষ্পধূম, সলিল ও পরিচালকরূপ বায়ুর সমষ্টি তা দেখা যাচ্ছে। আবার, অথর্ববেদের অন্তর্গত বৃষ্টিসূক্তে মেঘের সৃষ্টি বিষয়ে বৈজ্ঞানিক তথ্যের আভাস দেয়। যেমন—

উদীরয়ত মরুতঃ সমুদ্রতস্ত্বেষো অর্কো নভ উৎপাতযাথ।
মহঋষভস্য নদতো নভস্বতো বাশ্রা আপঃ পৃথিবীং তর্পযন্তু।।[১৭]

সুতরাং, বিজ্ঞানও যেভাবে বৃষ্টি বা মেঘের উৎপত্তিবিষয়ে তথ্য প্রদান করে, সেরূপ এখানেও মেঘের উপাদান ও উৎপত্তিবিষয়ে প্রাচীন পন্ডিতেরাও অভিজ্ঞ ছিলেন, তা আমাদের বোধগম্য হয়। গ্রীষ্মের উত্তপ্ত জ্যোতির অংশ নিয়ে যে বাষ্প আকাশে উঠে ধূলিকণা সমন্বিত হয়ে, বায়ুদ্বারা একস্থান থেকে অন্যস্থানে পরিচালিত হয় এবং পরে তা আরও ভারযুক্ত হওয়ায় বৃষ্টি আকারে পৃথিবীতে ঝরে পড়ে—এই ধারণাটি পূর্বেও ছিল, যা বিজ্ঞান তাঁদের বৈজ্ঞানিক অন্যান্য যুক্তির মাধ্যমে তা প্রমাণ করলেও, মেঘের পরিণতরূপের ধারণাটি প্রাচীন সাহিত্য সংস্কৃতে পণ্ডিতব্যক্তিদের দ্বারা সমর্থিত হয়েছে, তা দৃষ্ট হয়।

তাছাড়া সংস্কৃতসাহিত্যে পদার্থবিজ্ঞান বিষয়ক আরো অনেক তথ্য আমরা পাই। বৈশেষিকদর্শন প্রণেতা কণাদ পরমাণুর স্বরূপবিষয়ে অস্পষ্ট ধারণা দিয়েছিলেন যা বিজ্ঞানের মাধ্যমে স্পষ্টতররূপ লাভ করে। কণাদমুনির মতে, ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ প্রভৃতি পদার্থ ক্ষুদ্র ক্ষুদ্র কণাসমন্বিত। তাই কোন পদার্থকে ক্রমাগত বিভাজন করতে থাকলে শেষপর্যন্ত যে কণাটি অবশিষ্ট থাকবে, সেই কণা আর বিভক্ত হবে না এবং সেই ক্ষুদ্রতম কণাটি হল 'পরমাণু' বা 'Atom'। যদিও প্রাচীনকালে গ্রীক ও ভারতীয় দার্শনিকগণ পরমাণুর অস্তিত্বকে নিশ্চয় করলেও তার কোন বিজ্ঞানসম্মত ব্যাখ্যা দিতে সমর্থ হন নি। কিন্তু 1808 খ্রীষ্টাব্দে John Dalton পরমাণুর স্বরূপ নির্ণয় বিষয়ে বৈজ্ঞানিকতত্ত্ব উপস্থাপিত করেন, যা 'ডালটনের পরমাণুবাদ' নামে অভিহিত হয়।

ডালটনের পরমাণুবাদ বিশ্লেষণ করলে দেখা যাবে, বিজ্ঞানে পরমাণুকে যেরূপ অবিভাজ্যরূপে উপস্থাপিত করা হয়েছে, সেরূপ বৈশেষিক দর্শনের প্রতিষ্ঠাতা কণাদ পরমাণুর অবিভাজ্যত্বকে স্বীকার করেছেন। তাছাড়া বিজ্ঞানের যে রাসায়নিক বিক্রিয়া বা chemical changes of atomic phenomena সম্মত হয়, তা বৈশেষিকদর্শনে 'পাক' নামে অভিহিত হয়। বৈশেষিকগণ পরমাণুতে পাক স্বীকার করায়, তাদের 'পীলুপাকবাদী' বলা হয়। কিন্তু নৈয়ায়িকরা দ্ব্যণুক প্রভৃতি অবয়বীতে পাক স্বীকার করায় তাদের 'পিঠরপাকবাদী' বলা হয়ে থাকে। এই বিষয়ে ভাষাপরিচ্ছেদগ্রন্থে বলা হয়েছে—

নৈয়ায়িকানান্তু নয়ে দ্ব্যণুকাদাবপীষ্যতে।
গণনাব্যবহারে তু হেতুঃ সংখ্যাভিধীয়তে।।[১৮]

যদিও পরবর্তিকালে বিজ্ঞান পরমাণুর বিভাজ্যত্বকে স্বীকার করেছে তথাপি বৈশেষিকদর্শনে পরমাণুর অবিভাজ্যত্ব প্রতিষ্ঠিত হয়েছে।

সুতরাং, পরমাণুবাদ বিষয়ে বৈজ্ঞানিক ও দার্শনিক যে যুক্তিগুলি প্রদত্ত হয়, তা থেকে বলা যায় যে, প্রাচীনকালে দার্শনিকগণ পরমাণুর অস্তিত্ব বিষয়ে কেবলমাত্র পর্যবেক্ষণ ও চিন্তার মাধ্যমে সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন। কিন্তু বিজ্ঞান দর্শনপ্রসূত সিদ্ধান্তগুলিকে পরীক্ষা ও গাণিতিক পদ্ধতিতে বিশ্লেষণ করতে সমর্থ হয়েছিল। অতএব, সংস্কৃতসাহিত্য তথা দর্শনেই পরমাণুবাদের বীজ রোপিত ছিল তা বলা যেতে পারে।

মনোবিজ্ঞানবিষয়ক তথ্য—সংস্কৃত সাহিত্যে মনোবিজ্ঞানবিষয়ক নানা তথ্য পাওয়া যায়। পতঞ্জলি যোগদর্শনে মানব মনস্তত্ত্বের বিভিন্ন দিকের উপর আলোকপাত করেছেন। যোগদর্শনে যোগ বলতে যে পাঁচটি চিত্তবৃত্তি আছে, যেমন—প্রমাণ, বিপর্য্যয়, বিকল্প, নিদ্রা ও স্মৃতি তার নিরোধকে বোঝায়। তাই পতঞ্জলি বলেছেন—**'যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ'**।[১৯] এখানে চিত্তবৃত্তির পাঁচটি ভাগের লক্ষণ এবং তাদের প্রকারকে ব্যাখ্যা করা হয়েছে। যেমন—পতঞ্জলি নিদ্রার তিনটি প্রকারকে নির্দেশ করেছেন যা মানুষ প্রায় প্রতিনিয়তই বাস্তবজীবনে অনুধাবন করে। তিনি বলেছেন—

'সা চ সম্প্রবোধে প্রত্যবমর্শাৎ প্রত্যয়বিশেষঃ। কথম্? সুখমহং অস্বাপ্সং প্রসন্নং মে মনঃ প্রজ্ঞাং মে বিশারদীকরোতি ; দুঃখমহম্ অস্বাপ্সং স্ত্যনিং মে মনঃ ভ্রমত্যনবস্থিতং, গাঢ়ং মূঢ়ঃ অহম্ অস্বাপ্সং গুরূণি মে গাত্রাণি ক্লান্তং মে চিত্তমলসং মুষিতমিব তিষ্ঠতীতি।'[২০]

তিনি এইভাবে তাঁর যোগদর্শনকে 'সমাধিপাদ', 'সাধনপাদ', 'বিভূতিপাদ' ও কৈবল্যপাদে বিভক্ত করে মানুষের মনস্তাত্ত্বিক বিষয়গুলির পরিপূর্ণ কারণসহ ব্যাখ্যা করেছেন।

যান্ত্রিক কলাকৌশলবিষয়ক তথ্য—প্রাচীনকালের পন্ডিতগণ বাতাস, জল, অগ্নি, তরলগতিবিজ্ঞান, তরলশক্তিবিজ্ঞান, লিভারপ্রযুক্তি প্রভৃতির সাহায্যে নানা যন্ত্রপাতি তৈরী করতে সমর্থ হয়েছিলেন। তৎকালীন সময়ে বিভিন্ন আচার্য—নারায়ণ, শৌনক, গর্গ প্রমুখেরা বায়ুযান পরীক্ষামূলকভাবে নির্মাণ করেন। ঋগ্বেদে (4.36.1), রামায়ণ, মহাভারতে বায়ুযান বা আকাশযানের কথা বলা হয়েছে। 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকে কালিদাস বলেছেন—

'ততঃ প্রবিশত্যাকাশযানেন রথাধিরূঢ়ো রাজা মাতালিশ্চ'।[২১]

এখানেও আকাশযানের দ্বারা দুষ্যন্তের ইন্দ্রালোকে যাত্রার কথা বলা হয়েছে।

এই আকাশযানকে পরবর্তী বিজ্ঞানের যুগে Aeroplane-এর অস্পষ্টরূপ বলে মনে করা যেতে পারে।

উপর্য্যুক্ত সমস্ত আলোচনা ও দৃষ্টান্তের মাধ্যমে এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, সংস্কৃত সাহিত্যে প্রাচীনকালে বিজ্ঞানচর্চা হত। তাছাড়া সংস্কৃতসাহিত্যে পন্ডিতদের দ্বারা যে বিজ্ঞানভিত্তিক বিষয়গুলি বীজাকারে সুপ্ত ছিল তা আধুনিকবিজ্ঞানের দ্বারা পরীক্ষিত ও গাণিতিক পদ্ধতিতে প্রমাণিত ও উন্নতরূপে প্রকাশিত হয়েছে। কিন্তু বিজ্ঞানচর্চাবিষয়ে সংস্কৃত সাহিত্যের অবদান অবশ্যই স্বীকার্য। মূলতঃ আমাদের বিজ্ঞানের উন্নতির ক্ষেত্রে প্রাচীনতম সংস্কৃতসাহিত্যের তথা প্রাচীনভারতে বিজ্ঞানর্চচাকে এবং বিজ্ঞানমনস্ক পন্ডিতদের বুদ্ধিদীপ্ত প্রতিভা অবশ্যই প্রশংসার দাবী রাখে। প্রাচীনকালে এই সমস্ত বিজ্ঞানবিষয়ক তথ্য স্পষ্টরূপে বা অস্পষ্টরূপে সৃষ্ট না হলে, আধুনিক সমাজ বিজ্ঞানের দ্বারা এত উন্নতির শিখরে পৌঁছতে সমর্থ হত না। অতএব, বিজ্ঞান ও প্রাচীন সংস্কৃত সাহিত্য উভয় বিষয়ই সমান তাৎপর্য্যপূর্ণ।

পাদটীকা

১। ঋগ্বেদ সংহিতা—১।১৫।৩
২। ঋগ্বেদ সংহিতা—১০।৮৫।২
৩। ঋগ্বেদ সংহিতা—১।২৫।৮
৪। মেঘদূতম্ (পূর্বমেঘ)—শ্লোক-১০
৫। মেঘদূতম্ (উত্তরমেঘ)—শ্লোক-২৬

৬। ঋগ্বেদ সংহিতা (রুদ্রসূক্ত)—২।৩৩।২
৭। অথর্ববেদ সংহিতা—৪।১২।৫
৮। অথর্ববেদ সংহিতা—৫।২২।২
৯। অথর্ববেদ সংহিতা—১।১।১
১০। অর্থশাস্ত্রম্—পৃষ্ঠা—৫-৬।
১১। নাট্যশাস্ত্রম্ (দ্বিতীয় অধ্যায়)—কারিকা—৮-১০
১২। নাট্যশাস্ত্রম্ (দ্বিতীয় অধ্যায়)—কারিকা-১২-১৩
১৩। মেঘদূতম্ (উত্তরমেঘ)—শ্লোক-৫
১৪। মেঘদূতম্ (উত্তরমেঘ)—শ্লোক ৫ (টীকা সঞ্জীবনী)
১৫। বৈদিক সংকলন (প্রথম ভাগ)—ইন্দ্রসূক্ত—২।১২।১৩
১৬। মেঘদূতম্ (পূর্বমেঘ)—শ্লোক-৫
১৭। বৈদিক সংকলন (দ্বিতীয়ভাগ)—বৃষ্টিসূক্ত—৪।১৫।৫
১৮। ভাষাপরিচ্ছেদ—কারিকা—১০৬, পৃষ্ঠা—৩৯
১৯। পাতঞ্জল দর্শন—সূত্র-২
২০। পাতঞ্জল দর্শন—সূত্র-১০, (ভাষ্য)-পৃষ্ঠা-২৫
২১। অভিজ্ঞানশকুন্তলম্ (সপ্তম অঙ্ক)—পৃষ্ঠা-৪৭৩

গ্রন্থপঞ্জী

১। অথর্ববেদসংহিতা (শৌনক)—সায়ণভাষ্যসহিত, বিশ্ববন্ধু সম্পাদিত, হোশিয়ারপুর, ১৯৬০-৬৪।
২। অভিজ্ঞানশকুন্তলম্—ডঃ সত্যনারায়ণ চক্রবর্তী সম্পাদিত, পঞ্চম সংস্করণ, সংস্কৃত পুস্তক ভান্ডার, কলকাতা, ২০০৩।
৩। ঋগ্বেদসংহিতা—সায়ণভাষ্যসহিত, ম্যাক্সমূলার কর্তৃক সম্পাদিত, ৩য় সংস্করণ, বারাণসী, ১৯৬৫।
৪। কৌটিলীয় অর্থশাস্ত্র—ডঃ মানবেন্দু বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅশোককুমার বন্দ্যোপাধ্যায় সম্পাদিত, দ্বিতীয় সংস্করণ, বলরাম প্রকাশনী, কলকাতা, ১৪১৬।
৫। পাতঞ্জল দর্শন—শ্রীপূর্ণচন্দ্র বেদান্তচুঞ্চু সাংখ্যভূষণ সাহিত্যাচার্য সম্পাদিত, পশ্চিমবঙ্গ রাজ্যপুস্তক পর্ষদ।
৬। ভরতনাট্যশাস্ত্র—ডঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় সম্পাদিত, (বঙ্গানুবাদ ডঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও ডঃ ছন্দা চক্রবর্তী), নবপত্র প্রকাশন, কলিকাতা-৭৩, ২০০৯।
৭। ভাষাপরিচ্ছেদ—শ্রী নিরঞ্জনস্বরূপ ব্রহ্মচারী বঙ্গভাষায় অনুবাদিত শ্রী রবীন্দ্রনাথ শাস্ত্রী সম্পাদিত, সংস্কৃত পুস্তক ভান্ডার, কলিকাতা, ২০০৭।
৮। মেঘদূত পরিচয়—পার্বতীচরণ ভট্টাচার্য্য সম্পাদিত, চতুর্থসংস্করণ, সংস্কৃত পুস্তক ভাণ্ডার, কলিকাতা-৬, আশ্বিন ১৩৮৯।
৯। বৈদিক সংকলন (প্রথম ও দ্বিতীয় খন্ড)—ডঃ ভবানী প্রসাদ ভট্টাচার্য্য ও ডঃ তারকনাথ অধিকারী সম্পাদিত, সংস্কৃত বুক ডিপো, ২০০৪।
১০। The History of Indian Literature (Eng. tr.)—Webes A., 2nd ed, 1882।

ভাষাপরিচ্ছেদ এবং তর্কসংগ্রহ : উভয়ের তুলনামূলক সংক্ষিপ্ত পর্যালোচনা

রমেন ভদ্র

ভূমিকা

ভাষাপরিচ্ছেদ গ্রন্থের রচয়িতা বলে প্রসিদ্ধ বিশ্বনাথ ন্যায়পঞ্চানন এবং তর্কদীপিকা সমেত 'তর্কসংগ্রহ'-এর রচয়িতা অন্নংভট্ট উভয়ই আনুমানিক খ্রীষ্টিয় সপ্তদশ শতাব্দীর দার্শনিক। এদের মধ্যে তর্কসংগ্রহকার যে অন্নংভট্ট এ বিষয়ে কোন বৈমত্য না থাকলেও বিশ্বনাথ ন্যায়পঞ্চানন ভাষাপরিচ্ছেদকার বা কারিকাবলীকার এবং তার উপর লেখা 'সিদ্ধান্তমুক্তাবলীর' সত্যি লেখক কিনা এবিষয়ে মতদ্বৈধ যথেষ্ট বর্তমান। পন্ডিত দীনেশ চন্দ্র ভট্টাচার্য বিশ্বনাথকে কারিকাবলীর রচয়িতা বলতে নারাজ হলেও অন্যান্য বহু পন্ডিত বিপরীত মতকে সমর্থন জানিয়েছেন। যাইহোক বিশ্বনাথ ন্যায়পঞ্চানন যে গৌতম অক্ষপাদ প্রণীত ন্যায়সূত্রের উপর একটি বৃত্তি রচনা করেছিলেন এই বিষয়ে সবাই একমত।[১] প্রসঙ্গত মনে করা চলে যে বারাণসী, চৌখাম্বা সিরিজ থেকে ১৯৫১ সালে প্রকাশিত কারিকাবলী ও মুক্তাবলীর শেষে বিশ্বনাথ ন্যায়পঞ্চাননকেই ভাষাপরিচ্ছেদকার রূপে চিহ্নিত করা হয়েছে। অনুমান করা যায় যে ঐ গ্রন্থের উপজীব্য পান্ডুলিপিতে 'ভাষাপরিচ্ছেদ' নামক গ্রন্থ এবং তার রচয়িতা হিসাবে বিশ্বনাথের উল্লেখ ছিল। 'ভাষাপরিচ্ছেদ' নামক গ্রন্থ এবং তার রচয়িতা হিসাবে বিশ্বনাথের উল্লেখ ছিল। 'ভাষাপরিচ্ছেদ' বা 'কারিকাবলীর' রচয়িতা সম্বন্ধে সন্দেহ থাকায় 'বিশ্বনাথ' নামের পরিবর্তে 'ভাষাপরিচ্ছেদকার' কথাটি ব্যবহার করতে চাই। অন্নংভট্ট অপর কোন ন্যায়গ্রন্থের রচয়িতারূপে প্রসিদ্ধি লাভ না করলেও কিছু কিছু মীমাংসা গ্রন্থের রচয়িতারূপে পরিচিত। ভাষাপরিচ্ছেদকার এবং তর্কসংগ্রহকার সংযুক্তন্যায়বৈশেষিক প্রস্থানের দার্শনিক। অর্থাৎ উভয় গ্রন্থই সংযুক্তন্যায়বৈশেষিক দৃষ্টিকোণ থেকে বিরচিত। মূলতঃ ন্যায় ও বৈশেষিক দুটি স্বতন্ত্র প্রস্থান ছিল। বৈশেষিক দর্শন প্রাচীনতর, সূত্রকার কণাদ খুব সম্ভব খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতকে আবির্ভূত হয়েছিলেন। অপরদিকে ন্যায়সূত্রের রচনা খ্রীষ্টজন্মের পরে। উভয় দর্শনের উদ্ভব সমানকালে না হলেও এদের সমানতন্ত্রতা অতিপ্রসিদ্ধ।

প্রমাণের সংখ্যা বিষয়ে বৈশেষিকদের সঙ্গে নৈয়ায়িকদের মতভেদ বর্তমান। নৈয়ায়িকরা প্রথম থেকেই প্রত্যক্ষ-অনুমান-উপমান-শব্দ ভেদে প্রমাণ চতুষ্টয়ের সমর্থক। অন্যদিকে বৌদ্ধদর্শনের ন্যায় বৈশেষিক দর্শনও দুরকম প্রমাণ স্বীকার করেছেন—প্রত্যক্ষ ও অনুমান। বৈশেষিকসূত্রে 'অনুমান' শব্দের পরিবর্তে লৈঙ্গিক নামটি ব্যবহৃত। লৈঙ্গিক কথার অর্থ লিঙ্গ থেকে সঞ্জাত জ্ঞান।[২]

ন্যায়বৈশেষিক দর্শনের অতিপ্রসিদ্ধ গ্রন্থদ্বয় 'ভাষাপরিচ্ছেদ' ও তর্কসংগ্রহ উভয় গ্রন্থের ক্ষেত্রে কিছু কিছু সাদৃশ্য দেখা গেলেও সব বিষয়ে তারা একমত তা নয়। বহু বিষয়ে দেখা যায় যে এদের কারোর কারোর বক্তব্যের সঙ্গে তর্কামৃতাদি গ্রন্থের পরিবেশিত বক্তব্য মিলে যায়। তবে মতবৈষম্য যতটুকু থাকুক না কেন উভয় গ্রন্থের দার্শনিকদ্বয়ের মতপার্থক্যের জায়গাগুলি তুলে ধরতে আগ্রহী হয়েছি। পদার্থের বিভাগ পর্ব থেকেই

উভয়ের বৈলক্ষণ্য প্রতিপাদিত হয়েছে, যদিও দুই গ্রন্থকারই সপ্তপদার্থবাদী এবং প্রমাণচতুষ্টয়বাদী। তবে দ্রব্য, গুণ প্রভৃতি প্রমেয় এবং প্রমার কারণ ও কারণ বিষয়ে এদের দুজনের মতবৈষম্যের জায়গাগুলি পর্যালোচনায় আমরা আগ্রহী। আমাদের আলোচ্য উভয় গ্রন্থই শুরু হয়েছে পদার্থের আলোচনা দিয়ে। আলোচনার ক্রম ও মোটামুটি একরকম। কিন্তু তফাৎ যে একদম নেই তা নয়। বিশেষতঃ দেখা যায় যে বৈশেষিক দর্শনের অন্যতম প্রবক্তা প্রশস্তপাদের অনুকরণে ভাষাপরিচ্ছেদকার বিভিন্ন পদার্থ দ্রব্যাদির পরস্পর সাধর্ম্য এবং বৈধর্ম্য নিরূপণের মাধ্যমে অগ্রসর হয়েছেন যা তর্কসংগ্রহে দেখা যায় না। দ্রব্যের আলোচনা প্রসঙ্গে দ্রব্য বিভাগের আলোচনায় অবতীর্ণ হয়ে আত্মবিষয়ক আলোচনায় ভাষাপরিচ্ছেদকার প্রবেশ করেছেন। আত্মার বিশেষগুণরূপে বুদ্ধির নিরূপণ করতে গিয়ে বিভিন্ন প্রমাণের আলোচনায় ব্যস্ত হয়েছেন। তর্কসংগ্রহকার কিন্তু প্রথমেই বিভিন্ন দ্রব্যের পর্যালোচনা করে গুণের আলোচনা প্রসঙ্গে বুদ্ধির আলোচনা করেছেন। আর সেই প্রসঙ্গেই এসেছে প্রমাণতত্ত্বের নিরূপণ।

তর্কসংগ্রহকার এবং ভাষাপরিচ্ছেদকারের আলোচনার পদ্ধতিগত কিছু পার্থক্য দেখা যায়। ভাষাপরিচ্ছেদকার অগ্রসর হয়েছেন প্রশস্তপাদপ্রবর্তিত সনাতন বৈশেষিক ঐতিহ্যের পথ ধরে। দ্রব্যাদি পদার্থের উল্লেখের পর পৃথিবী প্রভৃতি দ্রব্যের এবং তাদের সাধর্ম্যবৈধর্ম্য নিরূপণের পর অন্যান্য কিছু আলোচনায় অবতীর্ণ হয়েছেন। তর্কসংগ্রহকার কিন্তু এবিষয়ে কিছু স্বতন্ত্র পরিচয় রেখেছেন। তিনি এগিয়েছেন প্রকরণগত ভাবে। মূলতঃ তিনি বৈশেষিক সূত্রকার কণাদের দ্বারা প্রভাবিত। যাই হোক, আমরা ভাষাপরিচ্ছেদের পথ ধরেই পদার্থের আলোচনায় অগ্রসর হতে চাই। তাই সংক্ষেপে আলোচ্য কর্ম থেকে অভাব পর্যন্ত পদার্থগুলির আলোচনা করে, তারপর দ্রব্য ও গুণের আলাদা আলাদা আলোচনায় অগ্রসর হয়েছি। তাই আলোচনা হয়েছে নিম্নরূপভাবে—প্রথমতঃ পদার্থবিভাগ, দ্বিতীয়তঃ দ্রব্যবিভাগ, তৃতীয়তঃ গুণবিভাগ।

পদার্থবিভাগ

পদের অর্থ পদার্থ। ভাষাপরিচ্ছেদকার ও তর্কসংগ্রহকার পদার্থ বলতে উভয়ে বস্তুকেই বুঝিয়েছেন। তাই তাদের প্রকৃত দার্শনিক আলোচনা শুরু হয়েছে পদার্থবিভাগকে অবলম্বন করে। 'তর্কসংগ্রহ' নামের মধ্যেই ন্যায়বৈশেষিকের 'পদার্থ' আলোচনার সমর্থন লুকিয়ে রয়েছে। তর্ক্যন্তে ইতি তর্কাঃ, পদার্থাঃ তেষাং সংগ্রহঃ।[৩] তর্কদীপিকায় অন্নংভট্ট পদার্থ বিভাগের আলোচনা করতে গিয়েই যে অন্য আলোচনায় অবতীর্ণ হয়েছেন, তা নামকরণের মধ্যেই সুস্পষ্ট। বৈশেষিক দর্শনে সাতটি পদার্থের উল্লেখ রয়েছে—দ্রব্য, গুণ, কর্ম, সামান্য, বিশেষ, সমবায় ও অভাব। তবে কণাদের পদার্থোদ্দেশক সূত্রে কিন্তু অভাব পদার্থের উল্লেখ নেই। শিবাদিত্য মিশ্র ও উদয়নাচার্যের অনুসরণে সংযুক্ত ন্যায়বৈশেষিক দর্শন অভাবকে স্বতন্ত্র পদার্থ বলার পক্ষপাতী, শক্তি সাদৃশ্য সংখ্যা এই অতিরিক্ত পদার্থত্রয় প্রাভাকর মীমাংসায় স্বীকৃত হয়েছে। সিদ্ধান্তমুক্তাবলীতে বিস্তৃত আলোচনাপূর্বক শক্তি, সাদৃশ্যকে প্রত্যাখ্যান করা হয়েছে। তর্কদীপিকাতেও এই প্রসঙ্গে সংক্ষিপ্ত আলোচনা দেখা যায়।

দ্রব্য

বৈশেষিক দর্শনের প্রথম পদার্থ দ্রব্য। এই দ্রব্য নয় প্রকার—পৃথিবী, অপ্, তেজ, বায়ু, আকাশ, কাল, দিক, আত্মা, ও মন। তমঃ বা অন্ধকারকে অতিরিক্ত দশম দ্রব্যরূপে ভাট্টমীমাংসক এবং অদ্বৈতবাদীরা গ্রহণ করেছেন। কিন্তু বৈশেষিক দার্শনিকরা তাকে বলেছেন অভাবস্বরূপ। এই বক্তব্যের সমর্থন পাওয়া যায় তর্কদীপিকা এবং

সিদ্ধামুক্তাবলীতে। মুক্তাবলীকার অন্ধকারকে অতিরিক্ত দ্রব্য বললে অনন্ত অন্ধকারের, অনন্ত পরমাণু এবং অনন্ত প্রাগভাব এবং অনন্ত ধ্বংসাভাবের প্রসঙ্গ টেনে পূর্বপক্ষমতে গৌরব দোষ দেখিয়েছেন। অন্নংভট্ট কিন্তু অভিন্ন সিদ্ধান্তের অংশীদার হলেও যুক্তির বিস্তার ঘটিয়েছেন একটু অন্যভাবে। অন্ধকার আলোকের দ্বারা অসহকৃত চক্ষুর দ্বারা গ্রাহ্য। যেমনটি দেখা যায় আলোকাভাবের ক্ষেত্রে। এইরূপ পূর্বপক্ষ মতের যুক্তিকে অগ্রাহ্য করে তর্কদীপিকাতে ——কারের আলোকাভাবত্ব প্রতিপাদন করা হয়েছে। আলোকাভাব অভাব পদার্থের অন্তর্গত, তাই দ্রব্য নয়।

উল্লেখযোগ্য যে উভয় গ্রন্থকারের কেউই মূল গ্রন্থে দ্রব্যের কোন লক্ষণ প্রদান করেননি। সরাসরি চলে এসেছেন দ্রব্যবিভাগে। তবে অন্নঃভট্ট তর্কদীপিকাতে দ্রব্যের একাধিক লক্ষণের কথা বলেছেন। প্রথমটি হল— 'দ্রব্যত্বজাতিমত্ত্বং দ্রব্যত্বম্'। অন্যদিকে কারিকাবলী এবং মুক্তাবলীতে কোথাও দ্রব্যের লক্ষণ পাওয়া যায় না। তবে মুক্তাবলীকার যেভাবে দ্রব্যত্ব জাতি স্বীকারের পক্ষে যুক্তি প্রদান করেছেন তাতে মনে হয় যে দ্রব্যত্বজাতিমত্ত্বকেই তিনি দ্রব্যের লক্ষণরূপে গ্রহণ করেছেন। এজাতীয় প্রয়াস অবশ্য অন্নংভট্টের গ্রন্থে দৃষ্ট হয় নি। সুবর্ণকে অতিরিক্ত দ্রব্য বলা যাবে কিনা সে আলোচনা তর্কদীপিকাতে দেখা না গেলেও মুক্তাবলীতে তা লক্ষ্য করা যায়। দ্রব্যের আলোচনায় বলা হল যে তেজের আলোচনা প্রসঙ্গে সুবর্ণের আলোচনা করা হবে।

গুণ

এরপর প্রশস্তপাদের অনুসরণে চব্বিশ প্রকার গুণের উল্লেখ পাওয়া যায়। কারিকাবলীতে ধর্ম ও অধর্মকে স্বতন্ত্রভাবে উল্লেখ না করে উভয়কেই অদৃষ্ট নামের দ্বারা গ্রহণ করা হয়েছে। কিন্তু তাই বলে ঐ গ্রন্থকারের মতে গুণ তেইশ প্রকার নয়। ধর্ম ও অধর্ম পৃথক্ গুণ হওয়ায় শেষ পর্যন্ত তাঁর মতেও গুণের সংখ্যা চব্বিশ। উক্ত সমস্যার সম্মুখীন অন্নঃভট্টকে হতে হয় না। কারণ তিনি অদৃষ্টের উল্লেখের পরিবর্তে ধর্ম এবং অধর্মের উল্লেখ করে সরাসরি চব্বিশ প্রকার গুণের কথাই বলেছেন।

কর্ম

বৈশেষিক সম্মত কর্মের পঞ্চবিধত্ব উভয় গ্রন্থকারই অনুসরণ করেছেন। ভাষাপরিচ্ছেদে কর্মের কোন লক্ষণ বলা হয় নি। কেবল বিভাগের উল্লেখ করা হয়েছে। তবে মনে হয় 'কর্মত্বজাতিমত্ত্বং কর্মত্বম্'।—এধরনের জাতিঘটিত কোন লক্ষণ সম্ভবতঃ মুক্তাবলীকারের অভিমত ছিল। 'তর্কসংগ্রহ' কিন্তু চলনাত্মক কর্ম বলে কর্মের একটি বিধান করা হয়েছে। সম্ভবতঃ এই কারণেই ইংরাজীতে অনেক সময় কর্ম শব্দের Action বলে অনুবাদ না করে Motion বলা হয়, Motion আর Movement একই কথা। দুই গ্রন্থকারই পূর্বতন বৈশেষিক সম্মত পাঁচ প্রকার কর্মে বিশ্বাসী। কিন্তু উৎক্ষেপণাদি কর্মভেদের যে লক্ষণ তর্কসংগ্রহ গ্রন্থে দেওয়া হয়েছে তা মুক্তাবলীতে প্রদত্ত লক্ষণের তুলনায় সরল এবং বিবৃত বলে মনে হল। তর্কসংগ্রহকার ফলভেদে কর্মভেদের দিকে নজর রেখে কর্মভেদ বিবৃত করেছেন। উভয় গ্রন্থকারই গমনকে উৎপেক্ষণ থেকে প্রসারণ পর্যন্ত চতুর্বিধ কর্মের অতিরিক্ত সব কর্মের অন্তর্ভাব বলে গ্রহণ করেছেন। ফলে ভ্রমণাদির অতিরিক্ত কর্মত্ব স্বীকার করে পঞ্চাতিরিক্ত কর্মভেদ স্বীকারের প্রয়োজনও তাঁরা অনুভব করেন নি। এব্যাপারে পথপ্রদর্শক স্বয়ং কণাদ। (বৈশেষিক সূত্র)।

সামান্য

আলোচ্য দুটি উৎস গ্রন্থেই চতুর্থ পদার্থ সামান্যের বিভাগের বাইরে সরাসরি লক্ষণের উল্লেখ নেই, ভেদের উল্লেখ রয়েছে। কিন্তু তর্কসংগ্রহের শেষাংশে সামান্যের আলোচনা প্রসঙ্গে সামান্যের একটি লক্ষণ মূল গ্রন্থেই উক্ত হয়েছে। লক্ষণটি হল—'নিত্যম্ একম্ অনেকানুগতং সামান্যম্'। যার আক্ষরিক অর্থ এই যে, যে নিত্য, এক এবং যে একাধিক বস্তুতে বা ব্যক্তিতে অনুগত অর্থাৎ সমানভাবে বর্তমান তাকেই সামান্য বলে। তবে সিদ্ধান্তমুক্তাবলীরকার টীকায় সম্পূর্ণ একটি সামান্যলক্ষণ একবারে প্রদান করলেন—'নিত্যত্বে সতি অনেকসমবেতত্বম্।' অর্থাৎ যে নিত্য এবং একাধিক ব্যক্তিতে সমবায় সম্বন্ধে বর্তমান থাকে তাই সামান্য। তর্কসংগ্রহে বলা হয়েছে যে সামান্য দ্রব্য, গুণ ও কর্মে বর্তমান থাকে। ভাষাপরিচ্ছেদে এরকম কোন কথা না থাকলেও মুক্তাবলীতে যেভাবে বিভিন্ন জাতিবাধকের আলোচনা করা হয়েছে তা থেকে বোঝা যায় যে গ্রন্থকারের মতেও সামান্য পদার্থ কেবল দ্রব্য, গুণ, ও কর্ম পদার্থেই থাকতে পারে। প্রাচীন বৈশেষিকদের অনুকরণে তর্কসংগ্রহকার সামান্যের দ্বৈবিধ্য মেনেছেন। একটি হল পরসামান্য, আর একটি অপরসামান্য। তর্কসংগ্রহকার দুই প্রকার সামান্যের উল্লেখ করলেও 'ভাষাপরিচ্ছেদে' বিশ্বনাথ তৃতীয়প্রকার সামান্যের উল্লেখের পক্ষে। এই প্রসঙ্গে নবন্যন্যায়ের অন্যতম পুরোধা জগদীশ তর্কালঙ্কারের 'তর্কামৃত' গ্রন্থটি দ্রষ্টব্য। ঐ গ্রন্থে পরিষ্কার পর, অপর এবং পরাপর ঐ তিন প্রকার সামান্যের উল্লেখ করা হয়েছে। ভাষাপরিচ্ছেদকার অবশ্য উদাহরণের মাধ্যমে পরাপর সামান্যের উল্লেখ করেছেন।

বিশেষ

বিশেষ পদার্থের আলোচনা উভয় গ্রন্থেই সংক্ষিপ্ত। তর্কসংগ্রহে বিশেষের লক্ষণে বলা হল—'নিত্যদ্রব্যবৃত্তয়ো ব্যাবর্তকা বিশেষাঃ'। অর্থাৎ নিত্যদ্রব্যে বর্তমান ব্যাবর্ত্তক বা ভেদক ধর্মই বিশেষ। ভাষাপরিচ্ছেদে এই লক্ষণটি অনেক বেশি ইঙ্গিতপূর্ণ। সেখানে বলা হল—'অন্ত্যো নিত্যদ্রব্যবৃত্তির্বিশেষঃ পরিকীর্তিতঃ'। ভাষাপরিচ্ছেদের লক্ষণে 'ব্যাবর্তক' শব্দের উল্লেখ নেই। যেহেতু সেই ব্যাবর্ত্তকত্ব 'বিশেষ' নাম থেকে বোঝা যায়।

সমবায়

'ভাষাপরিচ্ছেদকার' ও 'তর্কসংগ্রহকার' উভয়েই সমবায় কোথায় কোথায় হয় তার উল্লেখ করেছেন। পার্থক্য এখানেই যে ভাষাপরিচ্ছেদে এরা সূচিত হয়েছে উদাহরণ মুখে যা তর্কসংগ্রহে বিধৃত নয়। উভয় গ্রন্থকারই সমবায়কে অযুতসিদ্ধবৃত্তি ব'লে সমবায়কে অতিরিক্ত একটি বিশেষণে বিশেষিত করা হয়েছে। প্রশস্তপাদের মতে অযুতসিদ্ধ এবং আধার্য ও আধার স্বরূপ সম্বন্ধীদের যে সম্বন্ধ 'ইহ প্রত্যয়' অর্থাৎ 'এখানে এটা' এরকম বুদ্ধির কারণ, তাকে সমবায় বলা হয়। তাই তর্কসংগ্রহে অযুতসিদ্ধ শব্দের অর্থ করা হল যে দুটির মধ্যে একটা বিনাশভিন্ন অবস্থায় অপরটিকে অবশ্য আশ্রয় করে থাকে তারা অযুতসিদ্ধ। যেমন—অবয়ব ও অবয়বী, গুণ ও গুণী দ্রব্য, জাতি ও তার আশ্রয়ব্যক্তি দ্রব্যকে অযুতসিদ্ধ বলে ধরা যায়। তবে উভয় গ্রন্থকারই সমবায় স্বীকারের পক্ষে অনুমান প্রমাণ উপস্থাপিত করেছেন। তর্কসংগ্রহে অনুমানটি উদাহরণমুখে হলেও প্রতিপাদ্য বিষয়ের দিকে থেকে কোন গ্রন্থকারের মতপার্থক্য দৃষ্ট হয় না।

অভাব

অভাব ন্যায়বৈশেষিক যুক্তপ্রস্থানের মতে সপ্তম পদার্থ। ভাষাপরিচ্ছেদ এবং তর্কসংগ্রহ কোন গ্রন্থেই অভাবের সামান্যলক্ষণ নিরূপিত হয় নি। তর্কসংগ্রহের শেষ দিকে পূর্বকথিত অভাব ভেদগুলির লক্ষণ অর্থাৎ বিশেষ লক্ষণগুলি আলোচিত হয়েছে। ভাষাপরিচ্ছেদকার কারিকায় অভাবের কোন লক্ষণ না বলেও মুক্তাবলীতে অভাবসামান্যের লক্ষণ প্রদান করেছেন। তা হল 'দ্রব্যাদিষট্কান্যোন্যাভাববত্ত্বম্'। এর কারণ হল 'ভাবভিন্নত্বম্ অভাবত্বম্'—এই প্রচলিত লক্ষণে অতিব্যাপ্তি পরিহারের উদ্দেশ্যে।

অভাববিভাগের পদ্ধতিতে উভয়ের কিছু পার্থক্য দেখা যায়। ভাষাপরিচ্ছেদকার বলেছেন অভাব দু প্রকার-সংসর্গাভাব ও অন্যোন্যাভাব। পরে তিনি সংসর্গাভাবের তিনটি ভেদ দেখিয়েছেন। প্রাগভাব, ধ্বংসাভাব, এবং অত্যন্তাভাব। শেষ পর্যন্ত দাঁড়ায় অভাব চার প্রকার। তর্কসংগ্রহে এই ভাবে অভাবের ভেদ না দেখিয়ে সরাসরি বলা হল অভাব চার প্রকার—প্রাগভাব, ধ্বংসাভাব, অন্যোন্যাভাব এবং অত্যন্তাভাব। তর্কসংগ্রহে বিশেষলক্ষণগুলি নিরূপিত হলেও কারিকাবলীতে সেগুলি নিরূপিত হয়নি। নিরূপিত হয়েছে মুক্তাবলীতে। মুক্তাবলী এবং তর্কদীপিকা উভয় টীকাতে বলা হয়েছে যে অন্যোন্যাভাব হল এমন অভাব যার প্রতিযোগিতা তাদাত্ম্য সম্বন্ধ বা অভেদ সম্বন্ধের দ্বারা অবচ্ছিন্ন বা নিয়মিত হয়। উভয় গ্রন্থকারই স্বরচিত টীকায় অভাব সংক্রান্ত বিভিন্ন আলোচনায় অবতীর্ণ হয়েছেন।

দ্রব্যবিভাগ

পদার্থগুলির মধ্যে প্রথম হল দ্রব্য। ভাষাপরিচ্ছেদকার প্রতিটি দ্রব্যের স্বতন্ত্র লক্ষণ নিয়ে মাথা ঘামাননি, কোন দ্রব্যের কী কী গুণ তার উল্লেখ করেছেন। কিন্তু তর্কসংগ্রহকার প্রকরণগত দিক থেকে অগ্রসর হয়ে প্রতিটি দ্রব্যের যে অসাধারণ ধর্ম তার অবলম্বনে প্রথমে লক্ষণের নিরূপণ করেছেন, তারপর বিভাগের।

পৃথিবী

ন্যায়বৈশেষিক স্বীকৃত নয়টি দ্রব্যের মধ্যে পৃথিবী একটি দ্রব্য। এই পৃথিবীর লক্ষণ দেবার সময় অন্নংভট্ট পৃথিবীর অসাধারণ গুণের উল্লেখপূর্বক বলেছেন—'গন্ধবতী পৃথিবী'। ভাষাপরিচ্ছেদকার কিন্তু কেবল গন্ধ নয়, সেই গন্ধের সৌরভ ও অসৌরভ ভেদে দ্বিবিধ বলেছেন। তাছাড়া মধুর, কটু, কষায়, তিক্ত, অম্ল, এবং লবণ ভেদে ছয় প্রকার রস, তার অনুষ্ণাশীত পাকজ স্পর্শ এবং শুক্ল, নীল, রক্ত, পীত, হরিত, কপিশ, কর্বূর বা চিত্র ভেদে সপ্তবিধ রূপের উল্লেখ করেছেন, যাদের পৃথিবী বা পার্থিব দ্রব্যে দেখা যায়। তবে পৃথিবী যে পরমাণুরূপ হলে নিত্য এবং পরমাণুর দ্ব্যণকাদিক্রমে পরস্পর সংযোগের ফলে কার্য বা অনিত্য। এই দ্বিবিধ ভেদ উভয়ত্র আলোচিত হয়েছে।

অপ্

অপ্ বা জলের ক্ষেত্রেও তর্কসংগহের আলোচনা লক্ষণ দিয়ে শুরু হয়েছে। শীতস্পর্শ জলের অসাধারণ ধর্ম। তাই ঐ লক্ষণ অন্য কোথাও অতিব্যাপ্ত হয় না। জলও পরমাণুরূপ হলে নিত্য। পরমাণু প্রভৃতির দ্বারা সংঘটিত হলে কার্য এবং অনিত্য। বিষয় ভেদে ত্রিবিধ হতে পারে। ভাষাপরিচ্ছেদকার জলের সাধারণ অসাধারণ

নির্বিশেষে সমস্ত গুণের উল্লেখ করে তার রূপ শুক্ল, রস মধুর এবং স্পর্শ শীতল। এছাড়া জলের আর দুটি অসাধারণ গুণ হল স্নেহ আর স্বাভাবিক দ্রবত্ব।

তেজ

তর্কসংগ্রহে তেজের উষ্ণাস্পর্শবত্তাকে তার লক্ষণরূপে উপস্থাপিত করা হয়েছে। সঙ্গে সঙ্গে পরমাণুরূপ নিত্যতা এবং সাবয়ব তেজের অনিত্যতা ও অনিত্য তেজের শরীর-ইন্দ্রিয়-বিষয়ভেদে ত্রৈবিধ্য নিরূপিত হয়েছে। অন্যদিকে ভাষাপরিচ্ছেদে তেজের উষ্ণস্পর্শ শুক্লভাবস্বরূপ এবং নৈমিত্তিক দ্রবত্বের উল্লেখ রয়েছে। এই দ্রবত্ব যেমন তৈজস দ্রব্য সুবর্ণাদিতে তেমন ঘৃতাদি পার্থিব দ্রব্যে থাকায় তেজের অসাধারণ ধর্মের উল্লেখ আবশ্যক। সুবর্ণের তৈজসত্ব কীভাবে সম্ভব এই আলোচনা মুক্তাবলী এবং তর্কদীপিকা উভয় গ্রন্থেই পাওয়া যায়। উভয়ত্র প্রায় একই অনুমান উপস্থাপিত হয়েছে। মুক্তাবলীতে বলা হয়েছে—সুবর্ণ তৈজস। যেহেতু প্রতিবন্ধক না থাকলে অত্যন্ত অনলসংযোগে উচ্ছিন্ন হয় না এমন জন্য অর্থাৎ কার্য দ্রব্য। অন্বয়মুখে দৃষ্টান্ত অর্থাৎ সাধর্ম্য দৃষ্টান্ত উপস্থাপিত না করলেও ব্যতিরেকমুখে বৈধর্ম্য দৃষ্টান্ত উপস্থাপিত করা হয়েছে মুক্তাবলীতে। সুবর্ণের দ্রবত্ব বিনষ্ট না হওয়ায় সুবর্ণ পার্থিব দ্রব্য নয়। তর্কদীপিকায় সুবর্ণের পার্থিবত্বের অভাব প্রাঞ্জলভাবে দেখানো হয়েছে। জলের দ্রবত্ব স্বাভাবিক হলেও পার্থিব এবং তৈজস দ্রবত্ব অগ্নিসংযোগাদি নিমিত্তের দ্বারা আহিত হয়। এদের মধ্যে পার্থিব দ্রব্য ঘৃতাদির যে দ্রবত্ব তার প্রতিবন্ধকের অভাবে বিনাশ দেখা যায়। প্রতিবন্ধক থাকলে এই বিনাশ হয় না। তাই জলমধ্যস্থ ঘৃতের দ্রবত্ব বিনাশ অত্যন্ত অগ্নি সংযোগেও দৃষ্ট হয় না। ফলতঃ দাঁড়ায় প্রতিবন্ধক না থাকলে পার্থিব কার্য দ্রব্যের দ্রবত্ব বিনাশ অগ্নিসংযোগের দ্বারা সম্ভব। কিন্তু প্রতিবন্ধকের অভাবে অত্যন্ত অগ্নিসংযোগেও দৃষ্ট হয় না। ফলতঃ দাঁড়ায় প্রতিবন্ধক না থাকলে পার্থিব কার্য দ্রব্যের দ্রবত্ব বিনাশ অগ্নিসংযোগের দ্বারা সম্ভব। কিন্তু প্রতিবন্ধকের অভাবে অত্যন্ত অগ্নিসংযোগ সত্ত্বেও সুবর্ণের দ্রবত্ব বিনষ্ট হয় না বলে সে পার্থিব নয়। পরিশেষে তাকে তৈজস দ্রব্য বলতে হয়।

বায়ু

চতুর্থ দ্রব্য বায়ু। তর্কসংগ্রহকারের মতে তার লক্ষণ হল—'রূপরহিতস্পর্শবান্ বায়ুঃ'। রূপরহিত বিশেষণের দ্বারা রূপসহিত স্পর্শের অধিকরণ পৃথিবী জল ও তেজের ব্যাবৃত্তি ও ঘটে। অন্যদিকে স্পর্শ থাকার জন্য আকাশাদি পঞ্চদ্রব্যে অতিব্যাপ্তি হয় না। ভাষাপরিচ্ছেদে বলা হয়েছে বায়ুর অনুষ্ণ স্পর্শ অশীতও। কিন্তু সেটা অপাকজ। পৃথিবীর অনুষ্ণ অশীত স্পর্শ, কিন্তু পাক বা অগ্নিসংযোগের দ্বারা উৎপন্ন। ভাষাপরিচ্ছেদে বায়ুর আর একটা ধর্মের উল্লেখ রয়েছে, সেটা হল তির্যগ্ গমন। অর্থাৎ তার গতি নানা দিকে হতে পারে। ভাষাপরিচ্ছেদে এবং তর্কসংগ্রহ এই উভয় গ্রন্থে লেখকের স্বরচিত টীকায় কার্য তেজ এবং বায়ুর শরীর-ইন্দ্রিয়-বিষয় ভেদে ত্রৈবিধ্যের বিবরণ রয়েছে। পৃথিবী, জল, তেজ এরা বহিরিন্দ্রিয়গ্রাহ্য হলেও বৈশেষিক মতে বায়ু প্রত্যক্ষ নয়, স্পর্শাদি গুণের দ্বারা অনুমেয়।[৪] ভাষাপরিচ্ছেদে বলা হল স্পর্শাদিলিঙ্গ। ভাষাপরিচ্ছেদকার পুরোপুরি বৈশেষিক ঐতিহ্যকে অনুসরণ করেছেন।[৫]

আকাশ

আকাশের বিশেষগুণ শব্দকে সামনে রেখে তর্কসংগ্রহে লক্ষণ বলা হল 'শব্দগুণমাকাশম্'। ভাষাপরিচ্ছেদে

কিন্তু লক্ষণের আকারে না বলে অন্য ভাবে জানিয়ে দেওয়া হল যে শব্দ আকাশের বিশেষ গুণ। মুক্তাবলীতে প্রথমে শব্দের গুণত্ব পরে শব্দের দ্রব্যসমবেতত্ব আর পরিশেষে শব্দের আকাশগুণত্ব ক্রমে ক্রমে সাধন করা হয়েছে। তর্কসংগ্রহে কেবল আকাশকে 'এক' বিভু ও নিত্য বলে ছেড়ে দেওয়া হয়েছে।

কাল ও দিক্

কাল ও দিক এই দুই প্রকার দ্রব্য নিরূপণের ক্ষেত্রে অন্নংভট্টের অবস্থান সংক্ষিপ্ততর। অন্নংভট্ট লোকব্যবহারের দিকে তাকিয়ে কালের লক্ষণ বিধান করেছেন। লোকে অতীত, বর্তমান, ভবিষ্যৎ প্রভৃতির ব্যবহার দেখা যায়। সেই সব লোকপ্রসিদ্ধব্যবহার বা অনুভবের আলম্বন অর্থাৎ অবলম্বন বস্তুরূপে কাল স্বীকার্য। তাই তর্কসংগ্রহে বলা হল 'অতীতাদিব্যবহারহেতুঃ কালঃ'। দীপিকায় বলা হয়েছে যে, এই কাল সমস্ত কার্যের প্রতি নিমিত্ত কারণ। ভাষাপরিচ্ছেদেও ধ্বনিত হল একই বক্তব্য—'জন্যানাং জনকঃ কালঃ'। শুধু অতীতাদি ব্যবহারের হেতু নয়। পর এবং অপর অর্থাৎ পরে ও আগে এই ভাবে যে পরত্ব এবং অপরত্বের জ্ঞান হয় তারও আলম্বন হচ্ছে কাল। এই কাল এক, বিভু এবং নিত্য।

কালের পর নিরূপণ হচ্ছে দিকের। লোকে যে পূর্ব দিক্ পশ্চিম ইত্যাদি ব্যবহার দৃষ্ট হয় তার অবলম্বন হেতুরূপে দিক্ নামে অতিরিক্ত দ্রব্য স্বীকার করতে হয়। এই দিক্‌ও নায়বৈশেষিক মতে এক এবং নিত্য। কাছে, দূরে এই আকারে অপরত্ব এবং পরত্বের জ্ঞান জন্মায়, তার মূলে ও দিক বর্তমান। দিক্‌কেও সমস্তকার্যের সাধারণ নিমিত্তকারণ ধরা হয়েছে।

আত্মা

আত্মা কী জাতীয় দ্রব্য এবং আত্মার অস্তিত্বের সমর্থনে যে অনুমান অর্থাৎ লক্ষণ এবং প্রমাণকে একসঙ্গে নিয়ে ভাষাপরিচ্ছেদে বলা হয়েছে—'আত্মেন্দ্রিয়াদ্যধিষ্ঠাতা করণং হি সকর্তৃকম্'। প্রশস্তপাদভাষ্যাদি গ্রন্থে আত্মপ্রসাধক যে অনুমান দৃষ্ট হয় তা' এখানে সূচিত হয়েছে। দেখা যায় যা কিছু করণ সে একজন কর্তার দ্বারা প্রযুক্ত হয়।[৬] যেমন রথ প্রযুক্ত হয় সারথির দ্বারা, কুঠার প্রযুক্ত হয় ছেদকের দ্বারা। অতএব চক্ষুরাদি ইন্দ্রিয়ের একজন প্রযোজক থাকবে সে হল আত্মা। আত্মা বিভু এবং নিষ্ক্রীয় হওয়ায় তাকে কর্তা না বলে অধিষ্ঠাতা বলাই সমীচীন। তবে তর্কসংগ্রহে আত্মার লক্ষণে বলা হয়েছে যে—'জ্ঞানাধিকরণমাত্মা'। জ্ঞান বা বুদ্ধির আশ্রয় যে সে হল আত্মানামক দ্রব্য। তর্কসংগ্রহে উক্ত লক্ষণটি আত্মার প্রসাধক ন্যায়সূত্রকে মনে করিয়ে দেয় যে সূত্রে জ্ঞান ইচ্ছা প্রভৃতিকে আত্মার লিঙ্গ বলে নির্দেশ করা হয়েছে।[৭] তর্কসংগ্রহে আত্মার দ্বৈবিধ্যের কথা বলা হয়েছে—জীবাত্মা ও পরমাত্মা। পরমাত্মা হলেন সর্বজ্ঞ সর্বশক্তিমান যাকে ঈশ্বর বলা হয়। তর্কদীপিকায় ঈশ্বরের লক্ষণে বলা হয়েছে—'নিত্যজ্ঞানাধিকরণত্বম্ ঈশ্বরত্বম্'। আবার জীবের লক্ষণে বলা হয়েছে—'সুখাদ্যাশ্রয়ত্বং জীবত্বম্'। সুখাদির আশ্রয়কে জীব বলে। এখন প্রশ্ন হল যে ঈশ্বর বা পরমাত্মার অস্তিত্বের প্রমাণ কী? ঈশ্বর বা পরমাত্মা রূপহীন দ্রব্য বলে তা চক্ষুরাদি বহিরিন্দ্রিয়ের দ্বারা প্রত্যক্ষ নয়। সুখাদিভিন্ন হওয়ায় অন্তরিন্দ্রিয় মনের দ্বারাও তার প্রত্যক্ষ স্বীকার করা যায় না। তাই পরিশেষে বলা হল—ক্ষিত্যঙ্কুরাদিকং কর্তৃজন্যং কার্যত্বাৎ ঘটবৎ।' এই প্রসঙ্গে স্মরণীয় এই যে উক্ত অনুমানটি কুসুমাঞ্জলিতে সুসম্পন্নরূপে উপস্থাপিত হলেও ন্যায়সূত্রে এবং তার বিভিন্ন ব্যাখ্যাগ্রন্থে এর বীজ নিহিত রয়েছে।

জীবাত্মার স্বরূপ নিয়ে প্রাচীন কাল থেকে বহু বিতর্ক রয়েছে। জড়বাদী চার্বাক মতে শরীরই আত্মা।

চার্বাকের এই মতটাই শরীরাত্মবাদ বা দেহাত্মবাদ কিংবা ভূতাত্মবাদরূপে পরিচিত। কুসুমাঞ্জলির সূত্র ধরে তর্কদীপিকায় দেহাত্মবাদ খন্ডিত হয়েছে। শরীরাত্মবাদের খন্ডন অন্নংভট্টের টীকায় উপস্থাপিত হলেও ভাষাপরিচ্ছেদের কারিকাতেও উক্ত মতের খন্ডন দেখা যায়।

আত্মার আলোচনা মুক্তাবলীতে বিস্তৃততর। সেখানে যোগাচার বৌদ্ধাদি মতানুসারে বিজ্ঞানাত্মবাদকে বিবৃত করে খন্ডন করা হয়েছে। এমনকি সাংখ্যসম্মত পুরুষাত্মবাদও মুক্তাবলীতে খন্ডন করা হয়েছে। ভাষাপরিচ্ছেদকার আত্মার স্বরূপ আলোচনার পরেই চলে গেছেন তার গুণের আলোচনায়।

আত্মার বিশেষগুণের মধ্যে প্রথমেই হল বুদ্ধি বা জ্ঞান, যে গুণটি জীবাত্মা বা পরমাত্মা উভয়ত্রই বর্তমান। বুদ্ধি বা জ্ঞানের প্রতিটি বিভাগ নিয়ে ভাষাপরিচ্ছেদকার ও অন্নংভট্টের মধ্যে তীব্র পার্থক্য লক্ষ্য করা যায়। অন্নংভট্ট সমস্ত দ্রব্যের লক্ষণ আলোচনার পরে পর পর গুণের আলোচনা ক'রে ক্রমশ বুদ্ধির আলোচনায় অবতীর্ণ হয়েছেন।

মন

ভাষাপরিচ্ছেদকার আত্মার আলোচনা প্রসঙ্গে তাঁর প্রথম বিশেষ গুণ বুদ্ধির বিশ্লেষণের পরে চলে এসেছেন নবম দ্রব্য মনের আলোচনায়। ভাষাপরিচ্ছেদ প্রদত্ত লক্ষণ তর্কসংগ্রহ প্রদত্ত লক্ষণের অনুরূপ। কিন্তু যে ভাবে দুই গ্রন্থকার মনের অণুত্ব সাধন করেছেন তা সম্পূর্ণ ভিন্ন। ন্যায়সূত্রে মনের অস্তিত্বের সাধক সূত্রটি হল 'যুগপজ্ জ্ঞানানুৎপত্তির্মনসো লিঙ্গম্' যুগপজ্ একাধিক জ্ঞানের যে উৎপত্তি হয় না তা ন্যায়মতে মনের অস্তিত্বের জ্ঞাপক্। ভাষাপরিচ্ছেদকার দেখিয়েছেন যে উক্তযুক্তির দ্বারা মনের অণুত্ব সাধিত হয়। চক্ষুরাদি নানা ইন্দ্রিয়ের সঙ্গে রূপাদি বিভিন্ন বিষয়ের যুগপৎ একাধিক চাক্ষুষাদি প্রত্যক্ষ জ্ঞান উৎপন্ন হয় না। এখন প্রশ্ন হল মনের পরিমাণ কী হবে—মহৎ নাকি মধ্যম পরিমাণ। যেহেতু মধ্যম পরিমাণ দ্রব্যগুলি সবই অনিত্য। তাহলে জিজ্ঞাসা—নিত্য দ্রব্য মন বিভু না অণু, যে যুক্তির দ্বারা মনের অস্তিত্ব প্রমাণিত হয়ে সেই একই যুক্তির দ্বারা মনের বিভুত্বকে খন্ডন করা যায়। পরিশেষে মন অণু অর্থাৎ পরমাণুপরিমাণ এই সিদ্ধান্তে পৌছানো যায়। তর্কসংগ্রহে মনের অণুত্ব তুলনামূলক ভাবে অপেক্ষাকৃত কৃত্রিম যুক্তি নির্ভর প্রমাণের দ্বারা সাধিত হয়েছে।

গুণের বিভাগ

অন্তিম দ্রব্য মনের আলোচনার পরে উভয় দার্শনিকই গুণের আলোচনায় প্রবৃত্ত হয়েছেন। অন্নংভট্ট গুণের কোন সামান্য লক্ষণ প্রদান করেননি। ভাষাপরিচ্ছেদে কিন্তু গুণের কতগুলি সাধারণ বৈশিষ্ট্যের উল্লেখ রয়েছে। মুক্তাবলীতে গুণত্বজাতিঘটিত একটি লক্ষণ—'গুণত্বজাতিমান্ গুণঃ' সূচিত হয়েছে। বলা হয়েছে—দ্রব্য এবং কর্ম থেকে ভিন্ন সামান্যের যা আশ্রয় দ্রব্য তন্নিষ্ঠ কারণতা একটি ধর্মের দ্বারা অবচ্ছিন্ন বা নিয়মিত হবে, সেই ধর্মটিই হল গুণত্ব জাতি। গুণত্ব জাতির আশ্রয় বস্তু হল গুণ।

গুণের বিভাগ নিয়ে ভাষাপরিচ্ছেদকার প্রশস্তপাদের অনুসরণে বিভিন্ন দিক দিয়ে গুণের বিভাগ নিরূপণ করেছেন যার অধিকাংশ তর্কসংগ্রহ বা তর্কদীপিকায় করা হয় নি। প্রথমে যে গুণগুলি একটি দ্রব্যকে আশ্রয় করে এবং যারা একাধিক দ্রব্যকে আশ্রয় করে তাদের পার্থক্য ভাষাপরিচ্ছেদে দেখানো হয়েছে। রূপ, রস একটি দ্রব্যকে আশ্রয় করে থাকতে পারে। ঘটের রূপ তার অবস্থানের জন্য কেবল ঘটেরই অপেক্ষা রাখে অন্য কোন দ্রব্যের অপেক্ষা রাখে না। রূপের পাশাপাশি রস, স্পর্শ, পরত্ব, অপরত্ব, স্নেহ, বেগ এবং স্থিতিস্থাপক কেবল

মূর্ত অর্থাৎ ক্রিয়াবান দ্রব্যকেই আশ্রয় করে থাকে। অন্যদিকে ধর্ম, অধর্ম, ভাবনা, শব্দ, বুদ্ধি, ইচ্ছা, দ্বেষ, বিদ্বেষ, প্রযত্ন, কৃতি, ভাবনা নামক সংস্কার এবং ধর্ম ও অধর্মরূপ অদৃষ্ট অমূর্ত দ্রব্যেই আশ্রিত। এরপর ভাষাপরিচ্ছেদকার অবতীর্ণ হয়েছেন বৈশেষিক বা বিশেষগুণ এবং সামান্যগুণের ভেদ বিষয়ে।

প্রত্যেকটি গুণের স্বতন্ত্রভাবে আলোচনা ভাষাপরিচ্ছেদে করা হয়েছে। তর্কসংগ্রহেও একই জিনিস দেখা যায়, সেখানে প্রত্যেকটি গুণের লক্ষণ এবং আশ্রয় নির্দেশ করা হয়েছে।

রূপ

ভাষাপরিচ্ছেদ ও তর্কসংগ্রহ উভয় গ্রন্থে কেবল চক্ষুরিন্দ্রিয়ের দ্বারা গৃহীত গুণকে রূপ বলা হয়েছে। তবে তর্কসংগ্রহের লক্ষণে 'মাত্র' কথাটি অতিরিক্ত যোগ করা হয়েছে। ফলে সংখ্যাদি গুণ চক্ষুর্গ্রাহ্য হওয়া সত্ত্বেও কেবল চক্ষুর দ্বারা গ্রাহ্য ব'লে সেখানে অতিব্যাপ্তি নিবারিত হয়। এইরূপ শুক্ল, নীল, পীত, রক্ত, হরিত, কপিশ, এবং চিত্র ভেদে রূপ সপ্তবিধ। সাতরকম রূপ দেখা যায় পার্থিব বস্তুতে। ন্যায় বৈশেষিক মতে জলের রূপ অনুজ্বল শুক্ল এবং তেজের রং উজ্জ্বল শুক্ল। চিত্ররূপকে স্বতন্ত্র রূপভেদ হিসাবে গ্রহণ করার পশ্চাতে নৈয়ায়িক এবং বৈশেষিকরা যুক্তি দিয়েছেন। তার কিছুটা অনুসরণ পাওয়া যায় সিদ্ধান্তমুক্তাবলীতে।

রস ও গন্ধ

রসনেন্দ্রিয় গ্রাহ্য গুণ হল রস। এই রস মধুর, অম্ল, লবণ, কটু, কষায়, তিক্ত ভেদে ছয় প্রকার। উক্ত ছয় প্রকার রস কেবল পার্থিব দ্রব্যে অনুভূত হয়, জলে অনুভূত হয় কেবল মধুর রস। ঘ্রাণেন্দ্রিয়গ্রাহ্য গুণ গন্ধ, সুরভি এবং অসুরভি ভেদে দ্বিবিধ। গন্ধ পৃথিবীর অসাধারণ গুণ।

স্পর্শ

কেবল ত্বগিন্দ্রিয়ের দ্বারা গৃহীত গুণ স্পর্শ। এই ক্ষেত্রেও উভয় ইন্দ্রিয় গ্রাহ্য সংযোগাদিতে অতিব্যাপ্তি বারণের জন্য স্পর্শের লক্ষণে 'মাত্র' পদটি প্রযুক্ত হয়েছে, যা ভাষাপরিচ্ছেদে দেখা যায় না। স্পর্শ, শীত, উষ্ণ এবং অনুষ্ণ এবং অনুষ্ণাশীত স্পর্শ পৃথিবী এবং বায়ুর গুণ। এইভাবে রূপ থেকে স্পর্শ পর্যন্ত গুণের লক্ষণ এবং বিভাগ দেখাবার পর কীভাবে এবং কোথায় পাক বা অগ্নিসংযোগের দ্বারা রূপাদির উৎপত্তি ঘটে—এই আলোচনায় উভয় গ্রন্থকারই অবতীর্ণ হয়েছেন।

সংখ্যা, পরিমাণ ও পৃথক্ত্ব

সংখ্যা থেকে শুরু করে পরত্ব, অপরত্ব পর্যন্ত গুণের ব্যবহারভিত্তিক লক্ষণ প্রদান করা হয়েছে। উভয় গ্রন্থেই প্রশস্তপাদের অনুসরণে ১, ২ ইত্যাদি আকারে যে গণনার ব্যবহার হয় তার নিমিত্ত স্বরূপ গুণ হল সংখ্যা একথা বলা হয়েছে।

অন্যদিকে ব্যবহার অর্থাৎ কোন কিছুর মাপার জন্য যে ব্যবহার তার অসাধারণ কারণরূপে পরিমাণকে স্বীকার করা হয়েছে।

পৃথক্ ব'লে যে ব্যবহার তার অসাধারণ কারণরূপে পৃথক্ত্বকে স্বীকার করা হয়েছে। তর্কসংগ্রহ বা দীপিকায় কোন আলোচনা না থাকলেও অন্যোন্যাভাবের দ্বারা পৃথক্ত্ব চরিতার্থ কিনা এই আলোচনা ভাষাপরিচ্ছেদে এবং মুক্তাবলীতে সূচিত হয়েছে।

সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব

তর্কসংগ্রহকার প্রশস্তপাদের অনুসরণে সংযুক্ত ব্যবহারের হেতুকে সংযোগ বলেছেন। বৈশেষিক দর্শনে কোথাও উভয়কর্মজ, অন্যতরকর্মজ এবং সংযোগজ ঐরূপ তিনপ্রকার সংযোগের উল্লেখ পাওয়া যায়।

পরেই বলেছেন সংযোগের বিনাশক গুণ হল বিভাগ। সংযোগের ন্যায় বিভাগও ত্রিবিধ।

পর এবং অপর এই ব্যবহারের অসাধারণ কারণ হল যথাক্রমে পরত্ব এবং অপরত্ব। পরত্ব এবং অপরত্ব দিক্‌কৃত কিংবা কালকৃত হতে পারে। দূরে কোন বস্তু বলে যে ব্যবহার তার মূলে থাকে দিক্‌কৃত পরত্ব। কাছে বলে কোন বস্তু বলে যে ব্যবহার তার মূলে থাকে দিক্‌কৃত অপরত্ব। পরত্ব এবং অপরত্ব দিক্‌কৃত এবং কালকৃত লেও তাদের আশ্রয় করে থাকে না। পৃথিবী, জল, তেজ, বায়ু এদের আশ্রয়।

সংখ্যা থেকে অপরত্ব পর্যন্ত গুণগুলির লক্ষণ প্রদানে ভাষাপরিচ্ছেদকারের তুলনায় তর্কসংগ্রহকার ব্যবহার বা লোকব্যবহারকে বেশি গুরুত্ব দিয়েছেন। তারই প্রতিফলন দেখা যায় পৃথক্‌ত্ব, সংযোগ, পরত্ব এবং অপরত্বের আলোচনায়।

গুরুত্ব

গুরুত্ব নামক গুণ উভয় গ্রন্থকারের মতেই অতীন্দ্রিয় অর্থাৎ প্রত্যক্ষ নয়, অনুমানগম্য। পৃথিবী এবং জলের আদ্য পতনের অসমবায়িকারণরূপে তর্কসংগ্রহকার গুরুত্বের লক্ষণ দিয়েছেন। অনিত্য দ্রব্যের অর্থাৎ অবয়বী দ্রব্যের গুরুত্ব অনিত্য। অন্যদিকে নিরবয়ব নিত্য পরমাণুর গুরুত্ব নিত্য তর্কসংগ্রহকার গুরুত্বের লক্ষণে আদ্য কথাটি দিয়েছেন কেন তার ব্যাখ্যায় দীপিকায় বলা হল যে দ্বিতীয় থেকে শুরু করে পার্থিব এবং জলীয় দ্রব্যের যে পতন হয় তার প্রতি কেবল গুরুত্ব নয় বেগও অসমবায়িকারণ হতে পারে।

দ্রবত্ব

আদ্য অর্থাৎ প্রথম স্যন্দনের অসমবায়িকারণ রূপে তর্কসংগ্রহে দ্রবত্ব লক্ষিত হয়েছে। 'প্রস্রবণ' শব্দের অর্থ প্রবাহ। পূর্বতন বৈশেষিকদের মতে স্যন্দনের বা প্রস্রবণের অসমবায়িকারণ। দ্রবত্বের দুই প্রকার ভেদ রয়েছে—সাংসিদ্ধিক এবং নৈমিত্তিক।

স্নেহ

স্নেহ জলের বিশেষ গুণরূপে উল্লিখিত। তর্কসংগ্রহে গুরুত্ব, দ্রবত্ব এবং স্নেহের লক্ষণ দেওয়া হলেও ভাষাপরিচ্ছেদে দেওয়া হয় নি। কেবল বলা হয়েছে স্নেহ স্থূল অবয়বী জলে অনিত্য হলেও জলপরমাণুতে সে নিত্য। তর্কসংগ্রহে চূর্ণবস্তুর পিন্ডীভবনের কারণ গুণরূপে স্নেহের লক্ষণ প্রদত্ত হয়েছে। ভাষাপরিচ্ছেদে এই বিষয়টি আলোচিত হয়েছে যা তর্কসংগ্রহ বা তর্কদীপিকায় আলোচিত হয়নি।

শব্দ

ধ্বনি ও বর্ণভেদে শব্দের দ্বৈবিধ্যের কথা ভাষাপরিচ্ছেদে বলা হয়েছে। এদের মধ্যে মৃদঙ্গাদি থেকে সঞ্জাত ধ্বনি হল শব্দ। আর কণ্ঠাদি সংযোগ থেকে উৎপন্ন ককারাদি হল বর্ণাত্মক শব্দ। তর্কসংগ্রহে শব্দের অনুরূপ আলোচনা দেখা যায়।

বুদ্ধি

বুদ্ধি শব্দের অর্থ জ্ঞান। তর্কসংগ্রহে প্রথমেই বলা হল যে বুদ্ধি বা জ্ঞান হল এমন গুণ যা সকল ব্যবহারের মূল। ভাষাপরিচ্ছেদে বুদ্ধির কোনও লক্ষণ প্রদত্ত হয়নি। অন্নংভট্ট তার লক্ষণের মধ্য দিয়ে লোকব্যবহারের উপর সমধিক গুরুত্ব আরোপ করেছেন। তাঁর মতে ব্যবহার তিন প্রকার—উপাদান, হান বা বর্জন ও উপেক্ষা।

এরপর স্মৃতি এবং অনুভব এই দুই প্রকার জ্ঞানের উল্লেখ করে স্মৃতির লক্ষণ নিরূপণ করা হয়েছে। তিনি স্মৃতির লক্ষণে বলেছেন—সংস্কারের দ্বারা উৎপন্ন জ্ঞান হল স্মৃতি। তবে ভাষাপরিচ্ছেদকার স্মরণের কোন লক্ষণ দেননি। তৎসম্পর্কিত সমস্ত আলোচনা রয়েছে সিদ্ধান্তমুক্তাবলীতে।

বুদ্ধির আলোচনায় স্মৃতিভিন্ন জ্ঞানকে অনুভব বলে, সেই অনুভব প্রমা-অপ্রমা অর্থাৎ যথার্থ-অযথার্থ ভেদে দ্বিবিধ একথা বলে তাদের আলোচনা করেছেন অন্নংভট্ট। গঙ্গেশ প্রমা এবং অপ্রমার যে লক্ষণ বিধান করেছেন তাদেরকেই অন্নংভট্ট যথাক্রমে যথার্থ এবং অযথার্থ অনুভবের লক্ষণ হিসাবে উপস্থাপিত করেছেন। তবে অপেক্ষাকৃতভাবে দেখলে বোঝা যায় যে ভাষাপরিচ্ছেদকারের প্রমা অপ্রমার নিরূপণে ব্যাপারটা অনেক এলোমেলো। ভাষাপরিচ্ছেদে আত্মার গুণ প্রসঙ্গে কেবল বলা হয়েছে অনুভূতি প্রত্যক্ষাদি ভেদে চারপ্রকার। অন্নংভট্ট কিন্তু খেয়াল রেখেছেন যে প্রমা প্রত্যক্ষাদি ভেদে চারপ্রকার। অনুভবকে দ্বিবিধ না বলে ভাষাপরিচ্ছেদকার জ্ঞানকেই দ্বিবিধ বলেছেন, ব্যাপারটা বোধ হয় ঠিক হয় নি। কারণ তাহলে স্মৃতিকে নিয়ে বিপদে পড়তে হয়।

অপ্রমার লক্ষণ প্রসঙ্গে ভাষাপরিচ্ছেদকার এবং অন্নংভট্ট প্রায় একই কথা বলেছেন। ভাষাপরিচ্ছেদকারের মতে অপ্রমা দুই প্রকার—বিপর্যয় এবং সংশয়। অন্যদিকে তর্কসংগ্রহে অযথার্থ অনুভবের ত্রৈবিধ্য দেখানো হয়েছে—সংশয়, বিপর্যয় এবং তর্ক। বিপর্যয় নিশ্চয়াত্মক জ্ঞান, কিন্তু সংশয় অনিশ্চয়াত্মক জ্ঞান। ভাষাপরিচ্ছেদকার অপ্রমা শব্দের পরিবের্ত ভ্রম শব্দের ব্যবহার করে বলেছেন যে ভ্রমভিন্ন জ্ঞান হল প্রমা। সিদ্ধান্তমুক্তাবলীতে পূর্বসূরীদের দ্বারা প্রভাবিত হয়ে বলা হয়েছে, যেসম্বন্ধে যে যেখানে আছে সেই সম্বন্ধেই জ্ঞানের বিশেষ্য সেই ধর্মটি থাকবে এবং সেই সম্বন্ধ জ্ঞানের প্রকাররূপে ভাসমান হবে।[৮] নির্বিকল্প জ্ঞান যে প্রমা-অপ্রমা বহির্ভূত এই মর্মে ভাষাপরিচ্ছেদ এবং সিদ্ধান্তমুক্তাবলীর আলোচনা তর্কদীপিকার তুলনায় উক্ত গ্রন্থগুলির আলোচ্য বিষয়ের ব্যাপকতাকে নির্দেশ করে।[৯]

দুই গ্রন্থকারের একটি বিশাল পার্থক্য তর্কের স্থানকে কেন্দ্র করে। তর্কসংগ্রহকার তাকে তিন প্রকার অযথার্থ অনুভবের মধ্যে অন্তর্ভুক্ত করেছেন। ভাষাপরিচ্ছেদকার কিন্তু সংশয় ও বিপর্যয় ভেদে দুই প্রকার অপ্রমার কথা বলেছেন।

আবার অনিশ্চয়াত্মক হওয়ায় অর্থাৎ Subjunctive mood এ থাকায় তর্ককে সংশয়ের অন্তর্গত বলা যায়। বিপর্যয় কিন্তু ভ্রমাত্মক হলেও প্রমার মতো নিশ্চয়াত্মক। তর্ক আরোপাত্মক এবং অনিশ্চয়াত্মক হওয়ায় প্রমা বা যথার্থ অনুভব নয়।

কিন্তু অপ্রমা হলেও তর্ক প্রমাণের অনুগ্রাহক। বিশেষতঃ অনুমান প্রমাণের মূল ব্যাপ্তি প্রতিষ্ঠায় এবং অনুপলব্ধির সহকারি কারণরূপে তার ভূমিকা অনস্বীকার্য। ভাষাপরিচ্ছেদকার তর্ককে অযথার্থ অনুভব হিসাবে উল্লেখ না করলেও তার উপযোগকে অস্বীকার করতে পারেননি। ব্যভিচারের শঙ্কানিবৃত্তির জন্য যে তর্কের প্রয়োজন একথা তিনি মেনে নিয়েছেন। কেউ যদি আশঙ্কা করে যে বহ্নি ছাড়াও ধূম থাকতে পারে অর্থাৎ বহ্নির দ্বারা ধূম ব্যাপ্য নয়, তার বিরুদ্ধে কার্যকারণভাবমূলক তর্কের প্রয়োগ করা যায়। যদি বহ্নি ছাড়া ধূম থাকত

তাহলে সে বহ্নির কার্য হত না। কিন্তু বহ্নি ছাড়া ধূম থাকে না। অর্থাৎ যেখানে বহ্নি নেই সেখানে ধূম নেই। তাই বহ্নি ধূমের কারণ—তর্কঃ ক্বচিচ্ছঙ্কানিবর্তকঃ।[১০] ভাষাপরিচ্ছেদের উক্তিটি ন্যায় কুসুমাঞ্জলির তৃতীয় স্তবকে উদয়নের মন্তব্য—'তর্কঃ শঙ্কাবধির্মতঃ'[১১] দ্বারা স্পষ্ট প্রভাবিত। প্রসঙ্গত ভাষাপরিচ্ছেদকার ব্যভিচারের অগ্রহন এবং সহচারের দর্শনকে ব্যাপ্তিগ্রহের উপায় রূপে উল্লেখ করেছেন। এই ব্যাপারে তর্কদীপিকাতেও মন্তব্য রয়েছে। যথার্থ অনুভব অন্নংভট্টের মতে চার প্রকার—প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ। এ প্রসঙ্গে কারণ ও করণ আলোচ্য।

প্রত্যক্ষ

অন্নংভট্ট কিন্তু 'ফলাযোগব্যবচ্ছিন্নং' অর্থাৎ ফলের সঙ্গে যোগের অভাব আছে অর্থাৎ ফলের সঙ্গে যার অবশ্য যোগ আছে সেইরূপ কারণকে করণ বলেছেন। তাই ন্যায়সূত্রকার গৌতমের মতন তিনিও ইন্দ্রিয়ার্থ সন্নিকর্ষের দ্বারা উৎপন্ন জ্ঞানকে প্রত্যক্ষ বললেন। করণ বিষয়ে অন্নংভট্ট পুরোপুরি প্রাচীন নৈয়ায়িকদের অনুগামী।

পূর্বে বলা হয়েছে যে প্রত্যক্ষভেদের বিষয়ে অন্নংভট্ট নির্বিকল্প সবিকল্প প্রত্যক্ষদ্বৈবিধ্য বললেও ভাষাপরিচ্ছেদে বা মুক্তাবলীতে সেরকম বলা হয় নি। কিন্তু গঙ্গেশ নিষ্প্রকার জ্ঞানকে নির্বিকল্প আখ্যা দিয়েছেন। তার অনুকরণ করলেন তর্কসংগ্রহকার। যে জ্ঞানের রজতত্বাদি কোন প্রকার বিশেষণ ভাসমান হয় না। যে জ্ঞানের রজতত্বাদি কোন প্রকার বিশেষণ ভাসমান হয় না। ফলত যে জ্ঞানের কোন নামজাত্যাদি যোজনা থাকে না তাকে নির্বিকল্প বলা হয়েছে। নির্বিকল্প প্রত্যক্ষের পরক্ষণে নাম, জাতি প্রভৃতি প্রকার বা বিশেষণবিষয়ক যে জ্ঞান হয় তাকে সবিকল্প বলে। সবিকল্পজ্ঞান মানস প্রত্যক্ষ বা অনুব্যবসায়ের বিষয় হয়।

ভাষাপরিচ্ছেদে প্রমা-প্রমাণ সম্পর্কিত আলোচনা অনেক পরে করা হয়েছে। সেখানে গঙ্গেশ উপাধ্যায়ের অনুকরণে মুক্তাবলীকার মন্তব্য করেছেন যে নির্বিকল্পকে প্রমা এবং অপ্রমা কোনটাই বলা যায় না। যেহেতু তার দ্বারা কোন রকম ব্যবহার চলে না। প্রত্যক্ষ বিষয়ে ভাষাপরিচ্ছেদকারের একটি বড় অবদান হল অলৌকিক সন্নিকর্ষের আলোচনা। পূর্বোক্ত ছয় প্রকার সন্নিকর্ষ এই গ্রন্থকারের দৃষ্টিতে লৌকিক সন্নিকর্ষ।

অনুমান

প্রত্যক্ষের আলোচনার শেষে অন্নংভট্ট এবং ভাষাপরিচ্ছেদকার উভয়েই অনুমানের আলোচনায় প্রবেশ করেছেন। ভাষাপরিচ্ছেদকার ব্যাপ্তির জ্ঞানকে অনুমিতির করণ এবং অব্যবহিত কারণ লিঙ্গ পরামর্শকে ব্যাপার বলে চিহ্নিত করেছেন। বহ্নির দ্বারা ব্যাপ্ত ধূম পর্বতে আছে—এই আকারে লিঙ্গপরামর্শ যে উৎপন্ন হয়, তার আশ্রয় বা অবলম্বন হল ধূম বহ্নির দ্বারা ব্যাপ্ত এই জ্ঞান। প্রসঙ্গত ভাষাপরিচ্ছেদকার আর একটি প্রাচীন মতের খন্ডন করেছেন। প্রাচীন অনেকে মনে করতেন যে জ্ঞানের বিষয়ীভূত বা জ্ঞায়মান লিঙ্গই হল অনুমিতির করণ, অনুমান। এইমতের সমর্থক ছিলেন নৈয়ায়িক জয়ন্ত ভট্ট এবং বৈশেষিক গ্রন্থ কিরণাবলীর রচয়িতা উদয়নাচার্য। ভাষাপরিচ্ছেদকার পরামর্শের যে লক্ষণ দিয়েছন তার সঙ্গে গঙ্গেশের অনুকরণে উক্ত তর্কসংগ্রহ বিধৃত পরামর্শ লক্ষণের সম্পূর্ণ মিল রয়েছে, যদিও ভাষায় রয়েছে তার পার্থক্য। ব্যাপ্তি এবং পরামর্শের আলোচনা ভাষাপরিচ্ছেদে অনেক বিস্তৃত। ভাষাপরিচ্ছেদ এবং সিদ্ধান্তমুক্তাবলীতে ব্যাপ্তি এবং পরামর্শের বিস্তৃতর আলোচনা থাকলেও কিছু কিছু বিষয় তর্কসংগ্রহে আলোচিত হয়েছে, যেগুলিকে ভাষাপরিচ্ছেদকার অগ্রাহ্য

করেছেন। তর্কসংগ্রহে অন্বয়ব্যতিরেকী কেবলান্বয়ী এবং কেবলব্যতিরেকী ভেদে ত্রিবিধ লিঙ্গের নিরূপণ লক্ষিত হয়, ভাষাপরিচ্ছেদ বা মুক্তাবলীতে সেটা লক্ষিত হয় না। স্বার্থ এবং পরার্থ ভেদে অনুমান দ্বৈবিধ্য এবং ব্যাপ্তিগ্রহের উপায়ের আলোচনা তর্কসংগ্রহ এবং দীপিকায় দেখা গেলেও ভাষাপরিচ্ছেদ এবং মুক্তাবলীতে দেখা যায় না।

ন্যায়সঙ্গত পাঁচপ্রকার হেত্বাভাস উভয় গ্রন্থেই উদাহরণ সহযোগে আলোচিত হয়েছে। কয়েকটি ক্ষেত্রে ভাষাপরিচ্ছেদে ব্যবহৃত নামগুলি ন্যায়সূত্রের অনুগামী, যেমন সব্যভিচারের পরিবর্তে অনৈকান্তিক এবং বাধিতের পরিবর্তে কালাত্যয়াপদিষ্ট—এইরূপ নামের প্রয়োগ লক্ষণীয়। কোন কোন হেত্বাভাসের ক্ষেত্রে উভয় গ্রন্থে উদাহরণের পার্থক্য কিছু দেখা যায়। স্বরূপ বা লক্ষণের ভেদ দেখা যায় অসিদ্ধ হেত্বাভাসের অন্যতম ব্যাপ্যত্বাসিদ্ধ হেত্বাভাসের ক্ষেত্রে। তর্কসংগ্রহে উপাধিযুক্ত হেতুকে ব্যাপ্যত্বাসিদ্ধ বলা হয়েছে। 'পর্বতঃ ধূমবান্ বহ্নেঃ'—এই অনুমানে হেতুরূপে প্রযুক্ত বহ্নি আর্দ্রেন্ধনসংযোগরূপ উপাধির অপেক্ষা রাখে বলে সোপাধিক এবং ব্যাপ্যত্বাসিদ্ধ। মুক্তাবলীতে ব্যাপ্যত্বাসিদ্ধের আলোচনা কিন্তু সম্পূর্ণ ভিন্ন, একই কারণে উদাহরণেও ভেদ রয়েছে। ভাষাপরিচ্ছেদকারের মতে ব্যাপ্যত্বাসিদ্ধি দোষ হল হেতুরূপে প্রযুক্ত বিষয়ে ব্যাপ্যতার অবচ্ছেদক বা হেতুতার অবচ্ছেদকের অভাব। ভাষাপরিচ্ছেদে বিধৃত উদাহরণটি হল—পর্বতঃ বহ্নিমান্ নীলধূমাৎ।

উপমান

অনুমানের পরেই ন্যায়সম্মত তৃতীয় প্রমাণ উপমানের আলোচনায় প্রবৃত্ত হয়েছেন। উভয় গ্রন্থকারই অর্থাৎ ভাষাপরিচ্ছেদকার এবং তর্কসংগ্রহকার দুজনেই শেষ পর্যন্ত ব্যাপারবৎ কারণকে করণ বলার পক্ষপাতী। ভাষাপরিচ্ছেদকার নিজের অবস্থান থেকে বিন্দুমাত্র বিচলিত হননি। এক্ষেত্রেও তিনি বললেন যে এক জন গ্রামীণ ব্যক্তি কোন একটি প্রাণীতে গরুর সাদৃশ্যজ্ঞান লাভ করে অর্থাৎ গবয়াদিতে গরু প্রভৃতির সাদশ্যজ্ঞান উপমিতির করণ, আর সেই সাদৃশ্যজ্ঞানাত্মক করণের দ্বারা 'গো সদৃশঃ গবয়ঃ'—এই অতিদেশবাক্যার্থের সংস্কার উদ্‌বুদ্ধ হয়ে যে স্মৃতি জন্মায় সেই হল উপমিতির ব্যাপার বা অনন্তর কারণ। উক্ত কারণ ও ব্যাপারের সাহায্যে গবয়াদি পদের নির্দিষ্ট অর্থে যে শক্তির জ্ঞান জন্মায় তাই হল, উপমানের ফল বা উপমিতি। লক্ষণীয় যে ন্যায়বার্ত্তিককার উদ্দ্যোতকরের অনুসরণে দুই গ্রন্থকারই সাদৃশ্য জ্ঞানকে উপমিতির করণ বলেছেন। উভয় দার্শনিকই ন্যায়ভাষ্যকার বাৎস্যায়নের মতো মনে করেছেন শব্দার্থ বা সংজ্ঞাসংজ্ঞিসম্বন্ধের এক প্রকার জ্ঞানই উপমিতি, যা উপমান বা সাদৃশ্য জ্ঞানের দ্বারা উৎপন্ন হয়। কিন্তু ভাষাপরিচ্ছেদকার বললেন যে উপমিতি 'অয়ং গবয়পদবাচ্যঃ'—এইরূপ সামান্যাকারে। 'অয়ং গবয়পদবাচ্যঃ' বললে একটি মাত্র বস্তুতে শক্তিজ্ঞান হলে অন্য ব্যক্তিতে অর্থাৎ গবয়ান্তরে শক্তিজ্ঞানের অভাববশতঃ তাকে গবয় বলা যেত না।

শব্দ

প্রত্যক্ষ, অনুমিতি, উপমিতি—এই তিন রকম প্রমার আলোচনার পরে চতুর্থ যথার্থ অনুভব হল শাব্দজ্ঞান বা শাব্দবোধ। কিন্তু শব্দ প্রমাণের আলোচনায় দুই গ্রন্থকারের বহু বৈমত্য পরিলক্ষিত হয়। প্রথমতঃ লক্ষ্য করা যায় যে অন্নংভট্ট ন্যায়সূত্রকার অক্ষপাদের 'আপ্তোপদেশঃ শব্দঃ'—এই সূত্রের অনুসরণে আপ্তবাক্যকেই শব্দ প্রমাণ বলে চিহ্নিত করেছেন। আপ্তলক্ষণেও তিনি বাৎস্যায়নের অনুগামী। বাৎস্যায়ন বিষয়কে যথাদৃষ্টরূপে খ্যাপনকারী প্রযুক্ত উপদেষ্টা বা বক্তাকে আপ্ত করেছেন। অন্নংভট্টের মতেও 'আপ্তস্তুযথার্থবক্তা।'। বাক্য কাকে

বলে এই মর্মেও অন্নংভট্টের মন্তব্য 'বাক্যং পদসমূহঃ'। লক্ষ্য করার বিষয় এই যে তাৎপর্যপরিশুদ্ধিতে উদয়ন যেমন আকাঙ্খা, যোগ্যতা ও আসত্তি সহিত পদসমূহকে বাক্য আখ্যা দিয়েছেন, অন্নংভট্ট তা করেননি। ভাষাপরিচ্ছেদকার পদকে করণ না বলে পদের জ্ঞানকে করণ বলেছেন। পদকে করণ বললে মৌনিশ্লোকাদি অর্থাৎ মৌনশ্লোক এবং বিজাতীয় হস্তচেষ্টার দ্বারা যে শাব্দবোধ হয় তাতে অব্যাপ্তি হয়। জ্ঞায়মান পদকে করণ বলার অর্থ যে কোন শাব্দবোধের পূর্বে তার অস্তিত্বকে আবশ্যক বলে মেনে নেওয়া।

শক্তির স্বরূপের আলোচনায় দুই গ্রন্থকারের কিঞ্চিৎ মতপার্থক্য দেখা যায়। প্রভাকরমীমাংসকরা শক্তিকে অতিরিক্ত বস্তু বা পদার্থ বলে মনে করেন। নৈয়ায়িকরা তার বিরোধী। ন্যায়মতে ঈশ্বরেচ্ছা হল শক্তিস্বরূপ। এই পদ থেকে এই অর্থ বোঝা যায় এইরূপ ঈশ্বরের যে সংকেত বা ইচ্ছা তাই হল শক্তি।

লক্ষণা

লক্ষণার আলোচনা তর্কসংগ্রহে এবং তর্কদীপিকায় অতিসংক্ষিপ্ত। অন্বয়ানুপপত্তির পরিবর্তে তাৎপর্যের অনুপপত্তি যে প্রকৃত লক্ষণার বীজ এই বিষয়ে ভাষাপরিচ্ছেদকার এবং অন্নংভট্টের সাম্য পরিলক্ষিত হয়। কিন্তু কেন তাৎপর্যের অনুপপত্তিকে লক্ষণার কারণ বলা হবে সেই হেতুগুলির বিস্তৃত উপস্থাপনা আমরা মুক্তাবলীতে পাই, যদিও তর্কসংগ্রহে সেরকম কোন হেতুর উল্লেখ নেই। উভয় দার্শনিকই শক্যসম্বন্ধ অর্থাৎ শক্যার্থসম্বন্ধকে লক্ষণা বলেছেন। জহৎস্বার্থা অজহৎস্বার্থা এবং জহদজহৎস্বার্থা এইরূপ ত্রিবিধ লক্ষণা উভয়ত্র স্বীকৃত।

সুখ ও দুঃখ

অতঃপর ভাষাপরিচ্ছেদকার এবং তর্কসংগ্রহকার উভয়েই আত্মার অন্যান্য বিশেষ গুণের কথা আলোচনা করেছেন। সেখানে প্রশস্তপাদের অনুসরণে বলা হয়েছে, যাকে সকলের অনুকূল রূপে জানা হয় সেই গুণটি হল সুখ। সুখনিষ্ঠ সুখত্ব। আমি সুখী এরূপ অনুব্যবসায়ের দ্বারা সুখ সিদ্ধ হয় বলে তর্কদীপিকায় অভিমত প্রকাশিত হয়েছে।

দুঃখ হল প্রতিকুলরূপে যাকে সবাই জানে। এক্ষেত্রেও বলা যায় 'আমি দুঃখী'—এই অনুব্যবসায় দুঃখের অস্তিত্বে প্রমাণ।

ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন

ইচ্ছা, দ্বেষ এবং কৃতিকে আরো সংক্ষেপে নিরূপণ করা হল শুধু প্রতিশব্দ বসিয়ে। ইচ্ছা হল কামনা, দ্বেষ হল ক্রোধ এবং কৃতি হল প্রযত্ন।

ভাষাপরিচ্ছেদে দ্বেষ এবং প্রযত্নের লক্ষণ কিছুটা ব্যাপকরূপে পরিবেশিত হয়েছে। দ্বিষ্টের সাধন অর্থাৎ অনিষ্টের সাধনরূপে কোন জ্ঞান থাকলেও তা হবে দ্বেষের কারণ। ভাষাপরিচ্ছেদে ত্রিবিধ প্রযত্নের উল্লেখ আছে যা তর্কসংগ্রহে নেই।

ধর্ম এবং অধর্ম

বিহিত কর্মের দ্বারা উৎপন্ন গুণকে ধর্ম এবং নিষিদ্ধ কর্মের দ্বারা উৎপন্ন গুণকে অধর্ম বলা হয়েছে। ধর্ম এবং অধর্মের একত্রিত নাম অদৃষ্ট। মীমাংসাদর্শনের প্রসিদ্ধ নামান্তর অপূর্ব। বিহিত কর্ম বলতে

ভাষাপরিচ্ছেদকার গঙ্গাস্নান ও যাগাদির উল্লেখ করেছেন। বহু পূর্বে যাগ অনুষ্ঠিত হয়। অনেক পরে তার ফল স্বর্গের প্রাপ্তি ঘটে। দূরকালভাবী কালের সঙ্গে কর্মের যোগ রাখার জন্য অদৃষ্ট কল্পনা আবশ্যক। যাগ বিনষ্ট হলেও যাগের দ্বারা আহিত ধর্ম ঐ কর্মের দ্বারা আহিত অতিশয়রূপে কাজ করে সুদূরকালে উৎপন্ন ফল স্বর্গের সঙ্গে যোগ রক্ষা করে।

সংস্কার

সংস্কারাত্মক গুণ ন্যায়বৈশেষিক মতে ত্রিবিধ—বেগ, স্থিতিস্থাপক এবং ভাবনা নামক সংস্কার। লক্ষ্য করার বিষয় এই যে অন্নংভট্ট সংস্কারের কোন লক্ষণ দেননি তর্কসংগ্রহে, যদিও দীপিকায় 'সংস্কারত্বজাতিমান্ সংস্কারঃ' এবং 'বেগত্বজাতিমান্ বেগঃ' বলে বেগাখ্য সংস্কারের লক্ষণ দেওয়া হয়েছে। ভাষাপরিচ্ছেদ এবং সিদ্ধান্তমুক্তাবলীতে সংস্কার এবং সংস্কারভেদের কোন লক্ষণ দেওয়া হয়নি। উভয়ত্র বলা হয়েছে যে বেগ কেবল মূর্ত দ্রব্য অর্থাৎ পৃথিবী, জল, তেজ, বায়ু এবং মনে থাকে। স্থিতিস্থাপক কিন্তু কেবল স্পর্শবান্ দ্রব্য অর্থাৎ পৃথিবী, জল, তেজ, বায়ুতে থাকে। ভাষাপরিচ্ছেদে বেগের বিভাগ করা হয়েছে—কর্মজ এবং বেগজ। কর্ম বা ক্রিয়াবশতঃ যে বেগ উৎপন্ন হয় সে হল কর্মজ বেগ। আবার অবয়বের বেগ থেকে উৎপন্ন অবয়বীর বেগ হল বেগজ বেগ। স্থিতিস্থাপক সংস্কার মতান্তরে কেবল পার্থিব দ্রব্যে থাকে। তর্কাদীপিকায় প্রশস্তপাদের অনুসরণে স্থিতিস্থাপকের একটি লক্ষণ প্রদত্ত হয়েছে। মুক্তাবলীতে এই লক্ষণটি সূচিত হয়েছে—'আকৃষ্টশাখাদীনাং পরিত্যাগে পুনর্গমনস্য স্থিতিস্থাপকসাধ্যত্বাৎ'।

উপসংহার

আগেই আমরা বলেছি ভাষাপরিচ্ছেদ এবং তর্কসংগ্রহ উভয়েই ন্যায়বৈশেষিক যুক্তপ্রস্থানের গ্রন্থ, যাদের উপর নব্যন্যায়ের প্রভাব খুব স্পষ্ট। উভয় গ্রন্থই রচিত হয়েছে খ্রীষ্টিয় সপ্তদশ শতকে। উভয় গ্রন্থের আলোচনা থেকে দেখা যায় উভয় গ্রন্থেই অনেক জায়গায় লক্ষণের উল্লেখ না করে সরাসরি বিভাগের আলোচনা করা হয়েছে। এই ধারণা অবশ্য নতুন নয়। ন্যায়সূত্রকার অক্ষপাদকেই দেখি তিনি প্রমাণসামান্যের লক্ষণ উল্লেখ না করে বিশেষ প্রমাণের লক্ষণগুলি উল্লেখ করেছেন।

পদার্থ নিরূপণে উভয় গ্রন্থই আগাগোড়া বৈশেষিক সপ্ত পদার্থবাদের অনুসর্তা। পদার্থের বিভাগ উল্লেখের পর পদার্থগুলির স্বতন্ত্র আলোচনা ভাষাপরিচ্ছেদে রয়েছে কেবল গুণ পর্যন্ত। তর্কসংগ্রহে কিন্তু বৈশেষিক ঐতিহ্যের অনুসরণে ক্রমে ক্রমে সপ্তপদার্থের আলোচনা করা হয়েছে। উভয় গ্রন্থকারের উপর নব্যন্যায়ের প্রভাব অনস্বীকার্য থাকলেও উভয়েই যে একই নৈয়ায়িককে অনুসরণ করেছেন তা নয়। অন্যথাসিদ্ধ ও প্রমা-অপ্রমা আলোচনায় গঙ্গেশের প্রভাব অন্নংভট্টে তুলনায় স্পষ্টতর। একথা ভাবতে ভালো লাগে যে দুই গ্রন্থকারের কেউই পূর্বতন নব্যনৈয়ায়িকদের অন্ধভাবে অনুসরণ করেন নি। তাই গঙ্গেশ ত্রিবিধ অন্যথাসিদ্ধের আলোচনা করলেও ভাষাপরিচ্ছেদকার পঞ্চম অন্যথাসিদ্ধের লক্ষণকে সামান্যলক্ষণরূপে গ্রহণ করতে ইচ্ছুক।

বিষয়গত সংহতি অবশ্য ভাষাপরিচ্ছেদে অধিক পরিমাণে লক্ষিত হয়। যেমন ব্যাপারবৎ কারণকে করণ বলা হয়েছে। উদ্দ্যোতকর প্রভৃতি প্রাচীনদের অনুসরণে তর্কসংগ্রহকার ফলব্যাপ্য কারণকে করণ বলার পক্ষপাতী হলেও উপমানের ক্ষেত্রে সেই অবস্থানকে তিনি রক্ষা করতে পারেন নি। পদ্ধতিগত ঐক্য যে তর্কসংগ্রহে

প্রবলতর তার প্রমাণ এই যে প্রথমে অচেতন বস্তুর সমস্ত গুণ পর্যালোচনা করে চেতন বস্তু আত্মার গুণ আলোচিত হয়েছে। চেতন-অচেতন গুণের আলোচনা মিশিয়ে দেওয়া হয়নি।

নির্দেশিকা ও গ্রন্থপঞ্জী

১। অক্ষপাদ গৌতম : ন্যায়সূত্র, ১/১/৩, 'প্রত্যক্ষানুমানোপমানশব্দাঃ প্রমাণানি।
২। কণাদ : বৈশেষিকসূত্র, ৯/২/১, 'অস্যেদং কার্য্যং কারণং সংযোগি বিরোধি সমবায়ি চেতি লৈঙ্গিকম্।
৩। অন্নংভট্ট তর্কসংগ্রহ—দীপিকা, কলিকাতা ১৯৯৮,'পৃ.-১।
৪। কণাদ : বৈশেষিক সূত্র, ২/১/২, স্পর্শঃ চ কালে লিঙ্গমিতি শেষঃ। চকারাত্ ধৃতিকম্পাঃ সমুচ্চীয়ন্তে (উপস্কার)'।
৫। প্রশস্তপাদ : পদার্থধর্মসংগ্রহ, বারাণসী ১৯৬৩।
৬। প্রশস্তপাদভাষ্য : পদার্থধর্মসংগ্রহ, পৃ. ১৬৮।
৭। ন্যায়সূত্র : ১/১/১০, "ইচ্ছাদ্বেষপ্রযত্নসুখদুঃখজ্ঞানান্যাত্মনো লিঙ্গম্"।
৮। বিশ্বনাথ : মুক্তাবলী, পৃ. ৩২৪।
৯। ভাষাপরিচ্ছেদ, পৃ. ৩২৬।
১০। ভাষাপরিচ্ছেদ : কারিকা-১৩৭, পৃ. ৩৩৫।
১১। ন্যায়কুসুমাঞ্জলি, ৩/৭।

প্রাচীনভারতে বৈজ্ঞানিক ও প্রযুক্তিবিদ্যার ভাবনা

পানু পোদ্দার

ভূমিকা

প্রাচীনকালে সংস্কৃত সাহিত্যে ধর্ম, দর্শন, সাহিত্য এবং আনুষঙ্গিক জ্ঞানের ক্ষেত্রে ভারতবর্ষ যেমন কৃতিত্বের স্বাক্ষর লাভ করেছিল তেমনি বিজ্ঞান ও প্রযুক্তি প্রয়োগের ভাবনাও প্রসার লাভ করেছিল। প্রসঙ্গক্রমে উল্লেখযোগ্য যে, ঋক্, সাম, যজুঃ, অথর্ব এই চার প্রকার বেদের মধ্যে ঋগ্বেদ পৃথিবীর প্রাচীনতম গ্রন্থ হিসেবে স্বীকৃত। আর এই গ্রন্থকে বৈজ্ঞানিক ধারণার প্রথম ধাপ বলা হয়। প্রমাণ স্বরূপ ঋগ্বেদের প্রথম মন্ডলের ১১৮ সংখ্যক সূক্তের অষ্টম মন্ত্রে উল্লিখিত হয়েছে—

"যুবং ধেনুং শয়বে নাধিতায়াপিন্বতমশ্বিনাদত্তমশ্বম্।
অমুঞ্চতং বার্তিকামংহসো নিঃপ্রতি জঙ্ঘাং বিশ্পলায় অধত্তম্।।"

অর্থাৎ হে অশ্বিদ্বয়! পুরাতন শযু ঋষি তোমাদের কাছে প্রার্থনা করলে তোমরা তাঁর দুগ্ধশূন্য গাভী দুগ্ধে পূর্ণ করে দিয়েছিলে। তোমরা বর্তিকাকে বৃকরূপ পাপ হতে মুক্ত করে দিয়েছিলে এবং বিশ্পলাকে একটি জঙ্ঘা নির্মাণ করে দিয়েছিলে। এই প্রসঙ্গে দুটি বিষয় বলা যায়। প্রথমতঃ প্রাচীন ভারতে লোহার ব্যবহার জানা ছিল। দ্বিতীয়তঃ কৃত্রিম অঙ্গপ্রতিষ্ঠাপন, যা বর্তমান চিকিৎসাশাস্ত্রের এক নতুন দিগন্ত উন্মোচিত করেছে। এছাড়াও ঋগ্বেদের চতুর্থ মন্ডলের ৩৬ সংখ্যক সূক্তের প্রথম মন্ত্রে, রামায়ণ, মহাভারত প্রভৃতি ধর্মগ্রন্থে বায়ুযানের ও নানাপ্রকার যন্ত্রাদির ব্যবহারের কথা পাওয়া যায়। 'অর্থশাস্ত্রে' আয়ুধবিষয়ক আলোচনায় কৌটিল্য 'চল' এবং বিশ্বাঘাতী নামক ফাঁদেরও উল্লেখ করেছেন। সুতরাং প্রাচীন ভারতবর্ষ বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যায় যে যথেষ্ট উন্নতি লাভ করেছিল তা অনস্বীকার্য। এই বিজ্ঞানবিষয়ক রচিত সংস্কৃত গ্রন্থগুলি নিম্নরূপ ঃ—

জ্যোতিষশাস্ত্র : জ্যোতিষশাস্ত্র বেদের একটি অপরিহার্য অঙ্গ। তাই এই শাস্ত্র ষড়্বেদাঙ্গের মধ্যে অন্যতম। পাণিনীয়শিক্ষায় জ্যোতিষশাস্ত্রকে বেদরূপী পুরুষের চক্ষুরূপে কল্পনা করা হয়েছে "জ্যোতিষাময়নং চক্ষুঃ"। বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার আলোকে উদ্ভাসিত মানুষের মনে জ্যোতিষ সম্পর্কে ভ্রান্ত ধারণা যে, হস্তরেখা, জন্মপত্রাদিবিচার করে ও গ্রহসন্নিবেশ দেখে মানুষের ভবিষ্যৎ উদ্‌ঘাটন করাই জ্যোতিষশাস্ত্রের কাজ। কিন্তু সূক্ষ্ম দৃষ্টিতে বিচার করলে দেখা যাবে, জ্যোতিষশাস্ত্র দর্শন ও বিজ্ঞানের মর্যাদায় অধিষ্ঠিত। অর্থাৎ যে শাস্ত্রের মাধ্যমে জ্যোতিষ্কগণের পরিভ্রমণকাল, তাদের উৎস, স্বরূপ, সঞ্চার, অবস্থান এবং তৎসম্বন্ধীয় যাবতীয় ঘটনাবলীর বিবরণ বৈজ্ঞানিকভাবে জানা যায় তাকেই জ্যোতিষশাস্ত্র বলে। এই জ্যোতিষশাস্ত্রকে হোরাশাস্ত্র বা কালবিজ্ঞান হিসেবে গণ্য করা হয়। প্রাচ্যমতানুসারে এই শাস্ত্রটি হল—'অধ্যাত্মবিজ্ঞান' (Divine Science)। পন্ডিতেরা এই শাস্ত্র সম্বন্ধে বলেছেন যে ক্যালডিয়া, সিরিয়া, মিশর, প্রভৃতি দেশের অধিবাসীরা প্রাচীনকালে জ্যোতিষবিদ্যার চর্চা করতেন। ভারতীয় জ্যোতিষের সূত্রপাত ঐ সময়ে বা তার কিছু পূর্বে ঘটেছিল।

পরবর্তীকালে এই শাস্ত্র ব্রাহ্মণ, উপনিষদ্ প্রভৃতিতে পল্লবিত হয়ে জ্যোতিষশাস্ত্রের মহীরূহে পরিণত হয়েছে। এই শাস্ত্র সম্বন্ধে অনেকে মনে করেন জ্যোতির্বিদ্যা (Astronomy) এবং জ্যোতিষবিদ্যা (Astrology) এই দুই শাস্ত্রের সম্পর্ক নেই, এই ধারণাও ভ্রান্ত। প্রকৃতপক্ষে জ্যোতির্বিদ্যা জ্যোতিষবিদ্যাকে নির্ভর করে গড়ে উঠেছে। ইংরাজীতে একটি প্রবাদ রয়েছে—

"Astrology without Astronomy has no root,
Astronomy without Astrology has no fruit."

আর্য ঋষিগণ জ্যোতিষশাস্ত্রকে মূলতঃ তিনটি ভাগে ভাগ করেছিলেন, (১) সিদ্ধান্তজ্যোতিষ বা গণিতজ্যোতিষ, (২) ফলিতজ্যোতিষ এবং (৩) জ্যোতিসংহিতা।

(১) সিদ্ধান্তজ্যোতিষ বা গণিতজ্যোতিষ বা জ্যোতির্বিদ্যা (Astronomy) :

সিদ্ধান্তজ্যোতিষে যে বিষয় আলোচিত হয়েছে তা হল সঞ্চরণশীল গ্রহসমূহের স্থান নির্ণয়, তাদের কক্ষ ও গতিবেগের পরিমাণ এবং তদ্‌বিষয়ক গাণিতিক সূত্রাবলি অর্থাৎ পাটিগণিত, বীজগণিত, পরিমিতি প্রভৃতি। এই শাখার অন্যতম প্রতিষ্ঠাতা হলেন প্রথম আর্যভট। তিনি ৪৭৬ খ্রীষ্টাব্দে পাটলিপুত্রে জন্মগ্রহণ করেন এবং সিদ্ধান্তজ্যোতিষ বিষয়ক দুটি গ্রন্থ রচনা করেছিলেন ঃ (১) আর্যভটতন্ত্র ও (২) আর্যমহাসিদ্ধান্ত। 'আর্যভটতন্ত্র' ভারতীয় জ্যোতির্বিদ্যার প্রাচীনতম গ্রন্থ। যা আর্যভটের প্রথম বয়সের রচনা। 'আর্যমহাসিদ্ধান্ত' গ্রন্থটি হল আর্যভট তন্ত্রের প্রথম পরিমার্জিত রূপ। এই গ্রন্থটি প্রথমাংশ গীতিকা ছন্দোযুক্ত এবং এতে ১০টি শ্লোক রয়েছে। এছাড়াও গ্রন্থের দ্বিতীয়াংশে রয়েছে আর্যা ছন্দের ১০৮টি শ্লোক। তাই প্রথমাংশকে 'দশগীতিকাসূত্র' এবং দ্বিতীয়াংশটিকে 'আর্যাষ্টিশতক' হিসেবে উল্লেখিত হয়েছে। আবার 'আর্যাষ্টিশতক' অংশটি তিনটি পরিচ্ছেদে বিভক্ত। প্রথম পরিচ্ছেদের নাম গণিতপাদ (Mathematics and Geometry)। এখানে পাটিগণিত বিষয়ক আলোচনা রয়েছে। দ্বিতীয় পরিচ্ছেদের নাম কালক্রিয়াপদ (Measurement of Time) যা সময় গণনার বিষয় সম্বলিত আলোচনায় সমৃদ্ধ এবং তৃতীয় পরিচ্ছদের নাম গোলপাদ (Astronomy)। এই দশগীতিকাসূত্রের প্রথম শ্লোকে বলা হয়েছে যে, ৩৬৫ দিন ৬ ঘণ্টা ১২ মিনিটে সূর্য বর্ষচক্রকে আর্বতন করবেন। নবম শ্লোকে পৃথিবীর ঘূর্ণন বিষয়ে আলোচনা রয়েছে। আর্যভটের একটি বিশিষ্ট মতবাদ—

"অনুলোমগতিঃ নৌস্থঃ পশ্যত্যচলং বিলোমগং যদ্বৎ।
অচলানি ভানি তদ্বৎ সমপশ্চিমগানি লঙ্কায়াম্।।"

অর্থাৎ কোন নৌকারোহী অনুলোম গতিতে (অর্থাৎ সামনের দিকে) নৌকায় যাত্রা করলে যেমন তীরস্থিত অচল বৃক্ষসমূহকে বিলোম গতিতে (অর্থাৎ পিছনের দিকে) ধাবমান দেখে, তেমনই পৃথিবীর ঘূর্ণনের ফলে নিরক্ষীয় লঙ্কায় স্থির নক্ষত্ররাজি সমবেগে পশ্চিমে দৃশ্যমান হয়। এর থেকে প্রমাণিত হয়, যে কোপার্নিকাসের পূর্বে পৃথিবীর ঘূর্ণন বিষয়ক মতবাদ ভারতবর্ষেই উদ্‌ঘোষিত হয়, খ্রীষ্টীয় পঞ্চমশতকে আর্যভটের রচনায়।

এছাড়াও 'দশগীতিকাসূত্র'-এর আর একটি অংশে মহাকাশ পর্যবেক্ষণে বৈশিষ্ট্য ধরা পড়ে। তিনি বলেছেন—সূর্যপথ থেকে চন্দ্রের সর্বাপেক্ষা বিচ্যুতি ৪.৫ ডিগ্রী বা ২৭০ মিনিট। চন্দ্রের সঙ্গে অন্যান্য গ্রহের বিচ্যুতি উল্লেখিত হলেও কোন বিচ্যুতিই চন্দ্রের থেকে বেশী নয়। এভাবে তিনি অনুধাবন করেছিলেন যে, প্রতি গ্রহের আর্বতন পথ রবিপথের সন্নিহিত। পাশ্চাত্য জ্যোতির্বিজ্ঞানী গ্যালিলিও, কোপার্নিকাস প্রভৃতির

আবির্ভাবের প্রায় একহাজার বছর পূর্বে ভারতীয় জ্যোতির্বিজ্ঞানী সুস্পষ্ট ভাষায় পৃথিবীর আহ্নিক গতির কথা ঘোষণা করেছিলেন। আর, পৃথিবী যে গোলাকার তার উল্লেখ পাওয়া যায় গোলপাদের এই শ্লোকটিতে—

"বৃত্তো ভপঞ্জরমধ্যে কক্ষাপরিবেষ্টিতঃ মধ্যগতঃ।
মৃজ্জলশিখী বায়ুময়ো ভূগোলঃ সর্বতো বৃত্তঃ।।"

পৃথিবী বর্ণনামূলক এই শ্লোকে বলা হয়েছে—বৃত্তাকার রাশিচক্রের মধ্যস্থলে গ্রহকক্ষা, তার নিম্নে মৃত্তিকা, জল, তেজ ও বায়ু পরিবেষ্টিত চতুর্দিকে বৃত্তাকার পৃথিবী।

আর্যভটের কালক্রিয়াপাদে (Measurement of Time) বর্ষবিভাগ সম্পর্কে বিশেষভাবে উল্লেখ রয়েছে। এখানে বলা হয়েছে যে, ১ বৎসর = ১২ মা, ১ মাস = ৩০ দিন, ১ দিন = ৬০ নাড়ী, এবং ১ নাড়ী = ৬০ বিনাড়ী।

এছাড়াও আর্যভটের পরবর্তী ভারতীয় জ্যোতির্বিজ্ঞানের ইতিহাসে উল্লেখ্য 'বরাহমিহির'। তিনি পাঁচটি গণিতজ্যোতিষ রচনা করেন—(১) পৈতামহসিদ্ধান্ত, (২) বাসিষ্ঠসিদ্ধান্ত, (৩) সৌরসিদ্ধান্ত বা সূর্যসিদ্ধান্ত, (৪) রোমকসিদ্ধান্ত এবং (৫) পৌলিশসিদ্ধান্ত। এই পাঁচপ্রকার গ্রন্থকে একত্রে 'পঞ্চসিদ্ধান্তিকা' বলা হয়। প্রথম ভাস্করাচার্য মহাভাস্করীয় ও লঘুভাস্করীয় গ্রন্থ রচনা করেন। ব্রহ্মগুপ্ত ব্রহ্মস্ফুটসিদ্ধান্ত ও খন্ডখাদ্যক নামক গ্রন্থ, লল্লাচার্য শিষ্যধীবৃদ্ধিদ নামক গ্রন্থ, মুঞ্জলাচার্য লঘুমানস নামক গ্রন্থ, দ্বিতীয় আর্যভট আর্যসিদ্ধান্ত ও মহাসিদ্ধান্ত নামক গ্রন্থ, শতানন্দ ভাস্বতী নামক গ্রন্থ, সিংহসামন্তের সিদ্ধান্তদর্পণ প্রভৃতি গ্রন্থ ভারতীয় জ্যোতির্বিজ্ঞানে দীপালোকের ন্যায় উজ্জ্বলিত হয়ে রয়েছে।

(২) ফলিত জ্যোতিষ (Astrology) : ফলিতজ্যোতিষ প্রাচীনকাল থেকে ভারতবর্ষে অতি যত্নসহকারে অধ্যয়ন ও চর্চা করা হত বিজ্ঞানরূপেই। এই বিদ্যার একজন খ্যাতনামা বিশেষজ্ঞ হলেন 'বরাহমিহির'। তন্ত্র, হোরা এবং সংহিতা এই তিনটি শাখায় জ্যোতিষকে শ্রেণীবদ্ধ করেছেন। জ্যোর্তিবিদ্যা ও গণিতের ভিত্তি হল 'তন্ত্র' নামক শাখা। ' হোরা' কোষ্ঠীবিষয়ক বিভাগটির নাম, সাধারণ জ্যোতিষবিদ্যা ও হোরা যে অংশটিতে আলোচিত হয়েছে তার নাম সংহিতা। এছাড়াও সংস্কৃতে ভবিষ্যদ্বাণী সংক্রান্ত শাস্ত্র (Geomaney) এবং স্বপ্নবিষয়ক শাস্ত্র (Cubomaney)ও রয়েছে। ভবিষ্যদ্বাণী বিষয়ক গ্রন্থ ভবভঞ্জন শর্মার রচিত 'রমলরহস্য' আর স্বপ্নবিষয়ক শাস্ত্র জগদ্দেবের রচিত 'স্বপ্নচিন্তামণি'। ফলিতজ্যোতিষশাস্ত্রে গণিতকৌমুদী, যাদুর ছক, চতুষ্কোণ প্রভৃতি বিষয় আলোচিত হয়েছে।

(৩) জ্যোতিষ সংহিতা : প্রকৃতপক্ষে ফলিতজ্যোতিষের বিভিন্ন শাখার মধ্যে জ্যোতিষ সংহিতার বিষয়সমূহ গৃহীত হয়েছে বলে অনেকে জ্যোতিষ সংহিতা নামে পৃথক্ ভাগের উল্লেখ করেননি। কিন্তু জ্যোতিষ সংহিতায় যে সমস্ত বিষয় পেয়ে থাকি সেগুলি হল—ব্যক্তিগত ভাগ্যফল, আবহাওয়া নির্দেশ, রাষ্ট্রীয় ফল, প্রজনন ও সৃষ্টি, আধ্যাত্মিকজ্ঞান, ধর্ম, ব্যাধি, চিকিৎসা, শুভাশুভ ফলগণনা, সামুদ্রিক বিদ্যা, পণ্যমূলের হ্রাস বৃদ্ধি গণনা ইত্যাদি।

আয়ুর্বেদ বা চিকিৎসাশাস্ত্র (Medical Science) : ভারতবর্ষে অতি প্রাচীনকাল থেকেই আয়ুর্বেদ বা চিকিৎসাশাস্ত্রের ব্যাপক অনুশীলন ঘটেছিল। এই শাস্ত্রে বিশারদ আচার্যদের নাম—ভারদ্বাজ, আত্রেয়, অগ্নিবেশ, জাতুকর্ণ, ভেল, হারীত, ক্ষারপাণি, ধন্বন্তরি প্রমুখ, বৈদিক সাহিত্যে সূর্য ও রুদ্র দেবতাগণ, দুই অশ্বিনীকুমার

এবং পৌরাণিক ব্রহ্মা, বিষ্ণু, নারায়ণ, শিব প্রমুখ রোগনিরাময়ের আধিকারিকরূপে অভিহিত। আয়ুর্বেদ বলতে যে শাস্ত্র পাঠ করলে আয়ু সম্পর্কে বিভিন্ন তথ্য জানা যায় সেই শাস্ত্রকে বলা হয় আয়ুর্বেদ। এই শাস্ত্র সম্বন্ধে প্রসিদ্ধি রয়েছে যে লোকপিতামহ ব্রহ্মা প্রজা সৃষ্টির করার পূর্বে 'ব্রহ্মসংহিতা' নামে একলক্ষ শ্লোকে নিবদ্ধ এবং এক সহস্র অধ্যায়ে বিভক্ত আয়ুর্বেদশাস্ত্র রচনা করেছিলেন। পরে তিনি তাঁর সৃষ্ট জীবকুলকে অল্পায়ু ও স্বল্পধী দেখে সেই বৃহদকার ব্রহ্মসংহিতাকে ক্ষুদ্র ক্ষুদ্র অষ্টাঙ্গে বিভক্ত করে অষ্টাঙ্গ আয়ুর্বেদ সৃষ্টি করছিলেন। ব্রহ্মার কাছ থেকে এই অষ্টাঙ্গ আয়ুর্বেদ শিক্ষালাভ করেছিলেন বিষ্ণু, মহেশ্বর, সূর্য এবং দক্ষ প্রজাপতি, দক্ষ প্রজাপতির কাছ থেকে অশ্বিনীকুমারদ্বয়, এবং অশ্বিনীকুমারদ্বয়ের কাছ থেকে দেবরাজ ইন্দ্র এই বিশেষ শাস্ত্রে অধিগত হন। স্বয়ম্ভূ ব্রহ্মার বিভক্ত অষ্টাঙ্গ আয়ুর্বেদের আটটি অঙ্গ বা তন্ত্র হল—

(১) **শল্যতন্ত্র (Major Surgery) :** লৌহ, অস্থি, ধূলি, পাষাণ, কাষ্ঠ প্রভৃতি শরীরে প্রবেশ করলে তা বের করার বিভিন্ন উপায়ের বিস্তৃত বিবরণ এই তন্ত্রে রয়েছে। এই তন্ত্রের গ্রন্থগুলির নাম হল—সুশ্রুতসংহিতা, ভোজতন্ত্র, পৌষ্কলাবতন্ত্র, অষ্টাঙ্গহৃদয় প্রভৃতি।

(২) শালাক্যতন্ত্র (শিশুরোগ বা Minor Surgery) : এই তন্ত্রে কর্ণ, চক্ষু, মুখ, নাসিকাজনিত রোগ সমূহ নিরাময়ের ব্যবস্থা আলোচিত হয়েছে। এই তন্ত্রের গ্রন্থগুলির নাম হল—চাক্ষুষ্যতন্ত্র, করালতন্ত্র, গার্গ্যতন্ত্র, নিমিতন্ত্র, প্রভৃতি।

(৩) কায়চিকিৎসা (ভৌতবিদ্যা বা Therapeutics) : বিবিধ অঙ্গাশ্রিত ব্যাধি, বিশেষতঃ জ্বর, অতিসার, রক্তপিত্ত, উন্মাদ, কুষ্ঠ প্রভৃতি বর্ণিত হয়েছে।

(৪) ভূতবিদ্যা (Demonology) : গ্রহকবলিত মানুষের চিকিৎসার বিস্তৃত বিবরণ অর্থাৎ গ্রহশান্তি, হোম, যাগযজ্ঞ, বলিদান, পাগলের চিকিৎসা প্রভৃতি আলোচিত হয়েছে এই বিদ্যায়।

(৫) কৌমারভৃত্য (Paediatrics) : এই তন্ত্রটি শিশুচিকিৎসার আলোচনায় সমৃদ্ধ। এই তন্ত্রের গ্রন্থগুলির নাম হল—জনৈক বাবনের কুমারভৃত্য, বালচিকিৎসা, জীবকতন্ত্র, হিরণ্যাক্ষতন্ত্র প্রভৃতি।

(৬) অগদতন্ত্র (Toxicology) : এই তন্ত্রে সর্প, কীট, বৃশ্চিক প্রভৃতির বিষ সম্পর্কে জ্ঞান এবং সর্পাদির দংশনজনিত ব্যাধি প্রশমনের উপায় বর্ণিত। এই তন্ত্রের গ্রন্থগুলির নাম হল—কাশ্যপসংহিতা, অলম্বায়ন, উশন, সনক্ত ও লাট্যায়নসংহিতা।

(৭) রসায়ন (Elixir) : এই তন্ত্রে বিভিন্ন রোগবিনাশক ভেষজের বিবরণ এবং আয়ু, মেধা, প্রভৃতি বর্ধনের উপায়ের আলোচনা রয়েছে। এই তন্ত্রের গ্রন্থগুলির নাম হল—ব্যাড়িতন্ত্র, বশিষ্ঠতন্ত্র, মান্ডব্যতন্ত্র প্রভৃতি প্রাচীন গ্রন্থ। বিশেষ উল্লেখযোগ্য—নাগার্জুনের রসরত্নাকর।

(৮) বাজীকরণ (Aphrodisiacs) : এই তন্ত্রে প্রতিপাদ্য বিষয় হল বিভিন্ন শুক্রের আপ্যায়ণ, উপচয়, এবং রিরংসা জননের উপায়। উল্লেখযোগ্য গ্রন্থ হল—বাৎস্যায়নের কামসূত্র, কৌপালিক, অগস্ত্যসংহিতা, কুচুমার তন্ত্র প্রভৃতি।

এছাড়াও ভারতবর্ষের বৈদিক সাহিত্যে আয়ুর্বেদের বীজ উপ্ত হয়েছিল। প্রমাণস্বরূপ বলা যায়—ঋগ্বেদ সংহিতার রুদ্র সূক্তে—

"ত্বাদত্তেভি রুদ্র শন্তমেভিঃ শতং হিমা অশীয় ভেষজেভিঃ।
ব্যস্মদ্ দ্বেষো বিতরং ব্যংহো ব্যমীবাশ্চাতয়স্বা বিষূচীঃ।।" রুদ্র-২/৩৩/২

অর্থাৎ হে রুদ্র, আমরা যেন তোমার দেওয়া সুখকর ওষধিদ্বারা শতবর্ষ জীবিত থাকতে পারি। তুমি আমাদের শত্রুদের বিনাশ কর, আমাদের পাপ নির্মূল কর এবং শরীরের সকল ব্যাধি দূর কর।

অথর্ববেদের ভৈষজ্যমন্ত্র, আয়ুষ্যমন্ত্র, পৌষ্টিক মন্ত্র প্রভৃতির মধ্যে নিহিত আছে আয়ুর্বেদের উৎস। ঋষিরা রোগব্যাধির নেপথ্যে বিশেষ অসুরের কল্পনা করে মন্ত্রশক্তির সাহায্যে দূর করতে চেয়েছিলেন। তাই জ্বরাসুরের বিনাশের জন্য ঋষি কণ্ঠে উদ্‌ঘোষিত হয়েছে—

"অয়ং যো বিশ্বান্ হরিতান্ কৃণোয়্যাচ্ছোচয়নগ্নিগিরি বাভিদুগ্বন্।
অধাহি তরামন্নর সো হি ভূয়া অধান্যঙ্‌ভূধরাং বা পরেহি।।"

—অথর্ব ৫/২২/২

অশ্মরীরোগ, শূলবেদনা, উদরী, চক্ষুরোগ, বাত, কুষ্ঠ প্রভৃতি রোগ নিরাময়ের মন্ত্র অথর্ববেদে রয়েছে। দীর্ঘ নীরোগ জীবন এবং সুন্দর স্বাস্থ্য লাভের জন্য আয়ুষ্য মন্ত্রের প্রয়োগ করা হত। এই ধরনের মন্ত্রে দ্যুলোক ও পৃথিবীলোকের মত প্রাণকে অভয়দান করে বলা হয়েছে—

"যথা দ্যৌশ্চ পৃথিবী চ ন বিভীতো ন রিষ্যতঃ।
এবা মে প্রাণ মা বিভেঃ।।" অথর্ব—২/১৫/১

প্রাচীন সাহিত্যে এমন কিছু ঋষির নাম পাওয়া যায় যাঁরা চিকিৎসাবিজ্ঞান সম্পর্কে উপদেশ দান করতেন। তাঁদের মধ্যে অন্যতম মহর্ষি আত্রেয়। আত্রেয়কেই এই বিজ্ঞানের প্রতিষ্ঠাতা ও প্রর্বতকরূপে গণ্য করা হয়।

আয়ুর্বেদের উল্লেখযোগ্য গ্রন্থগুলির মধ্যে চরকসংহিতার নাম উল্লেখযোগ্য। এই গ্রন্থটির রচয়িতা হলেন—মহর্ষি আত্রেয়ের অন্যতম শিষ্য অগ্নিবেশ। অথর্ববেদের পর থেকে উপনিষদ্ যুগের শেষ পর্যন্ত অগ্নিবেশতন্ত্রই আয়ুর্বেদশাস্ত্র শিক্ষার প্রধান গ্রন্থ ছিল। এই গ্রন্থটি আটটি স্থানে বিভক্ত।

(১) সূত্রস্থান—এখানে রোগ নির্ণয়, পথ্য এবং চিকিৎসকের কর্তব্য বিষয়ে আলোচনা বর্তমান।

(২) নিদানস্থান—এখানে প্রধান প্রধান রোগ সম্বন্ধে আলোচনা রয়েছে।

(৩) বিমানস্থান—এখানে আলোচিত হয়েচে চিকিৎসা শিক্ষার্থীদের অধ্যয়ন ও কর্তব্যাদি।

(৪) শারীরস্থান—শারীরবিদ্যা এবং ভ্রূণবিদ্যার আলোচনা এ বিভাগে সবিস্তারে করা হয়েছে।

(৫) ইন্দ্রিয়স্থান—এখানে ব্যাধির উদ্ভবে বিভিন্ন ইন্দ্রিয়ের ভূমিকার বিশদ আলোচনা রয়েছে।

(৬) চিকিৎসাস্থান—এখানে বিভিন্ন রোগের কারণ ও তার প্রতিকারের উপায় আলোচিত হয়েছে।

(৭) কল্পস্থান এবং সিদ্ধিস্থান নামক বিভাগে দ্রব্যগুণ বিচার ও বিভিন্ন গাছ গাছড়া থেকে ঔষধ প্রস্তুতের বিচার প্রভৃতি আলোচিত হয়েছে।

রসায়ন বিদ্যা (Chemistry) : প্রাচীন ভারতে কিমিয়া বিদ্যা (অর্থাৎ রাসায়নিক পদ্ধতির সাহায্যে পারদ প্রভৃতির প্রয়োগে অন্যান্য ধাতুকে সোনায় পরিণত করার কৌশলকে কিমিয়া বিদ্যা বলে) ও আয়ুর্বেদের অনুশীলন থেকে রসায়নবিদ্যার উদ্ভব ঘটেছিল। বিভিন্ন রোগের চিকিৎসার জন্য পারদ ও অন্যান্য ধাতুর জারণ, শোধন, মিশ্রণ প্রভৃতি প্রক্রিয়া, ভৈষজ্যগুণাগুণ পরীক্ষা, ক্ষার ও অম্লপাতন প্রভৃতি রসায়নশাস্ত্রের অন্তর্ভুক্ত

ছিল। রাসায়নিক বিদ্যার প্রাচীন আচার্যগণ হলেন—ঋষি পতঞ্জলি, দামোদর, ব্যাড়ি, বাসুদেব, ভব্যদত্তদেব, চরক, সুশ্রুত, হারীত নাগার্জুন। আচার্য প্রফুল্লচন্দ্র রায় তাঁর—A History of Hindu Chemistry গ্রন্থে রসায়নবিদ্যার বহু গ্রন্থের উল্লেখ করেছেন। এই বিদ্যার উল্লেখযোগ্য গ্রন্থগুলি হল—

(১) সোমদেব রচিত—রসেন্দ্রচূড়ামণি (খ্রীঃ ১২শ - ১৩শ শতক)।

(২) যশোধর রচিত—রসপ্রকাশসুধাকর (খ্রীঃ ১৩শ শতক)।

(৩) গোবিন্দাচার্য রচিত—রসসার (খ্রীঃ ১৪শ শতক)।

গণিতবিদ্যা (Mathematics) : গণিত শব্দের অর্থ সংখ্যা বা অঙ্ক গণনার দ্বারা যে পদ্ধতি প্রয়োগ হয়। 'গণ' শব্দের অপর অর্থ হল সমষ্টি, সুতরাং ব্যষ্টি ও সমষ্টির দ্বারা নির্ণয়· পদ্ধতির নাম গণিত। গণিতের দুটি প্রধান শাখা—সংখ্যাগণিত (অর্থাৎ পাটিগণিত ও বীজগণিত) এবং আকৃতিগণিত (অর্থাৎ জ্যামিতি)। প্রাচীন ভারতে পাটীগণিত ও জ্যামিতিবিদ্যার বিশেষ উৎকর্ষ পরিলক্ষিত হয়। বৈদিক যাগযজ্ঞের প্রয়োজনে নানারূপ বেদি নির্মাণ করতে গিয়ে জ্যামিতিবিষয়ক বিশিষ্ট ধ্যান ধারণার উদ্ভব হয়। বৈদিক সাহিত্যের অন্তর্গত বিবিধ শুল্বসূত্রে প্রাচীন গাণিতিক পদ্ধতির সূচনা দেখা যায়। পূর্ণসংখ্যা দশমিক পদ্ধতি ও অন্যান্য গাণিতিক তত্ত্ব ও পদ্ধতির প্রয়োগে ভারতের গৌরবময় অবদান অনস্বীকার্য। শুল্বসূত্রে ক্ষেত্রফলবিষয়ক সূত্রমালা, বর্গক্ষেত্রকে আয়তক্ষেত্রে এবং ত্রিভুজকে বর্গক্ষেত্রে পরিণত করার পদ্ধতি সমকোণী ত্রিভুজের অতিভুজ সম্পর্কিত উপপাদ্য, পিঙ্গলরচিত ছন্দঃসূত্র গ্রন্থে 'প্রস্তার' বা বিন্যাস ও সমবায় পদ্ধতির প্রয়োগ করা হয়েছে। বৌধায়নের শুল্বসূত্রে পিথাগোরাসের উপপাদ্য-এর ধারণাটি বিবৃত। আর্যভট ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের একটি নিয়ম আবিষ্কার করেছিলেন। ত্রিভুজের বাহুত্রয় ক, খ, গ হলে ধরি অ (অর্ধপরিসীমা) = ক + খ + ঘ/২, তাহলে ত্রিভুজের ক্ষেত্রফল √অ (অ-ক) (অ-খ) (অ-গ) বর্গ একক। ব্রহ্মগুপ্ত ও ভাস্করাচার্য প্রণীত গণিতজ্যোতিষের গ্রন্থগুলি ছাড়া গণিত বিষয়ক অন্যান্য গ্রন্থ হল—মহাবীরাচার্য রচিত—গণিতসারসংগ্রহ (খ্রীঃ ১২শ শতক), শ্রীধর রচিত-ত্রশতী, শ্রীনিবাস রচিত গণিতচূড়ামণি, নারায়ণ পন্ডিতরচিত গণিতকৌমুদী (খ্রীঃ ১৪শ শতক) প্রভৃতি।

পরিশেষে বলতে হয় যে বৈজ্ঞানিক প্রযুক্তিবিদ্যানুসারে প্রাচীনভারতে গান্ধর্ববিদ্যা (অর্থাৎ অভিনয়, সঙ্গীত ও নৃত্য), ধনুর্বেদ বা যুদ্ধবিদ্যাবিষয়ক শাস্ত্র, ক্রীড়াবিদ্যা, কামশাস্ত্র, বাস্তুবিদ্যা, শিল্পশাস্ত্র প্রভৃতি গ্রন্থের উদ্ভব হয়েছিল। অতএব ভারতে বৈজ্ঞানিক প্রযুক্তিবিদ্যার উদ্ভবের প্রামাণ্য রূপে বিভিন্ন পন্ডিতেরা অতিবিস্তৃত আলোচনা করেছেন।

গ্রন্থপঞ্জী

প্রাচীনভারতে সংস্কৃত সাহিত্য—ড. উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়, সংস্কৃত বুক ডিপো, প্রথম প্রকাশ—২০০১, ২০০৪, কোলকাতা-৭০০ ০০৬।

সংস্কৃত সাহিত্যের ইতিবৃত্ত—ড. গোপেন্দু মুখোপাধ্যায়, ইউনাইটেড বুক এজেন্সি, কোলকাতা-৭০০ ০০৯।

সংস্কৃত সাহিত্যের ইতিহাস— গৌরীনাথ শাস্ত্রী।

সংস্কৃত সাহিত্যের ইতিহাস—সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

সংস্কৃত সাহিত্যের ইতিহাস—ড. প্রদ্যোতকুমার বন্দ্যোপাধ্যায়, ঢাকা স্টুডেন্টস্ লাইব্রেরী, কোলকাতা ৭০০ ০৭৩

সংস্কৃত সাহিত্যের ইতিহাস—ধীরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ্, কোলকাতা-৭০০ ০৭৩

সংস্কৃত সাহিত্যের ইতিহাস— দেবকুমার দাস, শ্রী বলরাম প্রকাশনী, কোলকাতা-৭০০ ০০৬।

চরকসংহিতা (প্রথম খন্ড, দ্বিতীয় খন্ড, তৃতীয় খন্ড, চতুর্থ খন্ড, পঞ্চম খন্ড)—কবিরাজ ব্রজেন্দ্রচন্দ্র নাগ, নবপত্র প্রকাশন, কলিকাতা-৭৩।

ঋগ্বেদ সংহিতা (প্রথম খন্ড, দ্বিতীয় খন্ড)—হরফ প্রকাশনী, কোলকাতা-৭০০ ০০৭।

অথর্ববেদ সংহিতা —শ্রী বিজনবিহারী গোস্বামী, হরফ প্রকাশনী, কোলকাতা-৭০০ ০০৭।

যজুর্বেদ সংহিতা—শ্রী বিজনবিহারী গোস্বামী, হরফ প্রকাশনী, কোলকাতা-৭০০ ০০৭।

সামবেদ সংহিতা—পরিতোষ ঠাকুর, হরফ প্রকাশনী, কোলকাতা-৭০০ ০০৭।

কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্—ড. মানবেন্দু বন্দ্যোপাধ্যায়, সংস্কৃত পুস্তক ভান্ডার, কোলকাতা-৭০০ ০০৬।

উপনিষদ্ গ্রন্থাবলী—(১, ২, ৩) স্বামী গম্ভীরানন্দ, উদ্বোধন কার্যালয়, কলিকাতা-৭০০ ০০৩।

মহাভারতম্—বেদব্যাস, হরিদাস সিদ্ধান্তবাগীশ সম্পাদিত, কলিকাতা।

আয়ুর্বেদের ইতিহাস—প্রভাকর চট্টোপাধ্যায়।

ভারতে জ্যোতিষচর্চা ও কোষ্ঠী বিচারের সূত্রাবলী—শ্রী নরেন্দ্রনাথ বাগল।

A History of Sanskrit Literature—A.A. Macdonell, London, 1900.

A History of Ancient Literature—Friedrich Maxmuller, Allahabad, 1926.

A History of Sanskrit Literature—A.B. Keith, London, 1928.

Hisotry of Sanskrit Literature—V. Varadachari, Allahabad, 1952.

TAT TVAM ASI : ITS ECHO IN MODERN PSYCHOTHERAPY

SMT. MONALISA DUTTA

'Om pūrṇam adah pūrṇam idam pūrnāt pūrṇam udacyate/ pūrṇasya pūrṇam adāya pūrṇam evāvaśisyate.' This Upaniṣadic *mantra* indicates the wholeness of both the Brahman and Universe; it signifies the unity between Brahman and Jīva.

'Sa ya eso 'ṇimaitad ātmyam idaṃ sarvaṃ, tat satyaṃ sa ātmā, tat tvam asi (That which is subtle essence, all this has got That is the Self. That is Truth. That is the Self. You are That)—this is the ultimate knowledge, available in *Chādogyopaniṣad,* which is seen to be imparted to Śvetaketu by his father and teacher Āruni.

The echo of both of the aforesaid *Upaniṣadic* texts could be heard, when Swami Vivekananda uttered: 'Education is the manifestation of perfection already in man' or 'Humanity is the manifestation of divinity already in man'.

Completeness opposes desire. In the state of completion there remains no trace of mental agony or depression. At that time the mind feels tranquility. An attachment to one's guiding soul at that time can inspire to search an aspiration of knowledge, as it is noticed in Naciketā in *Kaṭhopaniṣad.*

Here the question arises whether the words like *tat tvam asi* only a so-called spiritual idea, which is far away from our normal daily life or it can be placed within the domain of intellectual human being, or it is the feeling and realization of our heart which is based on logical and scientific base?

Nowadays corporate lifestyle makes people detached from all subtle feelings of human beings. Their restless journey makes their mind busy and mechanical like a computer, full of data and theory. And the self-centered, exhausted and theoretical mind and brain lead them to loneliness and mental depression. That is again the right time to talk to the so-called God, i.e. to look inside, The poet says—

karma yakhan(a) prabala ākār(a) garaji uṭhiyā ḍhāke cāridhār(a),
hṛdaya-prānte he jīvananāth(a) śānta carane eso

That does not mean to go before God with a self-seeking attitude. Actual prayer or worship never denotes to go to temples, mosque, and church or to any type of pilgrimage, rather to look inside our soul, to consult with own-self, to criticize and realize own-self. Because of ignorance, we expose our problems and

seek urgent solution from the God, when we are in crisis. But the attitude should be different. Rabindranath says: *'vipade more rakṣā karo, e nahe mor(a) prārthanā, vipade ami nā yeno kari bhay(a). The* Upaniṣadic address *tat tvam asi* may be utilized for leading even common people towards the realization of the unlimited ultimate bliss, which is inbuilt in them. Actually, I am the soul and therefore, I am the driver of my life-car- *ātmānam rathinaṃ viddhi.*

Upaniṣad-s define *Brahman* as *Sat, Cit* and *Ānanda.* These are not mere qualities of Brahman, but Brahman Itself is *Sat,* i.e. Existent, *Cit,* i.e. and *Ānanda,* i.e. Bliss. Brahman is none other than me. That the Brahman or Ātmān or Myself is identified with *Ānanda,* to my mind, should be taken as the most important message in our today's troublesome livelihood. That 'I am one with the Supreme Soul', i.e. *Ānanda* may lead us to a positive perspective of life. Our poet utters:

asīm(a) yini, tini svayaṃ karechen sādhanā mānuṣer(a) sīmānāy(a) tākei vali 'āmi'

Ānanda or bliss is equal to me. Therefore, we have to go nowhere in search of bliss; rather we have to submerge in ourselves for bringing out the bliss. The way of immersing in own self has been stated time and again in the *Upaniṣad*-s as *śrotavyo mantavyo nididhyāsitavyaḥ. Śravaṇa* means to understand that all the Upaniṣadic texts are one regarding the implication of the only one entity. *Manana* refers to the judgement or verification of the *Vedānta-vacana. Nididhyāsana,* i.e. meditation is taken as the most effective way even in modern science of Psychotherapy. *Yoga* elucidates the process and state in a positive way.

Our mind is divided into four parts, among which *vikṣipatamanaḥ* is the first one. The second is *yātāyātamanaḥ.* The third one is *śliṣṭamanaḥ* and the fourth one is *sulīnamanaḥ, Vikṣipatamanaḥ* is very fickle and full of anxiety and error. The second part possesses a little bliss. The third stage is better than the second stage. The last stage is ideal for meditation. On the other hand, our mind possesses eight powers. Those are the power to tolerate, to discriminate, to judge, to face, to cooperate, to withdraw and to pack up. A person through meditation may acquire the powers. Regular meditation helps one to achieve the power of forgiving others and to make adjustments in every point. By meditation one peaceful soul feels own-self like a sea, who accepts all, which come to him. The person who practices meditation can discriminate the right and wrong, true and false. By the power of judgment he can decide his actual path. He can face all the difficulties of life with a peaceful mind. He always cooperates with others in every problematic situation. He also possesses the power of withdrawing. He can control own-self and his own organs. The last one is the power to pack-up. The meditated person packs up his worldly life and becomes one with the Supreme soul. Meditation issues energy to a person in

everyday life. An energetic soul is the symbol of all good attributes like tolerance, fearlessness, patience and purity etc. Modern science has proved through machine that how meditation can lead a person to a serene stage of mind.

In modern days, certain practical methods are being implemented which are based on those ancient process. One of them is laugh therapy. Once a renowned personality named Norman came to know that his days are numbered, because he is suffering from Psychoneuroimmunology or PNI. He left the hospital and kept himself in a small room with a lot of comedy movies. He continued to enjoy the movies with huge laughter and as a result, he got well. Music is another way to make one concentrated. Concentration is the other form of meditation. Nowadays, music therapy is applied for medical purposes. It helps a lot in the process of psycho-analysis and psycho-therapy. Recent studies have examined the effect of music therapy on stroke patients. One study found the incorporation of music with therapeutic upper extremity exercises gave patients more positive emotional effects than exercises alone. More recent research suggests that music can increase patient's motivation and positive emotions. Not only music, but how all types of aesthetic and cultural practices help in character building is proved through the revolutionary achievement of the renowned dancer Smt. Alokananda Roy of staging the Tagore's Vālmīki-pratibhā. This is not mere a stage performance by the prisoners but also seen to be fruitful in their life. A number of criminals are now working as most reliable security-guards.

Great personalities like Śrī Ramakṛṣṇa Paramahaṃsa, Swami Vivekananda, Rabindranath Tagore *et al* offered the easy keys to enter the kingdom of Upaniṣadic teachings, which make those great teachings more down to earth. I think, their perspectives along with Upaniṣadic thought may nourish the modern psychotherapeutic treatment. All of those great men have given emphasize on self-confidence, self-respect and self-realization, the seed of which is concealed in Upaniṣadic *mahāvākya- tat tvam asi.* That the duality is apparent and ultimate truth is oneness is frequently seen in Tagore's writing.

'tumi praśānta ciraniśidin(a)-
āmi aśānta virāmavihin(a)-
cañcala anivār(a)-
yato dūr(a) heri dig-digante
tumi āmi ekākar(a)/'

উপনিষদ্ ও সুফিবাদ : একই সত্যের দুই ভিন্ন প্রকাশ

পার্থসারথি ভট্টাচার্য

পৃথিবীর প্রায় সব প্রাচীন ধর্মেই একশ্রেণীর রহস্যবাদী, অতীন্দ্রিয়বাদী মানুষ ছিলেন যারা জাগতিক ভোগবিলাস পরিত্যাগ করে অনন্তপথের সাধনায় রত ছিলেন। তাদের মতে ইহজাগতিক বিষয়বাসনা হল আপেক্ষিক সত্য যা কিনা পরিপূর্ণ সত্যরই ক্ষণিকপ্রকাশ মাত্র। তাই তারা জাগতিক সংসারে থাকলেও তাতে আবদ্ধ না থেকে অন্বেষণ করেছেন চরম ও ধ্রুব সত্যকে। ভারতবর্ষ এমন একটি দেশ যেখানে যুগে যুগে কত বিচিত্র অধিবাসী, জাতি, দল, মানুষেরা এসেছে এবং ধীরে ধীরে কালের অনন্তস্রোতের প্রভাবে মিশে গেছে একে অপরের মননে, চিন্তনে। এযাবৎ পর্যন্ত আবিষ্কৃত যত সভ্যতা তাদের মধ্যে বৈদিক আর্য সভ্যতাই সবচেয়ে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলেছে ভারতবর্ষের বুকে। বৈদিক আর্যমনীষার শ্রেষ্ঠ দান হল "বেদ" যা কিনা অপৌরুষের। আবার বেদের চরমসত্য লুকিয়ে আছে উপনিষদ্ বা বেদান্ত বাক্যাবলীতে। তৎকালীন যুগে দাঁড়িয়ে মানুষের মেধা প্রজ্ঞা যে কতদূর যেতে পারে তা ভেবে আশ্চর্যবান্বিত হয়ে জার্মান পন্ডিত ফ্রেডরিক শ্লেগেল লিখেছিলেন—"Even the loftiest philosophy of the European, appears, in comparison with the abundant light of the Oriental Idealism, like a feeble Promethean Spark in the full flood of the heavenly glory of the noonday sun-faltering and feeble and ever ready to be extinguished." (Quoted by Maxmüller in his *"Origin the Vedanta philosophy).*

অপরদিকে ঠিক ততটা প্রাচীন না হলেও খ্রিষ্টিয় নবম শতকে সুদূর আরব দেশ থেকে আগত ইসলামের ক্রোড়ে জাত যে সম্প্রদায় ভারতবর্ষে এসে অমূল্য প্রভাব বিস্তার করেছিল তা হল "সুফিধর্ম" সম্প্রদায়। বৈদিক আর্যসমাজের শ্রেষ্ঠদান যেমন "বেদ" তেমনই ইসলাম ধর্মসম্প্রদায়ের শ্রেষ্ঠ দান 'কুর্‌আন"। আবার বেদের চরমতম সত্য যেমন উপনিষদ্ তেমনভাবেই ইসলামের চরমতম সত্য হল সুফিবাদ্। উভয়ের উৎপত্তি, আচার আচরণের মধ্যে কিছু পার্থক্য দেখা গেলেও তাদের মূল লক্ষ্য যে একই বিন্দুতে কেন্দ্রীভূত ছিল যা কিনা অসীম, অনন্ত, আনন্দময় পরম সত্তার সঙ্গে বিলীন হয়ে যাওয়া, তা আমরা খানিকটা পর্যালোচনা করলেই দেখতে পাবো।

বেদ কাকে বলে? এই নিয়ে পন্ডিতদের মধ্যে বিস্তর মতভেদ বিদ্যমান। প্রাচ্য পন্ডিতদের মতে বেদ হল অপৌরুষেয়। বেদের লক্ষণ করতে গিয়ে মহর্ষি আপস্তম্ব যজ্ঞপরিভাষাসূত্রে বলেছেন—

"মন্ত্রব্রাহ্মণয়োর্বেদনামধেয়ম্"—১/৩৩। প্রাচীন প্রথানুযায়ী চারিবেদ —ঋক্, সাম, যজুঃ আর অথর্ব। আবার প্রতিটি বেদের চারটি করে ভাগ মন্ত্র, ব্রাহ্মণ, আরণ্যক আর উপনিষদ্। উপনিষদ্ বা বেদান্ত হল সত্যের সার। বেদান্ত মানে বেদের অন্তভাগ। অন্ত শব্দের অর্থ এখানে শেষ নয় বরং চ শীর্ষদেশ। যেমন কোন মন্দিরে শীর্ষস্থান হল বিগ্রহ প্রতিষ্ঠিত গর্ভদেশ তেমনই বেদরূপমন্দিরে শীর্ষস্থান হল উপনিষদ্ শব্দটিকে আমরা ভাঙ্গলে পাবো উপ-নি-যদ্ (ক্বিপ্)। যদ্ ধাতুর মূলতঃ তিনটি অর্থ **"যদ্৯বিশরণগত্যবসাদনেষু"** মানে বিশরণ বা

বিনাশ করা, পার্থিব নশ্বর জ্ঞানের বিনাশ। গতি মানে হল বুদ্ধির গতি বা এগিয়ে চলা এবং অবসাদন হল শিথিলীকরণ, জাগতিক সম্পর্ক সম্বন্ধে শিথিল মনোভাব। একত্রে উপনিষদ্ শব্দের অর্থ হল গুরুর কাছে সম্যক্‌রূপে নিশ্চিতরূপে ব্রহ্মতত্ত্ব যে বিদ্যার দ্বারা প্রাপ্ত হয়। **"উপগম্য গুরুং নিশ্চয়েন সীদতি, গচ্ছতি, প্রাপ্তোতি ব্রহ্মতত্ত্বং যথা বিদ্যয়া"**।

অপরদিকে কুর্‌আন আর হাদিস নিয়েই ইসলাম ধর্ম। কুর্‌আন হল আল্লাহ্-এর শাশ্বত বাণীর সমাহার যা কিনা একদিক থেকে অপৌরুষেয়। আর এই কুর্‌আন ও হজরত মুহাম্মদের নির্যাসটুকু নিয়ে ইসলামের যে শাশ্বত মতবাদ তাহাই হল "সুফিবাদ"। তাই সুফিবাদ কোন ইসলাম বহির্ভূত জীবন দর্শন নয়। Encyclopaedia Britanica বলা হয়েছে—"Sufism is a mystical movement within Islam that seeks to find divine love and knowledge through direct personal experience of God." তবে কুর্‌আন শরীফের সাথে সুফিদের জীবনধারার পূর্ণসংগতি ছিল না বলে গোঁড়া ইসলামদের থেকে এই সম্প্রদায় বিচ্যুত হয় এবং যাযাবরদের জীবনপদ্ধতি কাটাতে কাটাতে ভারতের উত্তর পশ্চিম সীমান্তে এসে উপনীত হয়। ভারতের বুকে সুফিসাধনার প্রথম প্রকাশ ঘটে খ্রিষ্টিয় একাদশ শতকে দাক্ষিণাত্যের প্রসিদ্ধ ভক্তদার্শনিক রামানুজের সময়কাল থেকে। ধীরে ধীরে অদ্বৈতবেদান্তদর্শন, বিশিষ্টাদ্বৈতমতবাদ সুফিদের কাছে গ্রহণযোগ্য হয়ে ওঠে। ক্রমশঃ ভারতীয় সুফিধারা ইসলামীয় সুফিধারার একান্ত অনুবৃত্তি না হয় হিন্দুমুসলিম ধর্মসাধনার একটা মিশ্ররূপ গ্রহণ করে। "Indian Sufism is a mixture of Muslim-Hindu thinking"—A.M.A Shushtery, *Outlines of Islamic Culture*, p. 413.

সুফিবাদ (Sufism) শব্দের উৎপত্তি নিয়ে অনেক মতভেদ রয়েছে। অধিকাংশের মতে যেহেতু সুফিসাধকরা কেবলমাত্র সাদাপশম ব্যবহার করতেন লজ্জানিবারণার্থে তাই সুফ বা পশম থেকেই সুফিশব্দের উৎপত্তি। আবার অনেকে মতে সাফা বা অন্তরের পবিত্রতা বা শুদ্ধতা থেকেই সুফিশব্দের উৎপত্তি। তবে আমরা যদি সুফিবাদের ভাববাদী ব্যাখ্যায় যাই তবে দেখতে পাবো যিনি সাফা বা অন্তরের পবিত্রতা লাভ করে বাহ্যিক দেহে সুখ বা পোশাক পড়েন এবং হুয়া বা রিপুকে জফা বা উৎপীড়ন করে দুনিয়াকে কফা বা পিছিয়ে ফেলে যান তিনিই সুফি।

সুফিরা যেমন একদিকে মানবতাবাদী ও প্রেমবাদী তেমনই অপরদিকে রহস্যবাদী। তাই সুফিবাদকে অনেকে রহস্যবাদ হিসাবেও অভিহিত করেন। আমাদের উপনিষদ্ বিদ্যাকেও **"রহসি"** বা রহস্যবিদ্যা বলা হয়। জীবন ও জগৎ সম্পর্কে মানুষের জিজ্ঞাসা অনন্তকাল ধরে চলে আসছে। সুফিরা এই জগতের অস্তিত্ব স্বীকার করে কারণ তাদের কাছে পরজন্মের মূল ভিত্তি হল এই বিশ্বসংসার। এই জগতের মূল মালিক রাব্বুল আলামিন যিনি মহাবিশ্বের প্রভু। তিনি জগৎ সৃষ্টি করেই বলেন **"ইন্নি জায়েলুন ফিল আরদে খলিফা"** মানে আমি নিশ্চয়ই পৃথিবীতে প্রতিনিধি সৃষ্টি করবো। অন্যদিকে ছান্দোগ্যোপনিষদে প্রতিধ্বনিত হয়েছে **"তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয়-৭।৩।১"**। সুফিরা এই বিশ্বকে আল্লাহ্ এর দান হিসাবে দেখে। সবকিছুতেই আল্লাহ্-এর অস্তিত্ব তাদের চোখে পড়ে। ছান্দোগ্যোপনিষদে বলা আছে **"সর্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলান্'** ৩।১৪।১ মানে সকলই ব্রহ্ম, কারণ সকল বস্তু "তজ্জ" তা থেকে জাত "তল্ল" তাতে লীন এবং তদন ব্রহ্মের দ্বারাই রক্ষিত হয়।

মুণ্ডকোপনিষদেও আছে —

"অতঃ সমুদ্রা গিরয়শ্চ সর্বে
অস্মাৎ স্যন্দতে সিন্ধবঃ সর্বরূপাঃ।

অতশ্চ সর্বা ওষধয়ঃ রমাশ্চ
যেনৈষ ভূতৈস্তিষ্ঠতেঽন্তরাত্মা।।" ২।১।৯

উপনিষদে কোথাও কোথাও ব্রহ্ম ও জীবের মধ্যে অভেদ দেখানো হয়েছে তেমনই আবার কোথাও কোথাও উভয়ের মধ্যে ভেদ দেখানো হয়েছে। অভেদ প্রতিপাদনকারী মহাবাক্যাবলীগুলি হল—

১) "অয়মাত্মা ব্রহ্ম" (মাণ্ডুক্যোপনিষদ্ ২) অর্থাৎ এই আত্মাই হল ব্রহ্ম।

২) "তত্ত্বমসি" (ছান্দোগ্যোপনিষদ্ ৬।৮।৭) অর্থাত্ তুমি হও সেই।

৩) "অহং ব্রহ্মাস্মি" (বৃহদারণ্যকোপনিষদ্ ১।৪।১০) আমিই ব্রহ্ম।

৪) "প্রজ্ঞানং ব্রহ্ম" (ঐতরেয় উপনিষদ্ ৫।৩) প্রজ্ঞা ব্রহ্ম।

৫) "নান্যোঽতোঽস্তি দ্রষ্টা নান্যোহ.তোহস্তি শ্রোতা' (বৃহদারণ্যোপনিষদ্ ৩।৭।২৩) এই ব্রহ্ম ভিন্ন আর কেহ দ্রষ্টা নাই, শ্রোতা নাই, অর্থাত্ ব্রহ্ম ভিন্ন কোনও জীবও নাই।

ভেদ প্রতিপাদকারী বাক্যগুলি হল—

"দ্বা সুপর্ণা সযুজা সখায়া
সমানং বৃক্ষং পরিষস্বজাতে।
তয়োরণ্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যঃ অভিচাকশীতি"।।
(মুন্ডোকোপনিষদ্ ৩।১।১)

আবার কেনোপনিষদে ৪।৬ আছে—"তদ্বনমিতি উপাসিতব্যম্" অর্থাত্ সেই ব্রহ্মকে ভজনীয়রূপে উপাসনা করা উচিত। বেদান্ত সম্যক্রূপে অনুধাবন করতে গেলে প্রস্থান ত্রয় পড়তে হয়। (১) শ্রুতিপ্রস্থান (২) ন্যায়প্রস্থান ও (৩) স্মৃতিপ্রস্থান। এর মধ্যে ন্যায়প্রস্থান হল ব্রহ্মসূত্র। এই ব্রহ্মসূত্রের ৫৫৫টি সূত্রের নানাবিধ ব্যাখ্যা নিয়ে নানান সম্প্রদায় গড়ে উঠেছে। যেমন শঙ্করাচার্য প্রণীত অদ্বৈতবাদ, মধ্বাচার্য প্রণীত দ্বৈতবাদ, রামানুজ প্রণীত বিশিষ্টাদ্বৈতবাদ ইত্যাদি। সুফিদের মতে "আনা আল হক্ব" মানে আমিই সত্য যা কিনা "অহং ব্রহ্মাস্মি" (ছান্দোগ্যোপনিষদ্ ৬।৮।৭) ধ্বনিরই প্রতিধ্বনি। তবে সাধারণতঃ তারা নিজেদেরকে আল্লাহ-এর বান্দা হিসাবেই দেখে। সুফিসম্প্রদায়ের মধ্যে বিশিষ্টাদ্বৈতবাদের প্রভাব চোখে পড়ে কারণ রাজামনুজের সময়েই তাদের প্রথম প্রকাশ ঘটে। বিশিষ্টাদ্বৈতবাদীর মতে জীব হল ব্রহ্মের অংশ, উভয়েই সত্য। সুফিদের মতে-ও তারা আল্লাহ্ এর অংশ। আসলে পূর্ণ সত্যকে জানতে গেলে আমাদের প্রথমে খন্ড সত্যকে বিশ্বাস করতে হবে। **"ব্রহ্মসত্যং জগত্মিথ্যা, জীবো ব্রহ্মৈব নাপরঃ'** এই চরমসত্যকে অনুধাবন করতে গেলে আমাদের মেনে নিতে হবে যে আমি হলাম তার অংশ তারপরে চরম অনুধাবন স্তরে আমিই সে ও সে আমি হয়ে যাই। উভয়পক্ষের এই ভেদাভেদ মুছে যায় যখন বলা হয় " **নেতরোঽনুপপত্তেঃ" (ব্রহ্মসূত্র ১।১।১৬)** অর্থাত্ ইহাকে জীব বলিতে অর্থের সম্মতি হয় না। কারণ তৈত্তিরীয় উপনিষদে ২।৬।২ আছে " **সোঽকাময়ত বহু স্যাং প্রজায়েয়"** তিনি ইচ্ছা করলেন এক আমি বহু হব। আবার ইসলামেই আছে **"ইন্নিজায়েলুন ফিল আরদে খালিফা"** আমি নিশ্চয়ই পৃথিবীতে প্রতিনিধি সৃষ্টি করব। এককথায় বলতে গেলে জল জমে যেমন বরফ হয় তেমনই অজ্ঞান আচ্ছাদিত জীব নিজেকে ব্রহ্ম বা আল্লাহ্ থেকে পৃথক ভাবে আবার অজ্ঞানের আচ্ছাদন সরে যেতেই বরফ গলে যেমন জলে রূপান্তরিত হয় তেনই জীবেরও উপলব্ধি হয়ে যে তার ব্রহ্ম বা আল্লাহ্ একই সত্বা।

ইসলাম ধর্মে জ্ঞান দুই প্রকার। যথা **"জাহেরী"** বা প্রকাশবিদ্যা এবং **"বাতেনী"** বা গুপ্তবিদ্যা। প্রকাশ্য

বিদ্যা হল কুরআন্, হাদিস এবং অপ্রকাশ্যবিদ্যাকে ইসলামি শাস্ত্রে বলে ইলামে তাসাউফ বা সুফিবাদ। মুন্ডকোপনিষদে প্রথমেই বলা হয়েছে ১।১।৪ যে " **দ্বে বিদ্যে বেদিতব্যে ইতি হস্ম যদ্ ব্রহ্মবিদো বদন্তি পরাচৈবাপরা চ। তত্রাপরা ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্ববেদঃ।**" এই পরা বিদ্যা বা বাতেনীকে জানতে গেলে আমাদের কিছু পন্থা অবলম্বন করতে হয়। ইসলামি সুফিবাদ মূলতঃ চারটি ভাগে বিভক্ত। ১) শরিয়ত ২) তরিকত ৩) হকিকত ও ৪) মারিফত্। শরিয়ত হল ইসলামের আদেশ, নীতি, কৌশল। এটি আবার চারটি বিষয়ের সমাহার—(১) কুর্আন (২) হাদিস (৩) এজমা (ঐকমত্য) ও (৪) কেয়াস বা স্বাধীন বিচারবুদ্ধি। শরিয়তের মূল পাঁচটি কাজ হল ঈমান, সালাত, মিয়াম, হজ ও জাকাত। শরিয়ত হল ইসলামের দেহ আর তরিকত হল তার অন্তর বা ক্বলব। সুফিবাদী গ্রন্থ "**কিতাবুল লুমা**" তে তরিকতের সাতটি মঞ্জিলের কথা বলা হয়েছে। যেমন—

১। **তওবা** = অনুশোচনা

২। **ওয়ারা** = নিবৃত্তি

৩। **জুহদ** = ত্যাগ

৪। **ফকর** = দারিদ্রতা

৫। **শবর** = ধৈর্য

৬। **তাওয়াক্কুল** = ভরসা

৭। **রেয়া** = সন্তুষ্ঠি

সুফিভাষায় বস্তুজগৎকে আলমে নাসূত বা শরিয়তের জগৎ-ও বলা হয়। মারেফত মানে পরিচয়, নিজের প্রকৃত পরিচয় জানা এবং হকিকত হল পরম সত্যলাভ করা।

সুফিদের সাথে অদ্বৈতবেদান্তবাদীদের কিছু মিল পরিলক্ষিত হয় যদিও সেটি পুরোপুরি ভাবে নয়। যেমন অদ্বৈতবাদীমতে সাধন চারটি—

১। **নিত্যানিত্যবস্তুবিবেক** ঃ—নিত্য ও অনিত্যবস্তুবিচার।

২। **ইহামূত্রফলভোগবিরাগ** ঃ—ইহ ও স্বর্গভোগের প্রতি বৈরাগ্য।

৩। **শমাদিষট্কসম্পত্তিঃ**—মানে শম, দম, উপরতি, তিতিক্ষা সমাধান ও শ্রদ্ধা এই ছয়টি গুণের বিকাশ সাধন করা।

৪। **মুমুক্ষু**—মুক্তির ইচ্ছা।

সুফিদের হকিকত বা চরমসত্যে পৌঁছানো অবস্থায় দুটি স্তর থাকে। যথা **বকা** মানে যেখানে আমি আল্লাহ্-এর অনুভব করি নিরবিচ্ছিন্নভাবে আর **ফনা** যে স্তরে আমি তাতেই লিপ্ত হই মানে আমাদের তাতে ভেদাভেদ মুছে গিয়ে "**আনা-আলহক্ক**" মানে "আমিই সত্য" উপলব্ধি করি। অদ্বৈতবেদান্তমতে সমাধি দুই প্রকার সবিকল্প আর নির্বিকল্প। সবিকল্প সমাধিতে উভয়ের অস্তিত্ব ঠাহর হয় কিন্তু নির্বিকল্পতে উভয়ের ব্যবধান ধুয়ে মুছে গিয়ে "**অহং ব্রহ্মাস্মি**" অনুভব হয়। সুফি মতে আমাদের মানবদেহ পাঁচটি উপাদানে রচিত হয়। যথা—আব (জল), আতিশ (আগুন), খাক (মাটি), বাদ (বাতাস) ও নাফস (প্রবৃত্তি)। উপনিষদেও বলা হয়েছে এই পাঁচটি স্থূলভূত থেকে স্থূলজগৎ উৎপন্ন হয়েছে এবং সূক্ষ্ম পঞ্চভূত থেকে ইন্দ্রিয়, মন, বুদ্ধি প্রাণ প্রভৃতি সূক্ষ্মদেহের অবয়ব সমূহ সৃষ্টি হয়েছে। মুণ্ডকোপনিষদ্ ২।১।৩ বলা হয়েছে—

"এতস্মাৎ জায়তে প্রাণো মনঃ সর্বেন্দ্রিয়াণি চ।
খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী।।"

এই সমস্ত ধারণা যে অদ্বৈতবেদান্ত প্রভাবে সুফিতত্ত্বে এসে জোড়ে তা নয় বরঞ্চ উভয়ের মধ্যে সাদৃশ্যতা যে বিদ্যমান তাহাই মূল লক্ষ্য। এটিকে আমরা একটি তালিকায় দেখাতে পারি।

অদ্বৈততত্ত্ব	**অবস্থা**	**বৌদ্ধিকস্তর**	**সুফি ইসলাম**
বৈশ্বানর	জাগ্রত (Waking-stage)	বহির্জগত্ (External)	শরিয়ত
তৈজস্	স্বপ্ন (Dream state)	অন্তর্জগত্ (Internal)	তরিকত
প্রজ্ঞা	সুষুপ্তি (Deep sleep)	সম্পূর্ণ আনন্দবস্থা (Eliss)	মারিফত
তুরীয় চৈতন্য	আত্মবস্থা (Atman)	উপরি-বৌদ্ধিকাবস্থা (Beyond Cognition)	হকিকত

অধিকাংশ প্রাশ্চাত্য এবং কিছু কিছু প্রাচ্য পণ্ডিতদের মতানুযায়ী উপনিষদে কেবলমাত্র জ্ঞানকান্ডের সমাহার হয়েছে। যজ্ঞের বাহ্যিক আড়ম্বর বিলাসিতা পরিত্যাগ করে সম্পূর্ণ শ্রবণ, মনন, নিদিধ্যাসনের মিলিতাবস্থার প্রতি অপূর্ব আনন্দানুভবই উপনিষদের বীজ। এই প্রসঙ্গে Arthur Antony Macdonell তার *Origin of Vedanta* গ্রন্থের ১৬ পৃষ্ঠায় বলেছেন—"In these Upanisads the whole ritual or sacrificial system of the Vedas is not only ignored but directly rejected as useless, nay as mischievous. The ancient gods of the Vedas are no longer recognized."

পল ডয়সন তার History of Sanskrit Literature গ্রন্থের ২১৫ পৃষ্ঠায় বলেছেন—"Though the Upanisads generally form a part of the Brahmanas they really represent a new religion which is in virtual opposition to the ritual or practical side". তবে উপনিষদ্ হল জ্ঞানকান্ড ও কর্মকান্ডের অপূর্ব সমাহার। কারণ কর্ম বিনা জ্ঞান আর জ্ঞানরহিত কর্মের কোন মূল্য নেই। ঈশোপনিষদের দ্বিতীয় মন্ত্রে বলা আছে—

"**কুর্ব্বন্নেবেহ কর্মাণি জিজীবিষেৎ শতং সমাঃ।**" এমনকি এই উপনিষদেরই ১১ মন্ত্রে বলা হয়েছে—"**অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে**" অর্থাত্ অবিদ্যার দ্বারা মৃত্যু অতিক্রম করে বিদ্যা দ্বারা অমৃত লাভ করা যায়। অবিদ্যা মানে কর্ম। আসলে কর্ম "আমি করব" সেটা যেন বহির্মুখী না হয়ে অন্তরমুখী হয়ে ওঠে।

এবং সেই অন্তরমুখী কর্মের মাধ্যমে অন্তরমুখী অসীম যাগকে প্রজ্জ্বলিত করে অসীম, অনন্ত আনন্দময় সত্তায় যেন মিলিয়ে যাই। সুফি ধর্মের বিবর্তন দেখলেও আমরা দেখতে পাবো গোঁড়া ইসলামী ধর্ম থেকে বিচ্যুত হয়ে তারা ক্রমশঃ অন্যান্য জাতি, ধর্ম নির্বিশেষে মানুষদের সান্নিধ্য এসেছে। ফলতঃ বহির্মুখী কর্মকান্ড তাদের ক্ষেত্রেও হয়ে উঠেছে অন্তরমুখী উপাসনা যাতে সে যেন অনন্ত, অখিল আলাহ্ সত্তার সাথে ফনা হয়ে যেতে পারে।

সুফিদের ভারতবর্ষে আসার প্রাক্ পর্যায়ে লক্ষ্য ছিল ইসলাম তথা হজরত মুহম্মদের জীবনদর্শন প্রচার করা। কিন্তু ক্রমশঃ ভারতীয় ও অন্যান্য আধ্যাত্মিক ভাবধারায় উদ্বুদ্ধ হয়ে তাদের মধ্যে পরিবর্তন লক্ষিত হয়ে থাকে। পাঞ্জাবী সুফিদের মধ্যে অনেকে আবার জন্মান্তরবাদেও বিশ্বাসী ছিলেন। [Lajwanti Rama Krishna, *Panjabi Sufi poets*, p. 18]। পরবর্তীকালীন বিখ্যাত সুফি কবি শেখফরীদ-এর রচনাতেই দেখা যায় যে তাদের চিত্ত আরও প্রসারিত হয়ে মানবতাবাদী ধর্মে বেশি করে উদ্বুদ্ধ হয়েছেন।

"ইক্ক ঘুদাঈ দুঈ হাদী কেহ্‌রা সেধী কেহ্‌রা হদ্দা রদ্দী" (জনমসাখী)

শ্রীমদ্ভগবদ্‌গীতায় ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন—**"বেদানাং সামবেদোঽস্মি"**।[৬] সেখানে দেখা যায়

বেদসমূহের মধ্যে সামবেদ ভগবদ্‌বিভূতি। মহাভারতের অনুশাসনপর্বেও বলা হয়েছে—"**সামবেদশ্চ বেদানাং যজুষাং শতরুদ্রিয়ঃ**"[৭]। আবার দার্শনিক রামানুজ তাঁর ভাষ্যে লিখছেন—"**ঋগ্‌-যজুঃসামাথর্বানাং যদুৎকৃষ্টসামবেদঃ সোঽহমস্মি**"। এসকলের দ্বারা স্পষ্টতঃই সামবেদের প্রাধান্য দুন্দুভিত হচ্ছে। আচার্য সায়ণ সামবেদের সংজ্ঞা নিরূপণ করতে গিয়ে ভাষ্যে বলেছেন—'**সামভিঃ প্রগীতৈর্মন্ত্রঃ**'। আবার সামবেদভাষ্যভূমিকাতেই আচার্য সায়ণ ঋক্‌কে সামগানের কারণ ও আশ্রয় বলেছেন—'**তথা গায়মানস্য সাম্ন আশ্রয়ভূতা ঋচঃ সামবেদে সমাম্নায়ন্তে। গীতিরূপাঃ মন্ত্রাঃ সামানি**'। ঋঙ্‌মন্ত্রের ওপর স্বর সন্নিবেশ করে গান করার নাম 'সাম' বা 'গীতি' ; আর এই গানই হল সাম। দেবতার স্তুতিবাচক সামগানকে বলা হয় 'স্তোত্র'। আচার্য জৈমিনি সামের সূত্র করেছেন—'**গীতিষু সামাখ্যা**'[৮] আবার তৈত্তিরীয় ব্রাহ্মণে বলা হয়েছে—'**ঋচঃ সামানি যজূংষি**'।[৯] তৈত্তিরীয় সংহিতায় বলা হয়েছে—'**এতক্‌ সমা গায়ন্নাস্তে**'[১০]। আচার্য সায়ণ রথন্তরসামের উল্লেখ করেছেন। রথন্তরসামে কেবল একটিমাত্র স্বরস্তোভই প্রয়োগ করা হত না, তিনটি ঋঙ্‌মন্ত্রের ওপর সুরসহযোগে গান করা হত—'**রথন্তরং গীয়তামিতি কেনচিদুক্তাঃ অধ্যেতারঃ স্বরস্তোভবিশেষযুক্তামভিন্নেত্যৃচং পঠন্তি, ন তু স্বরস্তোভমাত্রম্**"। সুতরাং রথন্তরসামের অর্থ গানবিশিষ্ট ঋঙ্‌মন্ত্র। তাছাড়া বৃহৎসামও সুরসহযোগে গান বা আবৃত্তি করা হত। বৈদিক যুগের প্রধান গান ছিল বৈদিক গান বা সংলাপে শুধুই 'সামগান'। এর অনেককাল পরে একপ্রকার গান্ধর্ব বা মার্গসঙ্গীত জন্মলাভ করে, যার নাম ছিল 'সামগীত'। সামবেদের দুটি ভাগ হল—

১) আর্চিক বা গান অংশ এবং

২) গান বা স্বরলিপি অংশ—এই আর্চিক আবার দ্বিধাবিভক্ত—ক) পূর্বার্চিক এবং খ) উত্তরার্চিক। 'গান' অংশে উত্তরার্চিকের সূক্তগুলির স্বরাঙ্কে বা স্বরলিপি সহ গেয় রূপ দেওয়া হয়ে থাকে। সূক্তগুলি তিনটি করে ঋঙ্‌মন্ত্রের সমষ্টি, তাই এর অপর নাম 'ত্রিঋচ্‌' বা 'তৃচ'। তৃচটি পুনরায় গাইলে তার নাম হয় 'স্তোত্র' এবং কয়েকটি স্তোত্র নিয়ে একটি 'স্তোম' গঠিত হয়। 'তৃচ'-র অপর নাম 'প্রগাথ'। কারণ মন্ত্র তিনটি প্রকৃষ্টরূপে গ্রথিত। তৃচ-র প্রথম ঋক্‌ বা মন্ত্রটিকে বলা হয় 'যোনিমন্ত্র' বা মূলমন্ত্র—'**ঋচঃ সাম্নাং যোনিঃ**' এবং অপর দুই মন্ত্রের সমষ্টিকে বলা হয় উত্তরা। যোনিমন্ত্র প্রকৃতপক্ষে পূর্বার্চিকের মন্ত্র। তিনটি ঋকে রচিত সামের আরেক নাম 'স্তোত্রিয়'। সাম শব্দে সর্বদাই বৈদিক স্বরসংযোগে গান বোঝায়। ভাষ্যকার সায়ণও এর সমর্থনে প্রমাণবাক্য দিয়েছেন—

সামোক্তিবৃহদাদ্যুক্তীঃ গীতেয়সৃচি কেবলে।
গানে বা গানে এবেতি স্মার্যতে 'মৃপ্তমোদিতম্‌।।"

ভাষ্যকার আরও বলেছেন—"**সামশব্দবাচ্য—গানস্য স্বরূপমৃগক্ষরেষু নিষ্পাদ্যতে। ক্রুষ্টঃ প্রথমো দ্বিতীয়স্তৃতীয় চতুর্থঃ পঞ্চমঃ ষষ্ঠশ্চৈত্যে সপ্তস্বরাঃ। তে চাবান্তরভেদৈর্বত্তধা ভিন্নাঃ।**" ঋঙ্‌মন্ত্র এই সপ্তস্বরযোগে গাওয়া হত। প্রথমাদি স্বর আবার অবান্তরভেদে ভিন্ন ভিন্ন ছিল।

ঋষি অঙ্গিরাই সর্বপ্রথম সামগীতি রচনা করেন—'**উপ নো দেবা অবসা গমন্ত্বঙ্গিরসাং সামভিঃ স্তূয়মানাঃ**'[১২]। কারণ ঋগ্বেদসংহিতার ১।৩১।১ মন্ত্রের ভাষ্যে সায়ণ বলেছেন—'**অঙ্গিরআসানাম্‌ ঋষীণাং সর্বেষাং জনকত্বাৎ**'। আবার ২।২৩।১৭ মন্ত্রে অঙ্গিরার পুত্র বৃহস্পতিকে সামের গায়ক বলা হয়েছে এবং এই বৃহস্পতিই হলেন সমস্ত সামের উচ্চারক।

ঋগ্বেদের অষ্টমমণ্ডলে ৯২টি সূক্ত আছে। একে 'প্রগাথ মন্ডল' বলে। কারণ সূক্তগুলি প্রকৃষ্টরূপে গান করা

হত তাই 'প্রগাথ' বা 'প্রগাথা'। বৈদিকসাহিত্যের অনেকস্থলেই গান অর্থে গাথা শব্দ ব্যবহৃত হয়েছে।[১৩] আবার গীতিকবিতার সুপ্রাচীন নাম 'গাথা' বা 'গাথ'।[১৪] নবমমণ্ডলে সোমলতা থেকে সোমরস নিষ্কাষণের সময় সামগান গাওয়া হত, তাই এর নাম সোমমন্ডল।

সামবেদের প্রধান পুরোহিত বা সামগকে বলা হত উদ্‌গাতা। কারণ উদ্‌গীথ থেকেই এর উৎপত্তি এবং উদ্‌গানই ছিল সামগানের মূল রূপ। ভিন্ন ভিন্ন ঋক্ নিয়ে গঠিত হত সাম। যেমন—**'সহস্রশীর্ষা পুরুষঃ'** এরূপ ৬টি ঋকের সমবায়ে এক একটি সাম সৃষ্ট হত।[১৫]

বৈদিক সামগানের প্রকৃতিঃ

'ক্রুষ্টাদয়ঃ উত্তরোত্তরং নীচা ভবন্তি'[১৬]—বৈদিক সামগানে আমরা দেখি স্বরের গতি উচ্চসপ্তক থেকে নিম্নসপ্তকের দিকে। এই উচ্চনীচ স্বরের মাঝে আবার তৃতীয় স্বরের অবস্থান। তাই বৈদিক স্বর—

১। উদাত্ত—'উচ্চৈরুদাত্তঃ'—উচ্চস্বর

২। অনুদাত্ত—'নীচৈরনুদাত্তঃ'—নিম্নস্বর এবং

৩। স্বরিত—'সমাহারঃস্বরিতঃ'—নিম্ন ও উচ্চ স্বরদুটির সমতারক্ষার জন্য ও সঙ্গীতমাধুর্যের জন্য সমাহাররূপে স্বরিত স্বরের সৃষ্টি। এই উদাত্তাদি স্বর থেকেই ক্রমে সপ্তস্বর বিকাশলাভ করে। ঋক্‌প্রাতিশাখ্যকার শৌনক বলেছেন—**'এতানি স্থানানি স্বরবিলেষাণ্যপি ভবন্তি'**। আবার যজ্ঞবল্ক্যশিক্ষায় বলা হয়েছে—**'উচ্চৌ নিষাদগান্ধারৌ নীচাবৃষভবৈধতৌ'**। তাহলে এর মাধ্যমেই বোঝা যায়—

উদাত্ত (উচ্চ) = নিষাদ ও গান্ধার

অনুদাত্ত (নীচ) = ঋষভ ও ধৈবত

স্বরিত (মধ্য) = ষড়্জ, মধ্যম ও পশ্চমের বিকাশ ঘটেছে। বৈদিক স্বরকে প্রাতিশাখ্যকার শৌনক 'যম' বলেছেন—**'সপ্তস্বরাঃ যে যমাস্তে' (৪৪)**। এ থেকে বোঝো যায় বৈদিক সামগানের সময়ও সাতটি 'সপ্তক' বা 'স্কেল' ছিল।

সামস্বর	লৌকিস্বর
প্রথম	মধ্যম (ম)
দ্বিতীয়	গান্ধার (গ)
তৃতীয়	ঋষভ (রি)
চতুর্থ	ষড়্জ (স)
পঞ্চম (মন্ত্র)	ধৈবত (ধ)
ষাষ্ঠ (অতিস্বার্য)	নিষাদ (নি)
সপ্তম (ক্রুষ্ট)	পঞ্চম (প)

বৈদিক যুগে সামগানের ৬ রকমের বিকার প্রচলিত ছিল—

১) বিকার—'অগ্নে' এর বিকার 'অগ্নায়ি'

২) বিশ্লেষণ—'বীতয়ে' এর বিশ্লেষর 'বয়ি তোহাঽয়ি'

৩) বিকর্ষণ—'যে' এর বিকর্ষণ 'যায়ি'

৪) অভ্যাস—পুনঃ পুনঃ উচ্চারণ হল অভ্যাস। যেমন—তোয়াঽহি। তোয়াঽয়ি। এরূপ।

৫) বিরাম—'গৃহানো হব্যদ্যতয়ে' এর বিরাম 'গৃশানোহ। ব্যদাতয়ে'। গানের সৌকর্য সম্পাদনের জন্য শব্দমধ্যে বিরামাদিকে 'বিরাম' বলা হয়

৬) স্তোভ—গানের সময় বিশ্রাম বা বিরতির মধ্যে কয়েকটি অর্থহীন বর্ণ, শব্দ, পদ বা বাক্য পাওয়া যায়। এদের বলে স্তোভ।

যেমন—ঔ, হোবা, হাউ ইত্যাদি।—উক্ত এই ষট্‌সামবিকারের দ্বারা সাম স্বরমন্ডলে গাওয়া হত। ভিন্ন শাখাভেদে সামগান গাওয়া হত ভিন্ন ভিন্ন রূপে। আর সামবেদের শাখার সংখ্যা ছিল প্রায় হাজার—**'সহস্রবর্ত্মা সামবেদঃ'**[১৭]। এমনকি গানের প্রকারভেদও ছিল অসংখ্য। তাই পূর্বমীমাংসাসূত্রের ভাষ্যকার শবরস্বামী বলেন—**'সামবেদে সহস্রং গীত্যুপায়াঃ'**[১৮] এই মতের সমর্থনে আচার্য সায়ণ জৈমিনির 'ন্যায়মালাবিস্তর' থেকে প্রমাণ উদ্ধৃত করে বলেছেন—

সমুচ্ছেয়া বিকল্প্যা বা বিভিন্না গীতিহেতবঃ।
আদ্যঃ প্রয়োগগ্রহণাদর্থৈকত্বাদ্ বিকল্পনম্।।

অর্থাৎ গানপদ্ধতি ভিন্ন হওয়ার কারণ দুটি—১) সমুচ্ছেয় এবং ২) বিকল্প। বৈদিক বর্ণলোপের প্রসঙ্গে সায়ণ তাঁর ভাষ্যে বলেছেন—**'অক্ষরবিকারস্তোভাদিবৎ বর্ণলোপোঽপি ক্বচিদ্ গীতিহেতুর্ভবতি।''** বেদপাঠ ও সামগানের রীতি প্রসঙ্গে পরবর্তী কালে শিক্ষা ও প্রাতিশাখ্য গ্রন্থসমূহে বিস্তৃত আলোচনা পাওয়া যায়।

সামগানের যাজ্ঞিক প্রয়োগ ঃ

সামগান মূলতঃ সংশ্লিষ্ট যজ্ঞের সহিত এবং ব্রাহ্মণসাহিত্য সেই যাজ্ঞিক প্রয়োগেরই নামান্তর। 'আপস্তম্বযজ্ঞপরিভাষাসূত্রে' সামগানের বিস্তৃত বিবরণ পাওয়া যায়। তাছাড়া কোন যজ্ঞে কিভাবে গান গাওয়া হবে তারও বিবরণ লিপিবদ্ধ রয়েছে। যেমন—**'মন্ত্রেণ প্রাগাজ্যভাগাভ্যাম্, প্রাতঃসবনে চ'**—এর দ্বারা বোঝায় প্রাতঃসবনে মন্ত্রস্বরে গান গাওয়া হত। পিতৃমেধ যজ্ঞের প্রসঙ্গে কাত্যায়ন নৃত্য, গীত ও বাদ্য হিসাবে বীণার উল্লেখ করেছেন—**কৃত্বাহতপক্ষেণ পরিতত্যায়সেষু বাদ্যমানেষু বীণাযাং বৌদ্ধতায়াম্মত্যো (২১/৩৮)।**

দেবতার উদ্দেশ্যে দ্রব্যসমর্পণকে যজ্ঞ বলে—'দ্রব্যং দেবতা ত্যাগঃ'[১৯]। সেজন্য দেবতা, দ্রব্য এবং ত্যাগ এই তিনটি যজ্ঞের অপরিহার্য অঙ্গ। 'দ্রব্য' বলতে হব্য বা আজ্য তথা পশুমাংস, সোমলতার রস, ঘৃত, চরু বা পায়সান্ন, দুগ্ধ, দধি, পুরোডাশ প্রভৃতিকে বোঝায়। ত্যাগকর্মের নাম আহুতি। কোন একটি কামনা যজ্ঞকর্মের পেছনে থাকতই এবং উদ্দেশ্যমূলক কামনাযুক্ত ছিল সামগানগুলি। বিশেষ যজ্ঞগুলিতে তিনশ্রেণীর যাজক বা ঋত্বিক থাকতেন। তাছাড়া সোমযাগের ন্যায় বৃহৎ যজ্ঞানুষ্ঠানে ১৬ জন ব্রাহ্মণ থাকতেন। ঋগ্বেদী-যাজক ঋঙ্‌মন্ত্র উচ্চৈঃস্বরে পাঠ করে দেবতাদের যজ্ঞে আহ্বান জানাতেন ও যজুর্বেদী-যাজক যজুর্মন্ত্র নিম্নস্বরে পাঠ করে যজ্ঞাহুতি দিতেন। আর সামবেদী যাজক সপ্তস্বর প্রযোগে সামগান দ্বারা দেবতাদিগের তুষ্টিবিধান করতেন। আর ত্রিবেদজ্ঞ বা চতুর্বেদকে ব্রহ্মা যজ্ঞপরিচলনা করতেন, সকল প্রত্যবায় ও ত্রুটিবিচ্যুতি সংশোধন করতেন। এই ছিল যাগের প্রকৃতি। বৈদিক যুগের যজ্ঞনিয়তং ব্রহ্মার এই বেদত্রয় বা বেদচতুষ্টয়ের পারদর্শিত থেকেই পরবর্তী কালে পৌরাণিক যুগে সৃষ্টিবার্তা ব্রহ্মার মূর্তি চতুর্মুখ রূপে কল্পিত হয়েছে বলে মনে হয়।

যজ্ঞগুলি সাধারণতঃ স্মার্তকর্ম ও শ্রৌতকর্ম—এই দু'ভাগে বিভক্ত ছিল যা গৃহ্যসূত্র ও শ্রৌতসূত্রে বর্ণিত হয়েছে। যজ্ঞে শ্রৌত অগ্নিরূপে গার্হপত্য, আহবনীয় ও দক্ষিণাগ্নি স্থাপন করা হত। যজ্ঞবেদীর পশ্চিমে গার্হপত্য, পূর্বদিকে আহবনীয় ও দক্ষিণে দক্ষিণাগ্নি স্থাপিত হত। গার্হপত্য অগ্নি গৃহপতি বা যজমানের ; আহবনীয়াগ্নি দেবতাদের এবং দক্ষিণাগ্নি পিতৃগণের প্রতিনিধিরূপে কল্পিত হত। অধ্বর্যুকর্তৃক গার্হপত্য অগ্নি সংস্থাপনের পর

ব্রহ্মা বা প্রধান ঋত্বিক সামগান করতেন। এছাড়াও এই অগ্নিত্রয় সংস্থাপনের পর ব্রহ্মা তিনবার সামগান করতেন। তৈত্তিরীয় ব্রাহ্মণে বিভিন্ন যজ্ঞকর্মের উল্লেখ আছে। ঐতরেয়ব্রাহ্মণে বিভিন্ন যাগের বা যজ্ঞকর্মের উল্লেখ পাওয়া যায়। যেমন—জ্যোতিষ্টোম, গোষ্টোম, আয়ুষ্টোম, প্রভৃতি। আবার শাখায়নব্রাহ্মণেও অগ্ন্যাধান, অগ্নিহোত্র, দর্শপৌমাস, চতুর্মাস্যযাগ এবং অগ্নিষ্টোমাদি বিভিন্নপ্রকার সোমযাগের বিবরণ আছে। জ্যোতিষ্টোমকে সকল প্রকার সোমযাগের প্রকৃতি বা প্রধান বলা হত।[২০]

সোমযাগে যজ্ঞশালা বা মন্ডপের নাম সদঃ। এই সদঃশালার ভেতরে ধিষ্ণ্যের[২১] পাশে বসে ঋত্বিকরা সোমযাগের মন্ত্রপাঠ করতেন আর উদ্‌গাতা ও তার সহকারীরা ঔদুম্বরী[২২] স্পর্শ করে সামগান করতেন। ইষ্টিযাগে ও পশুযাগে সামগান নেই। কিন্তু সোমযাগে সামগান অপরিহার্য। সেজন্য উদ্‌গাতা এবং তাঁর সহকারী প্রস্তোতা ও প্রতিহর্তা—এই তিনজন সামগায়ী ঋত্বিকের প্রয়োজন হয়। ঘর্মপাকের[২৩] জন্য গার্হপত্য অগ্নিকুন্ড থেকে আনীত অগ্নিপ্রজ্বলনের সময় অধ্বর্যু এবং আরও দু'জন ঋত্বিকের সঙ্গে ফুৎকার দেওয়ার সময় প্রস্তোতা নামক সামগায়ী ঋত্বিক সামগান করেন। প্রবর্গ্যকর্মে প্রতিপ্রস্থতা ছাগী দোহন করার সময় প্রস্তেতা সামগান করেন এবং হোতা আর এক প্রস্থ ঋক্ পাঠ করেন। প্রাতঃসবনে সোমরস ছাঁকার সময় সেই পবমান সোমের উদ্দেশ্যে উদ্‌গাতা, প্রস্তোতা এবং প্রতিহর্ত্তা—এই তিনজন সামগায়ী ঋত্বিক সামগান করেন। এই গানের নাম বহিষ্পবমান স্তোত্রগান। পবমান সোমের উদ্দেশ্যে গীত হত বলে নাম পবমন স্তোত্র। আর মহাবেদীর বাইরে এসে গীত হত বলে নাম বহিষ্পবমানস্তোত্র। বহিষ্পবমানস্তোত্র গীত হলে আজ্যশস্ত্র ও আজ্যস্তোত্র গান করা হত ও তার সঙ্গে প্রভগশস্ত্র পাঠের বিধান থাকত। দেবতাদের প্রশংসাসূচক গান হল প্রভগশস্ত্র। উক্থ্য ও শস্ত্র প্রকাশক। সামগায়ী ঋত্বিকরা যা গান করতেন তার নাম স্তোত্র বা স্তোম্। বহিষ্পবমানস্তোত্রে **'উপাস্মৈ গায়তা'** ইত্যাদি ন'টি মন্ত্র গীত হত। তিনজন সামগায়ী স্তোত্রগান করতেন এবং তাদের মধ্যে একজন হিঙ্কার বা 'হুঁ'-শব্দোচ্চারণ করতেন। গানের প্রারম্ভে অবশ্য সব ঋত্বিকেরা মিলে ওঙ্কার উচ্চারণ করেন এবং হুঙ্কারধ্বনি করেন, যাকে বলে হিঙ্কার।

প্রাতঃসবনে প্রধান আহুতি তিনটি—ঐন্দ্রাগ্নি, বৈশ্বদেব এবং উক্থ্য আহুতি। আহুতিকালে যাজ্যামন্ত্রের পূর্বে অনুবাক্যামন্ত্র পাঠ করতে হয়। এই আহুতিতে যাজ্যার পূর্বে বহু ঋক্‌মন্ত্র পাঠের বিধান রয়েছে যাকে বলা হয় শস্ত্র। প্রত্যেক শস্ত্রপাঠের পূর্বে উদ্‌গাতা, প্রস্তোতা এবং প্রতিহর্ত্তা—এই তিন সামগায়ী ঋত্বিক্ সামগান করেন। এর নাম স্তোত্রগান এবং এরপর শস্ত্রপাঠ বিধেয়। সোমহুতি সমাপ্তির পর তৃতীয়সবনে পশুযাগ সমাপনান্তে যজমানের সঙ্গে ঋত্বিকেরা সামগান শুনতে শুনতে অবভৃথ স্নানের জন্য জলযোগে গপন করতেন।

প্রধান আহুতির পূর্বে সামগায়ী ঋত্বিকরা একযোগে স্তোত্রগান করেন আর হোতা ও তার সহকারী ঋত্বিকের। শস্ত্রপাঠ করেন। প্রত্যেক শস্ত্রের পূর্বে স্তোত্রগান হত। প্রতি যাগে অগ্নি প্রভৃতি দেবতাদের উদ্দেশ্যে সামগান করা হত। শস্ত্র ও সামের পাঁচটি অঙ্গ কল্পিত হত। তবে ওঙ্কার ও হিঙ্কার নিয়ে সাম সপ্তভক্তি। যেমন—

	শস্ত্র	সাম	
১।	আহাব	হিঙ্কার	সকলে উচ্চারণ করতেন
২।	প্রথম ঋক্	প্রস্তাব	প্রস্তোতা গান করতেন
৩।	মধ্যম ঋক্	উদ্‌গীথ, উপদ্রব	উদ্‌গাতা গান করতেন

৪।	অন্তিম ঋক্	প্রতিহার	প্রতিহর্তা গান করতেন
৫।	বষর্ট্‌কার	নিধন	উদ্‌গাতা, প্রস্তোতা ও প্রতিহর্ত্তা তিনজনে মিলিতভাবে গান করতেন।

মন্ত্রব্রাহ্মণে পঞ্চ এবং সপ্ত দুরকম সামেরই উল্লেখ আছে। ঐতরেয়ব্রাহ্মণে বিস্তৃতভাবে যজ্ঞানুষ্ঠান, স্তোত্র ও সামের বিবরণ দেওয়া আছে। শ্রদ্ধেয় রামেন্দ্রসুন্দর ত্রিবেদী তাঁর 'যজ্ঞকথা' গ্রন্থে বিভিন্ন যাগানুষ্ঠানের পরিচয় দিয়েছেন। ব্রাহ্মণসাহিত্যে গান, উদ্‌গান, উদ্‌গীত, স্তোত্র এগুলি ছিল পর্যায়বাচক শব্দ।

ঐতরেয়ব্রাহ্মণে ভূমিদুন্দুভি কান্ডবীণা প্রভৃতির বর্ণনা আছে এবং যাজ্ঞিক পুরোহিতদের পুতনারীর যে কান্ডবীণা বাজাতেন তারও উল্লেখ পাওয়া যায়।—**'রাজপুত্রেণ চর্ম ব্যধয়ন্ত্য ঘ্নন্তি ভূমিদুন্দুভিন্ পত্নাশ্চ কান্ডবীণা'**[২৪]। পুরোনারীদের বাদ্যের সময় সামগরা বিচিত্র সাম বা স্তোত্রগান করতেন—**'সাম্না স্তুবন্তে'**। শুক্লযজুর্বেদের অন্তর্গত বাসনেয়ীসংহিতায় **'নৃত্তয় সুতং গীতয় সৈলুশন্'** শব্দগুলির উল্লেখ পাওয়া যায়। 'সুত' শব্দের অথ 'গায়ক' এবং ' সৈলুশ' শব্দের অর্থ অভিনেতা। 'সুত' বা 'গায়ক' নৃত্যের সঙ্গে এবং ' সৈলুশ' বা 'অভিনেতা' গানের সঙ্গে সম্পর্কিত। কৃষ্ণযজুর্বেদের তৈত্তিরীয় ব্রাহ্মণে সুতকে পুনরায় গানের সঙ্গে ও শৈলুশ বা অভিনেতাকে নৃত্যের সঙ্গে সম্পর্কিত করা হয়েছে[২৫]। আপস্তম্বশ্রৌতসূত্রে রথন্তর সামের উল্লেখ পাওয়া যায়—**'মন্ত্রাণামন্তেন রথান্তরে গীয়মানে যজ্ঞায়জ্ঞীয়ে'**।[২৬] আবারা পুরুষ, রথন্তর, রৈবত প্রভৃতি সামগানের উল্লেখও পাওয়া যায়। মনীষী কাত্যায়ন শ্রৌত বা কল্পসূত্রে সামগান ব্যতীত বিচিত্র রকমের বীণার ও বীণাবাদনের পরিচয় দিয়েছেন। তিনি বলেছেন—**'ঋচো যজূংষি সামানি নিগদা মন্ত্রঃ' (১।৪৫)।'**

তান্ড্যমহাব্রাহ্মণে সোমযাগ গুলিকে একাহ, অহীন ও সত্র—এই তিন ভাগে ভাগ করা হয়েছে। একদিনে সম্পন্ন যাগকে ককোহ, কয়েকদিনে অনুষ্ঠিত যাগকে অহীন এবং দীর্ঘকাল ধরে অনুষ্ঠেয় যাগকে বলা হয় সত্র। যজ্ঞ পরিভাষাসূত্রে সাম তথা সামগান যেসকল যজ্ঞে গান গাওয়ার বিধি ছিল তার বিস্তৃত পরিচয় আছে। তাছাড়া কোন্ কোন যাগে মন্ত্রগুলি মন্ত্র, মধ্য বেং তার (উচ্চ) স্বরে গঠিত হবে তারও বিবরণ দেওয়া আছে। যেমন—**'অন্তরা সামিবেনীষ্বনূচ্যম্' (সূ. ২১), 'মন্ত্রেন প্রাগাজ্যভাগাভ্যাম্' (সূ. ১২), 'প্রাতঃসবনে চ' (সূত্র. ১৩)**—অর্থাৎ প্রাতঃ সবনযজ্ঞে মন্ত্রগুলি সাধারণতঃ মন্ত্র তথা গম্ভীরস্বরে গান করা হত। তেমনই মাধ্যন্দিনসবনে মধ্যমস্বরে (সূ. ১৫) এবং স্বিষ্টকৃদ্‌য়াগের পর মন্ত্রগুলি ক্রুষ্টস্বরে গান করা হত—**'ক্রুষ্টেন শেষে' (সূ. ১৬)**।

সামবেদের দৈবতব্রাহ্মণ বা ষড়বি, শব্রাহ্মণেও সামগানের উল্লেখ আছে। গায়ত্রীসাম ও রথন্তর সামগুলি দৈবতব্রাহ্মণের প্রিয় ছিল। সামের গায়কদের বলা হত 'উদ্‌গাতা' ; কারণ উদ্‌গানই ছিল তখন সামগানের মূল রূপ। তবে উদ্‌গান সামগানেরই নামান্তর। তাই উদ্‌গাতাদের সামগও বলা হত—**'তস্মাৎ সামগেভ্যঃ সাম গায়ন্তীতি সামগাঃ'**[২৭]।

সামবেদের বংশব্রাহ্মণে ব্রাহ্মণগুলির গ্রন্থকার ও তাঁদের বংশের পরিচয় আছে। বংশব্রাহ্মণকে 'অনুব্রাহ্মণ' বা 'অষ্টমব্রাহ্মণ'ও বলা হয়। এই ব্রাহ্মণে বংশব্রাহ্মণকার শর্বদত্ত কে স্বয়ম্ভূ-ব্রহ্মা পর্যন্ত ৬১ জন গ্রন্থকার ও ৬১টি বংশের নাম লিপিবদ্ধ রয়েছে। সামগাচার্যদের নাম ও বংশাবলী ছাড়া বংশব্রাহ্মণে আর কোনও বিষয় আলোচিত হয়নি।

সামবেদীয় আর্ষেয়ব্রাহ্মণ ও অথর্ববেদীয় গোপথব্রাহ্মণে যাগযজুর বর্ণনার সঙ্গে সঙ্গে প্রযুক্ত বিবিধ সামগানেরও পরিচয় মেলে। আর্ষেয় ব্রাহ্মণকে 'অনুব্রাহ্মণ' ও 'চতুর্থব্রাহ্মণ'ও বলে আর্ষেয় ব্রাহ্মণে সামগানে

কি কি বৈদিক স্বর সংযোগে গান করা প্রয়োজন সেই বিধির নির্দেশ আছে। যেমন—"**হাবিতি মন্ত্রস্বরাদিকম্**", "**উত্যেতি ক্রুষ্টদ্বিতীয়াদিবাম্**", "**আ নো অগ্নে ইতি তৃতীয়চতুর্থাদিকম্**", "**হাউ মন্ত্রাদিকম্**" (ভাষ্য ১।৫) প্রভৃতি। আর্ষেয় ব্রাহ্মণের প্রথম প্রপাঠকের ষষ্ঠ খণ্ডে আছে—"**অগ্নেরাগ্নেয়ে দ্বে গোতমস্য মনাজ্যে যে দ্বৈবরাজঞ্চ গাথিনশ্চ কৌলিকস্য সাম বার্হদুক্‌যে দ্বে পৌরুমীরঞ্চ...**" (ভাষ্য ১।৬)। অর্থাৎ এ থেকে বোঝা যায় গাথা তথা গাথাগানগুলি বিভিন্ন স্বরসংযোগে গান করা হত এবং ঋষিদেব নানামনুসারে আবার গাথাগুলির নামকরণও করা হয়েছে। এভাবে ব্রাহ্মণের যুগে দিশাব্রত, কাশ্যপব্রত, গবাব্রত, মহবৈশ্বানরব্রত, আদিত্যব্রত প্রভৃতিতে বিভিন্ন অনুগানেরও প্রচলন ছিল।

দেবতাধ্যায় ব্রাহ্মণে দেবতাদের উদ্দেশ্যে সামগানের উল্লেখ আছে। কৈমিনীয়উপনিষদব্রাহ্মণে কেনোপনিষদের প্রসঙ্গ আছে। '**ছন্দোগানাং ধর্মঃ অথম্নায়ো বা**'—এই কথাগুলি থেকেই 'ছান্দোগ্য' শব্দের উৎপত্তি। 'ছান্দোগ' শব্দের অর্থ ছন্দ অথবা সামগানকারী—**ছন্দঃ সাম গায়ত ইতি ছন্দোগঃ**'।[২৮] সুতরাং ছান্দোগ্যব্রাহ্মণের অর্থ হল ছন্দগানকারী সামগ অথবা সামবেদপন্থী ব্রাহ্মণ। এই ব্রাহ্মণের প্রথম অধ্যায়ে আরম্ভ হয়েছে—'**ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায়**"। আবার তৃতীয় সূক্তে পতির প্রতি পত্নীর হৃদয়ানুকুল্যের কথা[২৯] থেকে বোঝা যায় এই ব্রাহ্মণে প্রধানতঃ গৃহবাসীদের উদ্দেশ্যে রচিত।

শাঙ্খ্যায়ন ব্রাহ্মণে বলা হয়েছে সামগান আরম্ভ করার পূর্বে সকল সামগর্হ হিঙ্কার করবেন[৩০] এবং 'ও' (ওম্) উচ্চার করে সক উদ্‌গীথগান আরম্ভ করবেন।

সামবিধান ব্রাহ্মণের প্রথম প্রপাঠকের প্রথম কান্ডেই বৈদিক সামগানের ও স্বরের পরিচয় আছে। এই ব্রাহ্মণে ক্রুষ্ট। অতিক্রুষ্ট বা ক্রুষ্টতম স্বর থেকে আরম্ভ করা হয়েছে। প্রথম প্রপাঠকের প্রথম খন্ডের চতুর্থ মন্ত্রে ক্রুষ্টাদি সাতস্বরকে সামসমূহের মাংস, অস্থি, লোম প্রভৃতির সঙ্গে কল্পনা করা হয়েছে। সামবিধান ব্রাহ্মণে বলা হয়েছে, **বাগ্বাব সাম্নঃ প্রতিষ্ঠা যদ্বেতদ্বাগিত্যগেব সর্চি সাম প্রতিষ্ঠিতম্**'—ঋঙ্‌রূপ বাক্যেই সামের অধিষ্ঠান এবং যা ঋক্ নামে প্রসিদ্ধা তাইই বাক্য। সামবিধান ব্রাহ্মণে বিভিন্ন সামের নামোল্লেখ আছে যেমন—রৌরব, যৌধাজয়, বামদেব্য, মহানাম্নী, রেবতী, গয়েত্র, অমৃতসংহিতা, মধুছন্দস্, বরাহ, পুরুষব্রত, প্রাণ, অপান, শুক্র, চন্দ্র, রৌহিণ প্রভৃতি। আবার বিভিন্ন ঋকেরও নামকরণ করা হয়েছে। যেমন—অগ্নিমূর্দ্ধা, ঘৃতবতী প্রভৃতি। বিভিন্ন ব্রতে বিভিন্ন ঋক্ ও সামের প্রচলন ছিল। সামগুলি ছিল কামনামূলক এবং কোন না কোন কামনা পরিপূরণের জন্য ব্রতে ও যজ্ঞে সামগান প্রয়োগ করা হত।

শতপথব্রাহ্মণে[৩১] সামগানে তিনটি স্বরস্থান অর্থাৎ মন্ত্র, মধ্য ও তারের উল্লেখ আছে। এ থেকে বোঝা যায় বর্তমান সঙ্গীতের ন্যায় তৎকালীন সময়েও গান তিনস্থানেই লীলায়িত ছিল। আবার শতপথ ব্রাহ্মণের 'পঞ্চমহাযজ্ঞে'র ব্রহ্মযজ্ঞেও সামমন্ত্র পাঠের বিধান আছে।[৩২]

তান্ড্যমহাব্রাহ্মণে[৩৩], দ্রাহ্যায়ণ ব্রাহ্মণে[৩৪] প্রভৃতিতেও যজ্ঞকারীদের করণীয় কর্ম ও সামগানরীতি সম্বন্ধে উল্লিখিত হয়েছে। শতপথব্রাহ্মণে বলা হয়েছে উদ্‌গাত্রী সামবেদ থেকে গান করতেন—'**উদ্‌গাতা সামবেদেন**'[৩৫]। আবার দ্রহ্যোয়ণেও আছে—"**তানি উদ্‌গাতৃকর্ভৈকে উদ্‌গাতা সামবেদেন ইতি শ্রুতেঃ**"।[৩৬] সোমযাগে সামবেদের সামগদের যা যা কর্তব্য তা শতপথ ও ঐতরেয়ব্রাহ্মণে বিস্তৃতভাবে আলোচিত হয়েছে। বিশালায়তন ব্রাহ্মণসাহিত্যে সামগানের যাজ্ঞিক প্রয়োগ স্বল্পপরিসরে আলোচনা অত্যন্ত কষ্টসাধ্য। তাই এই স্বল্প আলোচনার বিষয়ে সামান্যতমও আলোকপাত করা গেলে কৃতার্থতা লাভ করা যায়।

পাদটীকা

১। জৈ. সূ. ৩।২।৩২
২। আ. শ্রৌ. সূ. ৩২।৩৩
৩। ঋ. সং ১০।৭৯।১১
৪। নিরুক্ত ১২।৩৪
৫। ছা. উ. ১।১।১০
৬। গীতা. ১০।২২
৭। মহাভারত ১৪।৩১৭
৮। জৈ. সূ. ২।১।৩৬
৯। তৈ. ব্রা. ১।২।২৬
১০। তৈ. সং. ১।৬।৫।১
১১। সামবেদভাষ্য ভূমিকা
১২। ঋ. সং ১।১০৭।২
১৪। ঋ. সং ৯।৯৯।৪, ৯।১১।৪
১৪। ঋ. সং. ১।১৬৭।৬, ৮।৩২।১
১৫। 'বৈদিক ঐতিহ্যে সামগান'—রাজেশ্বর মিত্র।
১৬। সামতন্ত্র
১৭। পতঞ্জলির মহাভাষ্য
১৮। ১।২।২৬
১৯। কা. শ্রৌ. ১।২।২
২০। 'এষ বাব প্রথমো যজ্ঞে যজ্ঞনাং যজ্ঞ্যাতিষ্টোমঃ'—শা. ব্রা.
২১। অগ্নিস্থানগুলির নাম ধিষ্ণ্য।
২২। ডুমুরের ডাল বা শাখা।
২৩। সোমযাগের পূর্বানুষ্ঠানের প্রবর্গ্য নামক যাগের পাত্রস্থ দুগ্ধ হল 'ঘর্ম'।
২৪। ঐ. ব্রা. ৫।১।৫
২৫। 'গীতয় সুতং নৃত্যায় শৈলুশম্'—তৈ. ব্রা.
২৬। আপ. শ্রৌ. ৫।১১।৬
২৭। ষড়্বিংশ ব্রাহ্মণের সায়নভাষ্য ২।৫।৩।২
২৮। ছান্দোগ্যোপনিষদ্
২৯। যদেতৎ হৃদয়ং তব তদস্তু হৃদয়ং মম।
যদিদং মম তদস্তু হৃদয়ং তব।।—ছা. ব্রা.
৩০। 'সকৃত্ হিংকৃপ্যেবহিঃপবমানেন স্তুবীরণ্'—শাধ্যায়নব্রাহ্মণ ১।১২।৭
৩১। শ. ব্রা. ৩।৯।৫
৩২। "যত্ স্বাধ্যায়ং অধীয়ীত একমপি স্বাচং, যজুং, সাম বা তদ্ ব্রহ্মযজ্ঞঃ সন্তিষ্ঠতে"—শ. ব্রা.
৩৩। ৬।৭।১২
৩৪।৩।৪।৬

৩৫। শ. ব্রা. ২।৫।৮।৪

৩৬। দ্রা. ব্রা. ১২।২।৬-৭

গ্রন্থপঞ্জী

১। অনির্বাণ, বৈদিক সাহিত্য'ঃ বেদমীমাংসা (প্রথম খন্ড), কলকাতা ; সংস্কৃত বুক ডিপো, (প্রথম প্রকাশ) ২০০৬।

২। উপাধ্যায়, বলদেব, "বেদভাষ্যভূমিকাসংগ্রহ', বারাণসী ; চৌখাম্বা সংস্কৃত সীরিজ আফিস' (দ্বিতীয় সংস্করণ)।

৩। 'ঋগ্বেদসংহিতা', রমেশচন্দ্র দত্ত, কলকাতা ; হরফ প্রকাশনী, (দ্বিতীয় সংস্করণ) ১৯৮৭।

৪। চট্টোপাধ্যায়, অমরকুমার, 'বৈদিক যজ্ঞ', কলকাতা ; সংস্কৃত পুস্তক ভাণ্ডার (প্রথম প্রকাশ) নববর্ষ ১৪১১।

৫। ত্রিবেদী, রামেন্দ্রসুন্দর, 'যজ্ঞকথা', হাওড়া ; প্রাচী পাবলিকেশনস্, ২০০৯।

৬। প্রজ্ঞানানন্দ, স্বামী, "ভারতীয় সঙ্গীতের ইতিহাস" কলকাতা ; শ্রীরামকৃষ্ণ বেদান্ত মঠ, (চতুর্থ সংস্করণ), ১৯৯১।

৭। বন্দ্যোপাধ্যায়, উদয়চন্দ্র, 'প্রাচীন ভারতের সংস্কৃত সাহিত্য', কলকাতা ; সংস্কৃত বুক ডিপো (তৃতীয় সংস্করণ) ২০১২।

৮। বসু, যোগীরাজ, 'বেদের পরিচয়', কলকাতা ; ফার্মা কে. এল. এম্ প্রাইভেট লিমিটেড, (পঞ্চম প্রকাশ) ২০০৭।

৯। ভট্টাচার্য, নরেন্দ্রনাথ, "ভারত ইতিহাসে বৈদিক যুগ", কলকাতা ; রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, ২০০৮।

১০। ভট্টাচার্য, সুকুমারী, "ইতিহাসের আলোকে বৈদিক সাহিত্য", কলকাতা ; পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ্, ১৯৯১।

১১। 'শ্রীমদ্ভগবদ্গীতা', স্বামী জগদীশ্বরানন্দ ও স্বামী জগদানন্দ, কলকাতা ; উদ্বোধন কার্যালয়, (অষ্টাত্রিংশৎ সংস্করণ) ২০০৬।

১২। 'সামবেদ সংহিতা', পরিতোষ ঠাকুর, কলকাতা ; হরফ প্রকাশনী, ১৯৭৫।

১৩। 'সামবেদ সংহিতা', দামোদর শর্মা, মুম্বাই ; স্বাধ্যায়মণ্ডল আনন্দাশ্রম' (তৃতীয় সংস্করণ) ১৯৫৬।

১৪। Apte, V.S. 'The Students Sanskrit-English Dictionary', Calcutta; Sanskrit Pustak Bhandar, 1966.

১৫। Bhattacharya, Harinarayana, 'Śāṅkhayanabrāhma-nam', Calcutta; The Principal Sanskrit College, 1970.

১৬। Chakrabarti, Samiran Chandra, "Brāhmaṇasaṃ-grahaḥ', New Delhi; Sahitya Akademi (1st ed.) 2004.

১৭। Keith, Arthur Berriedale, "Rigveda Brāhmaṇask" : The Aitareya and Kauṣītaki Brāhmaṇas of Rigveda. Delhi; Motila Banarasidas, 1981. (1st ed 1020, London) (1st Indian ed. 1971, Delhi).

১৮। Macdonell, A. "A History of Sanskrit Literature'. Delhi; Munshi Ram Manohari Lal. 1961 (1st ed. 1958).

১৯। Müller, Max, "History of Indian Literature" : the Primitive religion of the Brāhmaṇas, Allahabad; The Panini office, 1912.

২০। Ray, Gangāsagāra, Śaṃkhāyanabrāhmaṇam', Kashi, 1983.

২১। 'Yāskaś Nirukta', ed. Amareswara Thakur, Kolkata; University of Calcutta, 2003.

২২। Winternitz, Maurice, "History of Indian Literature", Vol. I, Delhi; Motilal Banarasidas, 1981.

THE COLLECTION AND UNDERSTANDING OF TAX IN THE LIGHT OF KAUṬILYA

JAGAMOHAN ACHARYA

Introduction

The Arthaśāstra is pride of India. Its author is by the names 'Kauṭilya' and 'Viṣṇugupta'. both names that are traditionally identified with Cāṇakya . who was a scholar at Takṣaśilā Kauṭilya is the teacher and guardian of Emperor Candragupta Maurya, the founder of Mauryan Empire.

In his tremendous work, with different topics Kauṭilya elaborately explain, the duties of a superintendent. The duty of the superintendent, the system of the data collection, regulation of toll dues, division, toll dues, rules of selling, toll fee, merchandise, penal code of defaulter officer in charge of boundaries (antapāla), duty of antapāla etc. are point to point discussed.

Responsibility of the superintendent

The first and foremost significant responsibility of a superintend is like this-

1. The superintendent of tools shall build the toll-house (the house where toll is taken).
2. For identification of the toll house a flag facing either the east or the north near the large gate of the city should be placed.
3. Four or five toll collectors shall be appointed in the toll-house .The duty of the collectors is to collect data of the merchants and their merchandise.

Arrangement of the data collection

The collector coiled the complete data like who the merchants are, name, caste, and place of the merchant, when they come, what amount of merchandise they have brought, seal mark on the merchandise etc.

Rules and regulations of toll dues division

Toll dues are divided into three types, that is :

1. External (bāhya) —arriving from country parts
2. Internal (ābhyantaraṃ)—manufaclured inside forts
3. Foreign (ātithy) imported from foreign countries

These three types of toll are paid is two ways that is through Export and Import.

Toll dues

Toll is the energy of our revenue. Many years ago Kauṭilya completely spoke about the collection of toll, which is applicable today.

1. The rate of toll shall be fixed on commodities either old or new and fine shall be fixed on.
2. This is the power of the king.
3. Entrance (gate) dues shall be 1/5th of toll. The superintendent of tolls may remit the tax if circumstances necessitate such favor.
4. Imported commodities shall pay 1/5th of the value as toll.
5. For flowers, fruits, vegetables, roots, bulbous root (kanda), vāllikya. seeds, dried fish, and dried meat, the Superintendent shall receive 1/6th as toll.
6. For conch-shells, diamonds, precious stones, pearls, corals, necklaces, men expert in this line shall fix the amount of toll, which is variable time to time.
7. For fibrous garments (kṣauma), cotton clothes (dukula), silk (krimitāna), mail armory (kankaṭa) yellow orpiment (haritāla), red arsenic (manaśilā) vermillion, (hiṅgulaka) metals, (loha) coloring ingredients (vaṇadhātu), sandal, brown sandal (aguru), pungent (kaṭuka) fermentation (kiṇva), dress (āvarṇa), wine, ivory, skins, raw material use for fibrous or cotton garments, carpets, curtains (pravarṇa), products yield by worm (krimijāta), wool and product yielded by goats and sheep, the king shall receive 1/10th or 1/15th as toll.
8. For clothes (vastra), quadruped, bipeds, threads, cotton, scents, medicines, wood, bamboo, fibers (valkala) skin, cloy-port. grains, oils, salt, (kṣāra) liquor (madya)cooked rice and the like, the king shall receive 1/20th or 1/25th as toll.

Rules of selling

1. Commodities shall never be sold where they are grown or manufactured.
2. When minerals and other commodities are purchased from mines a fine of 600 paṇas shall be imposed.
3. When flower, fruits are purchased from garden a fine of 54 paṇas as shall he imposed.
4. When vegetables, roots, bulbous roots arc purched from the vegetable garden a fine 51$\frac{3}{4}$ paṇas shall be imposed.
5. When any kind of grass or grain is purchased from firm a fine of 53 paṇas shall be imposed.
6. Permanent fine of 1 paṇa and 1 and 1/2 paṇas shall be levied on agricultural products (sītātyaya).

Toll free Merchandise

Kauṭilya provides data about toll free merchandise. Theske commodities go duty free :

1. The commodities brought for marriages.
2. Commodities taken by a bride from her parent's house.
3. Gifts received in every function.
4. Commodities for child birthtaken for the purpose of sacrificial performance.
5. Confinement of women.
6. Goods for Worship of god.
7. Goods related with thread ceremony, hair-cutting rite and the like.
8. any religious ceremony
9. consecration ceremony
10. any other special ceremony
11. Whatever is of immensely beneficial as well as seeds not easily available shall be made duty-free.

Penal code of Defaulter

Defaulters are defeating the revenue in our Country. Kauṭilya prescribes the following punishments of the defaulter.

1. Those whose merchandise has not been stamped with seal mark shall pay twice the amount of toll.
2. For false seal merchant shall pay eight times of the toll.
3. For affected or torn sealmark merchant shall be compelled to stay in ṭikāsthāna.
4. If one kind of merchandise has been otherwise named the merchant shall pay fine of $1\frac{1}{4}$ paṇas for each load.
5. If the royal seal is changed, he shall pay fine of $1\frac{1}{4}$ paṇas.
6. Merchants shall declare the quantity and price of the merchandise and declare it three times : Who will purchase this merchandise for this amount and then hand over the same to those who demand it.
7. In case of completion among purchasers, the enhanced amount of the price shall be paid to the king's treasury.
8. When under the fear or having to pay a heavy toll the quantity or the price of merchandise is lowered, the excess shall be taken by the king or shall fine merchant eight time the toll.
9. When a merchant demonstrates lower merchandise instead of valuable shall fine of eight time the toll.
10. When valuable merchandise is covered with worthless merchandise be shall eight time the toll.
11. If the price of any merchandise is increased beyond its proper value then the king shall receive the enhanced amount or twice amount of the toll.

12. The superintend of tolls shall be punished eight times of toll if he hide be the toll which is due.
13. For inferior, toll free or less amount of toll commodities the amount of toll due shall be determined after careful consideration.
14. Those merchants who pass beyond the flag of the toll house without paying the toll shall be fine eight times of the amount of toll.
15. Commodities shall be sold only after there exactly weighed, measured or numbered. Those who utter a lie shall be punished as thieves.
16. If the merchants have brought the merchandise without paying customs both import and export then toll has to be paid.
17. If a person import such forbidden articled as weapons, mail, armour, metals, chariot, precious stone, grains, cattle etc. he shall be punished and forfeiled his merchandise.
18. When any such commodities have been brought in for sale they shall be sold free of toll far outside (the fort).
19. For hiding inferior commodities eight time of the amount of toll shall be imposed.
20. For hiding or concealing superior commodities confiscation of everything is prescribed as punishment.
21. Those who falsely swear by cow dung, straw smuggle good merchandise, shall he punished with the highest punishment.
22. Whatever causes harm or is useless to the countrv shall be shut out.

Officer in charge of boundaries (antapāla)

The officer in charge of boundaries shall collect roadcess (vartanī) on each load of merchandise. The roadcess is different in different types of load. The general collections are a panu and a quarter ($1\frac{1}{4}$) on each load of merchandise.

for a single hoofed animal—one paṇa
for cattle—half a paṇa
for a minor animal quarter—a paṇa
for a head load merchandise—a māṣa

Duty of antapāla

1. The antapāla shall make good whatever has been lost by merchants.
2. After carefully examining the foreign commodities as to their superior or inferior quality he shall send the same to the superintendent of the same with his seal and signature.
3. He will also send a spy to the king in the guise of a trader with information quality and quantity of the merchandise.
4. The king shall send the data to the superintendent of tolls. The

superintendent of tolls shall verify clearly whereas no merchant will give wrong information.

5. Due to omniscient power of the king none can possibly escape.

References

1. *Kauṭilya Arthaśāstra*, R. P. Kangle, tr. 3 vols., Motilal, Banarsidass New Delhi (1997)
2. *Kauṭilya: The Arthaśāstra*. L.N. Rangarajan (Ed., Rearranger & Translator), 1992, Penguin Classics, India.
3. Ratan Lal Basu & Raj Kumar Sen, *Ancient Indian Economic Thought, Relevance for Today.* Rawat Publications, New Delhi. 2008.

বৈদিক দিগঙ্গনে প্রকৃতি ও তার সৌন্দর্য অন্বেষণ

শ্যামলশুভা ভঞ্জ

জ্ঞানার্থক বিদ্ ধাতুর উত্তর ঘঞ্ প্রত্যয়ে বেদ শব্দটি নিষ্পন্ন, যার অর্থ জ্ঞান। ইন্দ্রিয়গ্রাহ্য সাধারণ জ্ঞান নয়, পরম জ্ঞান। যা ধর্মার্থকামমোক্ষের পথ নির্দেশ করে, হৃদয়কে আলোড়িত করে তোলে। আচার্য সায়ণ তাই বলেছেন—"ইষ্টপ্রাপ্ত্যনিষ্টপরিহারয়োরলৌকিকমুপায়ং যো গ্রন্থো বেদয়তি স বেদঃ" (সায়ণ, এ. ব্রা. ভা. পৃ. ১)

এই জ্ঞানরাশি যেন পরমাত্মার নিঃশ্বাসরূপে নিঃসৃত (বৃ. উ. ২-৪-১০) মনুসংহিতায় মনু বলেছেন—"বেদঃ অখিলধর্মমূলম্" (মনু. সং ২/৬) যা যুগ যুগ ধরে গুরু-শিষ্য পরম্পরায় প্রবাহিত। কিন্তু কেবলমাত্র ধর্মমূলক গ্রন্থরূপে বেদকে চিহ্নিত করলে তার সুবিশাল পরিসরকে সংকুচিত করা হয়। বেদ ভারতীয়সমাজ সংস্কৃতির বহমান ধারা। এর নানা আঙ্গিক, নানা প্রবাহ। প্রবাহের একটি গুরুত্বপূর্ণ দিক্ হল—ঋষিদের প্রকৃতিচেতনা। আমাদের চারপাশের প্রকৃতি, বিভিন্ন প্রাকৃতিক শক্তি, নদী, সমুদ্র, বৃক্ষাদি সমস্ত কিছুর প্রতিই ঋষিদের মমতা যেন মন্ত্রে মন্ত্রে ভাস্বর হয়ে উঠেছে। ঋক্, সাম, যজুঃ, অথর্ব এই চার বেদেই প্রকৃতি চেতনা মূর্ত্তরূপ ধারণ করেছে। সেই প্রকৃতি ভাবনার বেশ কয়েকটি আঙ্গিক এই প্রবন্ধে তুলে ধরার বিনম্র চেষ্টা করব।

বৈদিক সাহিত্য সৃষ্টির কাল বিষয়ে ঐতিহাসিক, ভূতাত্ত্বিক, ভাষাতাত্ত্বিক, প্রত্নতাত্ত্বিক প্রভৃতি বিভিন্ন মত থাকলে-ও মোটামুটি ভাবে খ্রী. পূ. ২৫০০-২০০০ এর সূচনাকাল এবং খ্রী. পূ. ৭৫০-৫০০ এর বিস্তার বলে ধরা হয়।[১] এই সময়কালের সমাজ ছিল প্রকৃতি নির্ভর। নদী মাতৃক সমাজে মানুষ কৃষি এবং গোপালনের দ্বারা জীবিকা নির্বাহ করতেন। (যদিও শিল্প বা ব্যবসা বাণিজ্যের প্রসঙ্গ বৈদিক সাহিত্যে উল্লিখিত হয়েছে।) মানুষকে তখন কৃষিকার্যের জন্য, গবাদিপশু রক্ষার জন্য অনেকাংশেই প্রকৃতির মুখাপেক্ষী হয়ে থাকতে হত। কখনো ভক্তিতে, কখনো ভয়ে আবার অনেক ক্ষেত্রে সুগভীর প্রকৃতি প্রেমে বেদের মন্ত্রগুলি উচ্চারিত। অথর্ববেদের ঋষি বলেছেন—"মাতা ভূমিঃ পুত্রোঽহং পৃথিব্যাঃ" (অ. বে. ১২/২)[১০] অর্থাৎ—আমরা ভূমিমাতার সন্তান। প্রকৃতির প্রতি কতখানি গভীর আত্মিকতা বোধ করলে এরূপ আন্তরিক উক্তি নিঃসৃত হয়। বৈদিক ঋষিরা যখন 'মন্ত্রময়ী' দেবতার উদ্দেশ্যে যজ্ঞীয় হবি নিবেদন করেছেন, তখন তাদের মন্ত্রগুলি প্রকৃতি ভাবনায় উদ্বুদ্ধ অপরূপ কাব্য হয়ে উঠেছে।

পাশ্চাত্ত্য পণ্ডিত Max Muller, A.A. Macdonell, M. Winternitz প্রত্যেকে বেদের দেবতাদের প্রাকৃতিক শক্তির এক একটি রূপ বলে উল্লেখ করেছেন। M. Winternitz তাঁর গ্রন্থে বলেছেন—"...the greatest majority of the Vedic gods has proceeded from natural phenomena or natural beings [HIL vol. 1. p. 67][২]

একদিকে যেমন অগ্নি, সূর্য, বায়ু দ্যৌ, সোম, ঊষা, পর্জন্য এরা প্রত্যেকেই প্রত্যক্ষভাবে প্রাকৃতিক শক্তির

রূপ বিশেষ। আবার ইন্দ্র, বরুণ, অশ্বিদ্বয়, রুদ্র, মরুৎ প্রভৃতি দেবতাদের নামগত দিক্ থেকে প্রাকৃতিক শক্তির স্বরূপ সুস্পষ্ট না হলে-ও তাদের কার্যকারিতা থেকে-ই প্রকৃতিগত রূপগুলি স্পষ্ট হয়ে ওঠে। অগ্নি ও সূর্যে চাক্ষুষ প্রত্যক্ষ হয়, বায়ু ত্বগিন্দ্রিয় দ্বারা প্রত্যক্ষ। বিদ্যুৎ অথবা ইন্দ্র নিত্যপ্রত্যক্ষ নয়। বাকী দেবতাগণ এদেরই ভিন্ন ভিন্ন রূপ বিশেষ। ঋগ্বেদের ঋষি বলেছেন—মেঘগণ সৃষ্টির আদিলগ্নে প্রথম দেখা দিয়েছিল। ইন্দ্র সেই মেঘ ছেদন করে জলবর্ষণ করেছেন। পর্জ্জন্য, বায়ু, সূর্য এই তিন দেবতা যথাক্রমে পৃথিবীর উদ্ভিদগণকে পরিপক্ক করেন। বায়ু,সূর্য এই দুই দেবতা জলবহন করেন। (ঋ. সং. ১০/২৭/২৩)

ইন্দ্র দেবতা যেমন বজ্রাদি প্রাকৃতিক শক্তির রূপবিশেষ। ইন্দ্র কর্ত্তৃক বৃত্রবধের আখ্যানটি পণ্ডিতদের মতে মেঘ ভেদ করে জলধারা আনয়নের রূপক। ঋগ্বেদের প্রথম মণ্ডলে গৃৎসমদ ঋষি বলেছেন—

"যো হত্বাহিমরিণাত্ সপ্ত সিন্ধুন্" (ঋ. স. ২/১২/৩)

যিনি মেঘ রূপ 'অহি' হত্যা করে সপ্তসিন্ধুকে পৃথিবীতে আনয়ন করেন, তিনি 'বৃত্রহন্তা' ইন্দ্র। আবার বেদের অনেক স্থানে ইন্দ্র সূর্যের রথচক্র হরণ করে তাকে পরাস্ত করেছিলেন।'

কেবলমাত্র পাশ্চাত্ত পণ্ডিতদের আলোচনাতেই নয়, নৈরুক্তকার যাস্ক-ও তার নিরুক্ত গ্রন্থে এই নিসর্গলীলাকে স্বীকৃতি দিয়েছেন। তিনি নিরুক্তের সপ্তম অধ্যায়ের পঞ্চম পরিচ্ছেদ-এ বলেছেন—"তিস্র এব দেবতা ইতি নৈরুক্তাঃ।" (নি. ৭/৫/১) "অগ্নিঃ পৃথিবীস্থানো বায়ুর্বেন্দ্রো. বান্তরিক্ষস্থানঃ সূর্য্যো দ্যুঃস্থানঃ" (নি. ৭/৫/২) "তাসাং মাহাভাগ্যাদেকৈকস্য অপি বহুনি নামধেয়ানি ভবন্তি" (নি. ৭/৫/৩) তাই অগ্নি যেন 'গৃহপতি' (ঋ. সং ৭/১৬/৫) মিত্রদেবতা অহরভিমানী, কখনো রাত্র্যাভিমানী সূর্য-ই বরুণ। অনেকের মতে বিষ্ণু সূর্যের প্রতিরূপ। (ঋ. সং ১.২২.১৭) রুদ্র দেবতা অন্তরিক্ষলোকের। তিনি সমস্ত জগৎকে জাতমাত্রেই রোদন করান বা স্বয়ং রোদন করেছেন। কারুর মতে তিনি বজ্রের প্রতীক স্বরূপ।

অন্যদিকে বেদের স্ত্রী দেবতাগণ যেমন আপদেবতা বা জলদেবতা সরস্বতী, পৃথিবী অথবা দ্যাবাপৃথিবী, অরণ্যানি, ঊষা ও রাত্রি, রাকা (পূর্ণিমা), সিনীবালী (অমাবস্যা) (ঋ. স. ২/৩২/৮) প্রত্যেকটি-ই প্রকৃতির ভিন্ন ভিন্ন রূপ।

প্রকৃতির সৌন্দর্য বর্ণনা ঃ

বেদের ঋষিদের প্রকৃতি প্রেম, প্রকৃতির রূপ বর্ণনা ভারতীয় সাহিত্যে এক অমূল্য সম্পদ বিশেষ। অলঙ্কারের কারুকার্যে সজ্জিত মন্ত্রগুলিতে যেন এক একটি অপরূপ চিত্রকল্প। সেই ভাষা মাধুর্য্যে প্রকৃতি যেন সজীব প্রাণসত্তা লাভ করেছে। বিশেষতঃ সূর্য, ঊষা, পর্জন্য, অরণ্যানী, রাত্রি প্রভৃতি সূক্তগুলি এই মাধুর্য্যময়তার অনবদ্য উদাহরণ।

ঊষা দেবতার উদ্দেশ্যে নিবেদিত প্রতিটি সূক্তই অপরূপ।

"এষা শুভ্রা ন তন্বো বিদনোর্ধ্বেব স্নাতী।
দৃশ্যয়ে নো অস্থাত্....।। (ঋ. স. ৫/৮০/৫)

ঊষা যেন শুভ্রবর্ণা নারীর ন্যায় অঙ্গসমূহ প্রকটিত করে স্নান করতে করতে উদিত হচ্ছেন।

তিনি সূর্যের পত্নী রূপে বিস্তীর্ণ অন্ধকার বজ্রের মতো দূর করে যান, সেই সৌভাগ্যবতী ঊষা দ্যুলোক ও পৃথিবীর অন্তভাগ থেকে প্রকাশিত হচ্ছেন।

"অব স্যমেব চিন্বতী মঘোন্যুষা যাতি স্বসরস্য পত্নী।
স্বর্জয়ন্তী সুভগা সুদংসা আন্তাদদিবঃ প্রপথ আ পৃথিব্যাঃ।।

(ঋ. সং ৩/৬১/৪)

ঋগ্বেদের প্রথম মন্ডলে ঋষি বলেছেন—

"জায়েব পত্য উশতী সুবাসা। উষাহস্রেব নিরিণীতে অপ্সঃ

(ঋ. স. ১/১২৪/৭)

জায়া যেমন নিজ পতির নিকট নিজেকে উন্মোচন করেন, ঠিক সেভাবে দিবাভাগের সম্মুখে উষা নিজেকে উন্মোচন করে দাও।

তিনি ঋষির কল্পনায় পতি অনুগামিনী যুবতী রমণী—

"উষা রূরুচে যুবতির্ন যোষা বিশ্বং জীবং প্রসুবন্তী চরায়ৈ

(ঋ. সং ৭/৭৭/১)

আবার তৃতীয় মণ্ডলের সূক্তে তিনি বরণীয়া, পুরাতনী, যুবতীর ন্যায় শোভমানা ও বহুস্তোত্রবতী।

'.....

"পুরাণী দেবি যুবতিঃ পুরন্ধিরনুব্রতং চরসি বিশ্ববারে"

(ঋ. সং ৩/৬১/১)

উষার আগমনে মানুষের জীবন থেকে এক একটি দিন ক্ষয়কে কাব্যিক ভাবে বলা হয়েছে—

"স্বঘ্নীব কৃৎনুর্বিজ আমিনানা মর্তস্য দেবী জরয়ন্ত্যায়ুঃ।।"

(ঋ. সং ১/৯২/১০)

ব্যাধ পত্নী যেমন উড্ডীয়মান পক্ষীর পক্ষ ছেদন করে, সেরূপ উষা দেবীও।

প্রথম মন্ডলের উষা সূক্তে তিনি স্বর্গের দুহিতা, যুবতী, শুভ্রবাসা, ধনবতী "এষা দিবো দুহিতা প্রত্যদর্শি ব্যুচ্ছন্তী যুবতিঃ—শুক্লবাসাঃ" (ঋ. সঃ ১/১১৩/৭)

তিনি যেন প্রভাতকালের পূর্ববর্তী সকল উষাগণের উপমা স্বরূপা এবং আগমী উষাগণের জাগরণকারিণী।

"ঈয়ুষীণামুপমা শশ্বতীনাং বিভাতীনাং প্রথমোষা ব্যশ্বৈত্"

(ঋ. সং ১/১১৩/১৫)

তার আবির্ভাব রাত্রির কৃষ্ণবর্ণ অন্ধকার থেকে। আদিত্যের ধামে মিশ্রিত হলে-ও তার শোভা বর্ধন করেন, ক্ষয় করেন না।

সূর্য দেবতার বর্ণনাগুলি-ও অসাধারণ।

"সূর্যো দেবীমুষসং রোচমানাং মর্যো ন যোষামভ্যেতি পশ্চাৎ...."

(ঋ. সং ১/১১৫/২)

মানুষ যেমন সুন্দরী রমণীর প্রণয়াভিলাষী হয়ে তার অনুসরণ করেন, তেমনি সূর্য-ও উষার অনুগামী হন।

কখনো আবার সূর্য অস্তগমনের সাথে সাথে রাত্রি দেবী তার বসনখানি চতুঃদিকে বিস্তার করেন। সূর্য যেন তার হরিৎ বর্ণের অশ্বরূপী কিরণগুলিকে বিযুক্ত করে নেন তাই অন্ধকার নেমে আসে—

"যদেদযুক্ত হরিতঃ সর্ধস্থাদাদ্রাত্রী বাসস্তনুতে সিমস্মৈ।"

(ঋ. সং ১০/১১৫৪)

কখনো বা সূর্যের আগমনে নক্ষত্ররা তস্করের ন্যায় পলায়ন করে। (ঋ. সং ১/৫০/২)

পর্জন্য সূক্তে রথী যেমন কশাঘাত করে অশ্বদেরকে উত্তেজিত করেন, পর্জন্য-ও তেমনি মেঘসমূহকে অপসারণ করে বৃষ্টি আনেন। পর্জন্যের শব্দ সিংহ গর্জনবৎ প্রতীত হয়। (ঋ. সং ৫/৮৩/৩)

দশম মন্ডলের অরণ্যানী সূক্তটিতে অরণ্যের বর্ণনা অপরূপ—'আঞ্জনোন্ধী' অরণ্যদেবী যেন কবির কল্পনায় প্রাণময়ী, তার সাথে কথা বলা যায়।

"কথা গ্রামং ন পৃচ্ছসি ন ত্বা ভীরিব বিন্দতী"

(ঋ. সং ১০/১৪৬/১)

গভীর বৃক্ষ বেষ্টিত অরণ্যানী একাকী থাকতে ভয় করেন না! বীণার তারে তারে অরণ্যানীকে যেন জন্তুরা শব্দ করে উত্তর দিচ্ছে। ভ্রম হচ্ছে যেন কোথাও অপরূপ অট্টালিকা, কোথাও আবার শত শত শকট সন্ধ্যেবেলা নির্গত হয়ে আসছে।

দশম মন্ডলের রাত্রিসূক্তটি ভাবঋদ্ধ। রাত্রি দেবী প্রকাশিত হয়ে-ই আলোকের দ্বারা অন্ধকারকে নষ্ট করেন (ঋ. সঃ ১০/১২৯/১-২)

কেবলমাত্র ঋগ্বেদেই নয় অথর্ববেদের ভূমিসূক্তটি (অ. বে. ১২/১) প্রকৃতি ভাবনার এক অপরূপ কাব্যময় প্রমাণ।

সূক্তের প্রারম্ভেই কবি বলেছেন—

"সত্যং বৃহদ্ ঋতমুগ্রং দীক্ষা তপো ব্রহ্ম যজ্ঞঃ পৃথিবীং ধারয়ন্তি"

(অ. বে. ১২/১/১)

সত্য, তপস্যাদির দ্বারাই এই পৃথিবী পরিচালিত হয়। কেবলমাত্র প্রকৃতি বর্ণনাই নয়, এই মন্ত্রে সুগভীর আদর্শ ফুটে উঠেছে।

মধুময় এই পৃথিবীর স্বাদ তার সন্তানেরা ভোগ করে। যার মধ্যে সমস্ত জলরাশি আশ্রয় পায়, অন্নাদি দ্বারা জীব প্রাণলাভ করে, বনস্পতি বৃদ্ধি পায় সেই ভূমি দেবতার কাছে ঋষি কোন ঐহিক সুখ প্রার্থনা করেন নি—"বাচো মধু পৃথিবি ধেহি মহ্যম্।" (অ. বে. ১২/১/২২)

অথর্ববেদের ভূমিসূক্ত অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'পৃথিবী' কবিতাটি রচনা করেছিলেন। ভূমিসূক্তের নিপুণ কাব্যময় বর্ণনা তার হৃদয়েও দোলা লাগিয়েছিল।

অথর্ববেদের অপর একটি সূক্তে-ও কবি অমৃতধারা রূপ আপদেবতার স্তুতি করেছেন। তা যেমন ইহলোকে নদী, সমুদ্রে মানুষের তৃষ্ণা মেটায়, তেমনি আবার দেবতাদের-ও তৃপ্ত করে তোলে। সেই মঙ্গলময়, সর্বশুচি জলের কাছে ঋষি শান্তির প্রার্থনা জানিয়েছেন।

"শিবে মা চক্ষুষা পশ্যতাপঃ" (অ. বে. ১/৩৩/৪)

সংস্কৃত সাহিত্যের উত্তরকালেও প্রকৃতি বর্ণনা কবিদের কাছে অত্যন্ত গুরুত্ব লাভ করেছিল। কিন্তু বেদে প্রকৃতি যেন এক একটি প্রাণসত্তা রূপে নিজের সৌন্দর্য মেলে ধরেছে। এখানেই বৈদিক কবিদের বৈশিষ্ট্য।

বৈদিক প্রকৃতিতে নদী ঃ

বৈদিক যুগে আর্যসভ্যতা নদীকে কেন্দ্র করেই বিস্তার লাভ করেছিল। তাই বিভিন্ন বেদগুলিতে নদীর উল্লেখ এসেছে বারংবার। ঋষিরা নদীকে দেবতাজ্ঞানে স্তুতি করেছেন।

সমগ্র বৈদিক সাহিত্যে ত্রিশ-এরও বেশী নদীর নাম উল্লেখ পাওয়া যায়। বেদে সপ্তসিন্ধুর নাম পুনঃ পুন উচ্চারিত হয়েছে। ঋগ্বেদের দশম মন্ডলের নদীসূক্তে নদীই দেবতা (ঋ. সং ১০/৭৫) এই সূক্তে নদীর কথা পাওয়া যায়,—সিন্ধু, গঙ্গা, যমুনা, সরস্বতি, শতদ্রু, পুরুষ্ণু, বিতস্তা, ক্রমু, গোমতী, কুভা ও মেহৎনু এই নদীগুলি বেশীরভাগই সিন্ধু নদের শাখা নদী। কেবলমাত্র নদীগুলির নাম উল্লেখই নয়, ঋষি অত্যন্ত যত্নে তার রূপ বর্ণনাও করেছেন—

স্বশ্বা সিন্ধুঃ সুরথা সুবাসা হিরন্ময়ী সুকৃতা বাজিনীবতী।
উর্ণাবতী যুবতিঃ সীলমাবত্যুতাধি বস্তে সুভগা মধুবৃধম্।। (ঋ. সং ১০/৭৫/৮)

সিন্ধু নদী যেন চিরযৌবনা, সুন্দরী বজ্র সুবর্ণমণ্ডিতা হয়ে তিনি সুসজ্জিতা হয়েছেন।

বেদে আরেকটি নদী অত্যন্ত গুরুত্বপূর্ণ রূপে পূজিত হয়েছেন, তিনি হলেন সরস্বতী।

পাবকা নঃ সরস্বতী বাজেভির্বাজিনীবতী যজ্ঞং বষ্টু ধিয়াবসুঃ (১/ঋ. সং ১/৩/১০)

সায়ণভাষ্যে আচার্য সায়ণ বলেছেন দ্বিবিধা হি সরস্বতী বিগ্রহদ্দেবতা নদীরূপাচ্চ।[১১] (সায়ণভাষ্যম্ শ্রৌতপাঠ খণ্ড, ১ পৃ. ৬৬)

যাস্কাচার্য-ও সরস্বতীর এই উভয়রূপকে স্বীকৃতি দিয়েছেন—

"তত্র সরস্বতীত্যেতস্য নদীবদ্দেবতাবচ্চ নিগমা ভবন্তি"
(নি. ২.২৩) ইতি।" (সায়ণভাষ্যম্, শ্রৌতপাঠ, খণ্ড ১, পৃ. ৬৬)

বেদের এই দুই প্রধান দেবতার উল্লেখ লক্ষ্য করে আর্যদের বাসস্থান সিন্ধু উপত্যকা বা পঞ্জাব প্রদেশে অথবা সরস্বতী নদীর উপত্যকায় এই বিষয়ে পণ্ডিতরা ভিন্নভিন্ন মত পোষণ করেছেন।

বেদে কেবলমাত্র নদী নয়, সমুদ্রের কথা-ও উঠে এসেছে।—

"যে অস্য আচরণেষু দধ্রিরে সমুদ্রেণ শ্রবস্যবঃ।" (ঋ. স. ১/৪/৩)

আবার পর্বতের কথা-ও বহুক্ষেত্রেই উল্লিখিত হয়েছে।—"পর্বতা হিমবন্তো...." (অ. বে. ১২/১/৯) এখানে হিমবন্তঃ বলতে তুষারাবৃত হিমালয়ের কথা বোঝানো হয়েছে। এছাড়াও শতপথ ব্রাহ্মণে (শ. ব্রা. ১/৬/৩/১১) 'পূর্বপশ্চিম' সমুদ্রের কথা উল্লেখ আছে। তৈত্তিরীয় আরণ্যকে (তৈ. আ. ১/৩১/২) ক্রৌঞ্চ পর্বতের নাম পাওয়া যায়।

বর্তমান যুগের নিরিখে প্রকৃতি বিষয়ক আলোচনার গুরুত্ব

বৈদিক সভ্যতা ছিল প্রকৃতি নির্ভর, নদী কেন্দ্রিক। ঋষিদের এই প্রগাঢ় প্রকৃতি প্রেমের মুলে প্রাকৃতিক শক্তির উপর নির্ভরতা ছিল একটি প্রধান কারণ, ঋষিরা অনুভব করেছিলেন জীবনের প্রয়োজনে প্রকৃতিকে সঙ্গী করে নিতে হবে, তাকে ভালোবাসতে হবে, দেবজ্ঞানে পূজো করতে হবে।

পর্জন্যদেবতা (ঋ. সং ৫/৮৩) সূর্য, অগ্নি এদের অপরিহার্যতা বৈদিক সাহিত্যে অজ্ঞাত ছিল না, সপ্তম মন্ডলে ঋষি উচ্চারণ করেছেন—"সূর্য কিরণসমূহ দ্বারা বারিধারা সৃষ্টি করেছেন, সেই জল বর্ষণ রূপে পৃথিবীর সানুদেশে বর্ষিত হয়" (ঋ. সং ৭/৩৬/১)। পর্জন্য দেব সেই অমৃতধারা বর্ষণ করে নদীগুলিকে পরিপূর্ণ করে তোলে। (ঋ. সং ৫/৮৩/৮) বিভিন্ন মন্ত্রে কৃষিকার্য (ঋ. সং ১/৪/৬), (ঋ. সং ১০/১০/১২) জল সেচন (১০/৯৪/১৩ ও ঋ. সং ১০/৯৯/৪) কূপ খনন (ঋ. সং ১০/২৫/৪) ইত্যাদির কথা পাওয়া যায়। তাই অথর্ববেদের ভূমিসূক্তে ঋষি প্রার্থনা জানিয়েছেন—

"অসংবাধং মধ্যতো মানবানাং যস্যা উদ্বতঃ প্রবতঃ সমং বব"

(অ. বে. ১২/১/২)

মানুষের বাসস্থান, বনস্পতি, ওষধির উৎপত্তিস্থল এই পৃথিবী যেন সমৃদ্ধ হয়ে ওঠে।

কিন্তু কেবলমাত্র প্রয়োজন-ই নয়, প্রগাঢ় মমতা, আত্মিকতায় বেদের এই মন্ত্রগুলি সুসজ্জিত। প্রকৃতি যেন সর্বত্র সৌন্দর্যময়ী, কল্যাণময়ী রূপে বৈদিক সভ্যতার সম্মুখে তার রূপ-লাবণ্য নিয়ে উপস্থিত হয়েছে।

বর্তমান সভ্যতায় মানুষ যখন প্রকৃতি ধ্বংসের খেলায় মত্ত—অরণ্য সম্পদ, জল সম্পদ সবই নিঃশেষ প্রায়, আকাশ বাতাস সমস্ত দূষিত বিষবাষ্পে পরিপূর্ণ। তখন বৈদিক সভ্যতার প্রকৃতি চেতনাকে পুনরাবিষ্কার করা একান্ত প্রয়োজন। কয়েক হাজার বছর আগের সেই আদিলগ্নে ঋষিরা অনুভব করেছিলেন, প্রকৃতি ধ্বংস আত্মধ্বংসের-ই নামান্তর।

তাই ঋষি প্রার্থনা জানিয়েছেন—

শিবেন মা চক্ষুষা পশ্যতাপঃ
শিবয়া অম্বোপস্পৃশত ত্বচং মে
ঘৃতশ্চুতঃ শুচয়ো যাঃ পাবকা
স্তান আপঃ শং স্যোনা ভবন্তু (অ. বে. ১/৩৩/৪)

জলের স্পর্শে আমাদের দৃষ্টি, শরীর সবই যেন কল্যাণময়ী, শান্তিময়ী হয়ে ওঠে।

সবশেষে ঋগ্বেদের প্রথম মন্ডলের মধুঋক্‌গুলির উল্লেখ এ প্রসঙ্গে করতেই হয়—

মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ
মাধ্বীর্ন সন্ত্বোষধীঃ।।
মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ
মধু দ্যৌরস্তু নঃ পিতা।। (ঋ. সং ১/৯০/৬-৭)

অর্থাৎ এই পৃথিবীর বায়ু, ধূলিকণা, নদীসমূহ বনস্পতি, রাত্রি ও ঊষা সবই মধুময় হোক, সমগ্র দ্যুলোক মধুময় হয়ে উঠুক।

ঋষির এই প্রার্থনা যেন বর্তমান যুগেও সমান ভাবে সত্য।

শব্দ সংকেত সূচীপত্র

অ. বে. সং—অর্থব বেদ সংহিতা।
ঋ. সং—ঋগ্বেদ সংহিতা।
বৃ. উ—বৃহদারণ্যক উপনিষদ
মনু. সং — মনুসংহিতা
নি.—নিরুক্ত
শ. ব্রা.—শতপথ ব্রাহ্মণ।
H.I.L.—History of Indian Literature, Maurice Winternitz.

পাদটীকা

১। পাশ্চাত্ত্য পণ্ডিত M. Winternitz-এর মধ্যপন্থা অবলম্বনে। গ্রন্থ HIL.

২। তুল. This is concerned with the worship of gods that are largely personifications of the powers of nature [Vedic Reader, A.A. Macdonell]

৩। (ঋ. সং. ১/১৭৫/৪, ৪, ৩০/৪)
পাশ্চাত্ত্য পণ্ডিত A.A. Macdonell-এর মতে সূর্যের সামনে বজ্রযুক্ত মেঘের প্রতিরূপ (Vedic Mythology, A.A. Macdonell, (পৃ. ৩১)

৪। ঋ. স. ১/৭১/৭, ঋ. সং ৬/৭/৬, ঋ. সং ৬/৬১/১০

গ্রন্থপঞ্জী

ঋগ্‌বেদ সংহিতা (সায়ণভাষ্যসহিত) ৩য় সংস্করণ বারাণসী ১৯৬৫।
ঋগ্‌বেদ সংহিতা (১, ২, ৩, ৪ খণ্ড) সায়ণভাষ্য সহিত, অনুবাদ এইচ. এইচ. উইলসন, দিল্লী ২০০১।
ঋগ্‌বেদ সংহিতা, রমেশ চন্দ্র দত্তের অনুবাদ সহিত হরফ প্রকাশনী, পুনর্মুদ্রণ ২০১০।
দত্ত, রমেশ চন্দ্র, ঋগ্‌বেদ সংহিতা (৬ খণ্ড) কলিকাতা, ১৮৮৫-৮৬।
লাহিড়ী, দুর্গাদাস, অথর্ববেদ সংহিতা (৫ম খণ্ড) ঋগ্‌বেদ সংহিতা (৮ম খণ্ড) কলিকাতা, ১৯২৫-৩৬।

অন্যান্য সহায়ক গ্রন্থাদি ঃ

বাংলা

অনির্বাণ—বেদ-মীমাংসা (৩য় খণ্ড)। সংস্কৃত কলেজ কলিকাতা, ১৯৬৫।
বসু, যোগিরাজ বেদের পরিচয়, কলিকাতা, ১৯৭০।
ভৌমিক, জাহ্নবীচরণ—সংস্কৃত সাহিত্যের ইতিহাস, সংস্কৃত পুস্তক ভাণ্ডার।
ভট্টাচার্য, ডঃ বিমানচন্দ্র—সংস্কৃত সাহিত্যের রূপরেখা, কলিকাতা, মার্চ, ১৯৯৭।
বন্দ্যোপাধ্যায় ধীরেন্দ্রনাথ—সংস্কৃত সাহিত্যের ইতিহাস, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলিকাতা, ডিসেম্বর ২০০৫।

সংস্কৃত

শ্রৌতপাঠঃ—প্রথম খণ্ড, কলিকাতা বিশ্ববিদ্যালয় কলিকাতা, ১৯৭৫।
পন্ডা, ডঃ প্রমোদিনী ঋগ্বেদপ্রথমমন্ডলস্য সায়ণবেঙ্কটমাধবভাষ্যয়োস্তুলানাত্মক-মধ্যয়নম্। বারাণসী, ২০০০।

English

Macdonell, A.A.—Vedic Mythology.
Chawkhamba Vidya Bhawan, Kashi, 1965.
Macdonell, A.A., A Vedic Reader for Students Motilal Banarasidass Publisher Pvt. Ltd. Delhi, rpt. 1995.
Weber, A.—The History of Indian Literature University of Calcutta, 1959.
Winternitz, M.—A History of Indian Literature Vol. I (Part-I) University of Calcutta, 1959.
Bhattacharji, Sukumari, Literature in the Vedic Age, Vl. I & Vol. II, K.P. Bagchi and Company, Calcutta, 1986.

Svapnavāsavadattam and Pratijñāyaugandharāyaṇam of Bhāsa	Bijoya Goswami
Alaṁkāraśekhara of Keśava Miśra	Bijoya Goswami
Definition of Valid Knowledge	Nandita Bandyopadhyay
Kavirahasya of Halāyudha	Rabisankar Banerjee
Sanskrit Prahasanas	Bijoya Goswami
The Kirātārjuniyam of Bhāravi	Rabisankar Banerjee and Manabendu Banerjee
Kāvyālaṅkāra of Bhāmaha	Rabisankar Banerjee
Bhallāṭa Śataka — A Study	Ed. by Rabisankar Banerjee
Mīmāṁsā-Paribhāṣā of Kṛṣṇa Yajvan	Bhabani Prasad Bhattacharya
Tāpasavatsarāja and Viṇāvāsavadattā	Bijoya Goswami
Priyadarśikā and Ratnāvali of Śri Harṣa	Bijoya Goswami
Poetical Works of Jagannātha	Rabisankar Banerjee
Arthasaṁgraha	Pradyot Kumar Datta
Nāgeśa's Theory of Meaning and its sources	Nandita Bandyopadhyay
Meaning and Interpretation in Ancient India	Bijoya Goswami
Identity and Identity-Based Generalizations: A Critique of the Buddhist Doctrine of Tadātmya-Vyāpti	Nandita Bandyopadhyay
Crime and Punishment in Ancient India	Ed. by Manabendu Banerjee
A Study of Sanskrit Historical Kāvyas in the light of contemporary Inscriptions & Numismatics	Manabendu Banerjee
Minor literary works of Kṣemendra	Rabisankar Banerjee
Pramāṇa in Śālikanātha's Prakaraṇapañcikā	Nandita Bandyopadhyay
Source Materials of Phonetics	Pradyot Kumar Datta
Critical edition of the Chapters on Architecture from the unpublished mss. of Jayamādhavamānasollāsa	Mitali Chatterjee
Contribution of Dārāshiko in Hindu-Muslim Philosophy	Lalita Sengupta
Rudra-Śiva cult in Ancient India	R.C. Hazra
Laghumañjuṣā	Ed. by Nandita Bandyopadhyay
Vayktiviveka	Ramaranjan Mukherji
The Linguistic Speculations of the Hindus	P.C. Chakravorty
Inscriptions of Bengal	N.G. Majumdar
Gauḍalekhamālā	A.K. Maitreya
Technical Terms of Sanskrit Grammar	K.C. Chattopadhyay
A History of Ancient Indian Religion	K. G. Goswami

To be had of — **Sanskrit Pustak Bhandar** 38, Bidhan Sarani, Kolkata – 700 006



ISSN : 0587-1646